HELPS
TO THE
STUDY OF SANSKRIT

(For New Secondary
and Higher Secondary Courses)

BY

JANAKINATH SASTRI

"पुराणमित्येव न साधु सर्वम्"

REPRINT
REVISED EDITION

1960.

বিজ্ঞাপন

ইংরাজী-ভাষা হইতে সংস্কৃত-ভাষায় অনুবাদ, সংস্কৃত-ভাষায় বাক্যরচনা ও সংস্কৃত ব্যাকরণ সহজে শিখাইবার অভিপ্রায়ে কতিপয় প্রবীণ অধ্যাপক ও সংস্কৃতানুরাগী বন্ধুর অনুরোধে সম্পূর্ণ অভিনব প্রণালীতে এই পুস্তকখানি লিখিত হইয়াছিল। যে সকল ছাত্র সংস্কৃত ব্যাকরণের সন্ধি, শব্দরূপ ও ধাতুরূপ সম্বন্ধে সামান্য জ্ঞান-লাভ করিয়াছে তাহাদের শিক্ষণীয় বিষয়সমূহ হইতে আরম্ভ করিয়া বি. এ. পরীক্ষার্থী ছাত্রগণের শিক্ষণীয় জটিলতম নিয়মগুলি পর্য্যন্ত এই পুস্তকে অতি সরল ভাষায় ব্যাখ্যা করিয়া দেওয়া হইয়াছে। ভগবৎকৃপায় সমগ্র বঙ্গদেশ ও আসামের বহু গুণগ্রাহী অধ্যাপক এই পুস্তকে অবলম্বিত শিক্ষাদানপ্রণালীর নূতনত্ব ও কার্য্যকারিতার সম্যক্ উপলব্ধি করিয়াছেন। উক্ত অধ্যাপকগণের মধ্যে কেহ কেহ পুস্তক-খানির অংশবিশেষ পরিবর্দ্ধনের জন্যও আমাদিগকে অনুরোধ করিয়াছিলেন। সেই সকল অনুরোধ যথাসম্ভব রক্ষা করা এবং পুস্তকের আদ্যোপান্ত অনুশীলনের প্রশ্নাবলী কাঠিন্যের ক্রম অনুসারে সম্পূর্ণ নূতনভাবে সজ্জিত করা হইয়াছে। পশ্চিম বঙ্গ মধ্য-শিক্ষা-পর্ষদের নূতন পাঠ্যসূচী অনুসারে উচ্চ-মাধ্যমিক পরীক্ষার পাঠ্য বিষয়সমূহও এই সংস্করণে সংযোজিত হইয়াছে। এক্ষণে ইহা অধ্যাপক ও ছাত্রমণ্ডলীর নিকট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় স্তরের পরীক্ষার্থীর পক্ষেই উপযোগী বলিয়া বিবেচিত হইলে এতাদৃশ পরিশ্রম ও ক্লেশ-স্বীকার সার্থক হইবে। যে সকল সহৃদয় ও হিতৈষী বন্ধুর সহায়তায় এই পুস্তক ছাত্র সমাজে সমাদর লাভ করিয়াছে, সাধারণভাবে তাঁহাদের সকলের নিকট আমাদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

কলিকাতা

শ্রীজানকীনাথ শাস্ত্রী

অবলম্বিত প্রণালী ও তদ্বিষয়ে বক্তব্য।

১। ব্যাকরণের কোনও নিয়ম শিক্ষা করিয়া শিক্ষার্থী নিজের অনুবাদ ও রচনায় তাহার ব্যবহার করিতে না পারিলে উহা শিক্ষা করাই বৃথা। সেজন্য এই গ্রন্থের সর্ব্বত্র প্রচুর পরিমাণে অনুশীলনের প্রশ্নসকল (Exercises) প্রদত্ত হইয়াছে।

২। কয়েকটি নিয়মের আলোচনা করিবার পর, যাহাতে পুনঃপুনঃ প্রয়োগ করিয়া উক্ত নিয়ম কয়টি সুন্দররূপে অভ্যস্ত হইয়া যায়, সেই দিকে দৃষ্টি রাখিয়া অনুশীলনের প্রশ্নসকল সজ্জিত করা হইয়াছে।

৩। অশুদ্ধি-সংশোধন অতি প্রয়োজনীয় বিষয়; কিন্তু একই বাক্যে বিভিন্ন প্রকারের অশুদ্ধি থাকিলে তাহা সংশোধন করা প্রথম শিক্ষার্থীর পক্ষে বড়ই কষ্টকর হয়; সেজন্য প্রত্যেক বাক্যে একটি মাত্র অশুদ্ধ পদ শুদ্ধ করিতে দেওয়া হইয়াছে; উহা সংশোধন করার জন্য অব্যবহিত পূর্ব্ববর্ত্তী নিয়ম কয়টি মনে থাকিলেই চলিবে। জ্ঞানের বিস্তারসাধনের অভিপ্রায়ে নানাপ্রকারের অশুদ্ধিপূর্ণ বাক্যসকলও পুস্তকের শেষভাগে শুদ্ধ করিতে দেওয়া হইয়াছে।

৪। মধ্যশিক্ষা-পরিষদের ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় পাণিনির মত অগ্রগণ্য বলিয়া অধিকাংশ-স্থলেই পাণিনির সূত্র অবিকল উদ্ধৃত হইয়াছে; প্রয়োজন বিবেচনায় স্থলবিশেষে সূত্রগুলি পরিবর্ত্তিত হইয়াছে।

৫। সূত্রের অর্থ যতদূর সম্ভব সরল ভাষায় বুঝাইয়া দিয়া যে কয়েকটি কথা বলা হইয়াছে, তাহাদের মধ্যে মাত্র দুই একটির উদাহরণ না দিয়া প্রত্যেকের এক একটি উদাহরণ পর পর দেওয়া হইল। যেখানে অনাবশ্যক মনে হইয়াছে, কেবল সেখানেই উক্ত নিয়মের ব্যতিক্রম দৃষ্ট হইবে।

৬। প্রদত্ত উদাহরণের ভাষা কঠিন হইলে, বিশেষতঃ সন্ধি থাকার জন্য জটিল হইলে, ছাত্রগণ পড়িবার সঙ্গে সঙ্গে নিয়মটি বুঝিতে পারে না; কারণ, উদাহরণের অর্থ বুঝিবার জন্যই তাহাদিগকে বিব্রত হইয়া উঠিতে হয়; এই কারণে প্রত্যেক উদাহরণ অতি সরল ভাষায় প্রদত্ত হইয়াছে এবং উহার মধ্যে সন্ধি করিয়া ভাষাকে দুর্ব্বোধ্য করা হয় নাই।

৭। সংস্কৃত ভাষায় কিছু লিখিতে বা বলিতে গেলেই ছাত্রগণ কতকগুলি ভ্রম সর্ব্বদা করিয়া থাকে। ঐরূপ ভ্রম (Common Errors)-পূ

বাক্য-সকল একস্থানে সন্নিবিষ্ট করিয়া কারণ উল্লেখপূর্ব্বক শুদ্ধ করিয়া দেওয়া হইয়াছে। সবিশেষ যত্নের সহিত ঐ অধ্যায়টি আয়ত্ত করিয়া রাখিলে, ঐরূপ ভ্রম অনেক কমিয়া যাইবে আশা করা যায়।

৮। সমগ্র পুস্তকে আলোচিত বিষয়সমূহের পুনরালোচনার উদ্দেশ্যে পুস্তকের শেষভাগে যে বিবিধ প্রশ্ন (Miscellaneous Exercises) প্রদত্ত হইল, তাহাতে প্রচলিত সংস্কৃত কাব্য, নাটক, ধর্ম্মশাস্ত্র ও নীতিশাস্ত্র প্রভৃতি হইতে অংশ-সকল উদ্ধৃত করিয়া দেওয়া হইয়াছে; ইহাতে ভবিষ্যতে উক্ত কাব্য-নাটকাদি পাঠের পক্ষেও যথেষ্ট সুবিধা হইবে।

৯। অনুবাদ করিতে সর্ব্বদা যে সকল ধাতুর ব্যবহার হয়, তাহাদের ণিজন্ত, সনন্ত, যঙন্ত ও কৃদন্ত (শতৃ, শানচ্, ক্ত, ক্তবতু, তব্য, অনীয়, য, ক্ত্বা, যপ্ ও তুমুন্ প্রত্যয়ান্ত) রূপসমূহ বর্ণমালাক্রমে বিন্যস্ত হইয়াছে; ইহাতে অনুবাদের সময়ে প্রয়োজন হইলেই অতি সহজে উক্ত পদসকল দেখিতে পাওয়ায় ছাত্রগণের কার্য্যের অনেক সুবিধা ঘটিবে।

১০। সংস্কৃত সাহিত্যের যে সকল প্রবাদ-বাক্যের (Proverbs) ও সুনির্ব্বাচিত অংশের (Choice Quotations) সৌন্দর্য্যে মুগ্ধ হইয়া সুধীগণ সর্ব্বদা আবৃত্তি করিতে আনন্দ অনুভব করেন, এরূপ কতকগুলি ইংরাজী অনুবাদসহ একটি পৃথক্ অধ্যায়ে সন্নিবিষ্ট হইয়াছে।

১১। ইংরাজী ভাষায় সর্ব্বদা ব্যবহৃত ক্রিয়াপদ-সকলকে বর্ণমালাক্রমে সজ্জিত করিয়া, উহাদিগকে যে যে ধাতুর সাহায্যে সংস্কৃত ভাষায় অনুবাদ করিতে হইবে, তাহাদের লট্, লৃট্, লিট্ ও লুঙ্ লকারের এক একটি পদ এবং বাক্যে উক্ত পদের প্রয়োগ কিরূপে হয় তাহা দেখাইবার জন্য এক একটি বাক্য একটি পৃথক্ অধ্যায়ে প্রদত্ত হইয়াছে।

১২। অনেক সময়ে ছাত্রগণ প্রতিশব্দ স্থির করিতে না পারিয়া অনুবাদ করিতে পারে না; সেজন্য কতকগুলি ইংরাজী শব্দের সংস্কৃত প্রতিশব্দ পরিশিষ্ট-মধ্যে সংযোজিত হইয়াছে।

১৩। মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র বিন্যস্ত করিয়া সমস্ত অংশের অনুবাদ করিয়া দেওয়া হয় নাই; প্রয়োজনমত ইঙ্গিত-মাত্র করা হইয়াছে; তাহার উপর ছাত্রগণ সামান্য চেষ্টা করিলেই স্বাধীনভাবে সম্পূর্ণ উত্তর করিতে শিখিবার সুযোগ পাইবে।

CONTENTS

ABBREVIATIONS.

উ= উত্তররামচরিতম্
কা=কাদম্বরী
কি=কিরাতার্জ্জুনীয়ম্
কু=কুমারসম্ভবম্
গী=শ্রীমদ্ভগবদ্গীতা
দ=দশকুমারচরিতম্
দ্বা=দ্বাত্রিংশৎপুত্তলিকা
নৈ=নৈষধচরিতম্
ভ=ভট্টিকাব্যম্
ভো=ভোজপ্রবন্ধঃ
ম=মহাভারতম্
মনু=মনুসংহিতা
মু=মুদ্রারাক্ষসম্
মৃ=মৃচ্ছকটিকম্
মে=মেঘদূতম্
র=রঘুবংশম্
রত্না=রত্নাবলী
রা=রামায়ণম্
বি=বিক্রমোর্ব্বশী
বী=বীরচরিতম্
বে=বেতালপঞ্চবিংশতিঃ
শ=অভিজ্ঞানশকুন্তলম্
শি=শিশুপালবধম্
হি=হিতোপদেশঃ

HELPS
TO THE
STUDY OF SANSKRIT

——o——

Introductory Rules.

1. **"নাপদং শাস্ত্রে প্রযুঞ্জীত"** (নাপদম্=ন+অপদম্)—শাস্ত্রে (সংস্কৃত ভাষায়) অপদ (যাহা পদ নহে তাহা) প্রয়োগ করিতে নাই। পদ কাহাকে বলে?

সুপ্তিঙন্তং পদম্—সুপ্ যুক্ত শব্দ ও তিঙ্ যুক্ত ধাতুর নাম পদ। সু প্রভৃতি একুশটি শব্দ-বিভক্তির নাম সুপ্; আর তি প্রভৃতি এক শত আশীটি ধাতু-বিভক্তির নাম তিঙ্। এই সুপ্ ও তিঙ্ যুক্ত হইলে অর্থাৎ শব্দ বা ধাতুর অন্তে কোন বিভক্তি যোগ করিলে যাহা উৎপন্ন হয়, তাহার নাম পদ। যেমন 'রাজন্' একটি শব্দ, ইহাতে দ্বিতীয়ার একবচনের বিভক্তি যোগ করিলে 'রাজানম্' ষষ্ঠীর বহুবচনে বিভক্তি যোগ করিলে 'রাজ্ঞাম্' হয়; 'দৃশ্' একটি ধাতু; ইহাতে লট্ তি যোগ করিলে 'পশ্যতি', লঙ্ অম্ যোগ করিলে 'অপশ্যম্' হয়। এই 'রাজানম্', 'রাজ্ঞাম্', 'পশ্যতি', 'অপশ্যম্ প্রভৃতি এক একটি পদ। সংস্কৃতে কিছু লিখিবার সময় এইরূপ পদই প্রয়োগ করিতে হয়। শুধু 'বিদ্বস্', 'শ্বন্' কি 'স্থা', 'গম্' এইরূপ লেখা চলে না; যে কোন বিভক্তি যোগ করিয়া লিখিতে হয়।

2. ইংরেজী ভাষা হইতে সংস্কৃত ভাষায় অনুবাদ করিতে হইলে প্রথমে শুদ্ধ বাংলা ভাষায় অর্থ করিয়া লইবে; পরে তাহার সংস্কৃত অনুবাদ করিবে। **There is a large tree in our village.** এই

বাক্যটির বাংলা অনুবাদ করিলে যেমন There শব্দের অর্থ 'সেখানে' বলিতে হয় না, সেইরূপ সংস্কৃত অনুবাদের সময়েও 'তত্র' বলিতে হয় না।

3. Interrogative sentence বা প্রশ্নসূচক বাক্যকে সংস্কৃত ভাষায় অনুবাদ করিতে হইলে সাধারণতঃ কিম্, অপি, কথম্, কচ্চিৎ প্রভৃতি অব্যয় শব্দের প্রয়োগ করিতে হয়। যথা, Is he happy ?—কিং স সুখী ? Did he go home ?—কিং স গৃহম্ অগচ্ছৎ ? Are you well ?—অপি কুশলী ভবান্ ? Why have you come ?—কথং ত্বম্ আগতঃ ? Have I done any wrong—কচ্চিৎ ময়া অপরাদ্ধম্ ? (কা)। অপি তপো বর্দ্ধতে ? (শ)। এষা পঞ্চবটী ? (উ)।

4. ইংরেজীতে যেরূপ প্রথমে কর্ত্তা, পরে ক্রিয়া এবং তৎপরে (ক্রিয়াটি সকর্ম্মক হইলে) কর্ম্ম বসে, সংস্কৃতে যদিও সেরূপ পদবিন্যাসের বাঁধাবাঁধি কোন নিয়ম নাই, তথাপি সাধারণতঃ বাংলার ন্যায় ইহাতে প্রথমে কর্ত্তা, পরে (ক্রিয়া সকর্ম্মক হইলে) কর্ম্ম ও তৎপরে ক্রিয়া বসে। যেমন—I see him—অহং তং পশ্যামি।

5. He is my friend এই বাক্যটির বাংলা অনুবাদ করিলে যেমন is এর অনুবাদ 'হয়' বলিতে হয় না, সংস্কৃতেও সেইরূপ 'ভবতি' বলিতে হয় না, শুধু 'স মম বন্ধুঃ' বলিলেই চলে। verb 'to be'র বর্ত্তমান কালে সংস্কৃতে অনুবাদ করিতে হয় না।

6. ছাত্রদের উত্তরপত্রে সংস্কৃত অনুবাদে বড়ই বানান ভুল দেখা যায়। নিম্নলিখিত নিয়মগুলি মুখস্থ করিয়া রাখিলে সে দোষ অনেক পরিমাণে কমিয়া যাইবে।

(*a*) ইকারান্ত ও উকারান্ত শব্দের প্রথমা ও দ্বিতীয়ার দ্বিবচনে শেষাক্ষর সর্ব্বদা দীর্ঘ হইবে; অর্থাৎ ইকার ঈকার হইবে ও উকার ঊকার হইবে। যথা—মুনী, পতী, সাধূ, মতী, ধেনূ, কারিণী, মধুনী।

(*b*) দ্বিতীয়ার বহুবচনে যে পদ হয় তাহার শেষে যদি 'ন্' থাকে, তাহা হইলে ঐ 'ন্' এর পূর্ব্ববর্ত্তী স্বর দীর্ঘ হইবে। যথা, নর—নরান্, মুনি—মুনীন্, পতি—পতীন্, সখি--সখীন্, সাধু—সাধূন্, দাতৃ—দাতৄন্।

(*c*) ষষ্ঠীর বহুবচনে 'নাম্' হইলে, 'নাম্' এর পূর্ব্ববর্ত্তী স্বর সাধারণতঃ দীর্ঘ হয়। যথা—নরাণাম্, ফলানাম্, মুনীনাম্, পতীনাম্, সখীনাম্, মতীনাম্, বারীণাম্, গুরূণাম্, ধেনূনাম্, দাতৄণাম্, পিতৄণাম্, মাতৄণাম্ প্রভৃতি। কিন্তু, এই নিয়মের ব্যতিক্রম আছে। যথা—ইন্ ভাগান্ত শব্দ—গুণিনাম্, জ্ঞানিনাম্, বলিনাম্, পক্ষিণাম্. মন্ত্রিণাম্ প্রভৃতি। আত্মন্ শব্দ ও আত্মন্ শব্দের ন্যায় রূপ হয় যে সকল শব্দের—যথা, আত্মনাম্, ব্রহ্মণাম্, কর্ম্মণাম্; শ্বন্ শব্দ—শুনাম্; নৃ শব্দ—নৄণাম্ ও নৃণাম্; তিসৃণাম্; চতসৃণাম্।

(*d*) স্বরান্ত (অকারান্ত ভিন্ন) ক্লীবলিঙ্গ শব্দগুলির প্রথমা ও দ্বিতীয়া বিভক্তির দ্বিবচনে ও বহুবচনে যে সকল পদ হয়, তাহাদের শেষ দুইটি বর্ণের স্বরসংযোগ জানিবার উপায় এই যে, দ্বিবচনে 'হ্রস্ব দীর্ঘ' এবং বহুবচনে 'দীর্ঘ হ্রস্ব' হয়। নিম্নলিখিত উদাহরণগুলি দেখিলেই বুঝিতে পারিবে। বারিণী (দ্বি), বারীণি (বহু); মধুনী (দ্বি), মধূনি (বহু); নেতৃণী (দ্বি), নেতৄণি (বহু)।

(*e*) সুধী, শ্রী ও স্ত্রী শব্দের এবং ইহাদের ন্যায় যে সকল শব্দের রূপ হয় তাহাদের, যেখানে 'য়' পরে আছে সেখানে ইকার হইবে; অন্যত্র ঈকার। এই কারণে—সুধিয়া, সুধীভিঃ; শ্রিয়াম্, শ্রীণাম্; স্ত্রিয়ঃ, স্ত্রীম্

(*f*) ভূ, ভ্রূ, সুভ্রূ ও যুবন্ শব্দের রূপে যেখানে 'ব' পরে আছে সেখানে উকার হয়; অন্যত্র ঊকার হইবে। যেমন—ভুবাম্, ভূনাম্; ভ্রুবা, ভ্রূভিঃ; সুভ্রুবি, সুভ্রূষু; যুবানম্, যূনঃ; যূনি, যুবসু।

(*g*) দ্বিতীয়ার বহুবচনে যে সকল পদের শেষে 'ন্' হয়, তাহাদের ঐ 'ন্' কখনই 'ণ্' হইবে না। যথা—নরান্, বৃক্ষান্, অরীন্, হরীন্, গুরূন্ ইত্যাদি।

(*h*) সপ্তমীর বহুবচনে সকল শব্দেই 'সু' যুক্ত হয়। উহা অকার বা আকারের পরে থাকিলে ঠিক থাকে; অন্য স্বরের পরে থাকিলে 'ষু' হইয়া যায়। যথা—লাঘমসু, আত্মসু, যুবসু, শ্বসু, মঘবসু, বৃত্রহসু; লতাসু; মুনিষু, সুধীষু, নদীষু, ধেনুষু, পিতৃষু, দেবেষু, গোষু, নৌষু।

স্বরবর্ণ ও 'সু' ইহাদের মধ্যে বিসর্গের ব্যবধান থাকিলেও ঐ নিয়ম খাটে। যথা—বেধঃসু, চন্দ্রমঃসু, লঘীয়ঃসু, শ্রেয়ঃসু, পয়ঃসু, শিরঃসু, যশঃসু; হবিঃষু, জ্যোতিঃষু, ধনুঃষু, চক্ষুঃষু, দোঃষু।

Nouns and Adjectives

7. ইংরেজী বা বাংলা ভাষায় বিশেষণের লিঙ্গ, বচন বা কারকের পরিবর্ত্তন হয় না কিন্তু, সংস্কৃত ভাষায় বিশেষণের পরিবর্ত্তন হয়। ইহাতে বিশেষ্যস্য হি যল্লিঙ্গং বিভক্তি-বচনে চ যে।

তানি সর্ব্বাণি যোজ্যানি বিশেষণপদেষ্বপি ॥

বিশেষ্যের যে লিঙ্গ, যে বচন ও যে বিভক্তি, বিশেষণেরও সেই লিঙ্গ, সেই বচন এবং সেই বিভক্তি হয়। যথা, A dear son—প্রিয়ঃ পুত্রঃ; A dear daughter—প্রিয়া কন্যা· A dear child—প্রিয়ম্ অপত্যম্। An old book—পুরাতনং পুস্তকম্; Two old books—পুরাতনে পুস্তকে; Old books—পুরাতনানি পুস্তকানি। **A blind man**—অন্ধঃ নরঃ; **See a blind man**—অন্ধং নরং পশ্য; **By a blind man**—অন্ধেন নরেণ; **To a blind man**—অন্ধায়

নরায়; From a blind man—অন্ধাৎ নরাৎ; Of a blind man —অন্ধস্য নরস্য; In a blind man—(অন্ধ নরে) অন্ধে নরে।

8. **শরণ, কারণ, নিদান, প্রমাণ, পাত্র, আস্পদ, স্থান, পদ, ভাজন, মূল** প্রভৃতি কতকগুলি শব্দ, যে কোন লিঙ্গের বা যে কোন বচনের বিশেষ্য পদকে বিশেষিত করুক না কেন, সাধারণতঃ ইহারা ক্লীবলিঙ্গ ও একবচনান্ত হয়; ইহাদিগকে **অজহল্লিঙ্গ** বলে। ন জহল্লিঙ্গ=অজহল্লিঙ্গ। জহৎ+লিঙ্গ=জহল্লিঙ্গ। হা ধাতু+শতৃ=জহৎ। হা ধাতুর অর্থ "ত্যাগ করা"। সেজন্য জহৎ শব্দের অর্থ "যে ত্যাগ করে"। অতএব অজহল্লিঙ্গ শব্দের অর্থ "যে শব্দ (নিজের) লিঙ্গ ত্যাগ করে না।" যথা শ্রীশ্রীহরিঃ শরণম্। অমিতাচারঃ রোগাণাং কারণম্—Intemperance is the root of diseases. অয়ং নরঃ বিবাদস্য নিদানম্ —This man is the root of the quarrel. অত্র মহারাজঃ এব প্রমাণম্—Here your majesty is an authority. সা মম স্নেহপাত্রম্—She is an object of my affection. শিক্ষকঃ তে পূজাস্পদম্—The teacher is an object of your reverence. সম্পদঃ পদম্ আপদাম্ (হি)—Wealth is the abode of miseries. ছাত্রাঃ শিক্ষকস্য স্নেহভাজনম্—Pupils are the objects of their teacher's affection. সা হি অস্যাঃ বিপদঃ মূলম্—It is she who is the root of this evil.

9. ইংরেজীতে যেখানে Comparative degree ব্যবহৃত হয় সংস্কৃতে সেখানে বিশেষণের উত্তর 'তর' অথবা 'ঈয়স্' প্রত্যয় এবং ইংরেজীতে যেখানে Superlative degree ব্যবহৃত হয়, সংস্কৃতে সেখানে 'তম' অথবা 'ইষ্ঠ' প্রত্যয় যোগ করিতে হয়। যথা Light—লঘুঃ; Lighter—লঘুতরঃ বা লঘীয়ান্; Lightest—লঘুতমঃ বা লঘিষ্ঠঃ। Strong—বলবান্; Stronger—বলবত্তরঃ বা বলীয়ান্; Strongest—বলবত্তমঃ বা বলিষ্ঠঃ।

তর অথবা ঈয়স্ এবং তম অথবা ইষ্ঠ প্রত্যয় করিবার সাধারণ নিয়ম এই যে, যেখানে যেরূপ করিলে সুবিধা হয়, সেখানে সেরূপ করিবে। যথা, Intelligent—বুদ্ধিমান্; More intelligent—বুদ্ধিমত্তরঃ; Most intelligent—বুদ্ধিমত্তমঃ। এখানে আর ঈয়স্ ও ইষ্ঠ প্রত্যয় যোগ করিবার চেষ্টা করিও না।

Exercise 1

I. Translate into Sanskrit :—

An honest man. A large (বিশাল) tree. Fine (সূক্ষ্ম) cloth. A blind beggar. Two dead men. A lonely forest. White elephants. A lame man. A beautiful woman. A lazy girl. The clear sky. The intelligent boys. Bright stars (নক্ষত্র—ক্লী). Sincere (অকপট) friends. Pure fame (যশস্—ক্লী). Cold wind. Three eyes. By a wild animal. From the kind king. To a poor man. Of an idle boy. From a deep well. By two terrible tigers. Of the bright sun. In the high mountains. Of the kind hermits (তপস্বিন্). With much money. Of the two cruel boys. In sweet flowers. In a fine morning. Of high trees. More beautiful. The most intelligent student. A softer bed. A lighter work. The heaviest burden (ভার—পুং). A higher place. The most fearful animal. By two weaker boys. From a happier man. Of the most powerful (প্রবল). Sweet fruits of a high tree.

Article A, An ও Theর অনুবাদ করিতে হইবে না।

II. Correct (giving the reason in each case) :—

স্নেহময়ং জননী। ক্লান্তঃ পথিকস্য। সুশীলঃ ছাত্রাৎ। পূজনীয়ঃ ব্রাহ্মণায়। সৎ নারী। ক্ষুদ্রং বৃক্ষান্। জ্যেষ্ঠঃ ভ্রাতুঃ। ধনবানাঃ

মানবাঃ। উন্নতঃ বৃক্ষাণাম্। সুরক্ষিতঃ নগরী। গভীরং কূপেষু। শীতলানি বায়বঃ। বহবঃ কুসুমানি। মিষ্টং ফলানাম্। ধনবানং মানবায়। ভীষণস্য ব্যাঘ্রাণাম্। বুদ্ধিমান্ নরম্। উজ্জ্বলাঃ নক্ষত্রাণি। মহান্ গিরেঃ। বিদ্যাবানং নারীম্। উচ্চং বৃক্ষেষু। নিবিড়ং বনৈঃ। সমাগতং দরিদ্রান্। প্রখরাৎ আতপেন। মহান্ পর্ব্বতে। ভীতঃ বালিকা। রাজা দশরথস্য। কোমলা লতয়া। শীতলং জলেন। সুন্দরঃ শিশোঃ। বেগবান্ নদ্যাম্। সুখী নরাঃ। সুন্দরৈঃ বালিকাভিঃ। সূর্য্যঃ চন্দ্রাৎ বৃহত্তমঃ। পর্ব্বতেষু হিমালয়ঃ উচ্চতরঃ। রামঃ শ্যামাৎ বুদ্ধিমান্। বালকেষু যদুঃ বুদ্ধিমত্তরঃ। ভীমঃ দুর্য্যোধনাৎ বলিষ্ঠঃ। জন্মভূমিঃ স্বর্গাদপি গরিষ্ঠা। পাপং দুঃখানাং মূলঃ।

Person (পুরুষ)

10. ইংরেজীতে যেমন Third person, Second person ও First person আছে, সংস্কৃতেও সেইরূপ প্রথম পুরুষ, মধ্যম পুরুষ ও উত্তম পুরুষ আছে। যথা (He) is going—(সঃ) গচ্ছতি; (You) are seeing—(ত্বং) পশ্যসি; (I) am laughing —(অহং) হসামি।

11. যুষ্মদর্থবাচক (যাহা যুষ্মদ্ শব্দের অর্থ প্রকাশ করে এরূপ) ভবৎ শব্দ Second person বা মধ্যম পুরুষ নহে—Third person বা প্রথম পুরুষ। যথা, আপনি দেখুন—ভবান্ পশ্যতু; আপনি থাকুন—ভবান্ তিষ্ঠতু; আপনি আসুন—ভবান্ আগচ্ছতু; আপনারা বলুন—ভবন্তঃ বদন্তু।

Number (বচন)

12. ইংরেজীতে বচন দুইটি; একবচন ও বহুবচন। কিন্তু সংস্কৃতে বচন তিনটি; একবচন (singular), দ্বিবচন (dual) ও বহুবচন (plural)। কাজেই ইংরেজী ভাষায় দুইটি সংখ্যা বুঝাইতে বহুবচন ব্যবহার করিতে হইলেও সংস্কৃতে তাহার অনুবাদ করিবার সময় dual number বা দ্বিবচনের পদ দিতে হয়। যথা, A horse—অশ্বঃ; Two horses—অশ্বৌ; Horses—অশ্বাঃ। He opened his eyes—স নয়নে উন্মীলিতবান্।

13 দ্বয় দ্বিতয় যুগল, মিথুন, যুগ ও দ্বন্দ্ব প্রভৃতি শব্দ দুই সংখ্যাবোধক, ত্রয় ও ত্রিতয় শব্দ তিন সংখ্যাবোধক, চতুষ্টয় শব্দ চারি সংখ্যাবোধক এবং গণ, মণ্ডল, সমূহ, বর্গ ও কুল প্রভৃতি শব্দ বহুত্ব বোধক হইলেও ইহারা প্রায়ই একবচনে ব্যবহৃত হয়। যথা, মম বাহুদ্বয়ম্ অস্তি—I have two arms. ব্রাহ্মণত্রয়ম্ আগচ্ছতি—Three Brahmins are coming. বৃক্ষচতুষ্টয়ং বিদ্যতে—There are four trees. বন্ধুগণঃ আগতঃ—The friends are come. কয়েকটি শিষ্টপ্রয়োগ—দ্বয়মজায়ত রক্তমেতৎ (নৈ)। যুক্তং মণিস্তম্ভচতুষ্টয়েন (কু)। কথং সমস্ত এষ মিত্রগণঃ সমাগতঃ (প)। অপযাতু তদালিবর্গঃ (নৈ)।

কিন্তু পৃথক্ পৃথক্ অনেকগুলি জোড়া বুঝাইলে যুগল মিথুন, দ্বন্দ্ব প্রভৃতি শব্দের বহুবচন হইতে পারে। যথা, পক্ষিযুগলানি—Many couples of birds. মৃগমিথুনানি বা মৃগদ্বন্দ্বানি—Many couples of deer. ঐরূপ পৃথক্ পৃথক্ অনেকগুলি দল বুঝাইলে গণ, মণ্ডল প্রভৃতি শব্দের বহুবচন হইতে পারে। যথা, দেবগণাঃ—Many groups of gods মুনিমণ্ডলানি—Many groups of sages.

14. সমাহার-দ্বন্দ্ব, সমাহার-দ্বিগু ও অব্যয়ীভাব সমাসে নিষ্পন্ন পদসমূহ সর্ব্বদাই একবচনান্ত হয়। যথা—অহিনকুলম্, ত্রিভুবনম্, যথাসাধ্যম্।

15. অশ্বিনৌ (two sons of Asvini) ও দম্পতী (a pair—husband and wife) কেবল দ্বিবচনেই ব্যবহৃত হয়।

16. একশেষ-নিষ্পন্ন পদগুলি দ্বিবচনে ব্যবহৃত হইলে একজন স্ত্রী ও একজন পুরুষ বুঝাইয়া থাকে। যথা—ভ্রাতরৌ (brother and sister); শ্বশুরৌ (father-in-law and mother-in-law); পিতরৌ (father and mother)।

17. দার (স্ত্রী), অক্ষত (আতপ চাল), লাজ (খই), অসু (প্রাণ), প্রাণ (জীবন বুঝাইলে), অপ্ (জল), সুমনস্ (পুষ্প), সমা (বৎসর), সিকতা (বালুকা বা বালুকাময় ভূমি) ও বর্ষা—এই শব্দগুলি সর্ব্বদা বহুবচনে ব্যবহৃত হয়।

18. গৌরব বুঝাইলে অনেক স্থলে একবচনের পরিবর্ত্তে বহুবচন ব্যবহৃত হয়। যথা, ভবদ্ভ্যঃ ধর্ম্মং শ্রোতুম্ ইহাগতঃ (অহং)—I have come here to hear sermons from you. ইতি শ্রীশঙ্করাচার্য্যাঃ—So says the revered Sankara. এইরূপ—শ্রীচরণকমলেষু ইত্যাদি।

19. প্রদেশবাচক শব্দসকল প্রায়ই বহুবচনে ব্যবহৃত হয়। যথা, In Bengal—বঙ্গেষু; In Kalinga—কলিঙ্গেষু; In Magadha—মগধেষু; In Vidarbha—বিদর্ভেষু।

কিন্তু উক্ত প্রদেশবাচক শব্দসকলের সহিত "দেশ," "বিষয়" প্রভৃতি শব্দের সমাস হইলে একবচন হয়। যথা, In Bengal—বঙ্গদেশে; In Kalinga—কলিঙ্গবিষয়ে; In Magadha—মগধদেশে।

20. "অস্মদো দ্বয়োশ্চ", "সবিশেষণস্য প্রতিষেধঃ"। অস্মদ্ শব্দের কোন বিশেষণ না থাকিলে কোথাও কোথাও একবচন ও দ্বিবচনের পরিবর্ত্তে বহুবচন ব্যবহার করা হয়। যথা—অহং পশ্যামি, আবাং পশ্যাবঃ, এস্থলে বয়ং পশ্যামঃ হয়। বয়মপি স্বকর্ম্মণি অভিযুজ্যামহে (মু)। কিন্তু, বিশেষণ থাকিলে হয় না। 'দরিদ্রঃ অহং রোদিমি' এস্থলে 'দরিদ্রাঃ বয়ং রুদিমঃ' এরূপ হয় না।

21. ব্যক্তিবিশেষের নাম বহুবচনে ব্যবহৃত হইলে সেই বংশের সকল লোককে বুঝাইবে। যথা, রঘবঃ—রঘুবংশীয়গণ। যদূনাম্—যদুবংশীয়গণের। কশ্যপাঃ—কশ্যপবংশীয়গণ। ভরদ্বাজাঃ—ভরদ্বাজ-বংশীয়গণ।

22. গৃহ শব্দ পুংলিঙ্গ হইলে নিত্য বহুবচনান্ত। যথা—তত্রাগারং ধনপতিগৃহান্ উত্তরেণাস্মদীয়ম্ (মে)।

23. অপ্সরস্ শব্দ সাধারণতঃ বহুবচনেই ব্যবহৃত হয়। কদাচিৎ একবচনে প্রয়োগ দেখা যায়। যথা—অপ্সরসঃ, অপ্সরাঃ।

Cardinal Numerals.

24. এক শব্দ একবচন, কিন্তু কেহ কেহ (some) অর্থ বুঝাইলে বহুবচনরূপে ব্যবহৃত হয়। যথা—একঃ চন্দ্রঃ, একা ভার্য্যা, একং মিত্রম্। একে বদন্তি—Some say (কেহ কেহ বলেন)।

25. 'দ্বি' শব্দ সর্ব্বদাই দ্বিবচনরূপে ব্যবহৃত হয়। যথা—দ্বৌ পক্ষৌ, দ্বৌ মাসৌ, দ্বে লতে, দ্বে ফলে।

26. ত্রি হইতে অষ্টাদশন্ পর্যন্ত সংখ্যাবাচক শব্দসকল ও অনেক (many) শব্দ সর্ব্বদাই বহুবচন। যথা, ত্রীণি নেত্রাণি; চত্বারঃ বেদাঃ; পঞ্চ বাণাঃ; ষট্ ঋতবঃ; সপ্ত সমুদ্রাঃ; অষ্টৌ (বা অষ্ট) বসবঃ; নব গ্রহাঃ; দশ দিশঃ; একাদশ রুদ্রাঃ; দ্বাদশ মাসাঃ; চতুর্দ্দশ ভুবনানি; পঞ্চদশ তিথয়ঃ। অনেকে পক্ষিণঃ—Many birds.

27. 'বিংশতি' হইতে 'পরার্দ্ধ' পর্য্যন্ত সংখ্যাবাচক শব্দসকল বিশেষণ ও বিশেষ্য যে ভাবেই ব্যবহৃত হউক না কেন, ইহারা কেবল একবচনে ব্যবহৃত হয়। যথা, Twenty men—বিংশতিঃ নরাঃ বা নরাণাং বিংশতিঃ; By twenty boys—বিংশত্যা বালকৈঃ বা বালকানাং বিংশত্যা; Thirty trees—ত্রিংশৎ বৃক্ষাঃ বা বৃক্ষাণাং ত্রিংশৎ; Fifty fruits—পঞ্চাশৎ ফলানি বা ফলানাং পঞ্চাশৎ; A hundred women—শতং নার্য্যঃ বা নারীণাং শতম্; By a hundred horses—শতেন অশ্বৈঃ বা অশ্বানাং শতেন; A thousand books—সহস্রং পুস্তকানি বা পুস্তকানাং সহস্রম্।

কিন্তু যখন 'বিংশতি' প্রভৃতি সংখ্যাবাচক শব্দগুলির দ্বি, ত্রি, চতুর্, বা এইরূপ কোন শব্দ বিশেষণ থাকিবে এবং ইহারা কেবল বিশেষ্যভাবে ব্যবহৃত হইবে, তখন ইহারা দ্বিবচনান্ত ও বহু-বচনান্ত হইবে। যথা, Two score fruits—ফলানাং দ্বে বিংশতী (দুই কুড়ি অর্থাৎ চল্লিশটি ফল) Three score mangoes—আম্রাণাং তিস্রঃ বিংশতয়ঃ (তিন কুড়ি অর্থাৎ ষাটটি আম); Two hundred flowers—পুষ্পাণাং দ্বে শতে; Three thousand Brahmins—ব্রাহ্মণানাং ত্রীণি সহস্রাণি; From three thousand men—নরাণাং ত্রিভ্যঃ সহস্রেভ্যঃ।

28. কতি (how many), যতি (as many) ও ততি (so many) এই শব্দ তিনটি সর্ব্বদাই বহুবচন। যথা, How many sons have you?—কতি ভবতঃ পুত্রাঃ? So many trees—ততি বৃক্ষাঃ।

Exercise 2

I. Translate into Sanskrit :—

By a sweet (মধুর) fruit. To an intelligent boy.

Two weary (ক্লান্ত) travellers. Of the famous (প্রসিদ্ধ) poets. Husband and wife. In Bengal. A hundred elephants. Four girls (বালিকাচতুষ্টয়) are going. A thousand Brahmins. Of the three rogues (ধূর্ত). Eighty leaves (পত্র). So many fools. By twenty girls. Father and Mother. Two hundred women. I have two arms. Fifty flowers. By a thirsty traveller. Two thousand rupees (রৌপ্যমুদ্রা). Father-in-law and mother in-law. How many books have you? Three score fruits. The parents of the universe (জগৎ). Three friends (বন্ধুত্রয়) are going. Thirty men. Of the poisonous (বিষধর) snakes. Many sages (মুনিগণ) are coming. A hundred gold coins (স্বর্ণমুদ্রা). By the fearless (নির্ভীক) soldiers. Two score eggs. Of the three worlds (ত্রিভুবন) Many birds. By thirty servants. Three thousand horses. Some say. Eight hundred boys. By the faithful servants of the king. From a thousand houses Brother and sister. By three thousand students. From the rising (উদীয়মান) sun.

II. Correct (giving the reason in each case):—

সদয়ঃ প্রভুণা। সমাগতঃ শ্রোতৃভ্যঃ। বিদ্বান্ বিপ্রায়। রাজ্ঞা শূদ্রকস্য অপরাধেন। বর্ষায়াং বৃষ্টিঃ ভবতি। দ্বৌ মাসঃ। ভবান্ গচ্ছ। মিত্রচতুষ্টয়ং গচ্ছন্তি। ত্রীণি ভুবনম্। পিতরৌ পূজনীয়ঃ। বন্ধুগণঃ উপস্থিতাঃ। পঞ্চ শরঃ। বিংশতয়ঃ বালিকাঃ মুনিমণ্ডলম্ আগচ্ছন্তি। দশ দিক্পালঃ। মাসদ্বয়ং গতানি। ত্রিভুবনেভ্যঃ। অষ্টাদশ পুরাণম্। দিবসত্রয়ং গতে। সপ্ত বারঃ। ব্রাহ্মণসমূহঃ পূজিতাঃ। দ্বাদশ রাশিঃ। শতানি পুষ্পাণি। মৃগমিথুনং বিচরন্তি। চত্বারঃ বন্ধুঃ। সহস্রাণি বিল্বপত্রাণি আনয়। তরুশাখায়াং পক্ষিযুগলং কূজন্তি। বিংশতিঃ উপসর্গাঃ। অসুরেণ লোকত্রয়ং জিতানি। চত্বারি যুগম্। মৃগকুলং তৃণানি ভক্ষয়ন্তি। মম ভ্রাতুঃ তিস্রঃ দুহিতা।

সুখী দম্পতী। কতি ভ্রাতা ভবতঃ ? তব মিত্রগণঃ আগতাঃ ! ব্রহ্মণঃ চত্বারি মুখম্। ময়া দোষত্রয়ং কৃতানি। সূর্য্যস্য দ্বাদশ নাম।

Gender (লিঙ্গ)

29. সংস্কৃত ভাষায় শব্দের অর্থ দেখিয়া লিঙ্গ নির্ণয় করা যায় না। দার, ভার্য্যা ও কলত্র এই তিনটি শব্দেরই অর্থ যদিও স্ত্রী (wife), তথাপি দার পুংলিঙ্গ, ভার্য্যা স্ত্রীলিঙ্গ ও কলত্র ক্লীবলিঙ্গ। নিম্নলিখিত সূত্রগুলি মুখস্থ করিলে কোন্ শব্দের কি লিঙ্গ অনেকটা বুঝিতে পারিবে।

Masculine (পুংলিঙ্গ)

(1) **ঘঞবৌ পুংসি।**

ঘঞ্ ও অল্ প্রত্যয়ান্ত শব্দসকল পুংলিঙ্গ। যথা—পাঠঃ (পঠ্+ঘঞ্), পাতঃ, বাসঃ, লাভঃ, নাশঃ, কামঃ, শোকঃ, ভোগঃ, রোগঃ, যোগঃ, পাকঃ, ত্যাগঃ, ভাগঃ, যাগঃ, কায়ঃ, স্রাবঃ, ভাবঃ, আকারঃ, রাগঃ, ভবঃ, সবঃ; জয়ঃ (জি+অচ্), ক্ষয়ঃ, চয়ঃ, লয়ঃ, নয়ঃ, রবঃ, স্তবঃ, জবঃ, খেদঃ, ভেদঃ, ক্লেশঃ, শ্লেষঃ, কোপঃ, তোষঃ, রোষঃ, দ্বেষঃ, মোহঃ, দ্রোহঃ, ক্রোধঃ, লোভঃ, ক্ষোভঃ, স্পর্শঃ, হর্ষঃ, দর্পঃ, শব্দঃ, গ্রহঃ, ভ্রংশঃ, বিজয়ঃ, বিনয়ঃ, বিস্ময়ঃ, আমোদঃ, আশ্রয়ঃ, আশ্রয়ঃ, পরামর্শঃ।

(*a*) **ভয়সুখবর্ষপদানি নপুংসকে।**

অল্ প্রত্যয়ান্ত হইলেও ভয়, সুখ, বর্ষ ও পদ এই কয়েকটি শব্দ ক্লীবলিঙ্গ হয়। ইহাদের মধ্যে বর্ষ শব্দ পুংলিঙ্গও হয়।

(2) **ক্যন্ত। (কি+অন্তঃ)**

কি প্রত্যয়ান্ত শব্দসকল পুংলিঙ্গ। যথা—বিধিঃ (বি+ধা+কি) নিধিঃ, আধিঃ, সন্ধিঃ, জলধিঃ, বারিধিঃ, পয়োধিঃ, উদধিঃ, জলনিধিঃ।

(*a*) **ইষুধিঃ স্ত্রী চ।**

ইষুধি (quiver—বাণের আধার) শব্দ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ।

(৩) নঙন্তঃ। (নঙ্‌+অন্তঃ)

নঙ্‌ প্রত্যয়ান্ত শব্দসকল পুংলিঙ্গ। যথা প্রশ্নঃ (প্রচ্ছ্‌+নঙ্‌), স্বপ্নঃ।

(a) যাচ্ঞা স্ত্রিয়াম্‌। যাচ্ঞা শব্দ স্ত্রীলিঙ্গ।

(4) নন্তঃ। (ন্‌+অন্তঃ)

ন্‌ ভাগান্ত শব্দসকল পুংলিঙ্গ। যথা—রাজা, উক্ষা (ষাঁড়), শ্বা, যুবা প্রভৃতি।

(5) প-থ-ন-য-স-টোপান্তাঃ।

যে সকল শব্দের অন্ত্যবর্ণের পূর্ব্ববর্ণ, প থ ন য স কিংবা ট, তাহারা পুংলিঙ্গ। যথা—ধূপঃ, দীপঃ; রথঃ, অর্থঃ; ইনঃ (সূর্য্য) ফেনঃ; সময়ঃ, হয়ঃ (অশ্ব); রসঃ, বায়সঃ; ঘটঃ, পটঃ প্রভৃতি।

(6) ক-ষ-ণ-ভ-ম-রোপান্তা যদ্যদন্তাঃ।

যে সকল অকারান্ত শব্দের উপধায় (শেষবর্ণের পূর্ব্ববর্ণ উপধা) ক ষ ণ ভ ম অথবা র থাকে, তাহারা পুংলিঙ্গ। যথা—স্তবকঃ, কোরকঃ; বৃষঃ, দোষঃ; গুণঃ, পাষাণঃ; কুম্ভঃ, বৃষভঃ; সোমঃ, ধূমঃ; দ্বাপরঃ, ক্ষুরঃ প্রভৃতি।

কিন্তু, উপরের সূত্র দুইটির অনেক ব্যতিক্রম আছে। যথা—পুষ্পম্‌, রূপম্‌, শিল্পম্‌, তল্পম্‌ (শয্যা), শষ্পম্‌ (কাঁচা ঘাস), সমীপম্‌; বেতনম্‌, শ্মশানম্‌, মিথুনম্‌, রত্নম্‌, সোপানম্‌, ভুবনম্‌, চিহ্নম্‌; হৃদয়ম্‌, ইন্দ্রিয়ম্‌, মাণিক্যম্‌, দ্রব্যম্‌, ধান্যম্‌, শস্যম্‌, মূল্যম্‌, কিশলয়ম্‌, উত্তরীয়ম্‌; সাহসম্‌, মানসম্‌, কিরীটম্‌, মুকুটম্‌, ললাটম্‌; অংশুকম্‌ (সূক্ষ্ম বস্ত্র), চিবুকম্‌, পুরীষম্‌, পীযূষম্‌ (অমৃত), কল্মষম্‌ (পাপ); তৃণম্‌, প্রমাণম্‌; কুসুমম্‌, যুগ্মম্‌; দ্বারম্‌, শরীরম্‌, বস্ত্রম্‌, নক্ষত্রম্‌, ছত্রম্‌, ক্ষেত্রম্‌, শাস্ত্রম্‌, উদরম্‌, জঠরম্‌, প্রান্তরম্‌, পঞ্জরম্‌, চামরম্‌, চিত্রম্‌, শস্ত্রম্‌ চত্বরম্‌, মূত্রম্‌, সূত্রম্‌ ইত্যাদি—এইগুলি ক্লীবলিঙ্গ।

তবে সাধারণতঃ উক্ত সূত্রদ্বয় হইতে অনেক জানিতে পারা যাইবে।

(7) রুত্বন্তঃ। (রু তু+অন্তঃ)

রুকারান্ত ও তুকারান্ত শব্দসকল পুংলিঙ্গ। যথা—মেরুঃ, শত্রুঃ; সেতুঃ, হেতুঃ।

ব্যতিক্রমঃ—দারু (পুং ক্লী), অশ্রু (ক্লী), শ্মশ্রু (ক্লী); বস্তু (ক্লী), জতু (ক্লী)।

(8) দারাক্ষতলাজাসূনাং বহুত্বঞ্চ।

দার, অক্ষত, লাজ ও অসু শব্দ পুংলিঙ্গ এবং ইহারা সর্ব্বদা বহুবচনে ব্যবহৃত হয়। (see § 17)।

(9) ণাথিন্নমন্। (ণ+অথু+ইমন্)

ণ, অথু ও ইমন্ প্রত্যয়ান্ত শব্দসকল পুংলিঙ্গ। যথা, ব্যাধঃ (ব্যধ্+ণ); বেপথুঃ (কম্পন); মহিমা (মহিমন্), গরিমা (গরিমন্)।

কিন্তু ইমন্ প্রত্যয়ান্ত প্রেমন্ শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ।

(10) রাত্রাহ্নাহাঃ পুংসি।

সমাস করিলে যে সকল শব্দের শেষে রাত্র, অহ্ন বা অহ থাকে, তাহারা পুংলিঙ্গ। যথা—সর্ব্বরাত্রঃ, পূর্ব্বরাত্রঃ, মধ্যরাত্রঃ; পূর্ব্বাহ্নঃ, মধ্যাহ্নঃ, অপরাহ্নঃ, সায়াহ্নঃ; পরমাহঃ, শুভাহঃ, একাহঃ।

(*a*) নপুংসকং রাত্রং সংখ্যাপূর্ব্বম্।

রাত্রি শব্দের পূর্ব্বে সংখ্যাবাচক শব্দ থাকিলে ক্লীবলিঙ্গ হয়। যথা—দ্বিরাত্রম্, ত্রিরাত্রম্, পঞ্চরাত্রম্, সপ্তরাত্রম্, নবরাত্রম্।

(*b*) পুণ্যাদহঃ নপুংসকম্।

'পুণ্য' শব্দের সহিত যুক্ত 'অহ' শব্দ ক্লীবলিঙ্গ হয়। যথা—পুণ্যাহম্ (পবিত্র দিন)।

(11) মিত্র শব্দ সূর্য্য অর্থে পুংলিঙ্গ, কিন্তু বন্ধু অর্থে ক্লীবলিঙ্গ হয়।

(12) **পুংস্ত্বে সভেদানুচরাঃ সপর্য্যায়াঃ সুরাসুরাঃ।**
স্বর্গ-যাগাদ্রি-মেঘাব্ধি-দ্রু-কালাসি-শরারয়ঃ॥
কর-গণ্ডোষ্ঠ-দোর্দন্ত-কণ্ঠ-কেশ-নখ-স্তনাঃ।
মাসর্ত্তু-রস-স্বর্ণাগ্নি-শব্দ-বায়ু-নরাহয়ঃ॥

সামান্য ও বিশেষ সুর ও অসুরবাচক এবং তাহাদের অনুচর-বাচক শব্দসকল এবং স্বর্গ, যাগ, অদ্রি (পর্ব্বত), মেঘ, অব্ধি (সমুদ্র), দ্রু (বৃক্ষ), কাল, অসি, শর, অরি, কর (রশ্মি, খাজনা, হাত), গণ্ড, ওষ্ঠ, দোস্, (বাহু), দন্ত, কেশ, নখ, স্তন, মাস, ঋতু, রস, স্বর্ণ, অগ্নি, শব্দ, বায়ু, নর ও অহি (সর্প) বাচক শব্দসকল পুংলিঙ্গ। যথা, সামান্য সুরবাচক—সুরঃ, দেবঃ, অমরঃ, আদিত্যঃ, নির্জ্জরঃ, ত্রিদশঃ, বিবুধঃ প্রভৃতি; বিশেষ সুরবাচক—ব্রহ্মা, বিষ্ণুঃ, শিবঃ, কার্ত্তিকেয়ঃ, বিনায়কঃ প্রভৃতি; সুরানুচরবাচক—জয়ঃ, বিজয়ঃ, নন্দী, মহাকালঃ প্রভৃতি; সামান্য অসুরবাচক—অসুরঃ, দৈত্যঃ, দেবারিঃ, দানবঃ, দনুজঃ প্রভৃতি; বিশেষ অসুরবাচক—বলিঃ, নিশুম্ভঃ, নমুচিঃ প্রভৃতি; অসুরানুচরবাচক—কুষ্মাণ্ডঃ প্রভৃতি; স্বর্গঃ, নাকঃ ত্রিদিবঃ, ত্রিদশালয়ঃ সুরলোকঃ, যাগঃ যজ্ঞঃ, মখঃ, অধ্বরঃ, ক্রতুঃ; অদ্রিঃ, পর্ব্বতঃ, গিরিঃ, অচলঃ, শৈলঃ, ভূধরঃ মহীধরঃ, ধরাধরঃ, নগঃ, গোত্রঃ; মেঘঃ, জলধরঃ, বারিদঃ, নীরদঃ, ঘনঃ, জীমূতঃ, জলমুক্, বারিবাহঃ, বলাহকঃ অম্বুভৃৎ; অব্ধিঃ, সমুদ্রঃ, সাগরঃ, পারাবারঃ, সিন্ধুঃ, জলধিঃ, বারিধিঃ, উদধিঃ, অর্ণবঃ, রত্নাকরঃ; দ্রুঃ, বৃক্ষঃ, পাদপঃ, তরুঃ, দ্রুমঃ, শাখী, মহীরুহঃ, বিটপী; কালঃ, সময়ঃ; অসিঃ, খড়্গঃ, কৃপাণঃ, করবালঃ; শরঃ, বাণঃ, আশুগঃ, সায়কঃ, পত্রী; অরিঃ, শত্রুঃ, রিপুঃ, অরাতিঃ, বৈরী, বিপক্ষঃ, অমিত্রঃ, সপত্নঃ; করঃ, কিরণঃ, রশ্মিঃ, অংশুঃ, ময়ূখঃ; করঃ (রাজস্ব), ভাগধেয়ঃ, বলিঃ; করঃ, হস্তঃ, পাণিঃ; গণ্ডঃ, কপোলঃ; ওষ্ঠঃ, অধরঃ; দোঃ, বাহুঃ, ভুজঃ;

দন্তঃ, রদঃ, দশনঃ; কণ্ঠঃ, গলঃ; কেশঃ, কুন্তলঃ, চিকুরঃ, শিরোরুহঃ; নখঃ, নখরঃ, কররুহঃ, পুনর্ভবঃ; স্তনঃ, কুচঃ, পয়োধরঃ; বৈশাখঃ, জ্যৈষ্ঠঃ প্রভৃতি; গ্রীষ্মঃ, হেমন্তঃ, শিশিরঃ, বসন্তঃ; কটুঃ, তিক্তঃ, কষায়ঃ, মধুরঃ, অম্লঃ, লবণঃ; শুক্লঃ, কৃষ্ণঃ, শ্যামঃ, ধূসরঃ প্রভৃতি; অগ্নিঃ, অনলঃ, বহ্নিঃ, পাবকঃ, হুতাশনঃ, কৃশানুঃ, দহনঃ, বৈশ্বানরঃ, বায়ুসখা; শব্দঃ, নাদঃ, নিনাদঃ, নিনদঃ, ধ্বনিঃ, রবঃ, আরবঃ, আরাবঃ, স্বনঃ, নিস্বনঃ, নির্ঘোষঃ; বায়ুঃ, পবনঃ, সমীরঃ, সমীরণঃ, মরুৎ, মারুতঃ, বাতঃ, প্রভঞ্জনঃ, অনিলঃ, গন্ধবহঃ, গন্ধবাহঃ, নভস্বান্; নরঃ, মনুষ্যঃ, মানুষঃ, মনুজঃ, মানবঃ, মর্ত্ত্যঃ; অহিঃ, সর্পঃ, ভুজগঃ, ভুজঙ্গঃ, ভুজঙ্গমঃ, ফণী, উরগঃ, আশীবিষঃ, বিষধরঃ, সরীসৃপঃ, ব্যালঃ, চক্ষুঃ-শ্রবাঃ, পবনাশনঃ।

কিন্তু, সুরবাচক—দেবতা স্ত্রীলিঙ্গ, দৈবত পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ, স্বর্গবাচক—দ্যো ও দিব্ স্ত্রী; ত্রিপিষ্টপ ক্লী। মেঘবাচক—অভ্র ক্লী। শরবাচক—ইষু পুং ও স্ত্রী। কর (রশ্মি)-বাচক—মরীচি পুং ও স্ত্রী; দীধিতি স্ত্রী। ঋতুবাচক—শরদ্ ও বর্ষা স্ত্রীলিঙ্গ।

Exercise 3

I. Determine the genders of the following giving the reason in each case :—

উদধি, খড়্গ, ভয়, নিশীথ, হোম, প্রভব, সপ্তরাত্র, কপি, অসু, স্বপ্ন, দেবতা, লঘিমন্, কিরণ, অপরাহ্ণ, খড়্গা, পাদপ, অরাতি, বিষয়, পয়োধর, গ্রীষ্ম, জলদ, তুষ, আধি, শ্লোক, যজ্ঞ, করভ, মরীচি।

II. Translate into Sanskrit :—

By the order (আদেশ) of the Head Master. From the hand of Sudha's father. In the hermitage (আশ্রম) of a young (তরুণ) sage (তাপস). To the poor man. The advice of the preceptor. By the enemies of gods.

From the youngest (কনিষ্ঠ) brother of Sripati. To the minister of the king Sasanka. Great (মহৎ) is the dread (ভয়) of a dog (কুক্কুর) from a tiger. God is the shelter (আশ্রয়) of all (সর্ব্বেষাম্). It is noon. Sudama is a friend (সখি) of Srikrishna. The sun's ray is very bright. Sukanta was a skilful (নিপুণ) poet. Spring is the king of all seasons. Avarice (লোভ) is the cause (কারণ) of vice (পাপ). This black cloud is full of water (জলেন). Who is your enemy? Valmiki is the first (আদি) poet. Humility (বিনয়) is the best (শ্রেষ্ঠ) virtue (গুণ). To-day (অদ্য) the heat (আতপঃ) of the sun is terrible (প্রখর). What is the cause (কারণ) of your delay (বিলম্ব)? Thou (ত্বম্) art my life (প্রাণ). This worm (কীট) is innocent. You are my guest. I am a friend of your father. Why (কথম্) is your face pale? In a book composed by Rabindranath.

III. Correct (giving the reason in each case) :—

সুতীক্ষ্ণানি খড়্গানি। বিশালং জলধি। প্রবলং শত্রু। মহৎ ভুজঙ্গম্। বারিধরং গচ্ছতি। গুরোঃ আদেশং পালনীয়ম্। নির্ম্মলং অভ্রঃ। কাব্যে নব রসানি বিদ্যন্তে। সর্ব্বস্য লোচনং শাস্ত্রঃ! মহিমা। স মিত্রঃ যত্র বিশ্বাসম্। বিপ্রাণাং চত্বারি আশ্রমাণি। বহূনি দোষাণি। মহৎ হি যত্নং তব দেবদারৌ। ঈশ্বরস্য অপারা কস্য ইমানি বৃক্ষাণি? আলস্যং হি মনুষ্যাণাং শরীরস্থং মহৎ রিপু। অপাণ্ডবাং করিষ্যামি পৃথিবীং নাত্র সংশয়ম্। অনলং হস্তং দহতি। পুরোহিতঃ অক্ষতং বিকিরতি। নাস্তি তে কিমপি গুণম্। পরার্থে প্রাণং ত্যজেৎ। বদ মে চত্বারি প্রশ্নানি। কোমলান্ তৃণান্ ভক্ষয়। পুরনারী লাজং বিকিরতি। যতো ধর্ম্মস্ততো জয়ম্। মূর্খস্য আকাশস্য নীলিমাং পশ্য। যত্নে কৃতে যদি ন সিধ্যতি কিমত্র দোষম্? মূর্খস্য হৃদয়ঃ শূন্যঃ। লোহিতৌ কুসুমৌ আনয়। সন্তোষং সুখস্য মূলম্।

Feminine (স্ত্রীলিঙ্গ)

(1) **ক্তিন্নন্তঃ।** (ক্তিন্+অন্তঃ)

ক্তিন্ (ক্তি) প্রত্যয়ান্ত শব্দসকল স্ত্রীলিঙ্গ। যথা, নীতিঃ, শ্রুতিঃ, স্ফূর্তিঃ, শক্তিঃ, দীপ্তিঃ, মতিঃ প্রভৃতি। কিন্তু জ্ঞাতি শব্দ পুংলিঙ্গ।

(2) **আবীপৌ স্ত্রিয়াম্।**

আপ্ ও ঈপ্ প্রত্যয়ান্ত শব্দসকল স্ত্রীলিঙ্গ। যথা, দীনা, স্থিরা; গৌরী, নদী প্রভৃতি।

(3) **তলন্তঃ।**

তা প্রত্যয়ান্ত শব্দসকল স্ত্রীলিঙ্গ। যথা, লঘুতা, পটুতা, মৃদুতা প্রভৃতি।

(4) **য্বন্তম্ (ঈ+উ+অন্তম্) একাক্ষরম্।**

একস্বরবিশিষ্ট ঈকারান্ত ও উকারান্ত শব্দসকল স্ত্রীলিঙ্গ। যথা—ধীঃ, ভীঃ, শ্রীঃ, হ্রীঃ, ভূঃ প্রভৃতি। একাক্ষর না হইলে স্ত্রীলিঙ্গ হয় না। যথা—সুধীঃ, গতভীঃ, প্রাপ্তশ্রীঃ, অপহ্রীঃ, স্বয়ম্ভূঃ—এগুলি পুংলিঙ্গ।

(5) **বিংশত্যাদিরা (বিংশতি+আদিঃ+আ) নবতেঃ।**

বিংশতি হইতে নবতি পর্য্যন্ত সংখ্যাবাচক শব্দগুলি স্ত্রীলিঙ্গ এবং এগুলি প্রায় একবচনরূপে ব্যবহৃত হয়। যথা—বিংশতিঃ, ত্রিংশৎ, চত্বারিংশৎ, পঞ্চাশৎ, ষষ্টিঃ, সপ্ততিঃ, অশীতিঃ, নবতিঃ।

(6) **মিন্যন্তঃ।** (মি নি+অন্তঃ)

মি ও নি প্রত্যয়ান্ত শব্দসকল স্ত্রীলিঙ্গ। যথা—ভূমিঃ; গ্লানিঃ, হানিঃ প্রভৃতি।

(*a*) **বহ্নি-বৃষ্ণ্যগ্নয়ঃ পুংসি।**

কিন্তু বহ্নি, বৃষ্ণি ও অগ্নি শব্দ নি-প্রত্যয়ান্ত হইলেও পুংলিঙ্গ।

(7) **নাম বিদ্যুন্নিশা-বল্লী-বীণা-দিগ্‌-ভূ-নদী-হ্রিয়াম্‌।** বিদ্যুৎ, নিশা, বল্লী, বীণা, দিক্‌, ভূ, নদী ও হ্রী বাচক শব্দসকল স্ত্রীলিঙ্গ। যথা—বিদ্যুৎ, ক্ষণপ্রভা, তড়িৎ, সৌদামিনী, চঞ্চলা, চপলা, শম্পা; নিশা, রজনী, যামিনী, রাত্রিঃ, ত্রিযামা, শর্ব্বরী, বিভাবরী, তমস্বিনী, নিশীথিনী; বল্লী, ব্রততিঃ, ব্রততী, লতা; বীণা, বল্লকী; দিক্‌, আশা, কাষ্ঠা; ভূঃ, ভূমিঃ, পৃথিবী, পৃথ্বী, অচলা, বিশ্বম্ভরা, ধরা, ধরিত্রী, ক্ষিতিঃ, সর্ব্বংসহা, বসুমতী, বসুধা, বসুন্ধরা, অবনিঃ, অবনী, মেদিনী, মহী; নদী, সরিৎ, তরঙ্গিণী, শৈবলিনী, তটিনী, স্রোতস্বিনী, নিম্নগা, আপগা, স্রোতস্বতী, নির্ঝরিণী, প্রবাহিণী; হ্রীঃ, লজ্জা, ব্রীড়া, ত্রপা।

(8) **অপ্‌-সুমনস্‌-সমা-সিকতা-বর্ষাণাং বহুত্বঞ্চ।**

অপ্‌ (জল), সুমনস্‌ (পুষ্প), সমা (বৎসর), সিকতা (বালুকা বা বালুকাময় ভূমি) ও বর্ষা শব্দ স্ত্রীলিঙ্গ এবং ইহারা নিত্য বহুবচনান্ত।

(9) **আশী-ধূঃ-পূ-গী-দ্বারিঃ।**

আশিস্‌, ধুর্‌, পুর্‌, গির্‌ ও দ্বার্‌ শব্দ স্ত্রীলিঙ্গ। যথা—ইয়ম্‌ আশীঃ (আশীর্ব্বাদ), ধূঃ (ভার, বোঝা), পূঃ (নগর), গীঃ (বক্তৃতা), দ্বাঃ (দ্বার)।

(10) **তিথিবাচকঃ স্ত্রিয়াম্‌।**

তিথিবাচক শব্দসকল স্ত্রীলিঙ্গ। যথা—প্রতিপৎ, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী, অষ্টমী, নবমী, দশমী, একাদশী, দ্বাদশী, ত্রয়োদশী, চতুর্দ্দশী, পূর্ণিমা ও অমাবস্যা।

(11) **অদন্তৈর্দ্বিগুরেকার্থো ন স পাত্রযুগাদিভিঃ।**

সমাহার-দ্বিগু সমাসে নিষ্পন্ন অকারান্ত শব্দের উত্তর ঈপ্‌ হইয়া সেগুলি স্ত্রীলিঙ্গ হয়। যথা—ত্রিলোকী, চতুষ্পদী, চতুষ্পাঠী, পঞ্চবটী, সপ্তশতী, দশরথী।

কিন্তু পাত্র, যুগ ও ভুবন শব্দ পরপদ হইলে ঈপ্ হয় না ও পদগুলি ক্লীবলিঙ্গ হয়। যথা—পঞ্চপাত্রম্, চতুর্যুগম্, ত্রিভুবনম্।

Exercise 4

I. Determine the genders of the following giving the reason in each case :—

ভ্রূ, অগ্নি, বিভাবরী, পঞ্চাশৎ, জড়তা, ভক্তি, হংসী, মেদিনী, ধী, সরিৎ, শম্পা, তটিনী, ত্রিভুবন, সৌদামিনী, সিকতা, গতি, ধরা, অমাবস্যা, হানি, জ্ঞাতি, লক্ষ্মশ্রী, লজ্জা, মতি, ভূমি, চতুর্যুগ, প্রতিপৎ, অপহ্নী, গির্।

II. Translate into Sanskrit :—

By a small creeper. By a learned (বিদুষী) lady. In a soft bed. To a devoted (অনুরক্ত) wife (পত্নী). Forty mountains. By the army (চমূ) of the king Chandragupta. In the rainy season. Two broken (ভগ্ন) branches of a tree. Sixty years (বর্ষ). Lakshmi is the wife of Narayana. In this extensive (বিশাল) earth. Ninety women. By the grace (কৃপা) of God. Uma is the daughter of Giriraja. The night is gone (গতা). Seventy rupees. In the shade of a banyan tree. The earth is full of many creatures (প্রাণিন্). These creepers are very (অতীব) beautiful (মনোহর). Arundhati is the wife of Vasistha (বশিষ্ঠ). This (ইয়ম্) is the nature (প্রকৃতি) of the honest. Sunanda's mother is ill. Want (অভাবঃ) of money is the cause of our (অস্মাকম্) poverty (দরিদ্রতা).

III. Correct (giving the reason in each case) :—

রূপবন্তং কন্যাম্। সুজলে বঙ্গভূম্যৌ। শস্যপূর্ণঃ বসুন্ধরা। ধবলে জ্যোৎস্নায়াম্। বিদ্যা সুদুর্লভম্। পূর্ণিমা তিথৌ। সংহতিঃ কার্য্যসাধকঃ। পুণ্যতোয়স্য ভাগীরথ্যাঃ। দৃঢ়েন ভক্তিনা। অমাবস্যা

তিথৌ। দীপস্য উজ্জ্বলং শিখা। রজনী প্রভাতং জাতম্। ভগবতঃ সর্ব্বমঙ্গলায়াঃ কৃপয়া। সিকতায়াং পক্ষিণঃ বিচরন্তি। শুষ্কে ভূমৌ উপবিশ। অনেন বৃষ্টিনা অপকারঃ ভবিষ্যতি। অয়ং নদী ক্ষীণঃ। অস্তি তে প্রবলা জ্ঞাতিঃ। ভগ্নম্ অধুনা আশালতা। সর্ব্বত্র এষঃ কথিতঃ নীতিঃ। মহতা বৃষ্টিনা পুষ্করিণী পূর্ণম্।

Neuter (ক্লীবলিঙ্গ)

(1) **ভাবে অনডন্তঃ (অনট্+অন্তঃ)।**

ভাববাচ্যে নিষ্পন্ন অনট্ প্রত্যয়ান্ত শব্দসকল ক্লীবলিঙ্গ। যথা—গমনম্, দর্শনম্, পানম্, দানম্, ভোজনম্, ভ্রমণম্, শ্রবণম্, রোদনম্, শয়নম্ প্রভৃতি।

(২) **নিষ্ঠা চ।**

"ক্ত-ক্তবতু নিষ্ঠা।" ক্ত ও ক্তবতু প্রত্যয়ের নাম নিষ্ঠা; তন্মধ্যে ক্তবতু প্রত্যয় ভাববাচ্যে হয় না; কেবল ক্ত প্রত্যয় ভাববাচ্যে হয়; ঐ ক্ত প্রত্যায়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা—জীবিতম্ (জীবন), গতম্, ভাষিতম্ (উক্তি) প্রভৃতি।

(3) **শতাদিঃ (শত+আদিঃ) ক্লীবে।**

শত প্রভৃতি সংখ্যাবাচক শব্দগুলি ক্লীবলিঙ্গ। যথা—শতম্, সহস্রম্, অযুতম্, লক্ষম্, নিযুতম্ ইত্যাদি।

(4) **অসন্তো দ্ব্যচ্কঃ। (অস্+অন্তঃ+দ্বি+অচ্কঃ)**

অস্ ভাগান্ত শব্দ, দুইটিমাত্র স্বরবিশিষ্ট হইলে ক্লীবলিঙ্গ হয়। যথা—পয়ঃ (দুগ্ধ বা জল), মনঃ, চেতঃ, বক্ষঃ, তেজঃ, স্রোতঃ, শিরঃ, যশঃ, তমঃ (অন্ধকার), বচঃ, বয়ঃ, নভঃ, (আকাশ), বাসঃ (বস্ত্র), অম্ভঃ (জল) ইত্যাদি। কিন্তু, অস্ ভাগান্ত হইলেও বেধস্ শব্দ—পুংলিঙ্গ। যথা, বেধাঃ।

দুয়ের অধিক স্বরযুক্ত হইলে ক্লীবলিঙ্গ হয় না। যথা—চন্দ্রমাঃ, সুমেধাঃ, বিমনাঃ, পুরোধাঃ, দিবৌকাঃ (দেবতা)—ইহারা পুংলিঙ্গ।

(5) **ইসুসন্তঃ। (ইস্+উস্+অন্তঃ)**

ইস্ ও উস্ ভাগান্ত শব্দমাত্রেই ক্লীবলিঙ্গ। যথা—অর্চ্চিঃ (কিরণ), হবিঃ বা সর্পিঃ (ঘৃত), জ্যোতিঃ; ধনুঃ, বপুঃ, যজুঃ, চক্ষুঃ, আয়ুঃ প্রভৃতি।

(6) **মন্ দ্ব্যচ্কঃ (দ্বি+অচ্কঃ) ক্লীবে।**

মন্ প্রত্যয়ান্ত শব্দ, দুই স্বরযুক্ত হইলে ক্লীবলিঙ্গ। যথা—কর্ম্ম, নর্ম্ম (পরিহাস), চর্ম্ম, ভস্ম, জন্ম, বেশ্ম (গৃহ), বর্ত্ম (রাস্তা), বর্ম্ম, শর্ম্ম (সুখ); দুয়ের অধিক স্বর থাকিলে ক্লীবলিঙ্গ হয় না। যথা—লঘিমা, মহিমা, গরিমা, নীলিমা, অণিমা প্রভৃতি—ইহারা পুংলিঙ্গ।

(*a*) **ব্রহ্ম পুংসি চ।**

ব্রহ্মন্ শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ হয়। যথা—ইদং ব্রহ্ম অথবা অয়ং ব্রহ্মা।

(7) **ইত্রং নপুংসকে।**

ইত্র প্রত্যয়ান্ত শব্দসকল ক্লীবলিঙ্গ। যথা—পবিত্রম্ (পূ+ইত্র), চরিত্রম্, খনিত্রম্ (কোদাল), বহিত্রম্ (পোত)।

(8) **অদন্ত-প্রত্যয়া (অৎ+অন্ত) ভাবে।**

ভাব অর্থে অকারান্ত তদ্ধিত প্রত্যয় (ষ্ণ, ষ্ণ্য, ত্ব প্রভৃতি) নিষ্পন্ন শব্দসকল ক্লীবলিঙ্গ। যথা, ষ্ণ—লাঘবম্, গৌরবম্, যৌবনম্; ষ্ণ্য—আলস্যম্, স্বাস্থ্যম্, বাল্যম্, ধৈর্য্যম্, সৌন্দর্য্যম্; ত্ব—বন্ধুত্বম্, মৃদুত্বম্, পশুত্বম্।

(9) **দ্বিহীনং প্রসবে সর্ব্বং হরীতক্যাদয়ঃ স্ত্রিয়াম্।**

প্রসব (পুষ্প ও ফল) বুঝাইলে বৃক্ষবাচক শব্দগুলি দ্বিহীন (পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ ভিন্ন অর্থাৎ ক্লীবলিঙ্গ) হয়। যথা, আম্রঃ—

আম গাছ, আম্রম্—আম ফল; পনসঃ—কাঁঠাল গাছ, পনসম্—কাঁঠাল ফল।

কিন্তু হরীতকী, দ্রাক্ষা প্রভৃতি শব্দ ফলবাচক এবং জাতী, মালতী, যূথী প্রভৃতি শব্দ পুষ্পবাচক হইলেও স্ত্রীলিঙ্গ হয়।

(10) **ক্রিয়াব্যয়য়োর্বিশেষণম্।**

ক্রিয়ার বিশেষণ ও অব্যয়ের বিশেষণ ক্লীবলিঙ্গ হয়। যথা—রমেশঃ সাধু পঠতি—Ramesh reads well. মনোহরং প্রাতঃ।

(11) **দ্বিহীনেঽন্যচ্চ-খারণ্য-পর্ণ-শ্বভ্র-হিমোদকম্।**
শীতোষ্ণ-মাংস-রুধির-মুখাক্ষি-দ্রবিণং বলম্॥
হল-হেম-শুল্ব-লোহ-সুখ-দুঃখ-শুভাশুভম্।
জলপুষ্পাণি লবণং ব্যঞ্জনান্যনুলেপনম্॥

অন্য অর্থাৎ যে সকল শব্দ পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গ নহে তাহারা এবং খ হইতে অনুলেপন পর্যন্ত শব্দ ও তাহাদের পর্য্যায় (সমার্থক) শব্দসকল ক্লীবলিঙ্গ। যথা—খম্, গগনম্, অন্তরীক্ষম্, নভঃ। অরণ্যম্, বিপিনম্, গহনম্, কাননম্, বনম্। পর্ণম্, পত্রম্। ছিদ্রম্, বিলম্, বিবরম্, রন্ধ্রম্, কুহরম্। হিমম্, তুহিনম্; উদকম্, জলম্, সলিলম্, বারি, পয়ঃ। শীতম্, শিশিরম্। উষ্ণম্। মাংসম্, আমিষম্, পিশিতম্, পলম্। রুধিরম্, রক্তম্, শোণিতম্, অসৃক্। মুখম্, বদনম্, আননম্, আস্যম্, বক্ত্রম্। অক্ষি, নেত্রম্, নয়নম চক্ষুঃ। দ্রবিণম্, ধনম্, বিত্তম্। বলম্, সামর্থ্যম্, সৈন্যম্। হলম্, লাঙ্গলম্। হেম, স্বর্ণম্, কাঞ্চনম্। শুল্বম্, তাম্রম্। লৌহম্। সুখম্, শর্ম্ম। দুঃখম্, কষ্টম্। শুভম্, মঙ্গলম্, কল্যাণম্, শিবম্, ভদ্রম্। অশুভম্, অমঙ্গলম্, অশিবম্। জলপুষ্প-সকল—পদ্মম্, কুমুদম্। লবণম্, সৈন্ধবম্। ব্যঞ্জনম্, দধি, দুগ্ধম্, ঘৃতম্। অনুলেপনম্, চন্দনম্, কুঙ্কুমম্।

(12) **নপুংসকম্ অব্যয়ীভাবে।**

অব্যয়ীভাব সমাসে নিষ্পন্ন পদসকল ক্লীবলিঙ্গ। যথা—প্রতি-

দিনম্, যথাজ্ঞানম্, উপগঙ্গম্, আকণ্ঠম্, নির্ম্মক্ষিকম্, অনুগৃহম্, অধিহরি, যথাসাধ্যম্, অনুরূপম্ প্রভৃতি।

(18) নপুংসকৈকবচনে সমাহারে।

সমাহার-দ্বন্দ্ব সমাসে নিষ্পন্ন পদসকল ক্লীবলিঙ্গ ও একবচনান্ত হয়। যথা—অহিনকুলম্, গঙ্গাশোণম্, পাণিপাদম্, গোপনাপিতম্, কর্ণনাসিকম্, শঙ্খদুন্দুভি।

30. কতি-যুষ্মদস্মন্নষান্ত-সংখ্যাঃ সদৃশাস্ত্রিষু।

কতি শব্দ, যুষ্মদ্ ও অস্মদ্ শব্দ, নকারান্ত ও ষকারান্ত সংখ্যা-বাচক শব্দ তিন লিঙ্গেই একরূপ হয়। যথা—কতি বালকাঃ, কতি বালিকাঃ, কতি ফলানি। ত্বং পুমান্, ত্বং স্ত্রী। অহং পতিঃ, অহং পত্নী। সপ্ত সমুদ্রাঃ, সপ্ত কন্যাঃ, সপ্ত কুসুমানি। ষট্ ঋতবঃ, ষট্ নদ্যঃ, ষট্ বনানি।

Exercise 5

I. Determine the genders of the following and give reasons for your answers :—

বপুস্, দিবৌকস্, গমন, জন্মন্, হসিত, নীর, উপকূল, চরিত্র, হেমন্, দধি, আম্র, ধৈর্য্য, কাঞ্চন, প্রত্যহ, বর্ম্মন্, তেজস্, অম্বু, দ্বিজন্মন্, গোব্যাঘ্র, নীলিমন্, বারি, অযুত, যজুস্, স্নান, রক্তিমন্, বহিত্র, ভাষিত, অক্ষি।

II. Translate into Sanskrit :—

Simple mind. Many births (জন্মন্). Five jack-fruits. Three mango-trees. Many leaves. With a large bow (ধনুস্). Ripe mangoes fallen (পতিত) from a tree. Two bones (অস্থি) of a dead lion. By harsh (কর্কশ) words of an old man. Some (কতিপয়) red lotuses. Fortitude (ধৈর্য) in adversity (বিপদ্). Sweet words (বচস্) of a child. This beautiful morning. In the bow of Karna.

By the skin (চর্ম্মন্) of a deer. The three eyes (নেত্র) of Kalika. Worn-out (জীর্ণ) cloths (বাসস্). Pure milk. Six flowers. This is my book. These mangoes are ripe. His character is good (নির্ম্মল). Knowledge is the best ornament (ভূষণ) of man. The water of the Ganges is sacred. What is your name (নামন্)? Health (স্বাস্থ্য) is the source (নিদান) of happiness. The water of the sea is not sweet to taste (স্বাদু). Shyness (হ্রী) is the ornament of women (অঙ্গনা).

III. Correct (giving the reason in each case):—

পরিমিতঃ ভোজনঃ। বিমলা বারি। ছিন্নঃ ধনুঃ। সুমিষ্টা দধিঃ। নীলঃ নভঃ। দ্বৌ চক্ষুষৌ। মম মিত্রঃ। নির্ম্মলঃ যশঃ। হাস্যময়াঃ মুখাঃ। অয়ং কর্ম্মঃ। শতঃ স্বর্ণমুদ্রাঃ। উন্নতঃ শিরঃ। বৃদ্ধস্য বচনঃ গ্রাহ্য। শিশোঃ সুন্দরঃ আননঃ। বিফলঃ তে জীবনঃ। তস্য বপুঃ স্থূলা। যৌবনঃ কস্য ন প্রিয়ঃ? কূপস্য জলঃ শীতলঃ। কিং তব কষ্টঃ? দরিদ্রস্য ছিন্নঃ বসনঃ। রম্যান্ বনান্ পশ্য। বসন্তে ভ্রমণঃ হিতকরঃ। স মধুরঃ হসতি। মূর্খস্য জন্মঃ নিরর্থকঃ। যমুনায়াঃ স্বচ্ছঃ সলিলঃ। ধেন্বাঃ দুগ্ধঃ পুষ্টিকরঃ। নির্ধনস্য মহান্ দুঃখঃ। দেব্যাঃ বিশালৌ অক্ষী। নরত্বঃ দুর্লভঃ লোকে। রোদনঃ বালানাং বলঃ।

Case-endings and Cases

(বিভক্তি-নির্ণয় ও কারক)

31. সংখ্যাকারক-বোধয়িত্রী বিভক্তিঃ।

যাহা দ্বারা সংখ্যা ও কারকের বোধ হয়, তাহার নাম বিভক্তি। যথা—দেবঃ, নরৌ, শিষ্যাঃ; রামেণ, গোপালাৎ, স্ত্রিয়াঃ, দুগ্ধে প্রভৃতি।

32. বিভক্তয়ঃ সপ্ত।

প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী এই সাত বিভক্তি।

প্রথমা (First Case-ending)

33. অভিধেয়মাত্রে প্রথমা।

যে শব্দে যাহা বুঝায়, তাহা সেই শব্দের অভিধেয়। কেবল অভিধেয় (শব্দার্থ) বুঝাইবার জন্য প্রথমা বিভক্তি হয়। যথা—গজঃ, পুষ্পম্, মুনিঃ, লতা, বারি, নদী, ধেনুঃ প্রভৃতি।

34. কর্ত্তরি।

কর্ত্তৃকারকে প্রথমা বিভক্তি হয়। যথা—বালকঃ পশ্যতি; মেঘঃ গর্জ্জতি; বালিকা নৃত্যতি; গৌঃ শব্দায়তে; নরৌ গচ্ছতঃ; ছাত্রাঃ পঠন্তি; স্ত্রিয়ঃ হসন্তি।

কর্ত্তৃকারক (Nominative Case)

(*a*) **ক্রিয়াসম্পাদকঃ কর্ত্তা।**

যাহার প্রযত্নে ক্রিয়া সম্পন্ন হয়, তাহাকে কর্ত্তৃকারক বলে। যথা—বালকাঃ ক্রীড়ন্তি। বানরঃ বৃক্ষম্ আরোহতি। বালিকা পুষ্পাণি চিনোতি। এখানে এই তিনটি বাক্যে 'বালকাঃ', 'বানরঃ' এবং 'বালিকা' কর্ত্তৃকারক অর্থাৎ ক্রিয়াসম্পাদক কর্ত্তা।

(*b*) **প্রযোজকশ্চ।**

যে প্রয়োজক অর্থাৎ অন্যকে ক্রিয়ায় প্রবর্ত্তিত করে, সেও কর্ত্তৃ-কারক। যথা, কমলা পুত্রং চন্দ্রং দর্শয়তি—Kamala is showing the moon to her son. রমেশঃ পিতামহীং রামায়ণং শ্রাবয়তি—Ramesh is reading the Ramayana to his grandmother. এই দুইটি বাক্যে কমলা পুত্রকে চন্দ্র-দর্শন-রূপ ক্রিয়ায় এবং রমেশ পিতামহীকে রামায়ণ-শ্রবণ-রূপ ক্রিয়ায় প্রবর্ত্তিত করিতেছে; এইজন্য কমলা ও রমেশ প্রয়োজক এবং ইহারা কর্ত্তৃকারক।

প্রয়োজক এবং প্রযোজ্য সম্বন্ধে পরে বিশদভাবে আলোচিত হইয়াছে (See § 142...146)।

35. সম্বোধনে।

সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। যথা, বন্ধো! মম গৃহমাগচ্ছ। বলং দেহি দেবি দুর্গে!

36. অব্যয়যোগে চ।

ইতি প্রভৃতি কতকগুলি অব্যয়ের যোগেও প্রথমা বিভক্তি হয়। যথা, বঙ্গদেশে গোপালদেবঃ ইতি খ্যাতঃ রাজা আসীৎ। ক্রমাদমুং নারদ ইত্যবোধি সঃ (শি)—He by degrees recognised him to be Narada.

37. উক্ত-কর্ম্মণি।

উক্ত কর্ম্মে (কর্ম্মবাচ্যে কর্ম্মকারকে) প্রথমা বিভক্তি হয়। যথা, বালকেন চন্দ্রঃ দৃশ্যতে—The moon is being seen by the boy.

Exercise 6

I. Translate into Sanskrit :—

New Books. A great king. An enemy of the Pandavas. Oh friend! Come here (অত্রাগচ্ছ). Oh my son! You are my life (প্রাণাঃ). Time is passing (গম্). Two boys are running (ধাব্). The moon is shining (ভা). He was poor. A fair lady is coming here. The cloud is roaring. Ratna will go (যা) soon (শীঘ্রম্). Idle boys are sleeping (স্বপন্তি). Why are you laughing? Young men (যুবন্) are playing. My sister is sewing (সীব্যতি). They will be rich. His intellect (বুদ্ধি) was keen (প্রখর). Where (কুত্র) are you going now? Lotuses will bloom (বি+কস্). His learning (বিদ্যা) was great There was a king in Bengal named Sasáṅka. Asim is my younger (কনীয়স্) brother. This woman is weeping (ক্রন্দ্). We shall stay (স্থা) at your house today. The tiger is being seen by me. Water is being drunk (পীয়তে) by the traveller. All virtues (গুণ) do not reside (স্থা) in one

(একস্মিন্). The truthful have no (নাস্তি) fear from anywhere (কুতশ্চিৎ). The rich are not always (সর্ব্বদা) happy. There was a city named Pataliputra in Bihar.

II. Correct (giving the reason in each case) :—

শিশুং হসতি। পান্থেন চলতি। অশ্বৈঃ ধাবন্তি। মানবান্ গচ্ছন্তি। বালকেন রোদিতি। বৃক্ষাৎ ফলৈঃ পতন্তি। অস্মিন্ বনে মৃগৈঃ চরন্তি। বীরবরেণ ইতি খ্যাতঃ রাজপুত্রঃ আগচ্ছতি। অস্মিন্ সরোবরে মৎস্যান্ তিষ্ঠন্তি। শিষ্যেণ গুরুং পৃচ্ছতি। যদুনা বিদ্যালয়ং গম্যতে। গৃহস্থেন অতিথিং পূজয়তি। পুত্রেণ পিতরং নমাত। বিধাতা! ময়ি কৃপাং কুরু। সুশীলেন অত্র স্থাস্যতি। বিহগান্ শুষ্কং বৃক্ষং ত্যজন্তি। অস্মাভিঃ রাজানং দৃশ্যতে। শীতলেন বায়ুনা বাতি। সুশীলয়া বালিকয়া পঠতি। কৃষ্ণেন কংসং হতঃ।

দ্বিতীয়া (Second Case-ending)

৩৪. **কর্ম্মণি দ্বিতীয়া।**

কর্তৃবাচ্যে কর্ম্মকারকে (অনুক্ত কর্ম্মে) দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, অহং চন্দ্রং পশ্যামি। শিশুঃ দুগ্ধং পিবতি। দরিদ্রান্ ভর কৌন্তেয়! (ম)—Oh son of Kunti! maintain the poor.

কর্ম্মকারক (Accusative Case)

(*a*) **ক্রিয়য়াক্রান্তং কর্ম্ম।**

কর্ত্তার ক্রিয়া দ্বারা যাহা আক্রান্ত হয়, তাহাকে কর্ম্মকারক বলে। যথা—পুত্রঃ পিতরং প্রণমতি—The son bows down to his father. সুশীলঃ পুস্তকং পঠতি—Sushil is reading a book.

(*b*) **অধি-শী-স্থাসাম্ অধিকরণম্।**

অধি-পূর্ব্বক শী, স্থা ও আস্ ধাতুর অধিকরণ কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, শিশুঃ শয্যাম্ অধিশেতে—The child lies down

(*b*) কর্ম্ম-প্রবচনীয়-যোগে চ।

যে সকল উপসর্গ* ধাতুর সহিত মিলিত না হইয়া উপপদের ন্যায় প্রযুক্ত হয়, তাহাদিগকে কর্ম্মপ্রবচনীয় বলে; উহাদিগের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, নরাঃ দেবান্ অনু—Men are inferior to the gods. অতি দেবান্ শিবঃ—Siva is superior to the gods. জপম্ অনু বহু প্রাবর্ষৎ—It rained much after the muttering of prayers. উপ দেবান্ কিন্নরাঃ—The kinnras are inferior to the gods. মন্ত্রী রাজানম্ অভি বর্ত্ততে—The minister is before the king.

(*c*) উপর্য্যুপরি, অধোঽধঃ, সময়া (নিকট) এবং হা শব্দের যোগেও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, উপর্য্যুপরি লোকং হরিঃ—Over the world is Hari. অধোঽধঃ ভুবনম্—Just below the world. গ্রামং সময়া—Near the village. হা কৃষ্ণাভক্তম্—Fie on him, who is not a devotee of Krishna.

Exercise 7

1. Translate into Sanskrit :—

God sees everything (সর্ব্বম্). We are going home. Some babies drink milk. Asoke bows down to (প্র+নম্) his mother. The tiger eats man. Virtue saves (রক্ষ্) the virtuous. The teacher will ask (প্রচ্ছ্) his pupils. The birds are singing (কূজ্) sweetly. Boys will drink cold water. Dilip is reading a book. Ratna saw a beautiful bird. He resides (অধি+স্থা) in a village. His father becomes angry (অভি+ক্রুধ্) with you. The potter (কুম্ভকার) is making (করোতি) a pot (ঘট). Manisha sits between (অন্তরা) you and me. Two boys are running fast (দ্রুতম্). Siva is (অধি+বস্) in Kailasa. He is playing at dice. O Lord, be kind to me. Sages dwell (অধি+বস্) in forest. Fie on a liar. Learned (বিদ্বস্)

* "প্র-পরাপ-সমন্বব-নির্দুরভি-ব্যধি-সুদাতি-নি-প্রতি-পর্য্যপয়ঃ।
উপ আঙিতি বিংশতিরেষ সখে। উপসর্গবিধিঃ কথিতঃ কবিনা॥"

men say (বদ্) so (এবম্). The child lies down (অধি+শী) on the bed. You have been reading grammar for three years. There is a beautiful garden round (পরিতঃ) our house. Success cannot be obtained (ন লব্ধুং শক্যতে) without (অন্তরেণ) hard work. Uma will read this new book. The Himalayas stretch over (স্থা) many *krosas.* The great poet Kalidas lived (অধি+বস্) in Ujjayini. There is a river near (নিকষা) the wood. I have eaten many sweet fruits. The warriors (যোদ্ধৃ) are inferior to (অনু) Arjuna. There are fields (ক্ষেত্রাণি) all over (সর্ব্বতঃ) the village. He resorts (অভি+নি+বিশ্) to a good path. I cannot live (জীবিতুং ন শক্নোমি) without you. Old men go slowly. Pares follows (অনু+বৃত্) my advice. I saw many trees on both sides (উভয়তঃ) of the Ganges. There is no difference (প্রভেদঃ) between you and a beast. Govinda accompanied (অনু+গম্) me to (যাবৎ) the school. Your son reads well (সাধু). He cannot recollect (স্মর্ত্তুং ন শক্নোতি) what I said to him after (অনু) the departure (প্রস্থানম্) of his brother. Many men followed (অনু+গম্) Vinova as far as (যাবৎ) the village.

II. Correct (giving the reason in each case) :—

পাপিনে ধিক্। শিশুঃ সানন্দেন ক্রীড়তি। দেবাঃ বিষ্ণোঃ অনু। স গ্রামে অধিবসতি। পর্ব্বতস্য পরিতঃ বনম্। বৃদ্ধঃ ধীরে বদতি। ধিক্ তে জ্ঞানে। দেবাঃ স্বর্গে অধিতিষ্ঠন্তি। স ময়ি অভিদ্রুহ্যতি। ভৃত্যঃ সহর্ষেণ বদতি। নদ্যাঃ উভয়তঃ বৃক্ষাঃ। শিবঃ হিমালয়ে অধিশেতে। আত্মানং সযত্নেন রক্ষেৎ। প্রভুঃ ভৃত্যে অভিক্রুধ্যতি। ভরতঃ অযোধ্যায়াম্ অনুবসতি। ভবান্ দ্রুতেন আগচ্ছতু। পিতা মম প্রতি সদয়ঃ। তে গ্রামস্য অভিতঃ গতাঃ। যদুঃ বিপিনস্য নিকষা তিষ্ঠতি। উদ্যানস্য সর্ব্বতঃ বৃক্ষাঃ সন্তি। সমুদ্রস্য যাবৎ বনং তিষ্ঠতি। স ত্রয়ঃ মাসাঃ পঠতি। রামাৎ অন্তরেণ অযোধ্যা শূন্যা।

কথং মৃদুং গচ্ছতি ভবান্? দীনানাং প্রতি দয়া কর্ত্তব্যা। অধুনা গোঃ পাতালে অধ্যাস্তে। তব চ মম চ অন্তরা রামঃ। স নদী যাবৎ বান্ধবস্য অনুগচ্ছতি।

তৃতীয়া (Third Case-ending)

করণকারক (Instrumental Case)

43. তৃতীয়া করণে।

করণ কারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা, স চক্ষুষা পশ্যতি—He is seeing with his eye.

(*a*) **কর্ত্তৃকরণয়োস্তৃতীয়া।**

অনুক্ত কর্ত্তায়ও তৃতীয় বিভক্তি হয়। যথা, বালকেন চন্দ্রঃ দৃশ্যতে—The moon is seen by the boy.

হেতু অর্থেও তৃতীয়া বিভক্তি হয়। যথা, ভয়েন কম্পতে শিশুঃ।

(*b*) **সাধকতমং করণম্।**

ক্রিয়া-নিষ্পত্তির যে সর্ব্বপ্রধান উপায়, তাহাকে করণ কারক বলে। যথা, পিতা যষ্ট্যা পুত্রং প্রহরতি—The father is striking the son with a stick. বালকঃ হস্তেন পুস্তকং গৃহ্ণাতি—The boy is taking a book with his hand.

44. সহার্থৈঃ। (সহ-অর্থৈঃ)

সহার্থ (সহ, সার্দ্ধম্, সমম্, সাকম্) শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা, ময়া সহ আগচ্ছ—Come with me. রামেণ সহ (বা সার্দ্ধম্ বা সমম্ বা সাকম্)—With Ram. সহার্থ শব্দ উহ্য থাকিলেও হয়। যথা, পিতা পুত্রেণ গচ্ছতি—The father is going with his son.

45. ঊন-বারণ-প্রয়োজনার্থৈশ্চ।

ঊনার্থ (ঊন, হীন, শূন্য, রহিত), বারণার্থ (অলম্, কৃতম্, কিম্) ও প্রয়োজনার্থ (প্রয়োজন, অর্থ, কার্য্য, গুণ) শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা, স বিদ্যয়া হীনঃ (বা ঊনঃ)—He is

without learning. বিবাদেন অলম্—No need of any quarrel. মম অর্থেন প্রয়োজনম্ নাস্তি—I have no need of money.

46. অপবর্গে।

অপবর্গ (অর্থাৎ কাজ শেষ হইয়াছে ও তাহার ফল পাওয়া গিয়াছে এইরূপ) বুঝাইলে পথবাচক ও কালবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, পথবাচক—অহং ক্রোশেন ইদং পুস্তকম্ অপঠম্—I learnt this book in a journey of a *krosa.* কালবাচক—স বর্ষেণ ব্যাকরণম্ অপঠৎ—He learnt grammar in a year.

কিন্তু, ফলপ্রাপ্তি না বুঝাইলে অপবর্গে তৃতীয়া বিভক্তি না হইয়া ব্যাপ্ত্যর্থে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, স বর্ষং ব্যাকরণম্ অপঠৎ—He read grammar for a year (but could not master it).

47. যেনাঙ্গ-বিকারঃ।

যে অঙ্গ বিকৃত হওয়ায় শরীরে বিকার লক্ষিত হয়, সেই অঙ্গবাচক শব্দে তৃতীয়া বিভক্তি হয়। যথা, স চক্ষুষা কাণঃ—He is blind of one eye. ভিক্ষুকঃ পাদেন খঞ্জঃ—The beggar is lame of one leg.

48. ইত্থম্ভূত-লক্ষণে। (ইত্থম্ভূত=এইরূপ)

যে লক্ষণ (চিহ্ন) দ্বারা কোনও ব্যক্তি সূচিত হয়, সেই লক্ষণবোধক শব্দে (উপলক্ষণে) তৃতীয়া বিভক্তি হয়। যথা, অহং জটাভিঃ তাপসম্ অপশ্যম্—I saw a man, and knew him to be a hermit from his matted hair. এখানে জটারূপ লক্ষণ দ্বারা তাপস সূচিত হইয়াছে; সেজন্য জটা শব্দে তৃতীয়া বিভক্তি হইল।

49. প্রকৃত্যাদিভ্যশ্চ। (প্রকৃতি+আদিভ্যঃ+চ)

স্থলবিশেষে প্রকৃতি প্রভৃতি কতকগুলি শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, প্রকৃত্যা মধুরম্—Sweet by nature. জাত্যা ব্রাহ্মণঃ—A Brahmin by caste. বালকঃ বেগেন গচ্ছতি—The

boy is going at a great speed. কমলঃ যত্নেন লিখতি—Kamal writes with care. নাম্না গৌতমঃ—Gautama by name.

(a) যে মূল্যে কোন দ্রব্য ক্রীত বা বিক্রীত হয়, তাহাতে তৃতীয়া বিভক্তি হয়। যথা—বিপ্র! এতৎ রাজ্ঞঃ পাণিবলয়ং বহু-মূল্যম্; অল্পমূল্যেন ন বিক্রেয়ম্ (ভো)।

(b) ইংরেজীতে যেমন "Go by this way" বলে, সংস্কৃতেও সেইরূপ "অনেন পথা গচ্ছ" বলা চলে। যথা—কঃ প্রযাতু বদ তেন বর্ত্মনা? (কি)। প্রজাসৃক্ কঃ কেন পথা প্রযাতি? (শ)।

Exercise 8

I. Translate into Sanskrit:—

I shall go with you by this way. Less (ঊন) by one. No need (অলম্) of delay. I am taking a book with my hand. There was a king Sudraka by name. Ratna is going home with her mother. I knew a student by his books. The goddess of fortune (লক্ষ্মী) is fickle by nature. What is the use of lamenting? All are powerful with money (অর্থ). Men without (হীন) knowledge are like (সমান) beasts. Bisvamitra was a Kshatriya by caste. He is devoid (হীন) of learning. I have no friendship with him. He killed (অহন্) the deer with an arrow. My brother learnt Hindi (হিন্দী) in two months. I have no connection (সম্বন্ধঃ) with you. That old man is lame of his left leg. Nabin came with his sister. I have need (প্রয়োজন) of money. That boy struck (প্র+হৃ) the dog with a stick. What is the use of the life of a fool? The carpenter (তক্ষা) cut (অচ্ছিনৎ) the tree with an axe. I live with my parents (পিতৃভ্যাম্) happily. What is the use (প্রয়োজন) of riches to a miser? Sabitri went to the forest with her husband Satyaban (সত্যবৎ). A tree is known (পরিচীয়তে) by its fruit.

11. Correct (giving the reason in each case):—

চিন্তায়াম্ অলম্। স পাদস্য খঞ্জঃ। মাতুঃ সহ কন্যা আগচ্ছতি। অধুনা অলং বিবাদস্য। বালিকা জলাৎ বৃক্ষান্ সিঞ্চতি। রামঃ সীতায়াঃ সহ বনং জগাম। শুভকর্ম্মণি বিলম্বে অলম্। গুহকঃ জাত্যা চণ্ডালঃ আসীৎ। মন্ত্রিণাং সহ রাজা শোভতে। নির্ধনস্য জীবনে কিং প্রয়োজনম্? ত্বং মাসেন ব্যাকরণং পঠসি। পিতুঃ সার্দ্ধং পুত্রাঃ গচ্ছন্তি। অয়ং নরঃ কর্ণয়োঃ বধিরঃ। নাম্নি ভূপালঃ রাজা আসীৎ। তে নরপতেঃ সহ গচ্ছন্তি। কিং তে অর্থস্য প্রয়োজনং নাস্তি? শীতার্ত্তঃ বস্ত্রে দেহম্ আচ্ছাদয়তি। স শত্রোঃ সহ যুধ্যতে। অয়ং বৃদ্ধঃ পৃষ্ঠে কুব্জঃ। কস্যাপি সহ বিবাদঃ ন কর্ত্তব্যঃ।

চতুর্থী (Fourth Case-ending)

50. চতুর্থী সম্প্রদানে।

সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়। যথা, দরিদ্রায় ধনং দেহি।

সম্প্রদানকারক (Dative Case)

(a) যস্মৈ দানং সম্প্রদানম্।

যাহাকে কোন বস্তু দান করা যায়, তাহাকে সম্প্রদান কারক বলে। যথা, স বিপ্রায় গাং দদাতি—He is giving a cow to the Brahmin. দেহি মে বস্ত্রং প্রভো—O master, give me a cloth.

(b) রুচ্যর্থানাং প্রীয়মাণঃ।

রুচার্থ ধাতু-সমূহের প্রয়োগে প্রীয়মাণ (যে প্রীত হয় বা যাহার প্রীতি হয়, সে) সম্প্রদান কারক হয়। যথা, মোদকাঃ শিশুভ্যঃ রোচন্তে—The children are fond of sweets. ইদং মহ্যং স্বদতে—I like this.

(*c*) **স্পৃহেরীপ্সিতঃ।** (স্পৃহেঃ+ঈপ্সিতঃ)

স্পৃহি ধাতুর প্রয়োগে যাহা ঈপ্সিত (অর্থাৎ যাহার জন্য স্পৃহা করা যায়), তাহা সম্প্রদান কারক হয়। যথা, সর্ব্বে নরাঃ ধনায় স্পৃহয়ন্তি—All men long for wealth. পুষ্পায় স্পৃহয়তি বালিকা—The girl longs for a flower.

(*d*) **ধারেরুত্তমর্ণঃ।** (ধারেঃ+উত্তমর্ণঃ)

ধারি ধাতুর প্রয়োগে উত্তমর্ণ (পাওনাদার) সম্প্রদান কারক হয়। যথা, অহং তুভ্যং শতং ধারয়ামি—I owe you a hundred rupees.

(*e*) **ক্রিয়য়া যম্ অভিপ্রৈতি।**

ক্রিয়া দ্বারা যাহাকে অভিপ্রায় করে (অর্থাৎ যাহার প্রীতিজননাদির উদ্দেশ্যে ক্রিয়া অনুষ্ঠিত হয়), তাহা সম্প্রদান কারক হয়। যথা, মাতা পুত্রায় চন্দ্রং দর্শয়তি—Mother shows the moon to her son. স শিশবে ক্রীড়নকম্ আনয়তি—He brings a toy for the child.

(*f*) **ক্রোধ-দ্রোহের্ষ্যা-সূয়ার্থানাং যং প্রতি কোপঃ।**

ক্রোধার্থক, দ্রোহার্থক, ঈর্ষ্যার্থক ও অসূয়ার্থক ধাতুর প্রয়োগে যাহার প্রতি ক্রোধাদি প্রকাশ করা যায়, তাহা সম্প্রদান কারক হয়। যথা, প্রভুঃ ভৃত্যায় ক্রুধ্যতি—The master becomes angry with his servant. অসুরাঃ দেবেভ্যঃ দ্রুহ্যন্তি (বা ঈর্য্যন্তি বা অসূয়ন্তি) —The asuras bear hatred towards the gods.

(*g*) **প্রত্যাঙ্ভ্যাং শ্রুবঃ প্রবর্ত্তকঃ।**

প্রতি+শ্রু ও আঙ্+শ্রু ধাতুর প্রয়োগে প্রবর্ত্তক (অর্থাৎ যে প্রতিজ্ঞা করিতে প্রবৃত্তি দান করে, সে) সম্প্রদান কারক হয়। যথা, রাজা দরিদ্রায় গাং প্রতিশৃণোতি (বা আশৃণোতি)—The king promises the poor man a cow.

51. **তাদর্থ্যে।** (তস্মৈ ইদম্=তদর্থম্; তদর্থস্য ভাবঃ=তাদর্থ্যম্)

তাদর্থ্য বুঝাইলে (অর্থাৎ যাহার নিমিত্ত কোন দ্রব্য নির্দ্দিষ্ট বা কোন ক্রিয়া অনুষ্ঠিত হয়, তাহাতে) চতুর্থী বিভক্তি হয়। যথা,

হারায় সুবর্ণম্—Gold for a necklace. রন্ধনায় স্থালী—A pot for cooking. স মুক্তয়ে হরিং ভজতি—He worships Hari for salvation.

52. নিবৃত্তৌ নিবর্ত্তনীয়াৎ।

নিবৃত্তি (নিবারণ) বুঝাইলে, নিবর্ত্তনীয় অর্থাৎ যাহাকে নিবারণ করা যায়, তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা, রোগায় ঔষধম্ Medicine is for (preventing) diseases. মশকায় ধূমঃ—Smoke is for (the prevention of) mosquitoes.

53. সম্পদ্যমানাৎ কপ্যাদেঃ। (কপি+আদেঃ)

কপি, জন্, ভূ ও সম্-পূর্ব্বক পদ্ ধাতুর প্রয়োগে সম্পদ্যমানের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা, জ্ঞানং সুখায় কল্পতে (বা জায়তে) —Knowledge conduces to happiness. ধনং সম্মানায় ভবতি—Wealth tends to honour. বিদ্যা বিনয়ায় সম্পদ্যতে—Learning brings about modesty.

54. মন্য-কর্ম্মণ্যনাদরে বিভাষা।

(মন্য-কর্ম্মণি+অনাদরে)

অনাদরে (অবজ্ঞা) বুঝাইলে মন্যের (দিবাদিগণীয় মন্ ধাতুর) অবজ্ঞাবোধক কর্ম্মে বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। যথা, ন ত্বাং তৃণায় (বা তৃণং) ন মন্যতে—He does not care a straw for you.

কিন্তু, শৃগাল, কাক, শুক, নৌ ও অন্ন এইগুলির মধ্যে কোন একটি কর্ম্ম হইলে চতুর্থী বিভক্তি হইবে না। যথা, ত্বাম্ অহং শৃগালং ন মন্যে—I do not consider you a jackal. এখানে ' হইবে না।

55. বা গত্যর্থকর্ম্মণি চেষ্টায়াম্।

চেষ্টা বুঝাইলে গমনার্থ ধাতুর কর্ম্মে বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। যথা, রমেশঃ গ্রামং (বা গ্রামায়) গচ্ছতি—Rames is going to the village. চেষ্টা না বুঝাইলে (অর্থাৎ প্রকৃতপক্ষে গমন না বুঝাইলে) চতুর্থী হয় না, কেবল দ্বিতীয়া হয়। যথা, ত্বং মনসা স্বর্গং

গচ্ছসি—You are going to heaven mentally. এখানে 'স্বর্গায়' হইবে না।

অধ্ববাচক (পথবাচক) শব্দ কর্ম্ম হইলে কেবল দ্বিতীয়া বিভক্তি হয়, চতুর্থী বিভক্তি হয় না। যথা, স পন্থানং গচ্ছতি—He is going along a path. এখানে 'পথে' হইবে না।

56. হিত-সুখ-নমোভিঃ।

হিত, সুখ ও নমস্ শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা, ঔষধং রোগিণে হিতম্—Medicine is good for a patient. রাজ্ঞে সুখম্—Good for the king. নমঃ শ্রীগুরবে—Salutation to Sriguru.

কিন্তু নমস্ শব্দের সহিত কৃ-ধাতুর যোগে কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। কারণ, "উপপদবিভক্তেঃ কারকবিভক্তির্বলীয়সী"—উপপদবিভক্তি অপেক্ষা কারকবিভক্তির গৌরব অধিক। যথা, স দেবান্ নমস্করোতি—He is bowing down to the gods. নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্ (ম)।

(a) প্র+নম্ ও প্র+নি+পত্ ধাতুর যোগে দ্বিতীয়া ও চতুর্থী দুই বিভক্তিই হয়। যথা, পুত্রঃ পিতরম্ (বা পিত্রে) প্রণমতি—The son bows down before his father. নারায়ণম্ (বা নারায়ণায়) প্রণিপত্য কার্য্যমিদম্ আরভস্ব—Begin the work after saluting Narayana.

57. স্বস্তি-স্বাহা-স্বধা-বষড়্ভিঃ।

স্বস্তি, স্বাহা, স্বধা ও বষট্ শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা, রাজ্ঞে স্বস্তি—Good fortune to the king. অগ্নয়ে স্বাহা—This offering is to Agni. পিতৃভ্যঃ স্বধা—This offering is to the ancestors. ইন্দ্রায় বষট্—This offering is to Indra.

58. সমর্থার্থৈকৈশ্চ। (সমর্থ+অর্থকৈঃ+চ)

সমর্থার্থক শব্দ (সমর্থ, শক্ত, প্রভু, অলম্) সকলের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা, অহং তুভ্যং সমর্থঃ (বা শক্তঃ বা প্রভুঃ বা অলম্)—I am a match for you.

এমন কি সমর্থার্থক ক্রিয়ার যোগেও চতুর্থী বিভক্তি হয়। যথা, অহং তুভ্যং প্রভবামি (বা শক্নোমি)—I am a match for you.

59. **ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ।**

তুমুন্ প্রত্যয়ান্ত ক্রিয়াপদ অনুক্ত থাকিলে তাহার কর্ম্মে চতুর্থী বিভক্তি হয়। যথা, বালকঃ ফলায় উদ্যানং যাতি—The boy goes to the garden for a fruit. ফলায়=ফলম্ আহর্ত্তুম্। এখানে 'আহর্ত্তুম্' এই তুমুন্ প্রত্যয়ান্ত ক্রিয়াপদ উহ্য থাকায় উহার কর্ম্ম 'ফল' শব্দে চতুর্থী বিভক্তি হইয়াছে।

এইরূপ, বয়ং কালিকায়ৈ নমস্কুর্ম্মঃ—We bow down to Kalika; কালিকায়ৈ=কালিকাং প্রসাদয়িতুম্।

60. **তুমর্থাচ্চ ভাববচনাৎ।**

ভাববাচ্যনিষ্পন্ন শব্দ তুমুন্ প্রত্যয়ান্ত পদের পরিবর্ত্তে ব্যবহৃত হইলে, উহাতে চতুর্থী বিভক্তি হয়। যথা, সা পাকায় যাতি—She goes to cook. এখানে 'পাক' (পচ্+ভাবে ঘঞ্) শব্দ 'পক্তুম্' এই তুমুন্ প্রত্যয়ান্ত পদের পরিবর্ত্তে ব্যবহৃত হইয়াছে বলিয়া উহাতে চতুর্থী বিভক্তি হইয়াছে।

61. **কথনার্থ-প্রেরণার্থৈশ্চ।**

কথনার্থক ও প্রেরণার্থক ধাতুর যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা, লীলা মাত্রে কথয়তি—Lila tells her mother. দূতঃ নৃপায় সর্ব্বং নিবেদিতবান্—The Messenger told the king everything. মানসিংহঃ প্রতাপাদিত্যায় দূতং প্রেরয়ামাস—Mansingha sent a messenger to Pratapaditya.

Exercise 9

I. Translate into Sanskrit :—

Salutation to Annapurna. An offering to Siva. Boys love (রুচ্) to play. You are angry with me. He goes home mentally. Sunanda likes (রুচ্) to quarrel. My mother gave a cloth to that man. Money contri-

butes to (ভূ) happiness. Do what you like (রুচ্). You owe me a hundred rupees. Wealthy men long for (স্পৃহ্) riches. Tapan is going abroad (বিদেশম্) for learning. This does not suit my taste (স্বদ্). Give a cloth to the poor man. My brother will tell you all. May this beginning be for good (শুভ)! Bow down to (নমস্+কৃ) your teacher. Gopal's father becomes angry with him. Dasaratha granted (দা) two boons (বরৌ) to Kaikeyee. Do all work after saluting (নমস্কৃত্য) Kalika. Send a messenger to the king. Arjuna is a match (অলম্) for Karna. 'The foolish bear hatred (অসূয়্) towards the wise. The king showed (দর্শি) his wife many jewels. These women are going to Mathura mentally. I shall send you her picture (আলেখ্যম্). An umbrella is for (the prevention of) the heat of the sun (আতপ). The girl is going to the tank to bring (আ+নী) water. Harischandra promised (প্রতি+শ্রু) Bisvamitra all his property. A proud man does not care a straw for anybody (কমপি). The old woman has become angry with the maid-servant. Pure character leads to (সম্+পদ্) virtue and happiness.

II. Correct (stating the rule violated):—

বিষ্ণুং নমঃ। নৃপস্য স্বস্তি। দুর্গাং নমঃ। বায়ুনা স্বাহা। শিশুন্ বস্ত্রং দেহি। অধর্ম্মং নরকে ভবতি। কর্ণঃ অর্জ্জুনস্য অলম্। মাতা কন্যায়াং কুপ্যতি। রামঃ মাতৃষু প্রণমতি। শ্যামলং চক্ষুষি হিতম্। ত্বং পথে গচ্ছসি। অহং তস্মিন্ অক্রুধ্যম্। ভক্তিঃ মুক্তৌ সম্পদ্যতে। কৃপণঃ ধনলাভে স্পৃহয়তি। পিতা ত্বয়ি ক্রুধ্যতি। নাহং তস্মিন্ প্রভবামি। পুত্রঃ পিত্রে অভিদ্রুহ্যতি। ইদম্ অস্মান্ ন রোচতে। দুর্জ্জনঃ ধনবন্তম্ ঈর্ষ্যতি। অপি ত্বং রামস্য অলম্? নগরবাসিনঃ রাজ্ঞে বিদ্রুহ্যন্তি। পাপী মনসা নরকায় গচ্ছতি। সা ত্বাং শৃগালায় ন মন্যতে। অহং ত্বাং পুস্তকমেকং দাস্যামি। স মম

কিমপি ন ধারয়তি। ইদম্ আম্রং মাং ন রোচতে। রাজা বিপ্রং শতং মুদ্রাঃ প্রতিশুশ্রাব। বালকঃ ভিক্ষুকম্ একাং তাম্রমুদ্রাং দাস্যতি। বিপিনঃ মম পিতুঃ মুদ্রাণাং পঞ্চ শতানি ধারয়তি। শ্রোত্রিয়ং সুতাং দত্ত্বা কুলীনো বংশজো ভবেৎ।

পঞ্চমী (Fifth Case-ending)

62. অপাদানে পঞ্চমী।

অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়। যথা, স নগরাৎ আয়াতি He comes from the town.

অপাদানকারক (Ablative Case)

(*a*) ধ্রুবো বিশ্লেষোঽপাদানম্।

যাহা হইতে বিশ্লেষ (separation) হয়, তাহাকে অপাদান কারক বলে। যথা, বৃক্ষাৎ ফলং পততি—The fruit falls from the tree. স গ্রামাৎ আগতঃ—He has come from the village.

(*b*) ভীত্রার্থানাং ভয়হেতুঃ।

ভয়ার্থ ও ত্রাণার্থ ধাতুর প্রয়োগে ভয়ের যে হেতু, তাহা অপাদান কারক হয়। যথা, মূষিকঃ মার্জ্জারাৎ বিভেতি—The mouse is afraid of the cat. রক্ষ মাং বিপদঃ—Protect me from danger.

(*c*) হেতুরুৎপত্তেঃ। (হেতুঃ+উৎপত্তেঃ)

উৎপত্তির কারণ অপাদান কারক হয়। যথা, দুগ্ধাৎ দধি উৎপদ্যতে—Curd is made from milk. গোময়াৎ বৃশ্চিকঃ জায়তে—The scorpion is produced from cowdung.

উৎপত্তির কারণ সময়ে সময়ে অধিকরণ কারকও হয়। যথা—শুকনাসস্যাপি মনোরমায়াং তনয়ো জাতঃ (কা)। সা তস্যাম্ উদপাদি (কু)।

(*d*) **আবির্ভবন-ভূর্ভুবঃ।**

ভূ ধাতুর প্রয়োগে আবির্ভাব-ভূমি (অর্থাৎ যেখান হইতে উৎপত্তি হইয়াছে, তাহা) অপাদান কারক হয়। যথা, হিমালয়াৎ গঙ্গা প্রভবতি The Ganges has issued from the Himalayas.

(*e*) **বিরামার্থানাং যতো বিরতিঃ।**

বিরামার্থক ধাতুর প্রয়োগে যাহা হইতে বিরাম হয়, তাহা অপাদান কারক হয়। যথা, স গমনাৎ বিরমতি—He desists from going

(*f*) **পরা-জেরসহ্যম্ ।** (পরা-জেঃ+অসহ্যম্)

পরা-পূর্ব্বক জি ধাতুর প্রয়োগে অসহ্য বিষয় অপাদান কারক হয়। যথা, স পাপাৎ পরাজয়তে—He is unable to bear with sin.

(*g*) **যস্যাদর্শনমিচ্ছতি।** (যস্য+অদর্শনম্+ইচ্ছতি)

যাহার অদর্শন ইচ্ছা করে (অর্থাৎ যে দেখিতে না পায় এই ইচ্ছা করে), তাহা অপাদান কারক হয়। যথা, পিতুঃ নিলীয়তে (নি+লী+লট্ তে) পুত্রঃ—The son hides himself from his father.

(*h*) যতো জুগুপ্সা তদর্থানাম্।

জুগুপ্সা=ঘৃণা। জুগুপ্সার্থক ধাতুর প্রয়োগে যাহাতে জুগুপ্সা জন্মে, তাহা অপাদান কারক হয়। যথা, স পাপাৎ জুগুপ্সতে—He shrinks from crime.

ত্রপার্থানাং যতস্ত্রপা। (যতঃ+ত্রপা)

ত্রপা=লজ্জা। লজ্জার্থক ধাতুর প্রয়োগে যাহা হইতে লজ্জা হয়, তাহা অপাদান কারক হয়। যথা, এষা বালিকা সর্ব্বেভ্যঃ লজ্জতে—This girl feels shy before every one.

(*j*) **অধীত্যর্থানাম্ অধ্যাপয়িতা।**

অধ্যয়নার্থক ধাতুর প্রয়োগে অধ্যাপয়িতা (অর্থাৎ যাহা হইতে অধ্যয়ন বুঝায়, তাহা) অপাদান কারক হয়। যথা, শিষ্যঃ গুরোঃ

শাস্ত্রাণি অধীতে—The student learns the Sastras from his preceptor.

(*k*) বারণার্থানাম্ ঈপ্সিতঃ।

বারণার্থক ধাতুর প্রয়োগে ঈপ্সিত (অর্থাৎ যাহা হইতে নিবারণ করা হয়, তাহা) অপাদান কারক হয়। যথা, অন্নেভ্যঃ কাকং নিবারয় —Prevent the crow from (feeding on) the rice.

(*l*) শ্রুত্যর্থানাং শ্রাবয়িতা।

শ্রবণার্থক ধাতুর প্রয়োগে শ্রাবয়িতা (অর্থাৎ যাহার নিকট হইতে শ্রবণ বুঝায়, তাহা) অপাদান কারক হয়। যথা, মম মিত্রাৎ এতৎ শ্রুতবান্—I have heard it from my friend.

(*m*) গ্রহণ-প্রাপ্ত্যর্থানাং তৎস্থানম্।

গ্রহণার্থক ও প্রাপ্ত্যর্থক ধাতুর প্রয়োগে যে স্থান হইতে গ্রহণ বা প্রাপ্তি বুঝায়, তাহা অপাদান কারক হয়। যথা, রাজা প্রজাভ্যঃ করং গৃহ্লাতি—The king takes rent from his subjects. অহং জনকাৎ এতৎ প্রাপ্তবান্—I have got it from my father.

(*n*) প্রমাদার্থানাং যতঃ প্রমাদঃ।

প্রমাদ=অনবধানতা। প্রমাদার্থক ধাতুর প্রয়োগে যে বিষয়ে প্রমাদ হয় তাহা অপাদান কারক হয়। যথা, ভৃত্যঃ স্বকার্য্যাৎ প্রমাদ্যতি—The servant swerves from his own duty.

ল্যব্‌লোপে কর্ম্মণ্যধিকরণে চ।

ল্যপ্ (যপ্) প্রত্যয়ান্ত ক্রিয়াপদ উহ্য থাকিলে উহার কর্ম্মে ও অধিকরণে পঞ্চমী বিভক্তি হয়। যথা, (কর্ম্মে) মহিলাঃ প্রাসাদাৎ পশ্যন্তি—The ladies see from the palace. (অধিকরণে) পুরোহিতঃ আসনাৎ অবলোকয়তি—The priest sees from his seat. প্রাসাদাৎ=প্রাসাদম্ আরুহ্য; আসনাৎ=আসনে উপবিশ্য।

'আরুহ্য' ও 'উপবিশ্য' এই দুইটি যপ্ প্রত্যয়ান্ত ক্রিয়াপদ উহ্য আছে বলিয়া যথাক্রমে উহাদের কর্ম্ম 'প্রাসাদ' ও অধিকরণ 'আসন' এই দুইটি শব্দে পঞ্চমী বিভক্তি হইয়াছে।

64. কালাধ্ব-পরিমাণং যতঃ।

যাহা হইতে সময়ের ও পথের গণনা করিতে হয়, তাহাতে পঞ্চমী বিভক্তি হয়। যথা, বৈশাখাৎ চতুর্থে মাসে—On the fourth month from Baisakha. কলিকাতায়াঃ ত্রিংশৎ ক্রোশাঃ—Thirty krosas from Calcutta.

65. নিকৃষ্টাদ্ একোৎকর্ষে।

দুই বা বহুর মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইলে, নিকৃষ্ট-বাচক বা উৎকৃষ্ট-বাচক শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা, (নিকৃষ্ট) ধনাৎ বিদ্যা গরীয়সী—Learning is superior to riches. (উৎকৃষ্ট) ধনং জ্ঞানাৎ লঘীয়ঃ—Wealth is inferior to knowledge.

66. অন্যার্থৈঃ। (অন্য+অর্থৈঃ)

অন্যার্থ শব্দ (অন্য, ভিন্ন, ইতর) সকলের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, মিত্রাৎ অন্যঃ—Excepting a friend. অর্জ্জুনাৎ ভিন্নঃ—Other than Arjuna. ব্রাহ্মণাৎ ইতরঃ—Other than a Brahmin.

এমন কি অন্যার্থ ক্রিয়াযোগেও পঞ্চমী বিভক্তি হয়। যথা স্বর্ণং রজতাৎ ভিদ্যতে—Gold is different from silver.

67. মর্য্যাদাভিবিধ্যোরাযোগে।

মর্য্যাদা (সীমা) ও অভিবিধি (ব্যাপ্তি) বুঝাইলে, আ এই অব্যয়ের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, (সীমা)—স আ কৈলাসাৎ জগাম —He went up to Kailasa. এইরূপ—আ হিমাচলাৎ, আ সমুদ্রাৎ। (ব্যাপ্তি)—আ সকলাৎ ব্রহ্ম—Brahma pervades everything. আ সকলাৎ=সকলং ব্যাপ্য।

68. দিগ্‌-দেশ-কাল-বাচিভিঃ।

দিগ্‌বাচক, দেশবাচক ও কালবাচক শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, (দিগ্‌বাচক)—তব গৃহাৎ পূর্ব্বং মে গৃহম্‌—My house is to the east of yours. (দেশবাচক)—বারাণসী প্রয়াগাৎ পূর্ব্বদেশে—Baranasi is to the east of Prayaga. (কালবাচক) মাঘাৎ পূর্ব্বঃ পৌষঃ—Pousha precedes Magha. শয়নাৎ পূর্ব্বম্‌—Before sleeping. তব ভোজনাৎ প্রাক্‌—Before your meal. তস্য গমনাৎ অনন্তরম্‌—After his departure.

69. বহি-রারাৎ-প্রভৃতিভিঃ।

বহিস্‌, আরাৎ ("আরাদ্দূর-সমীপয়োঃ") এবং প্রভৃতি (অবধি) শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, নগরাৎ বহিঃ—Outside the town. বনাৎ আরাৎ—Near the wood. নগরাৎ আরাৎ—Remote from the town. মম শৈশবাৎ প্রভৃতি—From my childhood.

70. ঋতে-যোগে দ্বিতীয়া-পঞ্চম্যৌ।

ঋতে (বিনা) শব্দের যোগে দ্বিতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, জ্ঞানম্‌ (বা জ্ঞানাৎ) ঋতে বৃথা জীবনম্‌—Life is useless without knowledge.

71. পৃথগ্‌-বিনাভ্যাং দ্বিতীয়া-তৃতীয়ে চ।

পৃথক্‌ ও বিনা শব্দের যোগে দ্বিতীয়া, তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, রামঃ শ্যামং (বা শ্যামেন বা শ্যামাৎ) পৃথক্‌—Ram is other than Syam. শ্রমং (বা শ্রমেণ বা শ্রমাৎ) বিনা—Without labour.

নানা (ভিন্ন) শব্দের যোগেও দ্বিতীয়া, তৃতীয়া এবং পঞ্চমী বিভক্তি হয়। যথা, "নানা নারীং নিষ্ফলা লোকযাত্রা"—বোপদেব।

72. হেতৌ তৃতীয়া-পঞ্চম্যৌ।

হেতু অর্থে তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, দুঃখেন (বা দুঃখাৎ) রোদিতি নারী—The woman is crying through grief.

73. আ-আহিভ্যাঞ্চ।

আ ও আহি প্রত্যয়ান্ত শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, মুনিঃ বনাৎ উত্তরা নিবসতি—The sage lives to the north of the wood. হিমালয়াৎ দক্ষিণাহি ভারতবর্ষম্—India lies to the south of the Himalayas.

74. স্তোক-কৃচ্ছ্রাল্প-কতিপয়েভ্যস্ তৃতীয়া-পঞ্চম্যৌ।

বিশেষ্যরূপে ব্যবহৃত স্তোক (অল্প), কৃচ্ছ্র, অল্প ও কতিপয় শব্দের উত্তর করণ কারকে বিকল্পে তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, স্তোকেন (বা স্তোকাৎ) মুক্তঃ—Released by a little. স কৃচ্ছ্রেণ (বা কৃচ্ছ্রাৎ) অত্রাগতঃ—He has come here with great difficulty. অল্পেন (অল্পায়াসেন) বা অল্পাৎ লব্ধং ধনম্—Wealth which is acquired with very little difficulty. কতিপয়েন (বা কতিপয়াৎ) বিনষ্টঃ—Killed by several.

75. প্রতিনিধি-প্রতিদানে চ যস্মাৎ।

কর্ম্মপ্রবচনীয় প্রতি-শব্দ যাহার প্রতিনিধি বা প্রতিদান বুঝাইতে প্রযুক্ত হয়, তাহার উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা, প্রদ্যুম্নঃ কৃষ্ণাৎ প্রতি—Pradyumna is the representative of Krishna. স গোধূমেভ্যঃ তণ্ডুলান্ প্রতি যচ্ছতি—He exchanges rice for wheat.

76. দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়া-তৃতীয়ে চ।

দূরার্থ ও অন্তিকার্থ শব্দের উত্তর দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী ও সপ্তমী বিভক্তি হয়। যথা—নগরস্য দূরম্ (বা দূরেণ বা দূরাৎ বা দূরে)—Far from the town. গ্রামস্য অন্তিকম্ (বা অন্তিকেন বা অন্তিকাৎ বা অন্তিকে)—Near the village.

দূরার্থ ও অন্তিকার্থ শব্দ বিশেষণ হইলে হয় না। যথা—দূরঃ পন্থাঃ; দূরঃ গ্রামঃ।

Exercise 10

I. Translate into Sanskrit :—

Save me from fear. Be free (বিরত) from sin. Bhadra precedes Asvin. The cat fears (বিভেতি) the dog. Jayanta fell from a horse. Silver is lighter than gold. Virtue is other (পৃথক্) than vice. Get up (শয্যাং ত্যজ) before sun-rise. Dry leaves fall from a tree. This is different from that. I am going outside the village. The baby is crying through hunger. The sprout (অঙ্কুরঃ) comes (জায়তে) out of the seed. This cloth differs (পৃথক্) from that. Who does not fear the wicked? Ram is more intelligent than Upendra. She views (দৃশ্) the city from the palace. The Narmada has issued from the Vindhyas. Who will do this but (অন্য) a friend? The poor widow lived near (আরাৎ) the wood. The king of Nepal came here (অত্র) from his own country. Knowledge is more precious (মূল্যবত্তর) than wealth. Ceylon is to the south of India. No one (ন কোঽপি) can do this except (অন্য) Bidhu. The king protects the people from the wicked. There is no salvation (মুক্তি) without (ঋতে) knowledge. We saw the sea from the top of the hill. I will read this book till (আ) my death. Drops (বিন্দবঃ) of rain fall from the clouds. Do not go out of the house before your meal. These peasants live remote (আরাৎ) from the town. Our house is to the south (দক্ষিণা) of the school. He keeps off (বারি) the goat from the barley (যবেভ্যঃ). A mouse was dropped from the mouth of a crow. We have played together (একত্র) from (প্রভৃতি) our boyhood. Sudipta will get (প্র+আপ্) a book from me. Our school is in the north (উত্তরাহি) of the town. The mother and the motherland are superior (গরীয়সী) to heaven. These boys learn (অধীয়তে) the Ramayana from their mother.

You will see a garden to the north (উত্তরা) of my house. He died on the eighth day after his marriage. I saw two fruits fallen (পতিত) from the tree near the road. A young hermit saved the deer from the arrow of Dushmanta. In ancient times (পুরা) the kings did not take rent from the Brahmins. I wish to hear the story (উপাখ্যান) from (আ) the beginning (মূল). The jackal entered (প্র+বিশ্) into the house of a washerman for fear of life (প্রাণভয়াৎ).

II. Correct (stating the rule violated) :—

দুর্জ্জনং সর্ব্বে বিভ্যতি। ভাদ্রস্য পূর্ব্বঃ শ্রাবণঃ। রাজরোষে কুলং নশ্যতি। আ মুক্তয়ে সংসারঃ। ক্রোধে ভবতি সম্মোহঃ। পিতরং মা লজ্জস্ব। ব্যাধভয়ে পলায়তে মৃগঃ। গ্রামস্য উত্তরা মম গৃহম্। স ব্যাঘ্রস্য ভয়েন কম্পতে। আ সমুদ্রং বনম্ অস্তি। দরিদ্রঃ নৃপে ধনং প্রাপ্তবান্। ভোজনস্য প্রাক্ মুখং প্রক্ষালয়। ব্যাধমুখে ইদং শ্রুতং ময়া। শিষ্যঃ গুরুম্ উপদেশং গৃহ্লাতি। দুঃখায় বিনা সুখং ন লভ্যতে। রামস্য ঋতে কঃ এতৎ কুর্য্যাৎ? দশরথঃ পুত্রশোকায় প্রাণান্ তত্যাজ। ধৃতরাষ্ট্রঃ আ জন্ম অন্ধঃ আসীৎ। ত্বং বিনা মে অন্যঃ সহায়ঃ নাস্তি। মিত্রেণ অন্যঃ কঃ ত্বাং রক্ষিষ্যতি?

ষষ্ঠী (Sixth Case-ending)

77. ষষ্ঠী সম্বন্ধে।

সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, মম পুত্রঃ—My son. তব গৃহম্—Your house. তস্য পুস্তকম্—His book

78. কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি।

কৃৎ (অনট্, ঘঞ্, অল্, ক্তি ইত্যাদি) প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় ও কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, রামস্য গমনম্—Ram's departure. অন্নস্য পাকঃ—The cooking of rice. 'গমনম্' ও

'পাকঃ' এক একটি কৃদন্ত পদ; ইহাদের যোগে গমন করা ক্রিয়ার কর্ত্তা 'রাম' শব্দে ও পাক করা ক্রিয়ার কর্ম্ম 'অন্ন' শব্দে ষষ্ঠী বিভক্তি হইয়াছে।

79. **উভয়প্রাপ্তৌ কর্ম্মণি।**

যেখানে কর্ত্তা ও কর্ম্ম উভয়স্থানেই ষষ্ঠী বিভক্তি হইতে পারে, সেখানে কেবল কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়, কর্ত্তায় হয় না। যথা, দুগ্ধস্য পানং শিশুনা—The drinking of the milk by the baby. এখানে 'পানম্' এই কৃদন্ত পদের প্রয়োগে, পান করা ক্রিয়ার কর্ত্তা 'শিশু' ও কর্ম্ম 'দুগ্ধ' এই দুই শব্দেই ষষ্ঠী বিভক্তি হইতে পারে; কিন্তু কেবল কর্ম্ম 'দুগ্ধ' শব্দে ষষ্ঠী বিভক্তি হইল; কর্ত্তা 'শিশু' শব্দে হইল না।

(*a*) **ন লোকাব্যয়-নিষ্ঠা-খলর্থ-তৃনাম্।**

(লোকাব্যয়=ল+উ+উক+অব্যয়)

ল (শতৃ*, শানচ্, ক্বসু, কানচ্, স্যতৃ, স্যমান), উ, উক। †, অব্যয় (তুমুন্, ক্ত্বা, ল্যপ্), নিষ্ঠা (ক্ত, ক্তবতু), খলর্থ প্রত্যয় ‡ ও শীলার্থ তৃন্ প্রত্যয়ান্ত শব্দের যোগে ষষ্ঠী বিভক্তি হইবে না। যথা, শতৃ—গৃহং গচ্ছন্, শানচ্—অর্থং লভমানঃ, ক্বসু—অন্নং পেচিবান্, কানচ্—পিতরং ববন্দানঃ, স্যতৃ—বনং গমিষ্যন্, স্যমান—গুরুং সেবিষ্যমাণঃ, উ—প্রশ্নং জিজ্ঞাসুঃ, উক—রিপুং ঘাতুকঃ, তুমুন্—জলং পাতুম্, ক্ত্বা—গীতং শ্রুত্বা, ল্যপ্—শিবং প্রণম্য, ক্ত—ত্বয়া ইদং কৃতম্, ক্তবতু—স চন্দ্রং দৃষ্টবান্, খলর্থ—এতৎ সুকরং ময়া, ইদং দুষ্করং ত্বয়া, শীলার্থ তৃন্—অর্থং দাতা।

* "দ্বিষো বিভাষা"। দ্বিষ ধাতুর বিকল্প। যথা সং (বা সংবস্য) দ্বিষন্।

† কামুক শব্দের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, ধনস্য কামুকঃ।

‡ সু, দুর্ ও ঈষৎ শব্দের উত্তর যে অ ও অন হয়, উহাদিগকে খলর্থ প্রত্যয় বলে।

(*b*) **ক্তস্য চ বর্ত্তমানে।**

বর্ত্তমানকালে বিহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় ষষ্ঠী বিভক্তি হয়। "মতি-বুদ্ধি-পূজার্থেভ্যশ্চ" এই সূত্রানুসারে ইচ্ছার্থ, জ্ঞানার্থ ও পূজার্থ ধাতুর উত্তর কেবল বর্ত্তমানকালে ক্ত প্রত্যয় হয় (see § 179)। অন্যত্র অতীতকালে ক্ত প্রত্যয় হইয়া থাকে। যথা, যদি এতৎ ভবতাম্ অভিমতম্—If that be your opinion. স বিদুষাং পূজিতঃ—He is honoured by the learned. বিদিতং তপ্যমানঞ্চ তেন মে ভুবনত্রয়ম্ (র)—I know that the three worlds are being tormented by him. এখানে অভিমত, বিদিত ও পূজিত এই শব্দ তিনটি বর্ত্তমানকালে বিহিত ক্ত প্রত্যয় দ্বারা নিষ্পন্ন বলিয়া উল্লিখিত উদাহরণগুলিতে যথাক্রমে 'ভবতাম্', 'বিদুষাম্' ও 'মে' হইল; 'ভবদ্ভিঃ', 'বিদ্বদ্ভিঃ' ও 'ময়া' হইল না।

(*c*) **অধিকরণবাচিনশ্চ।**

অধিকরণবাচ্যে বিহিত ক্ত প্রত্যয়ের যোগেও কর্ত্তায় ষষ্ঠী বিভক্তি হয়। যথা, ইদম্ অস্মাকং শয়িতম্ (শয্যতে অস্মিন্ ইতি শয়িতম্ =শয্যা)—This is our bed.

(*d*) **বিভাষা ভাবে।**

ভাববাচ্যে বিহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, মম (বা ময়া) হসিতম্—My laughing.

80. নিমিত্তাৎ ষষ্ঠী হেতু-প্রয়োগে।

হেতু শব্দের প্রয়োগে, নিমিত্তবোধক শব্দের উত্তর ষষ্ঠী বিভক্তি হয়। যথা, অল্পস্য হেতোঃ বহু মা ত্যজ—Do not give up much for the sake of a little.

81. সর্ব্বনাম্ন-স্তৃতীয়া চ।

হেতু শব্দের প্রয়োগে, নিমিত্তবোধক শব্দটি যদি সর্ব্বনাম হয়,

তাহা হইলে ষষ্ঠী ও তৃতীয়া দুই বিভক্তিই হয়। যথা, অস্য হেতোঃ (বা অনেন হেতুনা) অহং গৃহং ন যাস্যামি—For this reason, I shall not go home.

(*a*) "নিমিত্ত-পর্য্যায়-প্রয়োগে সর্ব্বাসাং প্রায়দর্শনম্।" নিমিত্ত, হেতু, কারণ, প্রয়োজন প্রভৃতি নিমিত্তবাচক শব্দের প্রয়োগে প্রায় সকল বিভক্তিই দেখা যায়। যথা—কঃ হেতুঃ (বা কং হেতুম্ বা কেন হেতুনা বা কস্মৈ হেতবে বা কস্মাৎ হেতোঃ বা কস্য হেতোঃ বা কস্মিন্ হেতৌ) স আগতঃ?—Why has he come? এইরূপ—কিং নিমিত্তম্ (বা কেন কারণেন বা কস্মৈ প্রয়োজনায়) স আগতঃ?

নিমিত্তেন কেন দীনো ভবদধীনো জাতঃ? (দ)। কথয়, কস্মিন্ নিমিত্তে? (মু)।

কিন্তু সর্ব্বনাম না হইলে প্রথমা ও দ্বিতীয়া বিভক্তি হয় না; অবশিষ্ট পাঁচ বিভক্তি হয়। যথা, জ্ঞানেন নিমিত্তেন (বা জ্ঞানায় নিমিত্তায় বা জ্ঞানাৎ নিমিত্তাৎ ইত্যাদি) স পঠতি—He reads for acquiring knowledge. এখানে জ্ঞানং নিমিত্তং (প্রথমা বা দ্বিতীয়া বিভক্তি) স পঠতি—এইরূপ বলিলে ভুল হইবে।

82. **কৃত্যানাং কর্ত্তরি বা।**

কৃত্য (তব্য, অনীয়, যৎ, ণ্যৎ ও ক্যপ্) প্রত্যয়ের প্রয়োগে, কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, তব্য—চন্দ্রঃ তব (বা ত্বয়া) দ্রষ্টব্যঃ—The moon is to be seen by you. অনীয়—পিতা পুত্রস্য (বা পুত্রেণ) মাননীয়ঃ—Every father should be respected by his son. যৎ—শীতলং জলং সর্ব্বেষাং (বা সর্ব্বৈঃ) পেয়ম্—Cold water should be drunk by all. ণ্যৎ—ইদং পুস্তকং তব (বা ত্বয়া) পাঠ্যম্—This book should be read by you. ক্যপ্—হরিঃ মম (বা ময়া) স্তুত্যঃ—Hari should be prayed by me.

"appears to be" দেখিতে পাওয়া যায়, তাহাদের সংস্কৃত অনুবাদ করিতে ষষ্ঠী বিভক্তির প্রয়োগ করিতে হয়। যথা, This boy seems to me to be intelligent—অয়ং বালকঃ বুদ্ধিমান্ মে প্রতিভাতি। বিচারমূঢ়ঃ প্রতিভাসি মে ত্বম্ (র)—You appear to me not to reason well. এতৎ চিত্রমিব মে প্রতিভাতি (শ)—This seems strange to me.

Exercise 11

1. Translate into Sanskrit :–

Pride is the source (কারণ) of fall. He went to his shop (বিপণি). The flame of fire is increasing (বৰ্দ্ধতে). May he be happy! This work should be done by you. There is a temple of Siva near (অন্তিক) my house. A learned man is honoured (পূজিত) by all. You wish to give up (ত্যক্তুম্) much for a little. Ministers sat (উপ+বিশ্) before (পুরতঃ) the king Mahendra. There is no virtue (গুণ) like forgiveness. Vidyasagar showed mercy (দয়্) to all. The tank (পুষ্করিণী) is to the north (উত্তরেণ) of his garden. Our country is far from the sea. This baby drinks milk seven times (সপ্তকৃত্বঃ) a day. Misers are not gratified (তৃপ্) with wealth. For what reason is he going? This is not approved (মত) by us. The advice of the friends should be listened to (শ্রোতব্য) by all. The village is to the south (দক্ষিণেন) of the river. The thirsty traveller was refreshed (তৃপ্) with cold water. There are many mango-trees near (অন্তিক) the house of Gopal. The weaver (তন্তুবায়) said—"I have a devoted wife." This is not to be said (বাচ্য) by an old man. He who has no mother at home should go to the forest. Religious works (ধৰ্ম্মশাস্ত্রাণি) should be read (পঠিতব্য) by all.

II. Correct (stating the rule violated) :—

অন্নস্য ভোক্তা। জলং পানং কুরু। সাধুঃ আত্মানি ঈষ্টে। রামঃ রাবণস্য হতবান্। কুক্কুরঃ অল্পায় তৃপ্তঃ। সাধূন্ দর্শনং পুণ্যম্। অহম্ অন্নস্য বুভুক্ষুঃ। রাজা তুভ্যং দয়িষ্যতে। ঔষধং রোগিণি পথ্যম্। ইদং মে দুষ্করম্। গোপস্য ধেনূনাং দোহনম্। পিতা পুত্রায় স্মরতি। অশান্তে কুতঃ সুখম্? ইদং সুকরং ভবতঃ। বিদুষাং শাস্ত্রাণাং চর্চ্চা। কৃষ্ণেন উপমা নাস্তি। অহং সাগরস্য তিতীর্ষুঃ। ইদং তব ন রোচতে। অন্নং হেতুং স বসতি। বালিকা চন্দ্রং দর্শনং করোতি। ত্বং মম শতং ধারয়সি। বিত্তং কারণং স যাতি। সখে! ত্বয়া কুশলং বদ! শিশুঃ জলস্য পিবন্ হসতি। লোকনিন্দা ময়া বলবতী মতা। পুত্রস্য হেতুঃ মাতা ক্লিশ্যতি। ত্রিভুবনে দময়ন্ত্যাঃ তুলা নাস্তি। জ্ঞানী সদা সৎসু পূজিতঃ। মম গৃহায় দক্ষিণেন তস্য গৃহম্। পতিং নিন্দয়া সতী দেহং তত্যাজ।

সপ্তমী (Seventh Case-ending)

92. **সপ্তম্যধিকরণে।**

অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি হয়। যথা, স গ্রামে বসতি— He lives in a village.

অধিকরণকারক (Locative Case)

(*a*) **আধারোঽধিকরণম্।**

ক্রিয়ার আধারকে অধিকরণ বলে। আধার ত্রিবিধ—ঐকদেশিক, বৈষয়িক ও অভিব্যাপক। যথা, মুনিঃ বনে (বনের এক অংশে) বসতি —The sage lives in the forest. বিদ্যায়াম্ (বিদ্যা বিষয়ে) তস্য অনুরাগঃ অস্তি—He has love for learning. দুগ্ধে (দুগ্ধের সমস্ত স্থান ব্যাপিয়া) মাধুর্য্যম্ অস্তি—There is sweetness in milk.

ইহা ভিন্ন যাহা দ্বারা ক্রিয়ার সময় বুঝায়, তাহাকে কালাধিকরণ বলে। যথা, বর্ষাসু বৃষ্টির্ভবতি—It rains in the rainy season.

93. যস্য চ ভাবেন ভাবলক্ষণম্।

যাহার ক্রিয়ার কাল দ্বারা অন্য ক্রিয়ার কাল নির্দ্দিষ্ট হয় (অর্থাৎ যে কার্য্য ঘটিবার পর অন্য কার্য্য ঘটিয়াছে বলিয়া বুঝা যায়), তাহার উত্তর সপ্তমী বিভক্তি হয়; ইহাকে 'ভাবে সপ্তমী' বলে। ইংরেজীতে ইহার নাম Nominative Absolute বা Absolute Case. যথা—সূর্য্যে উদিতে পদ্মং প্রকাশতে—The sun having risen, the lotus blooms. এখানে 'সূর্য্যের উদয় ক্রিয়া ঘটিবার পর পদ্ম প্রস্ফুটিত হয়' এইরূপ বুঝাইতেছে বলিয়া যে সূর্য্যের উদয় হওয়া ক্রিয়ার কাল দ্বারা অন্য ক্রিয়া প্রস্ফুটিত হওয়ার কাল নির্দ্দিষ্ট হইল, তাহাতে (অর্থাৎ 'সূর্য্য' এই শব্দে) সপ্তমী বিভক্তি হইল এবং 'উদিত' শব্দটি সূর্য্যের বিশেষণ বলিয়া উহাতেও সপ্তমী বিভক্তি হইল।

'ভাবে সপ্তমী'র প্রত্যেক উদাহরণে একটি বিশেষ্য বা সর্ব্বনাম ও অপরটি বিশেষণ হইবে। যথা, রাত্রৌ গতায়াং স গতঃ—The night being over, he went. ত্বয়ি প্রত্যাগতে অহং যাস্যামি—You having returned, I shall go.

ইংরেজীর As soon...as, No sooner...than এবং Scarcely...before (or, when) প্রভৃতি phraseযুক্ত বাক্যগুলিকে 'ভাবে সপ্তমী'র সাহায্যে অনুবাদ করিবে ও বিশেষণের পর একটি 'এব' শব্দের প্রয়োগ করিবে। যথা, The thief fled as soon as I came—ময়ি আগতে এব চৌরঃ পলায়িতঃ। No sooner did the thief enter into the room than I awoke—চৌরে কক্ষং প্রবিষ্টে এব অহম্ অজাগরম্। Scarcely had he gone before (or, when) I came—তস্মিন্ অপ্রস্থিতে এব অহম্ আগতঃ।

(*a*) **ষষ্ঠী চানাদরে।** (চ+অনাদরে)

'ভাবে সপ্তমী'র স্থলে অনাদর বুঝাইলে, যাহাকে অনাদর করা বুঝাইতেছে তাহাতে সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা, রুদতি

পুত্রে (বা রুদতঃ পুত্রস্য) পিতা জগাম—The father went away neglecting his weeping son. রুদতি পুত্রে বা রুদতঃ পুত্রস্য= রুদন্তং পুত্রম্ অনাদৃত্য।

94. ষতশ্চ নির্দ্ধারণম্।

জাতি, গুণ, ক্রিয়া অথবা সংজ্ঞা দ্বারা একজাতীয় বহুর মধ্য হইতে একটিকে যে বাছিয়া লওয়া, তাহার নাম নির্দ্ধারণ। যাহা হইতে নির্দ্ধারণ করা যায়, তাহার উত্তর ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। ইহাকে 'নির্দ্ধারে ষষ্ঠী' অথবা 'নির্দ্ধারে সপ্তমী' বলে। যথা, জাতি—নরাণাং (বা নরেষু) ক্ষত্রিয়ঃ শূরতমঃ—Kshatriyas are the most powerful of all men. গুণ—গবাং (বা গোষু) কৃষ্ণা বহুক্ষীরা—Among cows the black ones give much milk. ক্রিয়া—পথিকানাং (বা পথিকেষু) ধাবন্ শীঘ্রগামী—The traveller who runs, goes most quick among all. সংজ্ঞা—পর্ব্বতানাং (বা পর্ব্বতেষু) হিমালয়ঃ উচ্চতমঃ—The Himalayas are the highest of all mountains.

ইংরেজীতে যেখানে superlative degreeর ব্যবহার পাইবে, সংস্কৃতে তথায় নির্দ্ধারে ষষ্ঠী বা সপ্তমী বিভক্তি হইবে; এবং ইংরেজীতে যেখানে comparative degreeর ব্যবহার পাইবে, সংস্কৃতে তথায় "নিকৃষ্টাদেকোৎকর্ষে" এই সূত্রানুসারে পঞ্চমী বিভক্তি হইবে। যথা—Saurindra is the best of all students—সৌরীন্দ্রঃ ছাত্রাণাম্ (বা ছাত্রেষু) উৎকৃষ্টতমঃ। Asoke is better than all other students—অশোকঃ অন্যেভ্যঃ ছাত্রেভ্যঃ উৎকৃষ্টতরঃ। Gold is the brightest of all metals—স্বর্ণং ধাতূনাম্ (বা ধাতুষু) উজ্জ্বলতমম্। Gold is brighter than all other metals—স্বর্ণম্ অন্যেভ্যঃ ধাতুভ্যঃ উজ্জ্বলতরম্।

95. স্বামীশ্বরাধিপতি-দায়াদ-সাক্ষি-প্রতিভূ-প্রসূতৈশ্চ।

স্বামিন্, ঈশ্বর, অধিপতি, দায়াদ, সাক্ষিন্, প্রতিভূ এবং প্রসূত

শব্দের যোগে ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা, দেবানাং (বা দেবেষু) স্বামী (বা ঈশ্বরঃ বা অধিপতিঃ)—The lord of the gods. সিংহাসনস্য (বা সিংহাসনে) দায়াদঃ—An heir to the throne. বিবাদস্য (বা বিবাদে) সাক্ষী—A witness to the dispute. ব্যবহারস্য (বা ব্যবহারে) প্রতিভূঃ—A surety in law.

96. সাধু-নিপুণাভ্যাম্ অর্চ্চায়াম্।

প্রশংসা বুঝাইলে সাধু ও নিপুণ শব্দের যোগে সপ্তমী বিভক্তি হয়। যথা, অয়ং ছাত্রঃ সাহিত্যে সাধুঃ (বা নিপুণঃ)—This student is strong in literature.

কিন্তু, 'প্রতি' যোগে সাধু ও নিপুণ শব্দের যোগেও সপ্তমী বিভক্তি হয় না। যথা, স গণিতং প্রতি সাধুঃ (বা নিপুণঃ)।

97. অধিকশব্দ-যোগে পঞ্চমী চ।

অধিক শব্দের যোগে সপ্তমী ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, লোকে (বা লোকাৎ) অধিকঃ হরিঃ—Hari is superior to the earth.

98. নিমিত্তাৎ কর্ম্মযোগে।

কর্ম্মের সহিত সংযোগ থাকিলে, নিমিত্তের (অর্থাৎ যে ফল লাভের আশায় ক্রিয়া অনুষ্ঠিত হয়, তাহার) উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা—

"চর্ম্মণি দ্বীপিনং হন্তি, দন্তয়োর্হন্তি কুঞ্জরম্।
কেশেষু চমরীং হন্তি, সীম্নি পুষ্কলকো হতঃ॥"—মহাভাষ্য

—One kills the tiger for skin, the elephant for tusks, the chamari for hair, and the musk-deer for musk.

চর্ম্মণি দ্বীপিনং হন্তি—এখানে 'হন্তি' ক্রিয়ার কর্ম্ম 'দ্বীপিনম্'; যে ফল (চর্ম্ম) লাভ করিবার জন্য হনন করা হইতেছে, তাহার সহিত কর্ম্মের (অর্থাৎ চর্ম্মের সহিত দ্বীপীর) সংযোগ আছে; কারণ, উহা দ্বীপীর শরীরের অংশবিশেষ; সেইজন্য নিমিত্তবাচক 'চর্ম্মন্' শব্দে

সপ্তমী বিভক্তি হইল; নিমিত্ত অর্থে চতুর্থী বিভক্তি হইল না। অন্য উদাহরণগুলিতেও এইভাবে সপ্তমী বিভক্তি হইয়াছে।

নিমিত্তবাচক শব্দ সাক্ষাৎ সম্বন্ধে লক্ষিত হইলে তবে সপ্তমী বিভক্তি হয়; নচেৎ চতুর্থী বিভক্তিই হইবে। যথা, রাজা যশসে ব্যাঘ্রং হন্তি—The king kills the tiger for fame. এখানে নিমিত্তবাচক শব্দ যশ সাক্ষাৎ সম্বন্ধে লক্ষিত না হওয়ায় চতুর্থী বিভক্তি হইল। এইরূপ—"মুক্তাফলায় করিণং, হরিণং পলায়, সিংহং নিহন্তি ভুজবিক্রম-সূচনায়"—One kills the elephant for a pearl, the deer for its flesh, and the lion for displyaing the strength of his arms.

99. প্রসিতোৎসুকাভ্যাং তৃতীয়াসপ্তম্যৌ।

প্রসিত (আসক্ত) ও উৎসুক শব্দের যোগে তৃতীয়া ও সপ্তমী বিভক্তি হয়। যথা, কৃপণঃ ধনৈঃ (বা ধনেষু) প্রসিতঃ—A miser is greatly desirous of wealth. স বিদ্যয়া (বা বিদ্যায়াম্) উৎসুকঃ —He is eager for learning.

100. ক্রিয়ামধ্যেঽধ্বকালাভ্যাং পঞ্চমী-সপ্তম্যৌ।

দুই ক্রিয়ার মধ্যবর্ত্তী অধ্ববাচক ও কালবাচক শব্দের উত্তর পঞ্চমী ও সপ্তমী বিভক্তি হয়। যথা, (অধ্ববাচক)—অহম্ ইহ স্থিত্বা ক্রোশাৎ (বা ক্রোশে) লক্ষ্যং বিধ্যেয়ম্—Standing here, I can hit a mark at (the distance of) one krosa. (কালবাচক)—অদ্য ভুক্ত্বা পূজকঃ দ্ব্যহাৎ (বা দ্ব্যহে) ভোক্ষ্যতে—Having dined to-day, the priest will dine again after (the interval of) two days.

101. অবচ্ছেদে সপ্তমী।

অবচ্ছেদ (অর্থাৎ শারীরিক কোন অঙ্গকে পৃথক্ ভাবে গ্রহণ করা) বুঝাইলে, দ্বিতীয়া বিভক্তি না হইয়া সপ্তমী বিভক্তি হয়।

যথা, দ্রৌপদী দুঃশাসনেন কেশেষু কৃষ্টা অভবৎ—Draupadi was seized by Duhsasan by the hair.

102. অধ্বনো ব্যবধৌ প্রথমা চ।

ব্যবধান বুঝাইলে, অধ্ববাচক শব্দের উত্তর সপ্তমী ও প্রথমা বিভক্তি হয়। যথা, কলিকাতা অস্মাৎ স্থানাৎ দ্বাদশসু ক্রোশেষু (বা দ্বাদশ ক্রোশাঃ)—Calcutta is twenty-four miles distant from this place.

(*a*) যাহার যোগ্যতা বুঝায়, তাহাতে সপ্তমী বিভক্তি হয়। যথা, ত্রিভুবনস্য আধিপত্যং ত্বয়ি যুজ্যতে—The sovereignty of the three worlds suits you. যুক্তরূপম্ ইদং ত্বয়ি (শ)—This is fit for you.

(*b*) Verb "to trust" ইংরেজী ও বাঙ্‌লাতে সকর্ম্মক কিন্তু সংস্কৃতে যাহার উপর বিশ্বাস করা যায়, তাহাতে প্রধানতঃ সপ্তমী বিভক্তি হয়। যথা, স ময়ি বিশ্বসিতি—He trusts me. ন অস্মিন্ বিশ্বসিমি; আর্য্যপুত্র এব এতৎ ধারয়তু (শ)—I cannot trust it; let my husband wear it. তথা চ তস্যাং হরিণা বিশশ্বসুঃ (কু)।

দ্বিতীয়া বিভক্তির প্রয়োগও দুই একটি পাওয়া যায়। যথা—প্রত্যেতু কস্তদ্ ভুবি দুরবৃত্তম্? (উ)। কঃ শ্রদ্ধাস্যতি ভূতার্থম্? (মৃ)।

(*c*) যাহার উপর প্রসন্ন হওয়া যায়, তাহাতে ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা—দেবী আহ, অহং তব (বা ত্বয়ি) প্রসন্না—The goddess said, "I am pleased with you." দেবি, নিত্যং প্রসন্নাস্মি বঃ (উ)। জীব চিরং, প্রসীদন্তু তে দেবতাঃ (দ)।

(*d*) যাহার প্রতি স্নেহ জন্মে, তাহাতে সপ্তমী বিভক্তি হয়। যথা, ত্বয়ি স্নিহ্যতি মে হৃদয়ম্—I love you. যদ্যস্তি ময়ি তে স্নেহঃ (রা)—If you love me.

(*e*) যাহাতে কিছু সম্ভব হয়, তাহাতে সপ্তমী বিভক্তি হয়। যথা, কথম্ এতৎ ভবতি সম্ভাব্যতে? (শ)—How can it be possible with you? কিং ন সম্ভাব্যতে ত্বয়ি? (রত্না)—What is not possible with thee?

103. বিবক্ষাবশাৎ কারকাণি।

যে স্থলে যে কারক বিহিত হইল, বিবক্ষাবশতঃ (অর্থাৎ বক্তার বলিবার ইচ্ছা হেতু) তাহার অন্যথাভাব দেখা যায়। যথা, নগরং গচ্ছতি বা নগরে গচ্ছতি; পুষ্পেভ্যঃ স্পৃহয়তি বা পুষ্পাণি স্পৃহয়তি; স্থাল্যাং পচতি বা স্থাল্যা পচতি।

উল্লিখিত দৃষ্টান্তগুলিতে বিবক্ষা (বক্তার বলিবার ইচ্ছা) বশতঃ 'নগরে' পদের কর্ম্মকারকের স্থলে অধিকরণকারক, 'পুষ্পাণি' পদে সম্প্রদানকারকের স্থলে কর্ম্মকারক ও 'স্থাল্যা' পদে অধিকরণকারকের স্থলে করণকারক হইয়াছে।

শিক্ষার্থিগণের বিবক্ষাবশতঃ কারক করিবার প্রয়াস পাওয়া উচিত নহে। তাহারা পুস্তকে যে সকল প্রয়োগ পায়, মাত্র সেগুলি ব্যবহার করিতে পারিবে।

104. অপাদান-সম্প্রদান-করণাধার-কর্ম্মণাম্।

কর্ত্তুশ্চান্যোঽন্যসন্দেহে পরমেকং প্রবর্ত্ততে॥

এক পদে অপাদান, সম্প্রদান, করণ, অধিকরণ, কর্ম্ম ও কর্ত্তা ইহাদের মধ্যে দুই তিনটি কারক হইবার সন্দেহ উপস্থিত হইলে, পরেরটি হইয়া থাকে (অর্থাৎ উপরের শ্লোকে যে কারকের নাম পরে আছে সেইটি হয়)। যথা, ধনুষা শরান্ ক্ষিপতি—এই বাক্যে 'ধনুষা' পদটি ক্রিয়ানিষ্পত্তির সর্ব্বপ্রধান উপায় বলিয়া করণকারকও হইতে পারে, আর শরের বিশ্লেষ হওয়া অর্থ বুঝাইতেছে বলিয়া অপাদান-কারকও হইতে পারে। এখন এরূপ সন্দেহস্থলে কোন্ কারক হইবে? উপরের শ্লোকে 'করণ' কারকের নাম 'অপাদান' কারকের পরে আছে। সেজন্য 'ধনুষা' করণকারকই হইবে, অপাদানকারক

হইবে না। এইরূপ—গৃহং প্রবিশ্য নির্গচ্ছতি ('গৃহম্' পদে অপাদানকারক না হইয়া কর্ম্মকারক); গঙ্গাং গত্বা স্নাতি ('গঙ্গাম্' পদে অধিকরণকারক না হইয়া কর্ম্মকারক)।

Exercise 12

I. Translate into Sanskrit :—

Dipak lives in Calcutta. There is no cloud in the blue sky. Walking is healthful (স্বাস্থ্যকর) in spring. Sweetness exists (অস্) in milk. Peacocks dance joyfully (সানন্দম্) in the rainy season. I do not trust you. Subhash Chandra was born (জন্) at Cuttack. Leave the bed in the morning. The sky becomes clear in autumn. The gods are pleased (প্রসন্ন) with you. Rabindranath is the greatest of all poets. The old man sleeps (স্বপিতি) on the bed. The hunters will kill a tiger for skin. The rich donate money for fame. This man is expert (নিপুণ) in Logic (তর্কশাস্ত্র). Sita lived near (অন্তিক) the hermitage of Valmiki. I am anxious (উৎসুক) for the news of my brother. Poets compose (রচ্) poems for fame. We have two witnesses in this case. The temple of Siva is remote from the village. Ratna is anxious for the result of the examination. You being (স্থা) here, who else will help me? In the forest of Goutama there dwelt a recluse (মুনি) named Mahatapa. Man is the greatest of all beings (প্রাণিন্). The work having been finished, we went (প্রস্থিতাঃ) home. No sooner did we enter the forest than we heard the roar of a lion. No one trusts a liar. The Asuras being defeated, Indra came to Vishnu in Vaikuntha. The cowherd (গোপাল) is sleeping under the shade of the tree at noon. The mongooses ate up the young ones of the silly crane (বকমূর্খ) while he looked on. There is a city named Kusumpur in Magadha.

The sun having set, they two friends went to the abode (বাসভূমি) of the deer. We see many brigth stars in the clear sky at night. Scarcely had the thief crossed the river before I caught (ধৃ) him. The whole house was full of joy as soon as the son was born (জাত). In ancient times (পুরা) there lived in Mithila a virtuous king, Janaka by name. Scarcely had the day dawned (রাত্রি প্রভাতা) when we went away. The elephant is the largest of all quadrupeds.

II. Correct (giving the reason in each case :—

স গৃহং তিষ্ঠতি। বয়ং পাঠায় উৎসুকাঃ। মাতা পুত্রং স্নিহ্যতি। কেশবঃ গণিতশাস্ত্রস্য নিপুণঃ। এতৎ মম সম্ভাবাতে। নদীভ্যঃ গঙ্গা পবিত্রতমা। দেবি, মাং প্রসীদ। ব্যাঘ্রাঃ দুর্গমং বনং বসন্তি। তব পুত্রঃ ব্যাকরণং সাধুঃ। কঃ তব গমনায় সাক্ষী? বালকঃ নিদ্রিতে অহং গমিষ্যামি। অস্য অধিকং ন প্রার্থয়ে। রাজ্ঞঃ জ্যেষ্ঠপুত্রঃ সিংহাসনায় দায়াদঃ। বর্ষায়াং হংসাঃ মানস-সরোবরং যান্তি। রাত্রিঃ গতে তে গৃহম্ অগচ্ছন্।

Exercise 13

I. Account for the case-endings in the words in bold types in the following :—

নরেষু ব্রাহ্মণঃ শ্রেষ্ঠঃ। ধীরঃ **শোকাৎ** বিরমতি। **পাপায়** পর-পীড়নম্। **সাধু** ভবান্ আস্তাম্ : আ **মূলাৎ** বদ। **আতপায় ছত্রং** গৃহাণ। এবং **তব** ন বাচ্যম্। **আসনাৎ** অন্নং **ভক্ষয়তি**। **তৃণায়** মন্যতে জগৎ। হরঃ **হিমালয়ম্** অধিশেতে। **পাপাৎ** জুগুপ্সতে সাধুঃ। অকারণং **মহ্যং** কুপ্যসি। তৃপ্তোহহং **মৎস্যমাংসানাম্**। ন বিদ্যা **সঙ্গীতাৎ** পরা। তস্মৈ **শ্রীগুরবে নমঃ**। **শোকাকুলা** জননী **ভৃশং** রোদিতি। পিতুর্গরীয়সী মাতা। নাহং তং **তৃণায়** মন্যে। কিং **ত্বং চক্ষুষা** কাণঃ? **পুত্রাৎ** অপি ধনভাজাং **ভীতিঃ**। ছাত্রো যাতি বহির্**গুরোঃ**। **ভবন্তম্** অন্তরেণ মম সহায়ঃ নাস্তি। নাহং **কৃষ্ণাৎ** অন্যং **ভজামি**। রাজা **দুষ্মন্তঃ শকুন্তলায়ৈ** স্পৃহয়তি। **দ্বাদশভিঃ বর্ষৈঃ**

ব্যাকরণং শ্রূয়তে। ত্রায়স্ব **অশিবাৎ বিভো!** **ইমং গ্রামং** পরিতঃ **বনম্** অস্তি। গূহকঃ **জাত্যা** চণ্ডালঃ আসীৎ। রঘোঃ রাজ্যম্ আ **সমূদ্রাৎ** আসীৎ। দেবী **মহ্যং দ্বৌ বরৌ** প্রত্যশৃণোৎ। স **নদীং** যাবৎ **মাম্** অনূজগাম। সীতা রামস্য **প্রাণেভ্যোঽপি** প্রিয়তরা আসীৎ। ভ্রাতঃ! **ক্ষণং** প্রতীক্ষস্ব, অহমপি **ভবতা** সার্দ্ধং যামি। পান্থঃ **ব্যাঘ্রাৎ ভয়াৎ** কম্পতে। রামঃ কতিপয়ান্ **দিবসান্ চিত্রকূটম্** অধ্যূবাস। মনস্বি-গর্হিতঃ **পন্থাঃ** সমারোঢ়ূম্ অসাম্প্রতম্। সন্নিমিত্তে বরং ত্যাগো **বিনাশে** নিয়তে সতি। **অনেন** সদৃশো লোকে ন ভূতো ন ভবিষ্যতি। কাচঃ **কাঞ্চনসংসর্গাদ্** ধত্তে মারকতীং দ্যূতিম্। **খলঃ** পূজ্যঃ সভা-মধ্যে **তাপায়** মম চেতসঃ। গৃহীত ইব **কেশেষূ** মৃত্যুনা ধর্ম্মম্ আচরেৎ। **লোচনাভ্যাং** বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি? ভেতব্যং **দূষ্টসংসর্গাৎ** ক্রূরাদিব **ভুজঙ্গমাৎ**। বিনা **মলয়ম্** অন্যত্র চন্দনং ন প্ররোহতি। উপদেশো হি মূর্খাণাং প্রকোপায় না **শান্তয়ে**। বৃদ্ধত্বং **জরসা** বিনা (র)। পশ্যতোঽপি **মে** হনূমতাপহৃতঃ **শিশূঃ** (র)। **বিষাদ্** অপ্যমৃতং গ্রাহ্যম্ (মনু)। ন **তাম্** অভিক্রূদ্ধো মূনিঃ? (বি)। অহমেব মতো **মহীপতেঃ** (র)। সা নির্ম্মিতা **বিশ্বসৃজা** **প্রযত্নাৎ** (কু)। অলম্ **অতিযন্ত্রণয়া**, কৃতম্ **অতিপ্রসাদেন** (কা)। **সঙ্গাৎ** সঞ্জায়তে কামঃ **কামাৎ** ক্রোধোঽভিজায়তে (গী)। **ময়া এক-শিলানগর্য্যাঃ** আগম্যতে ভোজং প্রতি **দ্রবিণাশয়া** (ভো)।

II. Frame sentences with :—

প্রতি, নমঃ, সহ, পরিতঃ, দদামি, নিবারয়তি, অধিশেরতে, ক্রুধ্যসি, বহিঃ, নিকষা, সূখেন, ইতি, ঋতে, তৃপ্যসি, কম্পতে, উভয়তঃ, বিরম, শিরসি, ভবদ্ভ্যঃ, অন্তরেণ, প্রাক্, সম্ভাব্যতে, বিনা, রোচতে, সময়া, অধিবসন্তি, প্রভৃতি, ধারয়সি, সর্ব্বতঃ, জায়তে, অলম্, নমস্করোমি, জীবিতম্, দক্ষিণাহি, সমম্, অভিতঃ, মন্যে, স্বভাবেন, অন্তরা, পৃথক্, স্পৃহয়ামি, অধ্যাস্তে, মাসেন, নিপূণঃ, উত্তরা, শ্বাপদেষু, আদেশাৎ, মোক্ষায়, চক্ষুষা, ফলায়, আরাৎ, তৃণায়, আসনাৎ অন্তিকম্, অভিদ্রূহ্যতি, শ্রাবয়তি।

III. Illustrate :—

অব্যয়যোগে প্রথমা, ব্যাপ্ত্যর্থে দ্বিতীয়া, অপবর্গে তৃতীয়া, তাদর্থ্যে চতুর্থী, যবর্থে পঞ্চমী, অনাদরে ষষ্ঠী, ভাবে সপ্তমী, প্রকৃত্যাদিভ্য-স্তৃতীয়া, নির্দ্ধারে ষষ্ঠী, উপলক্ষণে তৃতীয়া।

IV. Show the difference in meaning between :—
যদ্‌ঃ মাসং গীতাম্ অপঠং and যদ্‌ঃ মাসেন গীতাম্ অপঠং; বিবাদেন অলম্ and বিবাদায় অলম্; স গ্রামম্ উপবসতি and স গ্রামে উপবসতি।

Pronouns and Pronominal Adjectives

(সর্ব্বনাম ও সর্ব্বনাম-জাত বিশেষণ)

105. (1) ইংরেজী ভাষার সর্ব্বনামগুলিকে সংস্কৃত ভাষায় অনুবাদ করিবার উপায় নিম্নে দেখান হইল :—

I—অস্মদ্। You—যুষ্মদ্, কখনও বা সম্মান-সূচক 'আপনি' অর্থে ভবৎ। He, She, It, that—তদ্, অদস্ (তিনি, সে বুঝাইলে); ইদম্ বা এতদ্ (ইনি, এ বুঝাইলে)। This, It—ইদম্ বা এতদ্। Yon, Yonder—অদস্, that—অদস্ বা তদ্।

"ইদমস্তু সন্নিকৃষ্টং সমীপতরবর্ত্তি চৈতদো রূপম্।
অদসস্তু বিপ্রকৃষ্টং পরোক্ষে তদ্ বিজানীয়াৎ॥"

সংস্কৃতে নিকটস্থ বস্তু বা ব্যক্তির সম্বন্ধে ইদম্ শব্দের ব্যবহার করিতে হয়; আরও বেশী নিকটবর্তী হইলে এতদ্ শব্দ ব্যবহৃত হয়; সম্মুখস্থ দূরবর্ত্তী পদার্থের নির্দ্দেশ করিতে হইলে অদস্ শব্দ ব্যবহৃত হয়; যে বস্তু বা যে ব্যক্তি বক্তার নিকটে উপস্থিত নাই, তাহার উল্লেখ করিতে হইলে তদ্ শব্দের প্রয়োগ হয়।

Who, Which—যদ্ (সম্বন্ধবাচক), কিম্ (প্রশ্নবাচক)। What(প্রশ্ন)—কিম্। Some—'একে' (কেহ কেহ অর্থে) অথবা চিৎ ও চন-যুক্ত কিম্ অর্থাৎ 'কিঞ্চিৎ' ও 'কিঞ্চন'। All, Whole—সর্ব্ব, বিশ্ব; (সকল, সমগ্র বা নিখিল একার্থক হইলেও সর্ব্বনাম নহে; সাধারণ অকারান্ত শব্দ)। Both—উভ, উভয়। Other, Another—অন্য, পর, অপর, ইতর। Who (or, Which) of two—কতর। Who (or, Which) of more than two—কতম। One of

two—একতর। One of many—একতম। Myself, Ourselves, Himself, Herself, Themselves—স্বয়ম্ (অব্যয়)। Either of the two—অন্যতর। সংস্কৃতে কয়েকটি সর্ব্বনাম আছে, উহারা ইংরেজীর Pronoun নহে। যথা—স্ব (self, one's own), অবর (younger, inferior), অধর (low, under), পূর্ব্ব (east prior in place or time), দক্ষিণ, উত্তর প্রভৃতি। এইখানে মনে রাখিতে হইবে পশ্চিম শব্দ সর্ব্বনাম নহে। যথা, In the West—পশ্চিমায়াং দিশি।

(2) সম্বন্ধবাচক বিশেষণ:—Mine—মদীয়, Ours—অস্মদীয়; Thine, Yours (Singular)—ত্বদীয় (ভবদীয়, সম্মান বুঝাইলে) Yours (Plural)—যুষ্মদীয়; His, Hers, Theirs—তদীয়।

(*a*) সর্ব্ব ও বিশ্ব শব্দ "সকল" অর্থ বুঝাইলে সর্ব্বনাম হয়; অন্য অর্থে ইহাদের নর শব্দের ন্যায় রূপ হয়। যথা—সর্ব্বায় (শিবায়) ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ। এখানে সর্ব্ব শব্দে শিবকে বুঝাইতেছে বলিয়া 'সর্ব্বস্মৈ' হইল না।

(*b*) পূর্ব্ব, পর, অপর, অবর, অধর, দক্ষিণ ও উত্তর—এই কয়টি শব্দে দিক্, দেশ বা কাল বুঝাইলে ইহারা সর্ব্বনাম হয়। যথা—পূর্ব্বস্যাং দিশি; দক্ষিণস্মিন্ দেশে; উত্তরস্যাঃ দিশঃ; অপরস্মিন্ কালে।

(*c*) স্বম্ অজ্ঞাতি—ধনাখ্যায়াম্।

স্ব শব্দে আত্মা এবং আত্মীয় বুঝাইলে ইহা সর্ব্বনাম; জ্ঞাতি বা ধন বুঝাইলে ইহা সাধারণ অকারান্ত শব্দ। যথা, স্বস্মৈ রোচতে= আত্মনে রোচতে; স্বস্মৈ পুত্রায়=আত্মীয়ায় পুত্রায়। স্বায় অসূয়তি =জ্ঞাতয়ে অসূয়তি; বিপ্রস্য স্বায় (ধনায়) স্পৃহয়তি।

(*d*) একই অর্থ বুঝাইলেও উভ শব্দ নিত্য দ্বিবচনান্ত; কিন্তু উভয় শব্দ একবচনান্ত ও বহুবচনান্ত, ইহার দ্বিবচন নাই। যথা—

উভৌ বালকৌ গচ্ছতঃ। এতৎ উভয়ং বিচারয়। উভয়ে দেবাসুরাঃ অযুধ্যন্ত। উভয়োরপি অস্থানে যত্নঃ (মৃ) নির্ণেতুম্ এতদুভয়স্য যদি ক্ষমঃ স্যাৎ (নৈ)।

106. অস্মদ্ ও যুষ্মদ্ শব্দের সংক্ষিপ্ত রূপগুলির (অর্থাৎ মা. মে, নৌ, নঃ; ত্বা, তে, বাম্, বঃ এইগুলির) প্রয়োগ সম্বন্ধে সতর্ক হওয়া প্রয়োজন। ইহারা কোন বাক্যের বা শ্লোকের কোন চরণের আরম্ভে এবং চ, বা, এব, হা—এই অব্যয়গুলির যোগে ব্যবহৃত হয় না। যথা, বাক্যের আরম্ভে—তব পুস্তকং (তে পুস্তকং হইবে না) গৃহাণ। অস্মাকং সমীপম্ (নঃ সমীপম্ নহে) আগচ্ছ। শ্লোকের চরণে আরম্ভে—'ত্বা স রক্ষতি যত্নেন, মা স দ্বেষ্টি নিরন্তরম্' হইবে না। 'ত্বাং স রক্ষতি যত্নেন, মাং স দ্বেষ্টি নিরন্তরম্' হইবে। চ—স ত্বাং চ (ত্বা চ নহে) মাং চ (মা চ নহে) জানাতি। বা—শিক্ষকস্য তব বা (তে বা হইবে না) পুস্তকম্। এব—মম এব (মে এব নহে) দোষঃ। হা—হা মম (হা মে হইবে না) মন্দভাগ্যম্!—Oh my misfortune!

(*a*) চ, বা প্রভৃতি অব্যয়গুলি, সংক্ষিপ্ত রূপগুলিকে সংযুক্ত না করিলে সংক্ষিপ্ত রূপগুলি উহাদের সহিত ব্যবহৃত হইতে পারে। যথা, শিবো রামশ্চ মে গুরুঃ। কিং বা তে ভৃত্যঃ করোতু?—What indeed will your servant do?

(*b*) মা, মে প্রভৃতি সংক্ষিপ্ত রূপগুলি সম্বোধনের ঠিক পরেই ব্যবহৃত হয় না। যথা, বন্ধো! মম (মে হইবে না) গৃহম্ আগচ্ছ।

(*c*) সম্বোধনের পরে উহার কোন বিশেষণ থাকিলে উক্ত সংক্ষিপ্ত রূপ ব্যবহার করা যাইতে পারে। যথা, হরে দয়ালো! নঃ রক্ষ।

107. সংস্কৃত সাহিত্যে মৎ, ত্বৎ, অস্মৎ ও যুষ্মৎ এই চারি পদের প্রয়োগ অতি বিরল; সাধারণতঃ ইহাদের উত্তর তস্ প্রত্যয় করিয়া প্রযুক্ত হয়। যথা, From me—মত্তঃ; From us—অস্মত্তঃ;

From you—(একবচন) ত্বত্তঃ; (বহুবচন) যুষ্মত্তঃ। কয়েকটি দৃষ্টান্ত ঃ—

সন্তি তে বহবঃ পুত্রা মত্তঃ প্রিয়তরা নৃপ! (ম)। মদবারণম্ ইচ্ছামি ত্বত্তোঽহং জগতীপতে! (ভো)। মত্তঃ সর্ব্বং প্রবর্ত্ততে (গী)। ন বিদুষিতরা কাপি ত্বত্তঃ (নৈ)।

108. পুনরুক্তি বুঝাইলে দ্বিতীয়া বিভক্তিতে, তৃতীয়া বিভক্তির একবচনে, ষষ্ঠী ও সপ্তমী বিভক্তির দ্বিবচনে ইদম্ ও এতদ্ শব্দের স্থানে এন আদেশ হয়। যথা—অনেন ব্যাকরণম্ অধীতম্, এনং ছন্দঃ অধ্যাপয়। অনয়োঃ পবিত্রং কুলম্, এনয়োঃ প্রভূতং স্বম্।

109. ত্রিষু তত্রভবান্ পূজ্যো তথৈবাত্রভবানপি।

সম্মান বুঝাইলে কখন কখন ভবৎ শব্দের পূর্ব্বে অত্র ও তত্র এই দুইটি পদ যোগ করা হয়। সম্মানের পাত্র উপস্থিত থাকিলে অত্র-ভবৎ, আর উপস্থিত না থাকিলে তত্রভবৎ শব্দের ব্যবহার করিতে হয়। যথা, অত্রভবান্ বশিষ্ঠঃ আজ্ঞাপয়তি—Honourable Vasishtha orders. অপি কুশলী তত্রভবান্ কণ্বঃ? (শ)—Is the worshipful Kanva all right?

110. যত্তদোর্নিত্যসম্বন্ধঃ।

সংস্কৃতে যদ্ শব্দের একটি প্রয়োগ করিলেই, তদ্ শব্দের আর একটি প্রয়োগ করিতে হয়। যদ্ ও তদ্ শব্দ পরস্পর সম্বন্ধীয়। যথা, যঃ—সঃ, যাম্—তাম্, যেন—তেন, যস্যৈ—তস্যৈ, যস্মাৎ—তস্মাৎ যস্যাঃ—তস্যাঃ, যস্মিন্—তস্মিন্, যৌ—তৌ, যৈঃ—তৈঃ যদা—তদা যত্র—তত্র প্রভৃতি।

মনে রাখা প্রয়োজন, সংস্কৃত ভাষায় অস্মদ্, যুষ্মদ ও ভবৎ শব্দ ভিন্ন অন্য সর্ব্বনামগুলি বিশেষণ রূপেই অধিকাংশ স্থলে ব্যবহৃত হয়।

Exercise 14

I. Translate into Sanskrit :—

This is my brother's book. Subhash is one of my friends. We saw both the creepers. They will go themselves. This book is mine. All the sages went to the forest. The sun rises in the east and sets in the west. These houses are theirs. Many birds live on a branch of that mango tree. One of the two boys will read the poem. This fault is mine. We bow down to all the gods. There will be a famine (দুর্ভিক্ষম্) in Bengal this year. Where are you (ভবৎ) going? He is a friend of mine. All the boys sat on the ground. The rich have many friends in this world. The sage went with both the princes. Who is your wife and who is your son? Both (উভ) the brothers are going to their father's garden. That lady said to her husband. There are many fishes in this tank. Suresh gave her much money. All men love (স্নিহ্যন্তি) children. Why do you take (নী) others? Hearing (শ্রুত্বা) this, the gods said. A (কশ্চিৎ) crow lived on a branch of a banyan tree. Whence (কুতঃ) have you come and where (কুত্র) will you go? Both the boys do not read. The wind is blowing from the south. We ourselves went to your house but did not find you. Which of the boys will go with me? The sun is now in the west. Which pens (লেখনী) are yours? Other animals were killed (হতাঃ) by the lion. His own sons do not trust him. Those days of ours are gone by (গত). Dilip is my brother, teach him Sanskrit literature. He who does not leave you in your danger, is your true friend. The Head Master will tell you the names (নামন্) of all the students of his school. The King Dasaratha had three wives and four sons. If you are pleased (প্রসন্ন)

with me, fulfil (পূরয়) the wish of this Brahmin. Both the rich and the poor always long (স্পৃহ্) for happiness. Some say that sea-voyage (সমুদ্রযাত্রা) is prohibited by the Sastras (শাস্ত্রপ্রতিষিদ্ধা). The King Sudraka had (আসীৎ) a minister named Sukanasa (শুকনাস), a Brahmin by caste.

II. Correct (giving the reason in each case) :—

অস্মিন্ নদ্যাম্। ইয়ং ভবনম্। তস্মৈ স্ত্রিয়ৈ। তস্মাৎ নদ্যাঃ জলম্ আনয়। সুবোধঃ তং পুস্তকানি পঠতি। এষ বালিকা মম ভগিনী। তাং সাগরং পশ্য। অহম্ ইদং সরোবরে স্নাস্যামি। মে উদ্যানম্ এতৎ। বালকয়োঃ একতমঃ পঠতু। উভে পান্থাঃ গচ্ছন্তি। মম তে চ বন্ধুঃ। সর্ব্বাণাং প্রাণিনাং নরঃ শ্রেষ্ঠঃ। বঃ গৃহং যাস্যামি। ছাত্রাণাম্ একতরঃ অত্র আগচ্ছতু। তুভ্যম্ অন্যং পুস্তকং দদামি। ভগবন্! নঃ রক্ষ। ইন্দ্রঃ পূর্ব্বায়াঃ দিশঃ অধিপতিঃ। সর্ব্বাঃ গুণাঃ কাঞ্চনম্ আশ্রয়ন্তি। ঈশ্বর! নৌ বন্ধুত্বং চিরং তিষ্ঠতু। পরস্য স্বস্মৈ ন স্পৃহয়। তস্মিন্ রাত্রৌ অহম্ অস্য স্থানে ন অতিষ্ঠম্। তে মে বা দোষং নাস্তি। পশ্চিমস্যাং দিশি সূর্য্যঃ অস্তঃ যাতি। সর্ব্বে সম্পত্তয়স্তস্য সন্তুষ্টং যস্য মানসঃ।

Uses of Tenses and Moods

Present Tense (বর্ত্তমান কাল)—লট্

111. ইংরেজীর Present Indefinite or Presesent Progressive Tenseএর ক্রিয়াকে সংস্কৃতে লট্ দিয়া অনুবাদ করিতে হয়। যথা, The boy laughs—বালকঃ হসতি। I am going home—অহং গৃহং গচ্ছামি।

112. Universal truth (চিরন্তন সত্য) বুঝাইলেও লটের প্রয়োগ করিতে হয়। যথা, The earth moves round the sun —পৃথিবী সূর্য্যং পরিতঃ আবর্ত্ততে।

113. ইংরেজীর Historic Present (ঐতিহাসিক বর্ত্তমান) এর ন্যায় সংস্কৃতেও উপন্যাস এবং ইতিহাসে অতীতকালের ঘটনা

বুঝাইতে লটের ব্যবহার দেখিতে পাওয়া যায়। যথা, অস্তি দাক্ষিণাত্যে মহিলারোপ্যং নাম নগরম্—There was a city named Mahilaropya in the Deccan.

114. **বর্ত্তমানসামীপ্যে বর্ত্তমানবদ্ বা।**

এইমাত্র ঘটিয়াছে বা ঘটিবে এইরূপ অর্থ বুঝাইলে লটের প্রয়োগ হয়। যথা, কদা গমিষ্যসি?—When will you go? এবং অহং গচ্ছামি—I shall go presently. কদা আগতোঽসি?—When have you come? অয়ম্ অহম্ আগচ্ছামি—I have come just now.

115. Habitual action বা নিত্যবৃত্ত অতীত বুঝাইলেও লটের প্রয়োগ করিতে হয়। যথা, A crow used to sleep on a branch of a tree—কশ্চিৎ কাকঃ বৃক্ষশাখায়াং স্বপিতি।

116. **যাবৎ-পুরা-নিপাতয়োর্লট্।**

যাবৎ ও পুরা শব্দের যোগে ভবিষ্যৎকালে লট্ হয়। যথা, স যাবৎ আগচ্ছতি (আগমিষ্যতি), তাবৎ অহং গমিষ্যামি—When he comes (*i. e.* will come), I shall go. পুরা দৃশ্যতে চন্দ্রঃ—The moon will be seen very soon. পুরা সপ্তদ্বীপাং জয়তি বসুধাম্ (শ)।

117. **কদা-কর্হিভ্যাং বা (বিভাষা কদা-কর্হ্যোঃ)।**

কদা ও কর্হি শব্দের যোগে ভবিষ্যৎ কালে বিকল্পে লট্ হয়। যথা, কদা ত্বং গৃহং গমিষ্যসি (বা গচ্ছসি)? কর্হি স পুস্তকমিদং দাস্যতি (বা দদাতি)?

118. **অতীতে লট্ স্মেন।**

স্ম শব্দের যোগে অতীতকালে লট্ হয়। যথা, কস্মিংশ্চিৎ নগরে চন্দ্রধরো নাম বণিক্ প্রতিবসতি স্ম—There lived in a town a merchant named Chandradhara.

119. Condition বা সর্ত্ত বুঝাইলে কখন কখন ভবিষ্যৎ কালে

লট্ হয়। যথা, যঃ পিতরং হন্তি, স নরকং যাতি—He who kills (*i. e.* will kill) his father, goes (*i. e.* will go) to hell.

120. "কথম্" শব্দের যোগে সর্ব্বকালেই বিকল্পে লট্ ও বিধিলিঙ্ হয়। যথা, কথং দ্রুতং গচ্ছসি (বা গচ্ছেঃ) ?—Why are you going fast?

121. প্রশ্নসূচক বাক্যের সংস্কৃত অনুবাদে কখন কখন ভবিষ্যৎ কালে লটের প্রয়োগ হয়। যথা, What shall I do now?—অধুনাহং কিং করোমি? Where shall I go?—ক্ব গচ্ছামি?

122. ইংরেজীর Present Perfect Tenseএর ক্রিয়াকে সংস্কৃতে লঙ্ দিয়া অথবা ক্তবতু প্রত্যয়ান্ত পদ দ্বারা অনুবাদ করিতে হয়। যথা, He has come home—স গৃহম্ আগচ্ছৎ (বা আগতবান্)। You have done it—ত্বম্ ইদম্ অকরোঃ (বা কৃতবান্)।

Exercise 15

I. Translate into Sanskrit :—

He sees it with one eye. Monkeys like to eat ripe fruits. All men hate (অব+জ্ঞা) a liar. The cow gives us milk. Why (কথম্) do you say so? I go presently. Rain comes (জায়তে) from the dark clouds. I have heard it from Surendra. He lives where (যত্র) we live. The master calls (আহ্বয়তি) his servants. They have gone home. I do not know when (কদা) he will go to school. There lived a barber, Bhupati by name, in this village. He who gives alms to the poor, goes to heaven. The stars are shining (ভা) in the clear sky. Tigers, lions, elephants and all other beasts live in the forest. There was a Brahmin, Jagannath Misra by name, in Nabadwip and he had a son named Gouranga. The deer used to go there every day and eat the corn. Elephants do not eat fish or flesh like (ইব) tigers. The birds are singing

sweetly on the branch of the champak tree. The boy tears (ছিনত্তি) the books which I give him. When (যাবৎ) he will enter the room (কক্ষ), I shall give him a seat (আসন).

II. Correct (giving the reason in each case) :—

স মাং প্রণমন্তি। যাবৎ বৃষ্টিঃ ভবিষ্যতি, তাবৎ বহিঃ মা গচ্ছ। বারাণস্যাং মহাবলো নাম রাজা অবসৎ স্ম। যাবৎ অহম্ আগমিষ্যামি তাবৎ অত্র তিষ্ঠ।

লোট্—Imperative Mood

123. ইংরেজীর Imperative Moodএর ক্রিয়াকে সংস্কৃতে লোট্ দিয়া অনুবাদ করিতে হয়। ইংরেজীর ন্যায় সংস্কৃতেও কখন কখন কর্ত্তৃপদ উহ্য থাকে। যথা, Go home—গৃহং গচ্ছ। Ask me—মাং পৃচ্ছ। Come here—অত্র আগচ্ছ।

124. ইংরেজীতে Let দিয়া যে সকল বাক্য আরম্ভ হয়, সংস্কৃতে তাহাদের অনুবাদ লোট্ দিয়া করিতে হয়। যথা, Let him see—স পশ্যতু। Let me go—অহং গচ্ছানি।

125. আদেশ, নিমন্ত্রণ, প্রার্থনা, আশীর্ব্বাদ, শিষ্টাচার, সদুপদেশ প্রভৃতি বুঝাইলে লোট্ ব্যবহৃত হয়। ক্রমিক উদাহরণ, যথা, ইদং কার্য্যং কুরু। ভবান্ মম গৃহে ভক্ষয়তু। মহ্যম্ একং পুস্তকং দেহি। রাজা চিরং জীবতু। ভবান্ অত্র উপবিশতু। সদা সত্যং ব্রূহি।

126. সমর্থনা (দক্ষতা) বুঝাইলে লোট্ ব্যবহৃত হয়। যথা, অহং বর্ষাসু বেগবতীং পদ্মামপি সন্তরাণি—I can swim even the turbulent Padma in the rainy season.

Exercise 16

I. Translate into Sanskrit :—

Avoid bad company. Take your salary (বেতন) to-day. May Durga protect you ! O my child, do not

weep, drink this warm milk. Do not hate the poor. O girls, come here. Bestow alms upon the poor. May you live long! Always remember your own faults. Do not get angry (কুপ্) with your parents. Let the boy read the Gitanjali by Rabindranath. Do not drink impure water of this tank. Let us play in that field near the School. Take the booklet (পুস্তিকা) and read it aloud. Bring (আ+নী) some cold water here for the thirsty traveller. O God, save us from all sins. Let them do it by themselves. Please take your meal here at our residence. Do not hurt any one without any reason Let him bring some sweet fruits from the garden. O my son! look at the moon in the clear (নির্ম্মলা) sky. Do not throw the bow on the ground. Always keep company with the good.

II. Correct (giving the reason in each case):—

ধুবাং মাং পশ্যন্তু। অহং সমুদ্রং শোষয়ন্তু। ইমাং গাং বধ্নান। দাতারঃ ধনং দদন্তু। ত্বং সম্মুখাৎ অপসরতু। স মে পার্শ্বে উপবিশ। বয়ং সুরাং ন স্পৃশেত। ভবান্ মে পুত্রম্ অধ্যাপয়। তব পন্থানঃ শিবাঃ অস্তু। সর্ব্বে মম সুপ্রভাতং করোতু।

III. Give the forms of the following roots in লোট্, in the second person, singular number:—

গ্রহ্, শ্রু, লভ্, হন্, কৃ, শাস্, চেষ্ট্, চি, অস্, বৃত্, ছিদ্, ক্ষম্, শক্, ভী, যত্, ই, ব্রূ, দা, অশ্, আপ্, ক্রী, জাগৃ, রুধ্, বিদ্ and শী।

Past Tense (অতীত কাল)—লঙ্, লিট্ ও লুঙ্।

127. ইংরেজীতে যেমন Present Perfect, Past ও Past Perfect এই তিনটি tense আছে, সংস্কৃতেও সেইরূপ অতীত-কালের ক্রিয়া বুঝাইবার জন্য লঙ্, লিট্ ও লুঙ্ এই তিনটির প্রয়োগ হয়। পূর্ব্বে ইহাদের প্রয়োগ সম্বন্ধে নিয়ম ছিল এই যে,

"অনদ্যতনে লঙ্"—গত রাত্রির শেষ অর্দ্ধভাগের পূর্ব্বে অথবা মতান্তরে শেষ এক প্রহর বা আধ প্রহরের পূর্ব্বে যে ঘটনা ঘটিয়াছে, তাহা বুঝাইতে লঙ্; "পরোক্ষে লিট্"—বক্তার অসাক্ষাতে যে ঘটনা ঘটিয়াছে, তাহা বুঝাইতে লিট্; "ভূতসামান্যে লুঙ্"—সাধারণতঃ অতীত কাল বুঝাইতে লুঙ্; কিন্তু এক্ষণে ইহার কোন নির্দ্দিষ্ট নিয়ম নাই। অতীত কালের ক্রিয়া বুঝাইলেই লঙ্, লিট্ বা লুঙ্ যে কোন একটির প্রয়োগ করা যায়; আবার কখন কখন ক্ত এবং ক্তবতু প্রত্যায়ান্ত পদও ব্যবহৃত হয়। যথা, মহেন্দ্রঃ গৃহম্ অগচ্ছৎ (বা জগাম বা অগমৎ বা গতঃ বা গতবান্)।

128. যত্নপূর্ব্বক মনে রাখিবে যে, উত্তম পুরুষে লিটের প্রয়োগ হয় না। যথা—I went home—অহং গৃহম্ অগচ্ছম্। এখানে গম্ ধাতুতে লিট্ প্রয়োগ করিয়া অহং গৃহং জগাম (লিট্) লিখিলে ভুল হইবে। We laughed—বয়ম্ অহসাম হইবে। বয়ং জহসিম (লিট্) হইবে না।

কিন্তু, কখনও কখনও কর্ত্তার অপ্রকৃতিস্থতা বা কোন বিষয়ে দৃঢ়রূপে অস্বীকার বুঝাইলে কেবল এই দুই রূপ অবস্থায় উত্তম পুরুষে লিটের প্রয়োগ হইতে পারে। যথা, I cried while asleep —নিদ্রিতঃ অহং রুরোদ (ঘুমের অবস্থায় আমি কাঁদিয়াছিলাম অর্থাৎ তখন প্রকৃতিস্থ ছিলাম না) এইরূপ, অহং সুরাং ন পপৌ—আমি কখনই মদ খাই নাই; এখানে দৃঢ়রূপে অস্বীকার বুঝাইতেছে।

129. নিষেধার্থক 'মা' অব্যয়ের যোগে সর্ব্বকালে বিকল্পে লুঙ্ এবং 'মাস্ম' অব্যয়ের যোগে সর্ব্বকালে লঙ্ ও লুঙ্ ব্যবহৃত হয়। 'মা' ও 'মাস্ম' শব্দের যোগে লঙ্ ও লুঙ্ এ ধাতুর আদিতে অকার হয় না। যথা, মা শব্দের যোগে লুঙ্—সুকুমারক! মা রোদীঃ। বৎসে! বিষাদং মা গাঃ—O child, do not indulge in grief. মা ভৈষীঃ—Do not fear. হা পুত্র! মধ্যকরুণঃ সহসৈব মা ভূঃ (স্বী)। মাস্ম শব্দের যোগে লঙ্—ত্বয়ি মাস্ম শাসতি ভবৎ পরাভবঃ

(কি)—You being the ruler, may there be no defeat! তদুপেত্য মাস্ম তম্ উপালভথাঃ (শি)। লুঙ্—ক্লৈব্যং মাস্ম গমঃ পার্থ! (গী)—O Partha, do not be dispirited.

Exercise 17

I. Translate into Sanskrit :—

We went there quickly. Goddess Kalika has saved us from danger. Cows drank water from the pond. We saw two big elephants in that forest. The hunter killed a deer with an arrow. Who has done this work? The mother kissed her son. Chandragupta conquered (জি) all the kings of India. I have read the Gita. The merchant had three beautiful daughters. Sunil went to the garden with his two friends. That old man has done this work. I heard the servant's words. There was a king named Mahipala in Bengal. A poisonous snake bit (দন্শ্) the boy. Dipa has gone to school with Ratna. The gods and the Asuras churned the ocean. They saw two birds on a branch of that large tree. I walked round (পরিতঃ) the garden of the king. The diligent boy has acquired much knowledge. The Brahmin bore (বহ্) the dog on his shoulder. One day I saw a poor sick man on the road and gave him some food. God made (সৃজ্) the sun, the moon and the bright stars. The sages asked, "Who has drunk this charmed (মন্ত্রপূত) water?" The king said, "I have drunk it." I bought many good books at a high price.

II. Correct (giving the reason in each case) :—

ত্বং সর্ব্বম্ অব্রবীৎ। দেবাঃ অসুরান্ জঘান। অহং চন্দ্রং দদর্শ চৌরঃ গৃহম্ অপ্রবিশৎ। কিং ভবান্ রাজানম্ অপশ্যঃ? অহম এতৎ চকার। মাস্ম অভবৎ দুঃখম্। ত্বং রাজপদং তত্যাজ। বয় সঙ্গীতং শুশ্রুম। মা অভূৎ আশ্রমপীড়া। ক্রুদ্ধঃ পিতা পুত্রম্ অপ্রহর অহং সর্ব্বং জজ্ঞৌ। সাহসং মা অকার্ষীঃ।

Future Tense (ভবিষ্যৎ কাল)—লুট্ ও লৃট্।

130. ভবিষ্যৎ কাল বুঝাইতে ইংরেজী বাক্যে 'shall' এবং 'will' ব্যবহৃত হয় এবং সংস্কৃতে লৃট্ দিয়া অনুবাদ করিতে হয়। যথা—I shall go home—গৃহং যাস্যামি। Lila will sing—লীলা গাস্যতি। লৃট্ ব্যতীত সংস্কৃতে ভবিষ্যৎ কালের ক্রিয়া বুঝাইতে লুট্ নামে আর একটি লকার আছে; কিন্তু সাহিত্যে তাহার প্রয়োগ খুব কমই দেখিতে পাওয়া যায়। আমাদেরও ভবিষ্যৎ কাল বুঝাইতে কেবল লৃটের প্রয়োগ করিলেই চলে।

"অনদ্যতনে লুট্"—যে ক্রিয়া আগামী রাত্রির প্রথম অর্দ্ধভাগের পরে অথবা মতান্তরে এক প্রহর বা আধ প্রহরের পরে সম্পন্ন হইবে, তাহা বুঝাইতে লুট্ ব্যবহৃত হয়; আর সাধারণতঃ ভবিষ্যৎ কাল বুঝাইতে লৃট্ ব্যবহৃত হয়। যথা—He will go to Hardwar to-morrow—স শ্বঃ হরিদ্বারং যাতা; He will go to Hardwar—স হরিদ্বারং যাস্যতি। You will know it—ত্বম্ এতৎ জ্ঞাস্যসি।

131. উত্তম পুরুষে 'will' ব্যবহৃত হইয়া বক্তার মনের দৃঢ়তা বা স্থিরনিশ্চয়তা বুঝাইলে এবং মধ্যম ও প্রথম পুরুষে 'shall' ব্যবহৃত হইয়া আদেশ, অঙ্গীকার অথবা ভয় প্রদর্শন প্রভৃতি বুঝাইলে সংস্কৃতে লৃটেরই ব্যবহার হয়। কেবল একটি 'এব' বা 'নূনম্' শব্দের প্রয়োগ করিতে হয়। ক্রমিক উদাহরণ, যথা, I will not go—অহং ন যাস্যামি এব। You shall die for this offence—অস্মাৎ অপরাধাৎ ত্বং মরিষ্যসি এব। You shall receive your prize to-morrow—শ্বঃ ত্বং নূনং পুরস্কারং প্রাপ্স্যসি। He shall feel the consequence of it—স নূনম্ এতস্য ফলম্ অনুভবিষ্যতি।

Exercise 18

I. Translate into Sanskrit :—

That boy will be a great man. We shall bathe in

the river. The boys will see the Head Master. I shall not take money from you. They will fall into the deep well. We shall eat fruits to-day (অদ্য). All men will laugh at (উপ+হস্) you. Why (কথম্) shall they weep? The sun will soon rise. Sita will not take this cloth. This rich woman will give alms to that poor man. Your parents (পিতরৌ) will be glad to hear it. I shall try my best (যথাশক্তি). Will you take these books? Manisha will give a pice (তাম্রমুদ্রা) to this blind man. The cuckoo (পিক) will come from its nest (কুলায়). To-day Sakuntala will go to the house of her husband. Will you remember these beautiful places? The master will be angry (কুপ্) with the servants. I shall never forget (বি+স্মৃ) you. My brother will give you a pen. His youngest daughter Gita will go to Madhupur tomorrow (শ্বঃ) with her husband. Maya will be successful in the annual examination. When will you come to my house? I will never go there These girls will pluck (চি) some flowers from that tree. I shall defend (রক্ষ্) my dear country even at the cost of my life (মম প্রাণব্যয়েন অপি)

II. Correct (giving the reason in each case):—

রাজা রিপূন্ জয়িষ্যতি। সর্ব্বে নরাঃ মরিষ্যতি। মম ভ্রাতা অদ্য গৃহং যাতা। সা তব বিরহেণ প্রাণান ত্যজিষ্যতি। ইয়ং ধেনুঃ ত্বাং ন প্রহরিষ্যন্তি। বয়ং সুখিনঃ ভবিষ্যামি। অদ্য তে পিতা ত্বাং মম গৃহং নেতা। ত্বং যৎ বক্ষ্যতি তৎ অহং করিষ্যন্তি। রামঃ অদ্য রাজা ভবিতা। মে পিতা মহ্যং পুস্তকমেকং দাস্যন্তি। যূবাং সুখিনঃ ভবিষ্যসি।

বিধিলিঙ্ (Potential Mood)

ইংরেজী ভাষার Subjunctive ও Potential এই উভয় Mood এর ক্রিয়াকে সংস্কৃতে অধিকাংশ স্থলে বিধিলিঙ্ দিয়া অনুবাদ করিতে হয়।

132. বিধি (অর্থাৎ এরূপ কার্য্য করিবে, বা এরূপ কার্য্য করিবে না এইরূপ) অর্থে বিধিলিঙের প্রয়োগ হয়। যথা, সদা সত্যং ব্রূয়াৎ —One should always speak the truth. কদাপি মিথ্যা ন বদেৎ—One should never tell a lie. গুরোর্ব্বচনং শৃণুয়াৎ—One should listen to what the preceptor says. আপদর্থে ধনং রক্ষেৎ—One should save money against bad time.

133. অনুজ্ঞা (আদেশ), নিমন্ত্রণ, নিয়োগ, অনুরোধ, জিজ্ঞাসা, প্রার্থনা এই সকল অর্থে বিধিলিঙ্ ব্যবহৃত হয়। এই সকল অর্থে লোট্ও ব্যবহার করা চলে (see § 125)। ক্রমিক উদাহরণ, যথা, সদা সত্যং ব্রূয়াৎ—One should always speak the truth. ভবান্ মম গৃহে অদ্য ভক্ষয়েৎ—I invite you to take your meal today at my house. ত্বম্ অত্র উপবিশেঃ—You may sit here. ভবান্ মম পুত্রম্ অধ্যাপয়েৎ—I request you to teach my son. কিম্ অহং তর্কশাস্ত্রং পঠেয়ম্—May I read Logic? প্রভো, অহং ভোজনং লভেয়! O master, may I obtain food!

134. সম্ভাবনা বুঝাইলে বিধিলিঙ্ ব্যবহৃত হয়। যথা, অদ্য বৃষ্টিঃ ভবেৎ—It may rain to-day. দিলীপঃ পুরস্কারং প্রাপ্নুয়াৎ —Dilip may get a prize.

135. ক্রিয়াদ্বয়ের কারণ ও কার্য্যভাব বুঝাইলে লৃটের পরিবর্ত্তে বিধিলিঙ্ও ব্যবহৃত হয়। যথা, If you go there, I shall be happy—যদি ত্বং তত্র গচ্ছেঃ অহং সুখী ভবেয়ম্। If you speak sweet words, all will be fond of you—যদি ত্বং প্রিয়ং বদেঃ, সর্ব্বেষাং প্রিয়ঃ ভবেঃ।

Exercise 19

I. Translate into Sanskrit :—

A king should protect (পালি) his subjects. All should avoid bad company. You should not take his

books. Do not drink wine. We ought to be kind to the poor. If it rain we shall not go out (বহিঃ). One should not take another's things. Do not quarrel with your friends. The patient should take (সেব্) medicine. If you do not go home she will die. Follow (অনু+সৃ) the footprint of your ancestors (পিতৃণাম্). One (জনঃ) should ask a relative of his welfare (কুশলম্). A wise man should give up (উৎ+সৃজ্) his life and wealth for the sake of others (পরার্থে).

II. Correct (giving the reason in each case):—

তে জলং পিবেৎ। অহম্ ইদং কুর্য্যাৎ। ত্বং কপটং বন্ধুং বর্জ্জয়েৎ। ছাত্রাঃ শিক্ষকস্য আজ্ঞাং পালয়েৎ। স ভৃত্যঃ নরকং ব্রজেয়ুঃ। সর্ব্বে ন্যায়বন্তঃ ভবেৎ। নৃপঃ দুষ্টান্ শাসেৎ। পুত্রঃ পিতরৌ সেবেৎ। যঃ গৃহাগতং হনেৎ তস্য পাপং স্যুঃ। কুর্ব্বীত কর্ম্মাণি সর্ব্বে। ভবান্ সর্ব্বশাস্ত্রং জানীয়ুঃ।

লৃঙ্ (Conditional) ও আশীর্লিঙ্ (Benedictive)

136. ক্রিয়ানিষ্পত্তৌ লৃঙ্।

ক্রিয়ার অনিষ্পত্তি বুঝাইলে অর্থাৎ যদি একটি ক্রিয়া ঘটিত, তাহা হইলে আর একটি ক্রিয়া ঘটিত; কিন্তু প্রথম ক্রিয়াটি ঘটে নাই, সেইজন্য দ্বিতীয়টিও ঘটে নাই, এইরূপ অর্থ বুঝাইলে উভয় ক্রিয়াতেই লৃঙ্ ব্যবহৃত হয়। যথা, যদি সখা মে অত্র আগমিষ্যৎ তদা অহং তত্র অগমিষ্যম্—Had my friend come here I would have gone there (i.e. My friend did not come here so I too did not go there). যদি সুরেশঃ শাস্ত্রাণি অপঠিষ্যৎ তদা জ্ঞানী অভবিষ্যৎ—Had Suresh read the Sastras, he would have been wise.

সংস্কৃত সাহিত্যে লৃঙের প্রয়োগ বিশেষ দেখা যায় না।

137. আশীর্ব্বাদ অর্থে ধাতুর উত্তর আশীর্লিঙ্ হয়। যথা, May the king be happy!—রাজা সুখী ভূয়াৎ! May your son live long!—তব পুত্রঃ চিরং জীব্যাৎ।

Optative Sentenceগুলিকে আশীর্লিঙ্ দিয়া অনুবাদ করিতে হয়। লোট্ দিয়াও অনুবাদ করা যায় (see § 125)।

Exercise 20

I. Translate into Sanskrit :—

May you be happy! Had there been knowledge, there would have been happiness. May God help you. Had my father been (স্থা) at home, he would have given you something. Had you come to my house, I would have gone to yours. May your son live long! May he attain peace of mind. If he were invited by you, he would go. I should have been frightened (ভী), if I had not heard (শ্রু) your voice. O my child, may you be the mother of a hero (বীরপ্রসবিনী). If the brave boy had not gone there, the whole house would have been burnt to ashes (ভস্মীভূত).

II. Correct (giving the reason in each case) :—

সাধুঃ চিরং জীব্যাঃ। যদি ত্বং গৃহে অস্থাস্যৎ, তর্হি ইদং ন ভবিষ্যতি। যদ্যহং ত্বাং ন অজানাম্, তর্হি ঈদৃশম্ অবদিষ্যম্। ত্বং পুত্রবতী ভূয়াৎ। স চেৎ ধনী অভবিষ্যঃ, তর্হি তে সাহায্যম্ অকরোৎ। যদি অহং জলং ন অপাস্যৎ তর্হি প্রাণান্ অত্যক্ষ্যৎ।

Intransitive Verbs (অকর্ম্মক ক্রিয়া)

138. নিম্নের শ্লোকটি মুখস্থ করিলে কোন্ কোন্ ধাতু অকর্ম্মক তাহা জানিতে পারা যায়—

"লজ্জা-সত্তা-স্থিতি-জাগরণং
বৃদ্ধি-ক্ষয়-ভয়-জীবন-মরণম্।
নর্ত্তন-নিদ্রা-রোদন-বাসাঃ
স্পর্দ্ধা-কম্পন-মোদন-হাসাঃ।
শয়ন-ক্রীড়া-রুচি-দীপ্ত্যর্থা
ধাতব এতে কর্ম্মণি নোক্তাঃ॥"

সত্তার্থ (যে ধাতুর অর্থ বিদ্যমান থাকা)—বিদ্—গৃহং বিদ্যতে। লজ্জার্থ—লস্জ্—বালিকা লজ্জতে। স্থিত্যর্থ—স্থা—অহং তিষ্ঠামি। জাগরণার্থ—জাগৃ—গৃহস্থঃ জাগর্ত্তি। বৃদ্ধ্যর্থ—বৃধ্—নদী বর্দ্ধতে। ক্ষয়ার্থ—ক্ষি—পাপং ক্ষয়তি। ভয়ার্থ—ভী—শিশুঃ বিভেতি। জীবনার্থ—জীব্—দাতা জীবতু। মরণার্থ—মৃ—সর্ব্বে মরিষ্যন্তি। নর্ত্তনার্থ—নৃত্—বালিকা নৃত্যতি। নিদ্রার্থ—নি+দ্রা—শিশুঃ নিদ্রাতি। রোদনার্থ—রুদ্—রোগী রোদিতি। বাসার্থ—বস্—স গ্রামে বসতি। স্পর্দ্ধার্থ—স্পর্দ্ধ—কথং ত্বং স্পর্দ্ধসে? কম্পনার্থ—কম্প্—মম অঙ্গং কম্পতে। মোদনার্থ—মুদ্—কোকিলাঃ মোদন্তে। হাসার্থ—হস্—শিশুঃ হসতি। শয়নার্থ—শী—বৃদ্ধঃ শেতে। ক্রীড়ার্থ—ক্রীড়্—বালকাঃ ক্রীড়ন্তি। রুচ্যর্থ—রুচ্—আম্রং মহ্যং রোচতে। দীপ্ত্যর্থ—দীপ্—চন্দ্রো দীপ্যতে।

যে যে ধাতুর দৃষ্টান্ত দেওয়া হইল, সেগুলি ভিন্ন আর যে সকল ধাতুর অর্থ উহাদের তুল্য, তাহারাও অকর্ম্মক।

Verbs having Double Objects (দ্বিকর্ম্মক ক্রিয়া)

139. নিম্নের শ্লোকটি মুখস্থ করিলে কোন্ কোন্ ধাতু দ্বিকর্ম্মক তাহা জানিতে পারা যায়—

"দুহ্যাচ্-পচ্-দণ্ড্-রুধি-প্রচ্ছি-চি-ব্রূ-শাসু-জি-মন্থ্-মুষাম্।
কর্ম্মযুক্ স্যাদকথিতং তথা স্যান্ নী-হৃ-কৃষ্-বহাম্॥"

যথাক্রমে উদাহরণঃ—দুহ্—গোপঃ গাং দুগ্ধং দোগ্ধি—The milkman milks the cow. যাচ্—সুবোধঃ মাম্ অর্থং যাচতে—Subodh begs money of me. পচ্—পাচকঃ তণ্ডুলান্ অন্নং পচতি—The cook cooks food from rice. দণ্ড্—বিচারকঃ তং বণিজং সহস্রং দণ্ডয়ামাস—The judge fined that merchant one thousand rupees. রুধ্—প্রহরী চৌরং কারাগারং রুণদ্ধি—The guard confines the thief in jail. প্রচ্ছ্—বালকং তস্য

নামধেয়ং পৃচ্ছ—Ask the boy his name. চি—দীপা বৃক্ষং পুষ্পমেকং চিনোতি—Dipa plucks a flower from the tree. ব্রূ—গুরুঃ শিষ্যং ধর্ম্মং ব্রবীতি—The teacher tells the holy law to his pupil. শাস্—পিতা পুত্রং ধর্ম্মং শাস্তি—The father teaches the holy law to his son. জি—স মাং শতং জয়তি—He wins one hundred rupees from me. মন্থ্—দেবাঃ সমুদ্রম্ অমৃতং মমন্থুঃ—The gods churned nectar from the ocean. মুষ্ (চুরি করা)—চোরঃ বালিকাং হারং মুমোষ—The thief stole a necklace from the girl. নী, হৃ, কৃষ্ এবং বহ্ (এই চারিটি ধাতু প্রায় একার্থক)—বিপ্রঃ ছাগং গ্রামং নয়তি (বা হরতি বা কর্ষতি বা বহতি)—The Brahmin leads (or takes) the goat to the village.

প্রদর্শিত ধাতুগুলির সহিত একার্থক ধাতুগুলিও দ্বিকর্ম্মক। যথা, যাচ্—ভিক্ষ্, বৃ। ব্রূ—কথ, বচ্, বদ্, গদ্, অভি+ধা। নী—গ্রহ্ প্রভৃতি।

140. দ্বিকর্ম্মক ধাতুগুলির দুইটি কর্ম্মের ভিন্ন ভিন্ন নাম আছে। একটির নাম মুখ্য কর্ম্ম (direct object) : অপরটির নাম গৌণ কর্ম্ম (indirect object)। মুখ্য ও গৌণ কর্ম্ম স্থির করিবার খুব সহজ উপায় এই যে, উভয় কর্ম্মের মধ্যে যেটি অন্য কোন কারক হইতে পারে, বক্তার ইচ্ছার অভাবে সেরূপ না হইয়া কর্ম্মকারক হইয়াছে, তাহাই গৌণ বা অপ্রধান কর্ম্ম। আর যেটি কর্ম্ম ব্যতীত অন্য কোন কারক হওয়া অসম্ভব, তাহাই মুখ্য কর্ম্ম। যথা, 'দীপা বৃক্ষং পুষ্পং চিনোতি।' এখানে চি ধাতুর দুইটি কর্ম্ম, বৃক্ষম্ ও পুষ্পম্ ; ইহাদের মধ্যে 'বৃক্ষম্' কর্ম্মটি 'বৃক্ষাৎ' এইরূপ হইয়া অপাদান কারকও হইতে পারিত, সেজন্য ইহা গৌণ কর্ম্ম। কিন্তু 'পুষ্পম্' পদটি কর্ম্ম ব্যতীত অন্য কোন কারক হওয়া অসম্ভব, সেজন্য উহা মুখ্য কর্ম্ম। সেইরূপ 'বিপ্রঃ ছাগং গ্রামং নয়তি' এই

বাক্যে 'গ্রামম্' পদটি 'গ্রামে' এইরূপ বলিয়া অধিকরণকারক করিলেও চলে, সেকারণ 'গ্রামম্' গৌণ কর্ম্ম; কিন্তু 'ছাগম্' এইরূপ ব্যতীত আর কিছু বলা যায় না, অতএব উহা মুখ্য কর্ম্ম।

Exercise 21

I. Translate the following into Sanskrit and point out the Direct and Indirect Objects in your own sentences :—

Ask the boy his name. The teacher will tell us a story. The boy leads the blind man home. Tell me my faults. This poor man begs a cloth of you. Will you take (নী) me to Puri? Teach (শাস্) me religion. Your servant has told (ব্রূ) him this bad news. The milkman confines the cow in a fold (ব্রজ). I shall fine (দণ্ড্) you ten rupees. The old man asked me the name of my father. The peasant took (নী) his cow to the field. The girls are plucking flowers from this tree. I shall ask them three questions. Chanakya taught (শাস্) politics to Chandragupta. He begged one hundred rupees of my father. The rogue carried (বহ্) the goat to the town. Pluck two fruits from that tree. The judge fined the thief one hundred rupees. The milkmaid (গোপী) churned butter (নবনীত) from milk. Pratapaditya led his great (মহতী) army (চমূ) to the battlefield. The robber robbed (মুষ্) the merchant of his money. The gambler (দ্যূতকার) won (জি) fifteen rupees from him. The milkman milked the cow. Gita plucks flowers from that tree in the morning. Hari wins one hundred rupees from Madhu. The sage took the fawn (মৃগশিশু) to the hemitage.

II. Fill up the blanks in the following :—

অয়ং নরঃ—বস্ত্রং যাচতে। শকুনিঃ—রাজ্যং জিগায়। অহং—পত্রং

চেষ্যামি। পাচকঃ—অন্নং পচতু। তস্করঃ—ধনং মুষ্ণাতি। স—দুগ্ধং দোগ্ধি। প্রহরী দ্বাং—রোৎস্যতি। গোপী—নবনীতং মথ্যাতি। রাজা—সহস্রং দণ্ডয়তি। তে—প্রশ্নৌ অপৃচ্ছন্। বিচারকঃ তস্করং—দণ্ডয়ামাস। যুবকং তস্য—পৃচ্ছ। সুরেশঃ—শতং জয়তি।

Causative Verbs (ণিজন্ত ধাতু)

141. ইংরেজীর Causative verbকে সংস্কৃতে ধাতুর উত্তর ণিচ্ প্রত্যয় করিয়া অনুবাদ করিতে হয়। ণিচের 'ই' থাকে। ণিচ্ করিলে অকর্ম্মক ধাতু সকর্ম্মক হয়। ণিজন্ত ধাতু উভয়পদী হয়। যথা, He hears—স শৃণোতি; He causes to hear—স শ্রাবয়তি। He sees—স পশ্যতি; He causes to see (shows)—স দর্শয়তি।

142. ক্রিয়ার অণিজন্ত অবস্থার কর্ত্তাকে ণিজন্ত অবস্থায় প্রযোজ্য কর্ত্তা বলে। প্রযোজ্য কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়। যথা, পুত্রঃ গৃহং ত্যজতি—The son leaves home. ণিজন্ত হইলে—(পিতা) পুত্রেণ গৃহং ত্যাজয়তি—(The father) makes the son leave home. এখানে 'পুত্রঃ' এই পদ 'ত্যজতি' ক্রিয়ার অণিজন্ত অবস্থায় কর্ত্তা ছিল; উহা 'ত্যাজয়তি' এই ণিজন্ত অবস্থায় প্রযোজ্য নাম প্রাপ্ত হইল এবং উহাতে তৃতীয়া বিভক্তি হইয়া 'পুত্রেণ' এই পদ হইল। কিন্তু—

143. গমনাহার-বোধার্থ-শব্দার্থাকর্ম্মধাতুষু।

অণিজন্তেষু যঃ কর্ত্তা স্যাণ্ণিজন্তেষু কর্ম্ম তৎ॥

অথবা, "গতি-বুদ্ধি-প্রত্যবসানার্থ-শব্দকর্ম্মাকর্ম্মকাণাম্ অণিকর্ত্তা স ণৌ"—পাণিনি (১।৪।৫২)। গত্যর্থ, বুদ্ধ্যর্থ, ভোজনার্থ, শব্দ-কর্ম্মক ও অকর্ম্মক ধাতুর প্রয়োগে অণিজন্ত কালের কর্ত্তা ণিজন্ত অবস্থায় কর্ম্ম হয়। নিম্নের শ্লোকটিতে প্রত্যেকের এক একটি উদাহরণ পর পর দেওয়া আছে :—

"শত্রূন্ অগময়ৎ স্বর্গং বেদার্থং স্বান্ অবেদয়ৎ।

আশয়চ্ চামৃতং দেবান্ বেদম্ অধ্যাপয়দ্ বিধিম্।

আসয়ৎ সলিলে পৃথ্বীং যঃ স মে শ্রীহরির্গতিঃ॥"—(সিঃ কোঃ)

গমনার্থ (গম্, যা প্রভৃতি গমনার্থ; আপ্, প্র+আপ্, লভ্ প্রভৃতি প্রাপ্ত্যর্থ; বিশ্, প্র+বিশ্ প্রভৃতি প্রবেশার্থ; আ+রুহ্ প্রভৃতি আরোহণার্থ।), আহারার্থ (অশ্, ভুজ্ প্রভৃতি আহারার্থ; পা প্রভৃতি পানার্থ।), বোধার্থ (বুধ্, জ্ঞা, বিদ্ প্রভৃতি বোধার্থ; দৃশ্ প্রভৃতি দর্শনার্থ; শ্রু প্রভৃতি শ্রবণার্থ; গ্রহ্ প্রভৃতি গ্রহণার্থ।), শব্দকর্ম্মক (গ্রন্থ, বাক্য, পদ, উপদেশ প্রভৃতি যখন কর্ম্ম হয়) ও অকর্ম্মক ধাতুর প্রয়োগে অণিজন্ত অবস্থায় যে কর্ত্তা থাকে, ণিজন্ত অবস্থায় সে কর্ম্ম হয় অর্থাৎ তাহাতে দ্বিতীয়া বিভক্তি হয়। প্রত্যেক প্রকারের এক একটি দৃষ্টান্ত পর পর দেওয়া হইল। যথা—

Primitive (অণিজন্ত)

অশোকঃ গ্রামং গচ্ছতি—Asoke is going to the village.
দীনঃ ধনং প্রাপ্নোতি—The poor man gets money.
শিশুঃ অন্নম্ অশ্নাতি—The child eats rice.
হরিণঃ জলং পিবতি—The deer drinks water.
ছাত্রঃ ধর্ম্মং বুধ্যতে—The pupil understands religion.
শিশুঃ চন্দ্রং পশ্যতি—The baby sees the moon.
ত্বং গীতং শৃণোষি—You hear a song.
পুত্রঃ বস্ত্রং গৃহ্লাতি—The son takes a cloth.
স গীতাং পঠতি—He reads the Gita.
পুত্রঃ শেতে—The son lies down.

Causative (ণিজন্ত)

দিলীপঃ অশোকং গ্রামং গময়তি—Dilip causes Asoke to go to the village.
রাজা দীনং ধনং প্রাপয়তি—The king makes the poor man get money.
মাতা শিশুম্ অন্নম্ আশয়তি—The mother causes her child to eat rice.
মুনিঃ হরিণং জলং পায়য়তি—The sage makes the deer drink water.

গুরুঃ ছাত্রং ধর্ম্মং বোধয়তি—The teacher makes his pupil understand religion.

মাতা শিশুং চন্দ্রং দর্শয়তি—The mother makes her baby see (shows her baby) the moon.

গায়কঃ ত্বাং গীতং শ্রাবয়তি—The singer makes you hear a song.

পিতা পুত্রং বস্ত্রং গ্রাহয়তি—The father makes his son take a cloth.

(সংস্কৃত সাহিত্যে গ্রহ্ ধাতুর অণিজন্ত কালের কর্ত্তায় ণিজন্ত-কালে দ্বিতীয়া ও তৃতীয়া উভয় বিভক্তিই দেখিতে পাওয়া যায়)।

অধ্যাপকঃ তং গীতাং পাঠয়তি—The teacher makes him read the Gita.

মাতা পুত্রং শায়য়তি—The mother makes her son lie down.

144. "ন নী-খাদ্যাদি-শব্দায়-ক্রন্দ-হ্বাঃ কর্তৃকর্ম্মকাঃ।
তথা ভক্ষি-রহিংসায়াং বহোঽসারথি-কর্তৃকঃ॥"

নী (গমনার্থ হইলেও), খাদ্, অদ্ (আহারার্থ হইলেও), শব্দায়্, ক্রন্দ্, হ্বে (অকর্ম্মক হইলেও), অহিংসার্থ ভক্ষ্ (আহারার্থ হইলেও) এবং সারথি-ভিন্ন-কর্তৃপদবিশিষ্ট বহ্ ধাতুর কর্ত্তা, কর্ম্ম হয় না অর্থাৎ উল্লিখিত ধাতুগুলির প্রয়োগে প্রযোজ্য কর্ত্তায় দ্বিতীয়া বিভক্তি হয় না; তৃতীয়া বিভক্তিই হইয়া থাকে। যথা—

Primitive (অণিজন্ত)

ভৃত্যঃ ভারং নয়তি (বা বহতি)। শিশুঃ মিষ্টান্নং খাদতি (বা অত্তি বা ভক্ষয়তি)। কীচকাঃ (একজাতীয় বাঁশ) শব্দায়ন্তে। ভক্তঃ ক্রন্দতি। রামঃ হ্বয়তি।

Causative (ণিজন্ত)

প্রভুঃ ভৃত্যেন ভারং নায়য়তি (বা বাহয়তি)। মাতা শিশুনা মিষ্টান্নং খাদয়তি (বা আদয়তি বা ভক্ষয়তি)। মারুতঃ কীচকৈঃ শব্দায়য়তি। হরিঃ ভক্তেন ক্রন্দয়তি। যদুঃ রামেণ হ্বায়য়তি।

মনে রাখা প্রয়োজন—হিংসা করা বুঝাইলে ভক্ষ্ ধাতুর এবং সারথি কর্ত্তা বুঝাইলে বহ্ ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্ত্তায় দ্বিতীয়া বিভক্তি হইবে। যথা—

Primitive (অণিজন্ত)

বিড়ালঃ মূষিকং ভক্ষয়তি—The cat eats a rat.
বৃষঃ যবান্ ভক্ষয়তি—The bull eats barley.
অশ্বাঃ রথং বহন্তি—The horses draw the chariot.

Causative (ণিজন্ত)

স বিড়ালং মূষিকং ভক্ষয়তি— He makes the cat eat a rat.
কৃষকঃ বৃষং যবান্ ভক্ষয়তি—The farmer makes the bull eat barley.
সারথিঃ অশ্বান্ রথং বাহয়তি—The charioteer makes the horses draw the chariot.

145. বিভাষা হৃঞ্-কৃঞোঃ—হৃ ও কৃ ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্ত্তায় বিকল্পে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—

Primitive (অণিজন্ত)

লীলা বস্ত্রং হরতি—Lila takes a cloth.
ভৃত্যঃ কার্য্যং করোতি—The servant does his work.

Causative (ণিজন্ত)

মাতা লীলয়া (বা লীলাং) বস্ত্রং হারয়তি—The mother makes Lila take a cloth.
প্রভুঃ ভৃত্যেন (বা ভৃত্যং) কার্য্যং কারয়তি—The master causes the servant to do his work.

146. অভিবাদি-দৃশোরাত্মনেপদে—অভি-পূর্ব্বক বাদি ধাতু ও দৃশ্ ধাতু নিজন্ত অবস্থায় আত্মনেপদে প্রযুক্ত হইলে প্রযোজ্য কর্ত্তায় বিকল্পে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—

Primitive (অণিজন্ত)

পুত্রঃ গুরুম্ অভিবাদয়তে—The son salutes his teacher.
শিশুঃ চন্দ্রং পশ্যতি—The child sees the moon.

Causative (ণিজন্ত)

পিতা পুত্রেণ (বা পুত্রং) গুরুম্ অভিবাদয়তে—The father causes his son to salute his teacher.

মাতা শিশুনা (বা শিশুং) চন্দ্রং দর্শয়তে—The mother makes her son see the moon.

কিন্তু, নিজন্ত অবস্থায় পরস্মৈপদে প্রযুক্ত হইলে উক্ত নিয়ম খাটিবে না। যথা—পিতা পুত্রেণ (পুত্রং হইবে না) গুরুম্ অভিবাদয়তি। মাতা শিশুং (শিশুনা হইবে না) চন্দ্রং দর্শয়তি।

(ক) ণিচ্ প্রত্যয় হইলে, মৃগয়া (পশুবধ) অর্থে রন্জ্ (রঞ্জ্) ধাতুর ন্ লোপ হয়। যথা, কিরাতঃ মৃগান্ রজয়তি—The hunter kills the deer. পশু হত্যা ভিন্ন অন্য অর্থে ন্ লোপ হয় না। যথা, ঋষিঃ মৃগান্ তৃণদানেন রঞ্জয়তি (সন্তোষয়তি)।

কয়েকটি ণিজন্ত ধাতুর লট্, প্রথমপুরুষ, একবচনের রূপ :—

অদ্—আদয়তি; অশ্—আশয়তি; অস্ বা ভূ—ভাবয়তি; প্র+আপ্—প্রাপয়তি; অধি+ই—অধ্যাপয়তি; ই—গময়তি; প্রতি+ই—প্রত্যায়য়তি; ঋ—অর্পয়তি; কৃ—কারয়তি; কৃষ্—কর্ষয়তি; ক্রী—ক্রাপয়তি; ক্ষিপ্—ক্ষেপয়তি; খাদ্—খাদয়তি; খ্যা—খ্যাপয়তি; গম্—গময়তি; গৈ—গাপয়তি; গ্রহ্—গ্রাহয়তি; ঘ্রা—ঘ্রাপয়তি; চি—চাপয়তি, চায়য়তি; জন্—জনয়তি; জাগৃ—জাগরয়তি; জি—জাপয়তি; জীব্—জীবয়তি; জ্ঞা—জ্ঞাপয়তি, জ্ঞপয়তি; তুষ্—তোষয়তি; ত্বর্—ত্বরয়তি; দম্—দময়তি; দহ্—দাহয়তি; দা—দাপয়তি; দৃশ্—দর্শয়তি; ধৃ—ধারয়তি; নম্—নময়তি; নশ্—নাশয়তি; নী—নায়য়তি; নৃত্—নর্ত্তয়তি; পচ্—পাচয়তি; পঠ্—পাঠয়তি; পত্—পাতয়তি; পা (রক্ষা করা)—পালয়তি; পা (পান করা)—পায়য়তি; পূ—পাবয়তি; প্রী—প্রীণয়তি, প্রায়য়তি; প্লু—প্লাবয়তি; বুধ্—বোধয়তি; ব্রূ বা বচ্—বাচয়তি; ভী—ভীষয়তে, ভাপয়তে (নিজেই ভয় দেখাইলে), ভায়য়তি (অন্য কিছু দ্বারা ভয়

দেখাইলে); ভুজ্—ভোজয়তি; মুচ্—মোচয়তি; মুহ্—মোহয়তি; মৃ—মারয়তি; যা—যাপয়তি; যুজ্—যোজয়তি; রম্—রময়তি; রুহ্—রোহয়তি, রোপয়তি; লিখ্—লেখয়তি; বহ্—বাহয়তি; বিদ্—বেদয়তি; বিশ্—বেশয়তি; ব্যথ্—ব্যথয়তি; শম্—শময়তি; শী—শায়য়তি; শুষ্—শোষয়তি; শ্রু—শ্রাবয়তি; সেব্—সেবয়তি; স্থা—স্থাপয়তি; স্না—স্নাপয়তি, স্নপয়তি; হন্—ঘাতয়তি; হৃ—হারয়তি; হ্রী—হ্রেপয়তি; হ্বে—হ্বায়য়তি।

Exercise 22

I. Translate into Sanskrit :—

Show me your right hand. Gita makes her daughter drink milk. Ratna made her sister Dipa go to school. He will make you salute (অভি+বাদি) Siva. Jambaban made Krishna take his daughter. The hare showed the lion a well. The teacher makes his pupils know their duty. The master caused the pet cat to eat (ভক্ষ্) a rat. The merchant causes his servants to carry (বহ্) loads. Bhoja caused the poet to sit (উপ+বিশ্) on the throne. I caused the potter (কুম্ভকার) to make a large earthen pot (ঘট). My daughter Ratna will show you many beautiful pictures in her book. Nirmala causes Purabi to hear the song of Hemanta. The king caused the guards (দ্বারপাল) to call all the ministers. Madhu's father causes him to bring (নী) books from the book-shop. The farmer will cause the bulls (বৃষভ) to carry barley (যবান্). The two brothers Laba and Kusha caused Rama to hear the songs of the Ramayana composed by Valmiki. The preceptor causes his disciples to read the Upanishads. The doctor makes the patient take medicine.

II. Correct (giving the reason in each case):—

পিতা পুত্রেণ বিদ্যালয়ং গময়তি। রজকঃ গর্দ্দভং ভারং

বাহয়তি। গুরুঃ ছাত্রৈঃ বেদং পাঠয়তি। মুনিঃ অতিথীন্ ফলানি অখাদয়ৎ। বিষ্ণুঃ অমরৈঃ সুধাম্ আশয়ৎ। ধনী পাচকং মাংসং পাচয়তি। প্রভুঃ ভৃত্যং গৃহং ত্যাজয়তি। রাজা চণ্ডালং বিদ্রোহিণঃ ঘাতয়ামাস। অহং ত্বয়া ইদং বোধয়িষ্যামি। স পিতরং বস্ত্রম্ আনায়য়ৎ। জনাঃ রামং সীতাং ত্যজয়ামাসুঃ। বিদূষকঃ সর্ব্বৈঃ হাসয়তি। বালিকা ভ্রাতরং ক্রন্দয়তি। অয়ং নরঃ শিশুং ভায়য়তি। প্রহরী দণ্ডেন দুষ্টান্ বালকান্ ভীষয়তে। শ্রেষ্ঠী ভৃত্যং ভারং বাহয়তি। মাতা শিশুনা চন্দ্রং দর্শয়তি। ভগবান্ ভক্তং ক্রন্দয়তি।

III. Distinguish between :—

পালয়তি and পায়য়তি। ভীষয়তে and ভায়য়তি। রজয়তি and রঞ্জয়তি।

Voice (বাচ্য)

147. সংস্কৃতে প্রধানতঃ তিনটি বাচ্যঃ কর্ত্তৃবাচ্য, কর্ম্মবাচ্য ও ভাববাচ্য। ইহা ভিন্ন কর্ম্মকর্ত্তৃবাচ্য নামে আরও একটি বাচ্য আছে।

কর্ত্তৃবাচ্য (Active Voice)

148. **লক্ষণং কর্ত্তৃবাচ্যস্য কর্ত্তরি প্রথমা ভবেৎ।**
ক্রিয়াপদং কর্ত্রধীনং দ্বিতীয়া কর্ম্মকারকে॥

কর্ত্তৃবাচ্যে কর্ত্তায় প্রথমা ও কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয় এবং ক্রিয়া কর্ত্তার অনুসারিণী হয় (অর্থাৎ কর্ত্তার যে পুরুষ ও যে বচন থাকে, ক্রিয়ারও সেই পুরুষ এবং সেই বচন হয়)। কর্ত্তৃবাচ্যে পরস্মৈপদী ধাতুর পরস্মৈপদ, আত্মনেপদী ধাতুর আত্মনেপদ এবং উভয়পদী ধাতুর পরস্মৈপদ ও আত্মনেপদ উভয়ই হইয়া থাকে। যথা—বালকঃ পুস্তকং পঠতি; ত্বং জলং পিবসি; অহং গৃহং গচ্ছামি। অশ্বৌ ধাবতঃ; যুবাং হসথঃ; বয়ং পশ্যামঃ। বালিকা লজ্জতে; স ব্রবীতি বা ব্রূতে।

কর্ম্মবাচ্য (Passive Voice)

149. **প্রয়োগে কর্ম্মবাচ্যস্য তৃতীয়া কর্ত্তৃকারকে।**
প্রথমান্তং ভবেৎ কর্ম্ম কর্ম্মাধীনং ক্রিয়াপদম্॥

কর্ম্মবাচ্যে কর্ত্তায় তৃতীয়া ও কর্ম্মে প্রথমা বিভক্তি হয় এবং ক্রিয়া

কর্ম্মের অনুসারিণী হয় (অর্থাৎ কর্ম্ম যে পুরুষ ও যে বচনের, ক্রিয়াও সেই পুরুষ এবং সেই বচনের হয়)। যথা—শিশুনা চন্দ্রঃ দৃশ্যতে; ময়া ত্বং দৃশ্যসে; ত্বয়া অহং দৃশ্যে; বালিকয়া অশ্বাঃ দৃশ্যন্তে।

সযত্নে মনে রাখিবে যে, কর্ম্মবাচ্যে সকল ধাতুই আত্মনেপদী হয়।

ভাববাচ্য (Passive Voice)

150. ভাববাচ্যে কর্ম্মাভাবস্তৃতীয়া কর্ত্তৃকারকে।

প্রথমপুরুষস্যৈক-বচনং তু ক্রিয়াপদে ॥

ভাববাচ্যে কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়, কর্ম্ম থাকে না এবং ক্রিয়ার সর্ব্বদাই প্রথম পুরুষের একবচন হয়। যথা, অহং তিষ্ঠামি (কর্ত্তৃবাচ্য) ময়া স্থীয়তে (ভাববাচ্য)। যূয়ং হসথ (কর্ত্তৃবাচ্য) যুষ্মাভিঃ হস্যতে (ভাববাচ্য)। বালিকাঃ রুদন্তি (কর্ত্তৃবাচ্য)—বালিকাভিঃ রুদ্যতে (ভাববাচ্য)।

151. প্রযুজ্যতে ভাববাচ্যে কৃদন্তং যৎ ক্রিয়াপদম্।

ক্লীবলিঙ্গং প্রথমৈক-বচনান্তঞ্চ তদ্ভবেৎ ॥

ভাববাচ্যে ক্ত, তব্য, অনীয় প্রভৃতি প্রত্যয়ান্ত ক্রিয়াপদ ব্যবহৃত হইলে তাহার ক্লীবলিঙ্গের প্রথমার একবচন হয়। যথা—

ভাববাচ্য	কর্ত্তৃবাচ্য
তেন স্থিতম্।	স স্থিতবান্।
ময়া স্থাতব্যম্।	অহং স্থাস্যামি বা তিষ্ঠেয়ম্।
ত্বয়া লজ্জনীয়ম্।	ত্বং লজ্জিষ্যসে বা লজ্জেথাঃ।

কর্ম্মকর্ত্তৃবাচ্য (Passive Active Voice)

152. ক্রিয়মাণন্তু যৎ কর্ম্ম স্বয়মেব প্রসিদ্ধ্যতি।

সুকরৈঃ স্বৈর্গুণৈঃ কর্ত্তুঃ কর্ম্মকর্ত্তেতি তদ্বিদুঃ ॥

যেখানে কর্ম্ম, কর্ত্তার যত্ন ব্যতিরেকে নিজেই সিদ্ধ হয় (অর্থাৎ কর্ম্মটি এত সহজে সম্পন্ন হয় যে, কোন যত্নের প্রয়োজন আছে বলিয়া মনে হয় না, উহা যেন নিজেই সম্পন্ন হইতেছে এরূপ বোধ

হয়; কাজেই কর্ম্মপদটি কর্ত্তার মত হইয়া দাঁড়ায়।), সেখানে বাচ্যকে কর্ম্মকর্ত্তৃবাচ্য বলে। যথা, বৃক্ষঃ ছিদ্যতে—এই বাক্যটি কর্ত্তৃবাচ্যে "পুরুষঃ বৃক্ষং ছিনত্তি" এইরূপ ছিল। কর্ম্মকর্ত্তৃবাচ্যে কর্ম্মপদ 'বৃক্ষম্' প্রথমান্ত হইয়া 'বৃক্ষঃ' এইরূপ হইল এবং উহাই 'ছিদ্যতে' ক্রিয়ার কর্ত্তা হইয়া দাঁড়াইল। 'বৃক্ষ যেন নিজেই ছিন্ন হইতেছে' এই অর্থ বুঝাইয়া প্রকৃতপক্ষে একজন ছেদক থাকিলেও সেই কর্ত্তা অবিবক্ষিত থাকিয়া গেল। অন্যান্য দৃষ্টান্ত, যথা—কাষ্ঠং ভিদ্যতে। অন্নং পচ্যতে। একৈব মূর্ত্তির্বিভিদে ত্রিধা সা (কু)। পরিহীয়তে গমনবেলা (শ)।

Exercise 23

I. In what voice are the following?

স গৃহং গমিষ্যতি। সাধুভিঃ ইদম্ উচ্যতে। শিশুভিঃ রুদ্যতে। পুত্র! ভক্ষয় ইদং ফলম্। নক্ষত্রৈঃ দীপ্যতে। ময়া গ্রন্থঃ অপঠ্যত। ভবদ্ভিঃ মে প্রার্থনা শ্রূয়তাম্। অসুরঃ ত্রিভুবনং ক্লিশ্নাতি। অস্মাভিঃ অস্থীয়ত। বিদ্যয়া বিনয়ঃ দীয়তে। ভবদ্ভিঃ শয্যতাম্। সর্ব্বৈঃ মরিষ্যতে। ত্বয়া জলং পীয়তাম্। দেবীকৃপয়া শিশুনা জীবিষ্যতে।

II. Translate into Sanskrit using কর্ম্মবাচ্য and ভাববাচ্য :—

We are not going there. Why are you laughing? Why is she weeping? The elephants are being seen by the villagers. The pure water of the tank is being drunk by the thirsty traveller. A beautiful garden is being seen on all sides of the temple by us.

III. Correct :—রামেণ রাবণং জঘান। মাতা শিশুনা চুম্বতি। বালিকা ক্রীড়্যতে। ভবন্তঃ মাং জানাতি। বালকেন চন্দ্রং পশ্যতি। অস্মাভিঃ স্থীয়ন্তে। ময়া গ্রন্থঃ পঠ্যন্তে। ময়ূরাঃ নৃত্যতে। যুষ্মাভিঃ কুত্র গম্যন্তে? নৃপঃ অর্থঃ দীয়তে।

বাচ্যান্তর (Change of Voice)

153. কর্ত্তৃবাচ্যের ক্রিয়াটি সকর্ম্মক হইলে উহাকে কর্ম্মবাচ্যে ও

অকর্ম্মক হইলে উহাকে ভাববাচ্যে পরিবর্ত্তিত করিতে পারা যায়। কর্ম্মকর্ত্তৃবাচ্যের ক্রিয়াকে ভাববাচ্যে পরিবর্ত্তিত করিতে হয়।

154. ভাবে কর্ম্মণি বাচ্যে চ সদা স্যাদাত্মনেপদম্।
লড়াদিষু চতুর্ষ্বেব যকারস্যাগমো ভবেৎ॥

কর্ম্ম ও ভাববাচ্যে ধাতু সর্ব্বদা আত্মনেপদ হয়। লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্ এই চারি লকারে ধাতুর উত্তর 'য' এর আগম হয়। যথা—

কর্ত্তৃবাচ্য	কর্ম্মবাচ্য
স মৃগং পশ্যতি।	তেন মৃগঃ দৃশ্যতে।
ত্বং মৃগৌ পশ্যসি।	ত্বয়া মৃগৌ দৃশ্যেতে।
অহং মৃগান্ পশ্যামি।	ময়া মৃগাঃ দৃশ্যন্তে।
সুশীলঃ ত্বাং পশ্যতু।	সুশীলেন ত্বং দৃশ্যস্ব।
মুনয়ঃ যুবাং পশ্যন্তু।	মুনিভিঃ যুবাং দৃশ্যেথাম্।
বয়ং যুষ্মান্ পশ্যাম।	অস্মাভিঃ যূয়ং দৃশ্যধ্বম্।
স মাম্ অপশ্যৎ।	তেন অহম্ অদৃশ্যে।
ত্বম্ আবাম্ অপশ্যঃ।	ত্বয়া আবাম্ অদৃশ্যাবহি।
তে অস্মান্ অপশ্যন্।	তৈঃ বয়ম্ অদৃশ্যামহি।
পুত্রঃ পিতরং নমেৎ।	পুত্রেণ পিতা নম্যেত।
পুত্রঃ পিতরৌ নমেৎ।	পুত্রেণ পিতরৌ নম্যেয়াতাম্।
পুত্রঃ পিতৄন্ নমেৎ।	পুত্রেণ পিতরঃ নম্যেরন্।

লৃট্ বা লিট্ এর ক্রিয়া হইলে কর্ম্মবাচ্যে ধাতুর উত্তর 'য' এর আগম হয় না; কেবল আত্মনেপদ হয়। যথা—

নৃপঃ অশ্বং দাস্যতি।	নৃপেণ অশ্বঃ দাস্যতে।
রাবণঃ সীতাং জহার।	রাবণেন সীতা জহ্রে।

155. কর্ত্তৃবাচ্য হইতে কর্ম্মবাচ্যে পরিবর্ত্তনের সময় এই কয়েকটি কথা মনে রাখিতে হইবে—কর্ত্তায় তৃতীয়া বিভক্তি; কর্ম্মে

প্রথমা বিভক্তি; কর্ত্তার সহিত ক্রিয়ার কোন সম্বন্ধ নাই; ধাতুর উত্তর 'য' এর আগম (লট্, লোট্, লঙ্ বা বিধিলিঙ্ এর ক্রিয়া হইলে); সকল ধাতুরই আত্মনেপদ; কর্ম্ম যে পুরুষের ও যে বচনের, ক্রিয়াও সেই পুরুষের এবং সেই বচনের হইবে।

156. কর্ম্মবাচ্যে কর্ম্মে প্রথমা বিভক্তি হয় বলা হইল; কিন্তু যে সকল দ্বিকর্ম্মক ক্রিয়ার কথা পূর্ব্বে বলা হইয়াছে, তাহাদের কোন্ কর্ম্মে প্রথমা বিভক্তি হইবে? ইংরেজীর ন্যায় যেটিকে ইচ্ছা Retained Object করিলে চলিবে না। এ বিষয়ে নিয়ম এই যে—

"গৌণে কর্ম্মণি দুহ্যাদেঃ প্রধানে নী-হৃ-কৃষ্-বহাম্।
বিভক্তিঃ প্রথমা জ্ঞেয়া দ্বিতীয়া স্যাৎ তদন্যতঃ॥"

দুহ্ প্রভৃতি প্রথমোক্ত ধাতুগুলির গৌণ কর্ম্মে (indirect object) এবং নী, হৃ, কৃষ্ ও বহ্ ধাতুর প্রধান কর্ম্মে (direct object) প্রথমা বিভক্তি হইবে। অন্য কর্ম্মটিতে পূর্ব্ববৎ দ্বিতীয়া বিভক্তি থাকিবে।

কর্তৃবাচ্য	**কর্ম্মবাচ্য**
গোপঃ গাং দুগ্ধং দোগ্ধি। The milkman is milking the cow.	গোপেন গৌঃ দুগ্ধং দুহ্যতে। The cow is being milked by the milkman.
স রাজানম্ অর্থং যাচতে। He begs money of the king.	তেন রাজা অর্থং যাচ্যতে। Money is being begged by him of the king.
বিপ্রঃ ছাগং গ্রামং নয়তি। The Brahmin leads the goat to the village.	বিপ্রেণ ছাগঃ গ্রামং নীয়তে। The goat is being led by the Brahmin to the village.

157. ণিজন্ত ধাতুর প্রয়োগে যে স্থলে প্রযোজ্য কর্ত্তায় দ্বিতীয়া বিভক্তি হয় (see § 143), তথায় কর্ম্মবাচ্যে পরিবর্ত্তিত করিতে হইলে প্রযোজ্য কর্ত্তায় প্রথমা হয়; কর্ম্মে দ্বিতীয়াই থাকে। যথা, যদুঃ রামং গ্রামং গময়তি (কর্তৃবাচ্য)—যদুনা রামঃ গ্রামং গম্যতে

(কর্ম্মবাচ্য)। এখানে প্রযোজ্য কর্ত্তা রামে প্রথমা ও কর্ম্ম গ্রামে দ্বিতীয়া বিভক্তি হইল।

(*a*) আহারার্থ, বোধার্থ ও শব্দকর্ম্মক ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্ত্তায় দ্বিতীয়া বিভক্তি হইলেও বাচ্যান্তর করিলে ইহাদের প্রযোজ্য কর্ত্তা ও কর্ম্ম দুইটিতেই ইচ্ছামত প্রথমা বিভক্তি হয়। ক্রমিক উদাহরণ, যথা, মাতা কন্যাম্ অন্নং ভোজয়তি (কর্ত্তৃবাচ্য)—মাত্রা কন্যা অন্নং ভোজ্যতে বা মাত্রা কন্যাম্ অন্নং ভোজ্যতে (কর্ম্মবাচ্য)। গুরুঃ ছাত্রং ধর্ম্মং বোধয়তি (কর্ত্তৃবাচ্য)—গুরুণা ছাত্রঃ ধর্ম্মং বোধ্যতে বা গুরুণা ছাত্রং ধর্ম্মঃ বোধ্যতে (কর্ম্মবাচ্য)। অধ্যাপকঃ শিষ্যং বেদং পাঠয়তি (কর্ত্তৃবাচ্য)—অধ্যাপকেন শিষ্যঃ বেদং পাঠ্যতে বা অধ্যাপকেন শিষ্যং বেদঃ পাঠ্যতে (কর্ম্মবাচ্য)।

মনে রাখা প্রয়োজন, 'য' পরে থাকিলে ণিচের লোপ হয়। যথা, কারি—কার্য্যতে; চিন্তি—চিন্ত্যতে; দূষি—দূষ্যতে; দর্শি—দর্শ্যতে; স্থাপি—স্থাপ্যতে।

158. যেখানে প্রযোজ্য কর্ত্তায় দ্বিতীয়া বিভক্তি হয় না (see § 144), সেখানে কর্ম্মবাচ্যে পরিবর্ত্তিত করিলে প্রযোজ্য কর্ত্তায় তৃতীয়া বিভক্তিই থাকিবে, কোন পরিবর্ত্তন হইবে না। যথা, মাতা শিশুনা মোদকং খাদয়তি (কর্ত্তৃবাচ্য)—মাত্রা শিশুনা মোদকঃ খাদ্যতে (কর্ম্মবাচ্য)।

159. কর্ত্তৃবাচ্যে 'ক্ত' ও 'ক্তবতু' প্রত্যয়নিষ্পন্ন পদকে কর্ম্মবাচ্যে পরিবর্ত্তিত করিবার সময়ে যে ধাতুর উত্তর 'ক্ত' বা 'ক্তবতু' প্রত্যয় আছে, তাহাতে 'ক্ত' প্রত্যয় করিয়া উৎপন্ন পদটিকে কর্ম্মের বিশেষণ করিয়া দিতে হয়। যথা, অহম্ অর্থং প্রাপ্তঃ বা প্রাপ্তবান্ (কর্ত্তৃবাচ্য) —ময়া অর্থঃ প্রাপ্তঃ (কর্ম্মবাচ্য)। ব্যাধঃ মৃগৌ হতবান্ (কর্ত্তৃবাচ্য) —ব্যাধেন মৃগৌ হতৌ (কর্ম্মবাচ্য)। স উজ্জয়িনীং গতঃ বা গতবান্ (কর্ত্তৃবাচ্য)—তেন উজ্জয়িনী গতা (কর্ম্মবাচ্য)। অহং বনানি দৃষ্টবান্ (কর্ত্তৃবাচ্য)—ময়া বনানি দৃষ্টানি (কর্ম্মবাচ্য)।

ক্ত বা ক্তবতু প্রত্যয়-নিষ্পন্ন পদকে ভাববাচ্যে আনিতে হইলে প্রত্যয়ান্ত করিয়া সর্ব্বদাই ক্লীবলিঙ্গের একবচনান্ত করিতে হয় (see § 151)।

160. কর্ম্মবাচ্যে 'তব্য', 'অনীয়' বা 'য' প্রত্যয় দ্বারা উৎপন্ন পদকে কর্ত্তৃবাচ্যে লইয়া যাইতে হইলে যে ধাতুর উত্তর 'তব্য', 'অনীয়' বা 'য' প্রত্যয় হইয়াছে, সেই ধাতুর লৃট্ বা বিধিলিঙ্ এর প্রয়োগ করিবে। যথা,

কর্ম্মবাচ্য	কর্ত্তৃবাচ্য
ময়া ধনং দাতব্যম্	অহং ধনং দাস্যামি বা দদ্যাম্।
ত্বয়া গুরুঃ পূজনীয়ঃ	ত্বং গুরুং পূজয়িষ্যসি বা পূজয়েঃ।
অস্মাভিঃ জলং পেয়ম্	বয়ং জলং পাস্যামঃ বা পিবেম।

161. কর্ম্মবাচ্যের সহিত কর্ম্মকর্ত্তৃবাচ্যের প্রভেদ এই যে—কর্ম্মবাচ্যে কর্ত্তা ও কর্ম্ম দুইই থাকে; কিন্তু কর্ম্মকর্ত্তৃবাচ্যে কর্ম্ম থাকে না, কর্ম্মটি কর্ত্তা হইয়া যায়।

162. কর্ম্মকর্ত্তৃবাচ্যকে পরিবর্ত্তিত করিতে হইলে ভাববাচ্যে করিতে হয়। যথা—

সূত্রধরঃ বৃক্ষং ছিনত্তি—কর্ত্তৃবাচ্য।

সূত্রধরেণ বৃক্ষঃ ছিদ্যতে—কর্ম্মবাচ্য।

বৃক্ষঃ ছিদ্যতে—কর্ম্মকর্ত্তৃবাচ্য।

বৃক্ষেণ ছিদ্যতে—কর্ম্মকর্ত্তৃবাচ্য হইতে ভাববাচ্য।

কয়েকটি ধাতুর উত্তর কর্ম্ম ও ভাববাচ্যে 'য'এর আগম হইলে লট্, প্রথম পুরুষ, একবচনে যে পদ হয়, তাহা নিম্নে দেওয়া গেল :—

অস্ বা ভূ—ভূয়তে	গম্—গম্যতে	চি—চীয়তে
আস্—আস্যতে	গৈ—গীয়তে	ছিদ্—ছিদ্যতে
(অধি)+ই—অধীয়তে	গ্রন্থ্—গ্রথ্যতে	জন্—জায়তে
কৃ—ক্রিয়তে	গ্রহ্—গৃহ্যতে	জাগৃ—জাগর্য্যতে
কৄ—কীর্য্যতে	ঘ্রা—ঘ্রায়তে	জন্—জন্যতে

জি—জীয়তে
জৄ—জীর্য্যতে
জ্ঞা—জ্ঞায়তে
ত্যজ্—ত্যজ্যতে
তৄ—তীর্য্যতে
দন্শ্—দশ্যতে
দা—দীয়তে
ধা—ধীয়তে
ধৃ—ধ্রিয়তে
ধ্যৈ—ধ্যায়তে
নী—নীয়তে
পঠ্—পঠ্যতে
পা (ভ্বা)—পীয়তে
পা (অ)—পায়তে
পৄ—পূর্য্যতে
প্রচ্ছ্—পৃচ্ছ্যতে

বন্ধ্—বধ্যতে
ব্রূ বা বচ্—উচ্যতে
ভন্জ্—ভজ্যতে
ভিদ্—ভিদ্যতে
ভুজ্—ভুজ্যতে
ভৃ—ভ্রিয়তে
ভ্রন্শ্—ভ্রশ্যতে
মন্থ্—মথ্যতে
মা—মীয়তে
মৃ—ম্রিয়তে
যজ্—ইজ্যতে
বদ্—উদ্যতে
বপ্—উপ্যতে
বস্—উষ্যতে
বহ্—উহ্যতে
বৃ—ব্রিয়তে

ব্যধ্—বিধ্যতে
শন্স্—শস্যতে
শাস্—শিষ্যতে
শী—শয্যতে
শ্রি—শ্রীয়তে
শ্রু—শ্রূয়তে
সেব্—সেব্যতে
স্তু—স্তূয়তে
স্থা—স্থীয়তে
স্মৃ—স্মর্য্যতে
স্বন্জ্—স্বজ্যতে
স্বপ্—সুপ্যতে
হন্—হন্যতে
হা—হীয়তে
হ্বে—হূয়তে
হ্বৃ—হ্রিয়তে

সর্ব্বদা মনে রাখিবে যে বাচ্যান্তর করিলে—কর্ত্তা, কর্ম্ম, কর্ত্তার বিশেষণ, কর্ম্মের বিশেষণ, ও ক্রিয়া—ইহাদের পরিবর্ত্তন হয়; অন্য সকল পদ অপরিবর্ত্তিত থাকে।

Exercise 24

I. Translate into Sanskrit using কর্ম্মবাচ্য and ভাববাচ্য :—

I do not know him. We dwell in this city. Long live the king Sudraka! Dacoits worship the goddess Kali. I saw a tiger lame of one leg in this forest. The wicked are always unhappy. Why are you ashamed (লস্জ্)? Rupa stayed here for five days. That man calls his son-in-law. Krishna went to Arjuna. Do you want (প্র+অর্থ্) the kingdom? Let this work be done The old men are sleeping. We saw many bright stars in the clear sky. They do not know me. He told us

this. They will both go to Calcutta. By whom has this snake been killed? Birds leave their nests (নীড়) in the morning. They will fight (যুধ্) with the dacoits. I asked my brother this question. The pious are respected (সম্+মানি) by all. You will get a sharp knife. Sampa gave water to the thirsty traveller. The father is beating the son with a stick. Do not be angry with me, my lord! He gave some fruits to his guest. The boy lies down on the soft bed. Karna was killed by Arjuna with an arrow. I shall give alms to the poor. The Brahmins are reading (অধি+ই) the Gita. He was asked three questions by the teacher. The land is being ploughed (কৃষ্) by the farmers. I have done this work with your help. You should not lie down on the damp (আর্দ্র) ground. That kind woman is giving rice to a hungry beggar. Three books are being read (পঠ্) by me for a year. After the king's death, his eldest son was made king by the ministers. Fill (পৄ) this pitcher (কলস) with the water of the Ganges.

II. Change the voice of the Sanskrit sentences which you have constructed in translating the above sentences.

III. Change the voice of the Sanskrit sentences constructed by you in translating the sentences in Exercises 21 and 22.

IV. Change the voice of :—

ভবান্ কুতঃ আগচ্ছতি? শিষ্যঃ বেদম্ অধীতে। পক্ষিভিঃ জিজ্ঞাসা সমারব্ধা। মুনয়ঃ বনে বসন্তি। দেবাঃ বিষ্ণুম্ অস্তুবন্। ময়া এতৎ কর্ত্তব্যম্। ব্যাধঃ মৃগান্ অবিধ্যৎ। কুসঙ্গঃ সর্ব্বৈঃ হেয়ঃ। ত্বং কুত্র গমিষ্যসি? গৃহাণ ইমং বরম্। ত্বয়া ভূমৌ শয়নীয়ম্। হনুমান্ সাগরম্ অতরৎ। ভবান্ সদয়ো ভবতু। বিপ্রেণ শুচিনা ভাব্যম্। অসত্যং মা বদ। ময়া বেদঃ পঠনীয়ঃ। ততঃ অহং সুপ্তঃ। ভবতাহং রক্ষণীয়ঃ। তেন তে পৃষ্টাঃ। কোকিলাঃ মধুরং কূজন্তি।

পশ্চাৎ মম পাশান্ ছেৎস্যাসি। কৃষকাঃ ক্ষেত্রে বীজানি বপন্তি। প্রার্থী জনঃ স্বগৃহং গতবান্। অনেন মম মিত্রেণ ভবিতব্যম্।

V. Correct (giving the reason in each case) :—

কাকেন ব্যাধঃ অপশ্যৎ। ভবতা আস্তাম্। ভক্তেন হরিঃ স্মরতি। মার্জ্জারেণ পক্ষিশাবকান্ খাদতি। পক্ষিণঃ মধুরং অকূজ্যত। তেন লজ্জিতব্যঃ। লোহিতেন সূর্য্যেণ উদেতি। ব্যাধঃ মন্থরঃ প্রাপ্তঃ। ইন্দ্রেণ অহং জেষ্যতে। রোগিণা শয্যায়াং শীয়তে। ত্বয়া শয্যা পরিহর। চণ্ডরবঃ স্বজাতীয়াঃ দূরীকৃতাঃ। রামেণ পিতা দদর্শ। সাধুভিঃ দয়া ক্রিয়ন্তে। চাতকেন জলং যাচতে। বালয়া পুষ্পাণি চীয়তে। প্রাজ্ঞঃ উপায়ঃ চিন্তয়েৎ। কৃষকেণ ধান্যং বপ্যতে। নিত্যম্ অনিত্যতা স্মর। মহত্যা বৃষ্ট্যা বভূব। ভবতা মে সহচরেণ ভবিতব্যঃ। মাত্রা ত্বম্ আহ্বয়তি। ময়া তৎ ব্রূয়তে। চৌরৈঃ রাত্রৌ জাগ্রিয়তে।

Participles

Use of শতৃ and শানচ্ (Present Participles)

163. বর্ত্তমান কালে কর্ত্তৃবাচ্যে পরস্মৈপদী ধাতুতে শতৃ, আত্মনেপদী ধাতুতে শানচ্ এবং উভয়পদী ধাতুতে শতৃ ও শানচ্ দুই প্রত্যয়ই হয়। শতৃ প্রত্যয়ের 'অৎ' এবং শানচ্ প্রত্যয়ের 'আন' থাকে। যথা, পঠ্+শতৃ=পঠৎ। কম্প্+শানচ্=কম্পমান। দুহ্+শতৃ=দুহৎ; দুহ্+শানচ্=দুহান। শতৃ ও শানচ্-প্রত্যয়ান্ত শব্দ অসমাপিকা ক্রিয়ার কাজ করে।

164. যে কোন ধাতুর লট্ অন্তি বিভক্তিতে যে পদ হয়, তাহার ন্ এবং ই ছাড়িয়া দিলে যাহা থাকে, তাহাই ঐ ধাতুর শতৃ প্রত্যয়ান্ত শব্দ। যথা, গম্ (গচ্ছন্তি)—গচ্ছৎ; স্পৃশ্ (স্পৃশন্তি)—স্পৃশৎ; নশ্ (নশ্যন্তি)—নশ্যৎ; গ্রহ্ (গৃহ্ণন্তি)—গৃহ্ণৎ; শ্রু (শৃণ্বন্তি)—শৃণ্বৎ; কৃ (কুর্ব্বন্তি)—কুর্ব্বৎ; রুদ্ (রুদন্তি)—রুদৎ; ভী (বিভ্যতি)—বিভ্যৎ; দর্শি (দর্শয়ন্তি)—দর্শয়ৎ; ভক্ষ্ (ভক্ষয়ন্তি)—ভক্ষয়ৎ।

কয়েকটি শতৃ প্রত্যয়ান্ত শব্দ

ভ্বাদি—কৃষ্ কর্ষৎ, গৈ গায়ৎ, ঘ্রা জিঘ্রৎ, জি জয়ৎ, দন্শ্ দশৎ,

দৃশ্ পশ্যৎ, ধ্যৈ ধ্যায়ৎ, পা পিবৎ, ভূ ভবৎ, রুহ্ রোহৎ, শুচ্ শোচৎ, সদ্ সীদৎ, সন্জ্ সজৎ, স্থা তিষ্ঠৎ, স্মৃ স্মরৎ, হেব হবয়ৎ।

তুদাদি—ইষ্ ইচ্ছৎ, কৃৎ কৃন্তৎ, কৄ কিরৎ, প্রচ্ছ্ পৃচ্ছৎ, মস্জ্ মজ্জৎ, মুচ্ মুঞ্চৎ, লিখ্ লিখৎ।

দিবাদি—কুপ্ কুপ্যৎ, নৃৎ নৃত্যৎ, ভ্রম ভ্রাম্যৎ, মুহ্ মুহ্যৎ, ব্যধ্ বিধ্যৎ, শ্লিষ্ শ্লিষ্যৎ, হৃষ্ হৃষ্যৎ।

ক্র্যাদি—অশ্ অশ্নৎ, জ্ঞা জানৎ, পুষ্ পুষ্ণৎ, বন্ধ্ বধ্নৎ, মন্থ্ মথ্নৎ, মুষ্ মুষ্ণৎ।

স্বাদি—(প্র)+আপ্ প্রাপ্নুবৎ, শক্ শক্নুবৎ।

হ্বাদি—হা জহৎ, হু জুহ্বৎ, হ্রী জিহ্রিয়ৎ।

রুধাদি—ভুজ্ (রক্ষা করা) ভুঞ্জৎ, হিন্স্ হিংসৎ।

অদাদি—অস্ সৎ, জাগৃ জাগ্রৎ, বিদ্ বিদৎ বা বিদ্বস্, শাস্ শাসৎ, শ্বস্ শ্বসৎ, স্বপ্ স্বপৎ, হন্ ঘ্নৎ।

চুরাদি—অর্চ্চ্ অর্চ্চয়ৎ, কথ্ কথয়ৎ, গণ গণয়ৎ, চিন্ত্ চিন্তয়ৎ, দণ্ড্ দণ্ডয়ৎ, পীড়্ পীড়য়ৎ, পূজ্ পূজয়ৎ, রচ্ রচয়ৎ, সান্ত্ব সান্ত্বয়ৎ, স্পৃহ্ স্পৃহয়ৎ।

ণিজন্ত—অধি+ই অধ্যাপয়ৎ, ঋ অর্পয়ৎ, কৃ কারয়ৎ, জন্ জনয়ৎ, জ্ঞা জ্ঞাপয়ৎ, পা (পান করা) পায়য়ৎ, পা (রক্ষা করা) পালয়ৎ, শ্রু শ্রাবয়ৎ, স্থা স্থাপয়ৎ, ম্লা ম্লাপয়ৎ, স্মৃ স্মারয়ৎ, হন্ ঘাতয়ৎ।

165. শতৃ-প্রত্যয়ান্ত শব্দের পুংলিঙ্গে 'গায়ৎ' শব্দের ন্যায় ও স্ত্রীলিঙ্গে 'নদী' শব্দের ন্যায় রূপ হয়। কেবল যে সকল ধাতুর লট্ ঝান্তি বিভক্তিতে ন থাকে না, তাহাদের উত্তর শতৃ প্রত্যয় করিয়া উৎপন্ন (জাগ্রৎ, শাসৎ, বিভ্যৎ, জুহ্বৎ প্রভৃতি) শব্দের রূপ পুংলিঙ্গে ভূভৃৎ শব্দের ন্যায় হয়।

166. শতৃ-প্রত্যয়ান্ত শব্দে ঈ যোগ করিয়া উহাকে স্ত্রীলিঙ্গে পরিবর্ত্তিত করা হয় (see § 258)। ঈ যোগ করিবার সময় নিম্ন-

লিখিত রূপে শতৃ-প্রত্যয়ান্ত শব্দের অন্তস্থিত 'ৎ' এর পূর্ব্বে ন্ এর আগম হয়।

(a) ভ্বাদি, দিবাদি ও চুরাদিগণীয় এবং ণিজন্ত ধাতুর উত্তর সর্ব্বদা ন্ এর আগম হয়। যথা, **ভ্বাদিগণীয়**—পশ্যৎ পশ্যন্তী, পতৎ পতন্তী। **দিবাদিগণীয়**—নৃত্যৎ নৃত্যন্তী, নশ্যৎ নশ্যন্তী। **চুরাদি-গণীয়**—ভক্ষয়ৎ ভক্ষয়ন্তী, কথয়ৎ কথয়ন্তী। **ণিজন্ত**—দর্শয়ৎ দর্শয়ন্তী, কারয়ৎ কারয়ন্তী। [see § 258 (a)]

(b) তুদাদিগণীয় ধাতুর উত্তর বিকল্পে ন্ এর আগম হয়। যথা—ইচ্ছৎ ইচ্ছতী, ইচ্ছন্তী; পৃচ্ছৎ পৃচ্ছতী, পৃচ্ছন্তী। [see § 258 (b)].

(c) অদাদিগণীয় আকারান্ত ধাতুর উত্তরও বিকল্পে ন্ এর আগম হয়। যথা—যাৎ যাতী, যান্তী; বাৎ বাতী, বান্তী। [see § 258 (c)].

অন্য প্রকার ধাতুর উত্তর ন্ এর আগম হয় না। যথা—রুদৎ রুদতী, স্বপৎ স্বপতী। দদৎ দদতী, দধৎ দধতী। শৃণ্বৎ শৃণ্বতী। চিন্বৎ চিন্বতী। ছিন্দৎ ছিন্দতী, ভিন্দৎ ভিন্দতী। কুর্ব্বৎ কুর্ব্বতী। জানৎ জানতী, গৃহ্ণৎ গৃহ্ণতী।

167. যে ধাতুর উত্তর শানচ্ প্রত্যয় করিতে হয়, তাহার লট্ 'আতে' বিভক্তিতে যে পদ হয়, তাহা হইতে 'আতে' তুলিয়া লইয়া 'আন' যোগ করিয়া লইলে ঐ ধাতুর শানচ্ প্রত্যয়ান্ত শব্দ পাওয়া যায়। যথা, শী+শানচ্=শয়ান (শী+লট্ আতে=শয়াতে; শয়াতে—আতে=শয়্; শয়্+আন=শয়ান)।

168. অকারের পরস্থিত শান স্থানে মান হয় (অর্থাৎ ভ্বাদি, তুদাদি ও চুরাদিগণীয় ধাতুর আগমের 'অ' এবং দিবাদিগণীয় ধাতুর আগমের 'য' বর্ণের পরস্থিত শান, মান হইয়া যায়)। যথা, ভ্বাদি—সেব্ সেবমান; তুদাদি—লস্জ্ লজ্জমান; চুরাদি—মন্ত্র্ মন্ত্রয়মাণ; দিবাদি—দীপ্ দীপ্যমান।

কতিপয় শানচ্ প্রত্যয়ান্ত শব্দ

ভ্বাদি—ঈক্ষ্ ঈক্ষমাণ, চেষ্ট্ চেষ্টমান, ভাষ্ ভাষমাণ, রম্ রমমাণ, বৃৎ বর্ত্তমান, বৃধ্ বর্দ্ধমান, ব্যথ্ ব্যথমান, শঙ্ক্ শঙ্কমান, সহ্ সহমান। তুদাদি—মৃ ম্রিয়মাণ। দিবাদি—খিদ্ খিদ্যমান, জন্ জায়মান, দূ দূয়মান, পদ্ পদ্যমান, পূর্ পূর্য্যমাণ, বুধ্ বুধ্যমান, মন্ মন্যমান, বিদ্ বিদ্যমান। রুধাদি—ভুজ্ (ভোজন করা বা ভোগ করা) ভুঞ্জান। অদাদি—আস্ আসীন, অধি+ই অধীয়ান। চুরাদি—অর্থ অর্থয়মান, মন্ত্র্ মন্ত্রয়মাণ।

নিম্নস্থ ধাতুগুলি উভয়পদী বলিয়া শতৃ ও শানচ্ দুই প্রত্যয়ই হইয়াছে:—

ভ্বাদি—নী নয়ৎ, নয়মান; বহ্ বহৎ, বহমান; হৃ হরৎ, হরমাণ। দিবাদি—ক্লিশ্ ক্লিশ্যৎ, ক্লিশ্যমান। ক্র্যাদি—ক্রী ক্রীণৎ, ক্রীণান; গ্রহ্ গৃহ্ণৎ, গৃহ্ণান; জ্ঞা জানৎ, জানান। স্বাদি—চি চিন্বৎ, চিন্বান; বৃ বৃণ্বৎ, বৃণ্বান। তনাদি—কৃ কুর্ব্বৎ, কুর্ব্বাণ; তন্ তন্বৎ, তন্বান। হ্বাদি—দা দদৎ, দদান; ধা দধৎ, দধান; ভৃ বিভ্রৎ, বিভ্রাণ। রুধাদি—ছিদ্ ছিন্দৎ, ছিন্দান; ভিদ্ ভিন্দৎ, ভিন্দান; রুধ্ রুন্ধৎ, রুন্ধান। অদাদি—দুহ্ দুহৎ, দুহান; দ্বিষ্ দ্বিষৎ, দ্বিষাণ; ব্রূ ব্রুবৎ, ব্রুবাণ; স্তু স্তুবৎ, স্তুবান।

169. কর্ম্মবাচ্যে সকল ধাতুতেই কেবল শানচ্ হয়। কর্ম্মবাচ্যে 'য' এর আগম হয় এবং ঐ 'য'তে অকার আছে; সেজন্য কর্ম্মবাচ্যে শানচ্ প্রত্যয় হইলেই শান স্থানে মান হয় (see § 168)। যথা, গম্+কর্ম্মণি য+শানচ্=গম্য+শানচ্=গম্যমান।

কর্ম্মবাচ্যে শানচ্ প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ—

কৃ—ক্রিয়মাণ, গ্রহ্—গৃহ্যমাণ্, জ্ঞা—জ্ঞায়মান, দা—দীয়মান, দৃশ্—দৃশ্যমান, নী—নীয়মান, পঠ্—পঠ্যমান, পা—পীয়মান, ভিদ্—ভিদ্যমান, বচ্—উচ্যমান, সেব্—সেব্যমান।

170. শানচ্ প্রত্যয়ান্ত শব্দের পুংলিঙ্গে নর শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে আকারান্ত হইয়া লতা শব্দের ন্যায় ও ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায় রূপ হয়।

171. শতৃ ও শানচ্ প্রত্যয়ান্ত শব্দ-সকল বিশেষণ; এজন্য ইহারা বিশেষ্যের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। যথা—রুদন্ বালকঃ, রুদতী বালিকা, রুদৎ মিত্রম্; রুদন্তং বালকম্, রুদত্যা বালিকয়া, রুদতঃ মিত্রস্য; শয়ানৌ নরৌ, শয়ানাঃ লতাঃ, শয়ানং গৃহম্। দৃশ্যমানা পৃথিবী, দৃশ্যমানং জগৎ; সেব্যমানঃ গুরুঃ, পীয়মানং জলম্ প্রভৃতি।

172. ইংরেজীর Present Participleকে সংস্কৃতে শতৃ বা শানচ্ প্রত্যয়ান্ত পদ দ্বারা অনুবাদ করিতে হয়। He comes dancing—স নৃত্যন্ আগচ্ছতি; Pramila went smiling—প্রমীলা হসন্তী অগচ্ছৎ; Mahendra saw the weeping woman—মহেন্দ্রঃ রুদতীং নারীং দদর্শ; I saw the bear shivering—অহং ভল্লুকং কম্পমানম্ অপশ্যম্।

173. Verb "to hear" ও verb "to see" এর পর Infinitive mood ব্যবহৃত হইয়া "to" উহ্য থাকিলে শতৃ বা শানচ্ প্রত্যয়ান্ত পদ দ্বারা অনুবাদ করিবে। যথা, I heard him sing—অহং তং গায়ন্তম্ অশৃণবম্; Krishna saw Arjuna fight with his kith and kin—কৃষ্ণঃ অর্জ্জুনং স্বজনৈঃ সহ যুধ্যমানং দদর্শ।

174. 'While running', 'When he was going home', 'As I was playing' প্রভৃতি বাক্যাংশের অর্থ 'দৌড়াইতে দৌড়াইতে' 'সে বাড়ী যাইতে যাইতে', 'আমি খেলিতে খেলিতে' প্রভৃতি বুঝাইলে শতৃ ও শানচ্ প্রত্যয়ের সাহায্যে অনুবাদ করিতে হয়। যথা, While running, the thief fell down on the ground—তস্করঃ ধাবন্ ভূমৌ অপতৎ। When he was going home, he saw a snake—গৃহং গচ্ছন্ স সর্পমেকং দদর্শ। As I was playing with Sushil, I asked him—সুশীলেন সহ ক্রীড়ন্ অহং তম্ অপৃচ্ছম্।

Exercise 25

I. Translate into Sanskrit :—

Many devotees went to the temple of Siva singing. I saw Ramesh play at this place. Two girls came laughing. The servant trembling with fear said to his master. The baby ran crying to his mother. You saw me going home. The girls came dancing with joy. Have you heard me sing? You will see him fight with the ruffians (দুর্ব্বৃত্ত). Of the singing birds the cuckoo is the best. My father saw the thief enter (প্র+বিশ্) the room. That poor man sat on the ground shivering from cold. Live here with us feeding on (ভক্ষ্) barley. The Brahmin went home, thinking over the rogue's words. From a tree the crow saw the fowler coming towards him. The girls are plucking flowers, while going along the road. We saw a boy running in the sun. While walking in the garden, Basanti saw three fruits fall from a tree. Entering the temple Jagat Singha saw a beautiful maiden worshipping Siva. Give two examples from the book which you are reading. When the kind sage was going to a village, he saw a cruel boy beat a dog. The king will give five rupees to the poor man (who is) begging some money. As I was sitting on the river-side, I heard a black bird sing sweetly on a branch of the banyan-tree.

II. Correct (giving the reason in each case) :—

ধনং লভন্ হৃষ্যতি। গচ্ছন্তঃ ধীবরৈঃ কথিতম্। রুদন্তী বালিকা প্রাহ। জাগ্রন্তং পথিকম্ আহ্বর। উমা স্বপন্তী রুরোদ। লজ্জন্তী বালিকা নাগচ্ছতি। ব্যাঘ্রাৎ বিভ্যন্ পলায়তে। এবং চিন্তন্ স গ্রামং যযৌ। ভয়েন কম্পন্ বালকঃ রোদিতি। তব কন্যা নৃত্যতী হসতি। গীতং শ্রুবৎ অহম্ অস্বপম্। বালা বস্ত্রং গৃহ্লতী হসতি। স্বদেশং রক্ষয়ন্ জীবনং ত্যক্ষ্যামি। দুষ্টান্ দধন্তী মহী ক্লিশ্যতি।

ক্লেশান্ সহন্ বিদ্যাম্ অর্জ্জয়। জননী পুত্রং স্মরতী রোদিতি। শ্রমজীবিনঃ কর্ম্ম কুর্ব্বতঃ গায়ন্তি। বয়ং শয়ন্তঃ ন খাদামঃ। বনে পর্য্যটন্ মুনিং দেবী উবাচ। গুরুং সেবন্তং ছাত্রং পশ্য। পুষ্পাণি চিন্বন্তী বালা গচ্ছতি। অজানন্ ময়া ইদং কৃতম্। অগ্নৌ পতন্তং নারীং নিবারয়। বিলাপং কুর্ব্বন্তী সা প্রাহ। মাতা তে মার্গম্ ঈক্ষন্তী তিষ্ঠতি। কৌশল্যা রামং পশ্যন্তী হৃষ্যতি। পশবঃ তং শৃগালম্ অজানৎ ইতস্ততঃ প্রস্থিতাঃ। গজেন সহ যুধ্যন্ সিংহস্য বলহানিঃ জাতা। রাজা মহীং শাসন্ দীনেভ্যঃ ধনং দদন্ সুখী ভবতি।

Use of ক্তবতু and ক্ত (Past Participles)

175. কর্ত্তরি ক্তবতুরতীতে।

অতীতকালে কর্তৃবাচ্যে অকর্ম্মক ও সকর্ম্মক সকল প্রকার ধাতুর উত্তর ক্তবতু প্রত্যয় হয়; তবৎ থাকে। ক্তবতু-প্রত্যয়ান্ত শব্দ-সকল সমাপিকা ক্রিয়ার কাজ করে; অথচ ইহারা কর্ত্তার বিশেষণ।

আধ্যান=স্মরণ। অনাধ্যান (স্মরণ ভিন্ন অন্য) অর্থ বুঝাইলে সম্ ও প্রতি-পূর্ব্বক জ্ঞা ধাতুর আত্মনেপদ হয়। যথা, বন্ধুঃ মে সহস্রং সংজানীতে—My friend looks for a thousand (rupees). অহং ত্বভ্যং শতং প্রতিজানে—I promise you one hundred (rupees).

স্মরণ অর্থে পরস্মৈপদ হয়। যথা, পুত্রঃ পিতরং (বা পিতুঃ) সংজানাতি—The son remembers his father.

(*b*) **অনুপসর্গাজ্জ্ঞঃ।**

কোন উপসর্গ না থাকিলে এবং কর্ত্তা ক্রিয়ার ফলভাগী হইলে জ্ঞা ধাতুর আত্মনেপদ হয়। যথা, জানে ধ্যানস্য বলম্—I know the power of meditation. "নাহং জানে তব মহিমানম্।"

222. উদশ্চরঃ সকর্ম্মকাৎ।

চর্ ধাতু পরস্মৈপদী; কিন্তু উৎ-পূর্ব্বক চর্ ধাতু সকর্ম্মক হইলে আত্মনেপদী হয়। যথা, দুষ্টঃ বালকঃ পিতৃবাক্যম্ উচ্চরতে—The wicked boy transgresses the commands of his his father. উচ্চরতে=উল্লঙ্ঘয়তি। অকর্ম্মক হইলে আত্মনেপদী হয় না। যথা, গৃহাৎ ধূমঃ উচ্চরতি—Somke is rising from the house.

(*a*) **সমস্তৃতীয়া-যুক্তাৎ।** (সমঃ+তৃতীয়াযুক্তাৎ)

তৃতীয়া-বিভক্তি-যুক্ত পদের যোগে সম্-পূর্ব্বক চর্ ধাতুর

আত্মনেপদ হয়। যথা, রাজা রথেন সঞ্চরতে—The king drives in a chariot.

এখানে তৃতীয়া বিভক্তি বলিতে "তৃতীয়া করণে" বুঝায়। অন্য কারণে তৃতীয়া বিভক্তি হইলে আত্মনেপদ হয় না। যথা, গুরুঃ শিষ্যেণ (সহ) সঞ্চরতি। ধার্ম্মিকঃ পুণ্যেন সঞ্চরতি (পুণ্যেন—হেতৌ তৃতীয়া)।

223. স্পর্দ্ধায়াম্ আঙো হ্বঃ। (আঙঃ+হ্বঃ)

হ্বে ধাতু উভয়পদী; কিন্তু স্পর্দ্ধা (challenging) বুঝাইলে আঙ্-পূর্ব্বক হ্বে ধাতুর আত্মনেপদ হয়। যথা, মল্লো মল্লম্ আহ্বয়তে—One wrestler challenges another. স্পর্দ্ধা না বুঝাইয়া আহ্বান বুঝাইলে পরস্মৈপদ হয়। যথা, মাতা পুত্রম্ আহ্বয়তি—The mother calls her son.

224. বৃত্তি-সর্গ-তায়নেষু ক্রমঃ।

ক্রম্ ধাতু উভয়পদী; কিন্তু বৃত্তি (অপ্রতিবন্ধ), সর্গ (উৎসাহ) ও তায়ন (বৃদ্ধি) অর্থে বুঝাইলে ক্রম্ ধাতুর কেবল আত্মনেপদ হয়। যথা, শাস্ত্রেষু ক্রমতে বুদ্ধিঃ—Intellect is not obstructed in the (cultivation of the) Sastras. সুবোধঃ পাঠায় ক্রমতে—Subodh shows eagerness for study. সতাং শ্রীঃ ক্রমতে—The wealth of the good increases.

(*a*) **উপ-পরাভ্যাম্।**

বৃত্তি, সর্গ ও তায়ন অর্থ বুঝাইলে উপ ও পরা-পূর্ব্বক্ ক্রম্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, শাস্ত্রেষু উপক্রমতে বুদ্ধিঃ। রণায় পরাক্রমতে শূরঃ।

(*b*) **আঙো জ্যোতিরুদ্গমনে।** (আঙঃ+জ্যোতিঃ+উৎ+গমনে)

গ্রহ-নক্ষত্র প্রভৃতি জ্যোতিঃ-পদার্থের ঊর্দ্ধগমন বুঝাইলে আঙ্-পূর্ব্বক ক্রম্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, রবিঃ আক্রমতে—The sun rises. জ্যোতিঃ-পদার্থ ভিন্ন অন্য পদার্থের ঊর্দ্ধগমন

বুঝাইলে আত্মনেপদ হয় না। যথা, ধূমঃ হর্ম্ম্যতলাৎ আক্রামতি—Smoke rises from the terrace.

(*c*) **বেঃ পাদবিহরণে।**

পদবিক্ষেপ অর্থ বুঝাইলে বি-পূর্ব্বক ক্রম্ ধাতুর আত্মনেপদ হয়। যথা. সাধু বিক্রমতে বাজী—The horse trots well. অন্য অর্থে আত্মনেপদ হয় না। যথা সন্ধিঃ বিক্রামতি—The joint is loosened.

(*d*) **প্রোপাভ্যাং সমর্থাভ্যাম্।**

প্র ও উপ-পূর্ব্বক ক্রম্ ধাতুর একই অর্থ (আরম্ভ করা) বুঝাইলে আত্মনেপদ হয়। যথা, সন্ধ্যা গাতুং প্রক্রমতে বা উপক্রমতে—Sandhya begins to sing. কিন্তু, ভিন্ন ভিন্ন অর্থ বুঝাইলে প্র ও উপ-পূর্ব্বক ক্রম্ ধাতু পরস্মৈপদী হইবে। প্রক্রামতি=গচ্ছতি; উপক্রামতি=আগচ্ছতি।

(*e*) **অনুপসর্গাদ্ বা।**

উপসর্গহীন ক্রম্ ধাতুর (উপরিলিখিত বৃত্তি, সর্গ ও তায়ন অর্থ না বুঝাইলে) বিকল্পে আত্মনেপদ হয়। যথা, বৃদ্ধঃ শনৈঃ ক্রমতে (বা ক্রামতি)—The old man steps slowly.

225. উদ্-বিভ্যাং তপঃ। অকর্ম্মকাৎ স্বাঙ্গকর্ম্মকাচ্চ।

তপ্ ধাতু পরস্মৈপদী; কিন্তু অকর্ম্মক ও স্বাঙ্গকর্ম্মক (কর্ত্তার নিজের কোন অঙ্গবাচক শব্দ ক্রিয়ার কর্ম্ম) হইলে উৎ ও বি পূর্ব্বক তপ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, (অকর্ম্মক)—উত্তপতে (বা বিতপতে) তপনঃ—The sun shines. (স্বাঙ্গকর্ম্মক)—অয়ং শীতার্ত্তঃ জনঃ হস্তৌ উত্তপতে (বা বিতপতে)—This man suffering from cold warms his hands. অন্য কিছু কর্ম্ম হইলে আত্মনেপদ হয় না। যথা, রবিঃ পৃথিবীম্ উত্তপতি (বা বিতপতি)—The sun warms the earth.

(a) তপস্ তপঃকর্ম্মকস্যৈব।

তপস্ শব্দ কর্ম্ম-রূপে ব্যবহৃত হইলে তপ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা—অশাস্ত্রবিহিতং ঘোরং তপ্যন্তে যে তপো জনাঃ (গী)।

226. আঙো যমহনঃ। অকর্ম্মকাৎ স্বাঙ্গকর্ম্মকাচ্চ।

যম্ ও হন্ ধাতু পরস্মৈপদী; কিন্তু অকর্ম্মক অথবা স্বাঙ্গকর্ম্মক হইলে আঙ্-পূর্ব্বক যম্ ও আঙ্-পূর্ব্বক হন্ ধাতুর আত্মনেপদ হয়। যথা—(অকর্ম্মক) আযচ্ছতে পাদপঃ—The tree spreads. (স্বাঙ্গকর্ম্মক) বালকঃ স্বহস্তম্ আযচ্ছতে—The boy stretches his own hand. বৃদ্ধঃ স্বমস্তকম্ আহতে—The old man strikes his own head.

স্বাঙ্গবাচক শব্দ ভিন্ন অন্য কিছু কর্ম্ম হইলে আত্মনেপদ হয় না। যথা, কৃষকঃ কূপাৎ রজ্জুম্ আযচ্ছতি—The farmer draws up the rope from the well. যোদ্ধা অসিনা অরিম্ আহন্তি—The warrior strikes the enemy with a sword.

(a) সমুদ্ভ্যাং যমোঽগ্রন্থে।

সম্ ও উৎ-পূর্ব্বক যম্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, তরুণ-তাপসঃ যজ্ঞার্থং কাষ্ঠানি সংযচ্ছতে—The young hermit gathers wood for sacrifice. ভৃত্যঃ ভারম্ উদ্যচ্ছতে—The servant lifts up the load. কিন্তু, কোন গ্রন্থ কর্ম্ম হইলে আত্মনেপদ হয় না। যথা, সুবিমলঃ হিন্দীব্যাকরণম্ উদ্যচ্ছতি—Subimal tries hard to learn the Hindi grammar-book.

(b) উপাদ্ যমঃ স্বকরণে।

স্বকরণ (অর্থাৎ বিবাহ) অর্থ বুঝাইলে উপ-পূর্ব্বক যম্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, অর্জ্জুনঃ কৃষ্ণাম্ উপযেমে—Arjuna married Krishnā. স বৃদ্ধঃ তরুণীম্ উপযেমে—That old man married a young woman.

227. সমোঽকর্ম্মক-গমাদেঃ।

অকর্ম্মক হইলে সম্-পূর্ব্বক গমাদি (গম্, প্রচ্ছ্ শ্রু, দৃশ্ প্রভৃতি) ধাতুর আত্মনেপদ হয়। যথা, ইদং বাক্যং সঙ্গচ্ছতে—This sentence fits in. অয়ম্ অর্থঃ ন সঙ্গচ্ছতে—This meaning is not proper. হিতান্ন যঃ সংশৃণুতে স কিম্প্রভুঃ (কি)—He is a bad master who does not listen to his well-wisher. সকর্ম্মক হইলে আত্মনেপদ হয় না। যথা, শকুন্তলা স্বামিনং সঙ্গচ্ছতি—Sakuntala becomes united with her husband. পিতা মে কালীমন্দিরে প্রত্যহং শাস্ত্রং সংশৃণোতি—My father hears the Sastras at the Kali-temple everyday.

228. স্বরাদ্যন্তোপসর্গাদ্ যুজেঃ।

যুজ্ ধাতু উভয়পদী; কিন্তু স্বরাদি ও স্বরান্ত উপসর্গগুলির অর্থাৎ সম্, নির্ ও দুর্ ভিন্ন অন্য সকল উপসর্গ যুক্ত যুজ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, প্রযুঙ্‌ক্তে, নিযুঙ্‌ক্তে, অনুযুঙ্‌ক্তে, বিযুঙ্‌ক্তে, উদ্‌যুঙ্‌ক্তে, উপযুঙ্‌ক্তে, বিনিযুঙ্‌ক্তে; কিন্তু—সংযুনক্তি, নির্যুনক্তি, দুর্যুনক্তি। মহেশঃ শ্রমিকান্ কর্ম্মণি নিযুঙ্‌ক্তে—Mahesh employs the labourers in his work. বৃদ্ধঃ রোগী অনুযুঙ্‌ক্তে—The old patient complains. সৈনিকঃ যুদ্ধায় উদ্‌যুঙ্‌ক্তে—The soldier prepares himself for the fight. যজ্ঞপাত্র কর্ম্ম থাকিলে প্র পূর্ব্বক যুজ্ ধাতুর আত্মনেপদ হয় না। যেমন, বিপ্রঃ যজ্ঞপাত্রং প্রযুনক্তি—The Brahmin makes use of the sacrificial vessel.

229. বিমতৌ বদঃ।

বিবাদ অর্থ বুঝাইলে বি-পূর্ব্বক বদ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, বালকাঃ বিবদন্তে—The boys are quarrelling. শাস্ত্রাণি অন্যোঽন্যং বিবদন্তে—The Sastras are inconsistent with one another.

(a) অপাদ্ বদঃ।

কর্ত্তা ক্রিয়ার ফলভাগী হইলে অর্থাৎ ক্রিয়া দ্বারা কর্ত্তা লাভবান হইলে অপ-পূর্ব্বক বদ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, ন্যায়মপবদতে ধনকামঃ।

230. সম্মাননোৎসঞ্জনাচার্য্যকরণ-জ্ঞান-ভৃতি-বিগণন-ব্যয়েষু-নিয়ঃ।

নী ধাতু পরস্মৈপদী। কিন্তু সম্মানন (পূজন), উৎসঞ্জন (উৎক্ষেপণ), আচার্য্যকরণ (উপনয়ন বা দীক্ষাদান), জ্ঞান, ভৃতি (বেতনদান), বিগণন (ঋণ বা কর পরিশোধ) ও ব্যয় (সৎকর্ম্মে) অর্থে নী ধাতুর আত্মনেপদ হয়। ক্রমিক উদাহরণ যথা—(সম্মানন অর্থে) কালিকাং নয়তে সাধকঃ—The devotee worships Kalika. (উৎসঞ্জন বা উৎক্ষেপণ অর্থে) প্রহরী দণ্ডম্ উন্নয়তে—The sentry lifts up the staff. (আচার্য্যকরণ অর্থে) বিপ্রঃ পুত্রম্ উপনয়তে—The Brahmin invests his son with the holy thread. (জ্ঞান অর্থে) গৌতমঃ তত্ত্বং নয়তে—Gautama investigates truth. উপাধ্যায়ঃ নীতি-শাস্ত্রেষু নয়তে—The preceptor gives instructions in the Ethics. (ভৃতি অর্থে) প্রভুঃ ভৃত্যম্ উপনয়তে—The master employs a servant on wages. (বিগণন অর্থে) শীঘ্রমেব ঋণং বিনেষ্যে—Soon I shall pay off the debts. ধনবান্ আয়করং বিনয়তে—The rich man pays the Income Tax. (ব্যয় অর্থে) দেশবন্ধুঃ চিত্তরঞ্জনঃ দেশহিতায় ধনং বিনয়তে স্ম—Deshbandhu Chittaranjan spent his wealth for the welfare of his countrymen.

(a) কর্ত্তৃস্থে চাশরীরে কর্ম্মণি।

কর্ম্ম, কর্ত্তাতে অবস্থিত এবং অশরীর (অবয়বহীন) হইলে অর্থাৎ কর্ত্তার শরীরের মধ্যেই অবস্থান করিলে বি-পূর্ব্বক নী ধাতুর আত্মনেপদ হয়। যথা, জ্ঞানী ক্রোধং বিনয়তে—The wise man restrains

his anger. এখানে কর্ম্ম ক্রোধ, কর্ত্তা জ্ঞানীতে অবস্থিত এবং অশরীর (অবয়বহীন) বলিয়া আত্মনেপদ হইল। কিন্তু, অশোকঃ মিত্রস্য ক্রোধং বিনয়তি—Asoke appeases the anger of his friend. এখানে কর্ম্ম ক্রোধ, কর্ত্তা অশোকের মধ্যে অবস্থিত নহে বলিয়া আত্মনেপদ হইল না। সুপ্রিয়া গণ্ডং বিনয়তি—Supriya turns her cheek. এখানে কর্ম্ম গণ্ড, অবয়বহীন নহে বলিয়া আত্মনেপদ হইল না।

231. আশংসে-রাশংসায়াম্।

আশংসা (আশা) বুঝাইলে আ-পূর্ব্বক শন্‌স্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, তদা নাশংসে বিজয়ায় সঞ্জয় (ম)—O Sanjaya, then I gave up all hopes of success.

232. কর্ত্রভিপ্রায়ে ক্রিয়াফলে।

কর্ত্তা স্বয়ং ক্রিয়ার ফলভাগী হইলে অর্থাৎ কর্ত্তা স্বপ্রয়োজনে ক্রিয়ার অনুষ্ঠান করিলে উভয়পদী ধাতুর আত্মনেপদ হয় এবং অন্য কেহ ফলভাগী হইলে পরস্মৈপদ হয়। যথা, বিপ্রঃ যজতে—The Brahmin sacrifices (for his own benefit). বিপ্রঃ যজতি—The Brahmin sacrifices (for the benefit of some other person). যাজকঃ হবনং কুরুতে (কর্ত্তা স্বয়ং হবন ক্রিয়ার ফলভাগী)। যাজকঃ হবনং করোতি (অপরে কর্ত্তার হবন ক্রিয়ার ফলভাগী)। এই সূত্রের ব্যতিক্রমও সংস্কৃত সাহিত্যে অনেক স্থানে দেখা যায়।

233. ভাবকর্ম্মণোঃ।

ভাববাচ্যে ও কর্ম্মবাচ্যে সকল ধাতুরই আত্মনেপদ হয়। যথা, ময়া অত্র স্থীয়তে—I stay here. কবিনা চন্দ্রঃ দৃশ্যতে—The moon is being seen by the poet.

234. জ্ঞা-শ্রু-স্মৃ-দৃশাং সনঃ।

সনন্ত অর্থাৎ সন্ প্রত্যয়ান্ত জ্ঞা, শ্রু, স্মৃ ও দৃশ্ ধাতুর আত্মনে-

পদ হয়। যথা—জিজ্ঞাসতে, শুশ্রূষতে, সুস্মূর্ষতে, দিদৃক্ষতে। ক্রমিক উদাহরণ যথা—রত্না ইদং জিজ্ঞাসতে—Ratna wishes to know it. দীপা গীতং শুশ্রূষতে—Dipa wishes to hear a song. দিলীপঃ বিস্মৃতং সুস্মূর্ষতে—Dilip wishes to remember a forgotten thing. শিশুঃ চন্দ্রং দিদৃক্ষতে—The child wishes to see the moon.

(*a*) নানোর্জ্ঞঃ।

সনন্ত হইলেও অনু-পূর্ব্বক জ্ঞা ধাতুর আত্মনেপদ হয় না। যথা, পিতা পীড়িতং পুত্রম্ অনুজিজ্ঞাসতি—The father enquires after his ill son.

(*b*) প্রত্যাঙ্‌ভ্যাং শ্রুবঃ।

সনন্ত প্রতি ও আ-পূর্ব্বক শ্রু ধাতুর আত্মনেপদ হয় না। যথা—স মাং প্রতিশুশ্রূষতি—He serves me in return. স্বামিনম্ আশুশ্রূষতি ভৃত্যঃ—The servant carefully attends his master.

(*c*) ভীস্ম্যোর্হেতুভয়ে।

হেতু অর্থাৎ প্রযোজক কর্ত্তা হইতে ভয় বা বিস্ময় বুঝাইলে ণিজন্ত ভী ও স্মি ধাতুর আত্মনেপদ হয়। ভী স্থানে বিকল্পে ভীষ্ আদেশ হয় এবং স্মি স্থানে স্মা হয়। যথা—তস্করঃ মাং ভাপয়তে (বা ভীষয়তে)—The thief frightens me. জটাধরঃ সাধুঃ শিশুং বিস্মাপয়তে—The saint with matted hair surprises the child.

কিন্তু, প্রযোজক কর্ত্তা স্বয়ং ভয়ের বা বিস্ময়ের কারণ না হইলে আত্মনেপদ হয় না। যথা—শিক্ষকঃ যষ্ট্যা ছাত্রং ভায়য়তি—The teacher frightens his pupil with a stick. অয়ং বালকঃ প্রজ্ঞয়া মাং বিস্মাপয়তি—This boy astonishes me with his wisdom.

235. বেঃ কৃঞঃ। শব্দকর্ম্মকাদ্ অকর্ম্মকাচ্চ।

শব্দবোধক পদ কর্ম্ম থাকিলে বা অকর্ম্মক হইলে, বি-পূর্ব্বক কৃ ধাতুর আত্মনেপদ হয়। যথা, অভিনেতা স্বরান্ বিকুরুতে—The actor makes various sorts of sounds. অধুনা ছাত্রাঃ বিকুর্ব্বতে—Now-a-days the students act at will. অন্যত্র আত্মনেপদ হয় না। যথা, ক্রোধঃ চিত্তং বিকরোতি—Anger perverts the mind.

236. আশিষি নাথঃ।

নাথ্ ধাতু উভয়পদী; কিন্তু আশিস্ (অভিলাষ) অর্থে নাথ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, অপুত্রকঃ রাজা পুত্রং নাথতে—The childless king longs for a son

237. নিসমুপবিভ্যো হ্বঃ।

হ্বে ধাতু উভয়পদী; কিন্তু নি, সম্, উপ ও বি-পূর্ব্বক হ্বে ধাতুর আত্মনেপদ হয়। যথা—স ত্বাং নিহ্বয়তে—He calls you. পরিষদি সংহ্বয়তে মুখ্যমন্ত্রী—The chief minister speaks in the assembly. স মাম্ অদ্য উপহ্বয়তে—He invites me to-day. শিক্ষকঃ তব নাম বিহ্বয়তে—The teacher speaks out your name. অর্জ্জুনং বিহ্বয়তে কর্ণঃ—Karna calls out (challenges) Arjuna.

238. অবাদ্ গিরতেঃ।

গৃ ধাতু পরস্মৈপদী; কিন্তু অব-পূর্ব্বক গৃ ধাতুর আত্মনেপদ হয়। যথা, হৃষ্টঃ বালকঃ মোদকম্ অবগিরতে—The boy being glad swallows sweetmeats.

Exercise 34

I. Translate into Sanskrit :—

Serve (শুশ্রূষ্) your superiors. The old tiger opens

his mouth. This is not proper (সম্+গম্). I hope (আ+শন্স্) to be successful in the annual examination. He wishes to see your brother. All should worship (উপ+স্থা) the living god Sun. The goldsmith heats (উৎ+তপ্) gold. I shall not sell this bird at such a low price. Gita still remembers (সম্+জ্ঞা) her mother. Smoke covers (আ+ক্রম্) the sky. Bid farewell to your dear friend. The king will drive in a chariot. Madan lifts up (উৎ+যম্) a heavy load. Ramchandra married (উপ+যম্) the daughter of Janaka. This road leads to (উপ+স্থা) Khargapur. One wrestler challenged (আ+হ্বে) another in the arena. At summer the sun shines (উৎ+তপ্) very hot. The patient stretched (আ+যম্) his left leg. He wishes to know (জিজ্ঞাস্) my intention. Sasanka, the king of Gaur, defeated (বি+জি) all the kings easily. Why do you transgress (উৎ+চর্) my commands ? I do not worship any other god except Vishnu. Then Bibhishan began (উপ+ক্রম্) to speak thus. Good men always pay off (বি+নী) their debts in time. The cultivator gathers paddy from the field in the cold season. The master employs (নি+যুজ্) four servants in his work. Sakuntala becomes united with her husband after a long time. Early in the morning the army started of (প্র+স্থা) from the camp. The husband appeases (বি+নী) the anger of his wife. The wealth of the honest man increases. Hearing this sad news, the old woman strikes her own head. Anger perverts (বি+কৃ) the mind. The rich merchant longs for a son. I promise to give you one hundred rupees in the evening. He who restrains (বি+নী) his anger is to be praised. I gave him my grammar book to read, but he now denies (অপ+জ্ঞা) it. My relatives do not act up (সন+স্থা) to my words, as I am poor now. Mahendra the king of Nepal protects

his subjects very carefully. All the devotees came to (উপ+স্থা) the temple to worship Siva.

II. Correct (stating the rule violated) :—

রিপূন্ পরাজয়। ভানুঃ মহীম্ উত্তপতে। ভীমঃ কীচকম্ আহ্বয়তি। ইদম্ অন্নং ভুঙ্গ্ধি। ভস্মাসুরঃ দেবান্ পরাজিগায়। ত্বং কিং জিজ্ঞাসসি? ক্রোধং সর্ব্বথা বিনয়। বেদেষু ক্রামতি বুদ্ধিঃ। রাজা সিংহাসনাৎ উত্তিষ্ঠতে। দূতঃ বক্তুং প্রচক্রাম। অপরাধী স্বদেশং সংজানীতে। ব্রাহ্মণাঃ দুর্গাম্ উপাতিষ্ঠন্। রবিঃ রসম্ আদদাতি। ধীবরঃ মৎস্যং বিক্রীণাতি। বালকাঃ অত্র সংক্রীড়ন্তি। স্থূলাঙ্গীং ন উপযচ্ছেৎ। শঠঃ উক্তম্ অপজানাতি। পিতা পুত্রেণ সঞ্চরতে। কামঃ চিত্তং বিকুরুতে। অহং শ্বঃ প্রস্থাস্যামি। জ্ঞানী জ্ঞানিনং সংগচ্ছতে। বৃথা ত্বং প্রতিজানাসি। আক্রমতে ধূমঃ হর্ম্ম্য-তলাৎ। রাক্ষসাঃ ইতস্ততঃ সঞ্চরন্তে। স রাজা ভবিতুম্ আশংসতি। তৌ বিবদন্তৌ গৃহং জগ্মতুঃ। স মে বাক্যং সংশৃণুতে। অলকায়াং বালিকাঃ রত্নৈঃ সংক্রীড়ন্তি। প্রবাসগামী পুত্রঃ মাতরম্ আপৃচ্ছতি। দরিদ্রো দুঃখশতানি ভুনক্তি। অয়ং প্রস্তাবঃ ন সঙ্গচ্ছতি। অশ্বেন সঞ্চরন্ রাজা মুনিকন্যাং দদর্শ। রোগিগণং শুশ্রূষন্ অহং সুখং প্রাপ্নোমি। রুদন্ নরঃ স্বীয়ং শিরঃ আহন্তি। ত্বাম্ অহং গুরুণি কার্য্যে নিযোক্ষ্যামি। কাদম্বরী চন্দ্রাপীড়স্য অনুরাগং জিজ্ঞাসন্তী প্রাহ।

III. What is the difference in usage and meaning, if any, between :—

ভুনক্তি, ভুঙ্‌ক্তে; আহন্তি, আহতে; করিষ্যামি, করিষ্যে; আক্রামতি, আক্রমতে; সংজানাতি, সংজানীতে; আদদাতি, আদত্তে; উচ্চরতি, উচ্চরতে; আহ্বয়তি, আহ্বয়তে; উত্তিষ্ঠতি, উত্তিষ্ঠতে; সঞ্চরতি, সঞ্চরতে; উত্তপতি, উত্তপতে; সংক্রীড়তি, সংক্রীড়তে; বিনয়তি, বিনয়তে; সঙ্গচ্ছতি, সঙ্গচ্ছতে; উপতিষ্ঠতি, উপতিষ্ঠতে; তিষ্ঠতি, তিষ্ঠতে; যজতি, যজতে; বিক্রামতি, বিক্রমতে; উদ্‌যচ্ছতি, উদ্‌যচ্ছতে; আযচ্ছতি, আযচ্ছতে; বিকরোতি, বিকুরুতে।

Desiderative Verbs (সনন্ত ধাতু)

239. ইচ্ছা অর্থে ধাতুর উত্তর সন্ প্রত্যয় হয়। সন্ প্রত্যয়ের 'স' অবশিষ্ট থাকে। নিজন্তের ন্যায় সনন্তও একটি স্বতন্ত্র ধাতু হইয়া দাঁড়ায়। যথা, পা একটি ধাতু; পা+সন্ ইচ্ছার্থে=পিপাস্—আর একটি পৃথক্ ধাতুতে পরিণত হয়।

240. পরস্মৈপদী ধাতুর উত্তর সন্ প্রত্যয় করিলে সনন্ত ধাতু পরস্মৈপদী হয়। এইরূপ, আত্মনেপদী ধাতুর উত্তর সনন্ত ধাতু আত্মনেপদীই হইয়া থাকে। সন্ প্রত্যয়ান্ত ধাতুর লট্ প্রভৃতি চারি বিভক্তিতে ভ্বাদিগণীয় ধাতুর ন্যায় রূপ হয়। যথা—পা ধাতু পরস্মৈপদী। পা+সন্ ইচ্ছার্থে=পিপাস্+লট্ তি=পিপাসতি; লোট্—পিপাসতু; লঙ্—অপিপাসৎ; বিধিলিঙ্—পিপাসেৎ। লভ্ ধাতু আত্মনেপদী। লভ্+সন্ ইচ্ছার্থে+লট্ তে=লিপ্সতে; লোট্—লিপ্সতাম্; লঙ্—অলিপ্সত; বিধিলিঙ্—লিপ্সেত।

পূর্ব্বেই বলা হইয়াছে সনন্ত জ্ঞা, শ্রু, স্মৃ ও দৃশ্ ধাতু সর্ব্বদা আত্মনেপদী এবং সনন্ত মৃ ধাতু পরস্মৈপদী হয়।

English	Sanskrit	Sanskrit (with সন্ প্রত্যয়)
Wishes to read	পঠিতুম্ ইচ্ছতি	পিপঠিষতি।
,, to see	দ্রষ্টুম্ ,,	দিদৃক্ষতে।
,, to speak	বদিতুম্ ,,	বিবদিষতি।
,, to live	জীবিতুম্ ,,	জিজীবিষতি।
,, to stay	স্থাতুম্ ,,	তিষ্ঠাসতি।
,, to go	গন্তুম্ ,,	জিগমিষতি।

Subha wishes to read this book—শুভা পুস্তকমিদং পিপঠিষতি। He wishes to say so—স এবং বিবদিষতি। Everyone wishes to live happily—সর্ব্বে সুখেন জিজীবিষন্তি। They wish to stay in Calcutta—তে কলিকাতানগর্য্যাং তিষ্ঠাসন্তি। We wish to go home now—বয়মধুনা গৃহং জিগমিষামঃ।

241. কয়েকটি ধাতুর উত্তর স্বার্থে অর্থাৎ নিজের অর্থেই সন্ প্রত্যয় হয়, ইচ্ছার্থে হয় না। যথা, কিৎ—চিকিৎসতি (cures), গুপ্—জুগুপ্সতে (despises); তিজ্—তিতিক্ষতে (endures or forbears); বধ্—বীভৎসতে (loathes) মান্—মীমাংসতে (decides or investigates).

কয়েকটি সনন্ত ধাতুর লট্, প্রথমপুরুষ, একবচনের পদ :—

অদ্	জিঘৎসতি	ভাষ্	বিভাষিষতে
আপ্	ঈপ্সতি	ভুজ্	বুভুক্ষতি-তে
ই বা গম্	জিগমিষতি	ভূ বা অস্	বুভূষতি
অধি+ই	অধিজিগাংসতে	মা	মিৎসতি-তে
কথ	চিকথয়িষতি	মুচ্	মুমুক্ষতি-তে
কৃ	চিকীর্ষতি-তে	মৃ	মুমূর্ষতি
ক্রী	চিক্রীষতি-তে	যজ্	যিযক্ষতি-তে
খাদ্	চিখাদিষতি	যা	যিযাসতি
গৈ	জিগাসতি	যাচ্	যিযাচিষতি-তে
গ্রহ্	জিঘৃক্ষতি-তে	যুধ্	যুযুৎসতে
জি	জিগীষতি	রক্ষ্	রিরক্ষিষতি
জ্ঞা	জিজ্ঞাসতে	রু	রুরূষতি
ত্যজ্	তিত্যক্ষতি	রুদ্	রুরুদিষতি
ত্রৈ	তিত্রাসতে	রুহ্	রুরুক্ষতি
দা	দিৎসতি-তে	লভ্	লিপ্সতে
দৃশ্	দিদৃক্ষতে	লিখ্	লিলি(লে)খিষতি
ধা	ধিৎসতি-তে	বদ্	বিবদিষতি
ধৃ	দিধীর্ষতি-তে	বস্ (ভ্বাদি)	বিবৎসতি
নম্	নিনংসতি	বস্ (অদাদি)	বিবসিষতে
নী	নিনীষতি-তে	বহ্	বিবক্ষতি-তে
পঠ্	পিপঠিষতি	বিদ্ (জানা)	বিবিদিষতি
পা	পিপাসতি	বিশ্	বিবিক্ষতি
প্রচ্ছ্	পিপৃচ্ছিষতি	শাস্	শিশাসিষতি
ব্রূ বা বচ্	বিবক্ষতি-তে	শিক্ষ্	শিশিক্ষিষতে
ভজ্	বিভক্ষতি-তে	শী	শিশয়িষতে

শ্রু	শুশ্রূষতে	স্পৃশ্	পিস্পৃক্ষতি
সদ্	সিষৎসতি	স্বপ্	সুষুপ্সতি
সৃজ্	সিসৃক্ষতি	হন্	জিঘাংসতি
সেব্	সিসেবিষতে	হস্	জিহসিষতি
স্তু	তুষ্টূষতি-তে	হা	জিহাসতি-তে
স্থা	তিষ্ঠাসতি	হৃ	জিহীর্ষতি-তে
স্না	সিস্নাসতি	হ্বে	জুহূষতি-তে

Exercise 35

I. Translate into Sanskrit :—

The little boy wishes to lie down in the soft bed. No one wishes to die in this world. I wish to drink pure water of the well. Jayasree wishes to read this book. We do not wish to eat (অদ্) wheat. I wish to know (বিদ্) this. Every one wishes to gain (লভ্) reputation in the world. Sita wished to go with Rama in the forest. I wish to ask you a simple question. We wish to hear your words. The milkman wishes to let loose (মুচ্) the cows. Now I wish to write a letter to my brother. All men wish to get (আপ্) money. The hunter wished to kill some beasts. Forbear (তিজ্+সন্) your enemy's faults. That king of Persia wished to conquer (জি) India. Who does not wish to live (জীব্) long? My father wishes to give you a cloth. Do you wish to take (গ্রহ্) this pen? Thieves wish to steal (হৃ) money any how. Sunil wished to stay here for a month. Lila wishes to sleep in this room. Mira wished to sing before Lord Krishna. We wish to learn the Sastras.

II. Substitute single words for :—

হন্তুম্ ইচ্ছামি; স্থাতুম্ ইচ্ছসি; দাতুম্ ইচ্ছন্তি; বক্তুম্ ইচ্ছসি; সেবিতুম্ ইচ্ছন্তি; শয়িতুম্ ইচ্ছামি; কর্তুম্ ইচ্ছেৎ; লেখিতুম্ ইচ্ছন্তি; হাতুম্ ইচ্ছেৎ; প্রষ্টুম্ ঐচ্ছৎ; বেদিতুম্ ইচ্ছামি রক্ষিতুম্

ঐচ্ছম্; আপ্তুম্ ইচ্ছামি; নেতুম্ ঐচ্ছন্; রোদিতুম্ ইচ্ছন্তি; লব্ধুম্ ইচ্ছামঃ; হ্বাতুম্ ইচ্ছামি; শ্রোতুম্ ইচ্ছন্তি; স্নাতুম্ ইচ্ছতি।

III. Correct (giving the reasons in each case) :—

শিশুঃ সুষুপিষতি। পথিকাঃ শিশয়িষন্তি। কথং ত্বং মুমূর্ষতে? নাহং ধনং লিপ্সামি। অহম্ ইদং জিগ্রহিষামি। স ফলানি বুভুক্ষতি। তে ইদং বিভাষিষন্তি। সৰ্ব্বে নববধূং দিদৃক্ষন্তি। ব্যাধঃ পক্ষিণং জিহনিষতি। অহং তে দোষং তিতিক্ষামি।

Frequentative Verbs (যঙন্ত ধাতু)

242. একস্বর-যুক্ত অথচ আদিতে ব্যঞ্জনবর্ণ-বিশিষ্ট ধাতুর উত্তর পৌনঃপুন্য (frequency) এবং অতিশয় (intensity) অর্থে যঙ্ প্রত্যয় হয়। যঙের 'য' থাকে। যঙন্ত ধাতু আত্মনেপদী হয়।

243. ণিজন্ত ও সনন্তের ন্যায় যঙন্তও স্বতন্ত্র ধাতু বলিয়া গণ্য হয় এবং লট্ প্রভৃতি চারি লকারে যঙন্ত ধাতুর ভ্বাদিগণীয় ধাতুর ন্যায় রূপ হয়। যথা, Subodh reads this book over and over again—সুবোধঃ পুস্তকমিদং পাপঠ্যতে।

কয়েকটি যঙন্ত ধাতুর লট্, প্রথম পুরুষ, একবচনের রূপঃ—

অট্—অটাট্যতে
অশ্—অশাশ্যতে
অস্ বা ভূ—বোভূয়তে
কম্প্—চঙ্কম্প্যতে
কৢপ্—চোকৢপ্যতে
কৃ—চেক্রীয়তে
ক্রন্দ্—চাক্রন্দ্যতে
ক্রী—চেক্রীয়তে
খাদ্—চাখাদ্যতে
গম্—জঙ্গম্যতে
গর্জ্—জাগর্জ্যতে
গৈ—জেগীয়তে
গ্রহ্—জরীগৃহ্যতে
ঘ্রা—জেঘ্রীয়তে

চর্—চঞ্চর্যতে
চল্—চঞ্চল্যতে
জন্—জঞ্জন্যতে, জাজায়তে
জি—জেজীয়তে
জ্বল্—জাজ্বল্যতে
তপ্—তাতপ্যতে
দন্শ্—দন্দশ্যতে
দা—দেদীয়তে
দীপ্—দেদীপ্যতে
দৃশ্—দরীদৃশ্যতে
নী—নেনীয়তে
নৃৎ—নরীনৃত্যতে
পচ্—পাপচ্যতে
পঠ্—পাপঠ্যতে

পা—পেপীয়তে
প্রচ্ছ্—পরীপৃচ্ছ্যতে
ব্রূ বা বচ্—বাবচ্যতে
ভিদ্—বেভিদ্যতে
ভুজ্—বোভুজ্যতে
ভৃ—বেভ্রীয়তে
মা—মেমীয়তে
মুহ্—মোমুহ্যতে
রুদ্—রোরুদ্যতে
লিহ্—লেলিহ্যতে
লুপ্—লোলুপ্যতে
বদ্—বাবদ্যতে
বহ্—বাবহ্যতে
বিশ্—বেবিশ্যতে
শপ্—শাশপ্যতে
শী—শাশয্যতে
শুচ্—শোশুচ্যতে
শ্রু—শোশ্রূয়তে
সিচ্—সেসিচ্যতে
স্থা—তেষ্ঠীয়তে
স্মৃ—সাস্মর্য্যতে
স্বপ্—সোষুপ্যতে
হন্—জেঘ্নীয়তে, জঙ্ঘন্যতে
হৃ—জেহ্রীয়তে

মনে রাখা প্রয়োজন—অট্, অশ্ ও অস্ ধাতুর আদিতে স্বরবর্ণ থাকিলেও যঙ্ প্রত্যয় হইয়া থাকে।

Exercise 36

I. Translate into Sanskrit :—

These little girls dance again and again. The lion in the cage (পিঞ্জরাবদ্ধ) roars frequently at night. The old father mourns (শুচ্) constantly for his dead son. The princess smells the flower again and again. Everyone is looking at this beautiful scenery again and again. Why do you cry frequently? She sings this song frequently. I take (নী) him there over and over again. Tigers roam (অট্) in the dense forest constantly. I read the Gitanjali by Rabindranath over and over again

II. Substitute single words for :—

ভৃশং রোদিতি; ভৃশং দীপ্যতে; ভৃশং গায়তি; পুনঃ পুনঃ নৃত্যতি; ভৃশং জ্বলতি; ভৃশং সিঞ্চতি; পুনঃ পুনঃ করোতি; পুনঃ পুনঃ স্মরতি; ভৃশং বদতি· পুনঃ পুনঃ হরতি; পুনঃ পুনঃ লেঢ়ি;

পুনঃ পুনঃ পশ্যতি; ভৃশং কম্পতে; পুনঃ পুনঃ পৃচ্ছতি; পুনঃ পুনঃ যাতি; পুনঃ পুনঃ জিঘ্রতি; পুনঃ পুনঃ দশতি।

III. Correct (giving reasons) :—

বালিকা নরীনৃত্যতি। যুবতী রোরুদ্যতী মামিদং প্রাহ। ভৃত্যঃ ভূমিং চরীকৃষ্যতি। রাজা বনম্ অটাট্যন্ কুটীরং দদর্শ।

Nominal Verbs (নামধাতু)

244. শব্দের উত্তর বিশেষ বিশেষ অর্থে কাম্য, ক্যচ্, ক্যঙ্, ণিচ্ প্রভৃতি প্রত্যয় হয়; ঐ সকল প্রত্যয়-যুক্ত শব্দকে নামধাতু বলে। লট্ প্রভৃতি লকারে নামধাতুর রূপ ভ্বাদিগণীয় ধাতুর ন্যায়। কাম্য, ক্যচ্ ও ণিচ্ প্রত্যয়ান্ত নামধাতু পরস্মৈপদী ও ক্যঙ্ প্রত্যয়ান্ত নামধাতু আত্মনেপদী হয়।

245. নিজের ইচ্ছা বুঝাইলে শব্দের উত্তর কাম্য প্রত্যয় হয়। যথা, আত্মনঃ পুত্রম্ ইচ্ছতি=পুত্রকাম্যতি—He desires to have a son. এইরূপ, আত্মনঃ ধনম্ ইচ্ছতি=ধনকাম্যতি; আত্মনঃ যশঃ ইচ্ছতি=যশস্কাম্যতি। অন্যসংক্রান্ত ইচ্ছা বুঝাইলে কাম্য বা ক্যচ্ প্রত্যয় হয় না। যথা, পুত্রস্য পুত্রম্ ইচ্ছতি=পুত্রকাম্যতি বা পুত্রীয়তি এইরূপ প্রয়োগ হইবে না।

246. নিজের ইচ্ছা বুঝাইলে এবং কয়েকটি বিশেষ বিশেষ অর্থে শব্দের উত্তর ক্যচ্ প্রত্যয় হয়। যথা, আত্মনঃ পুত্রম্ ইচ্ছতি=পুত্রীয়তি। নমঃ করোতি=নমস্যতি; তপঃ করোতি=তপস্যতি। পুত্রম্ ইব আচরতি (ছাত্রম্)=পুত্রীয়তি (ছাত্রম্)—He treats (his pupil) like a son. এইরূপ, রিপূয়তি মিত্রম্; সখীয়তি ভৃত্যম্। পিত্রীয়তি উপাধ্যায়ম্; মাত্রীয়তি পরস্ত্রীম্। উদকং পিপাসতি=উদন্যতি; অশনং বুভুক্ষতে=অশনায়তি; ধনায় আকাঙ্ক্ষতি =ধনায়তি।

247. আচরণ অর্থে কর্ত্তৃবাচক উপমানের উত্তর ক্যঙ্ প্রত্যয় হয়। যথা, নৃপঃ ইব আচরতি=নৃপায়তে—He acts like a king. এইরূপ, পুত্রায়তে; শিষ্যায়তে; হংসায়তে; সখীয়তে; দ্রুমায়তে; দণ্ডায়তে; অনলায়তে। পয়ঃ ইব আচরতি=পয়ায়তে বা পয়স্যতে; পিতা ইব আচরতি=পিত্রীয়তে; মাত্রীয়তে; রাজা ইব আচরতি= রাজায়তে।

(*a*) করণ অর্থে ক্যঙ্ প্রত্যয় হয়। যথা, শব্দং করোতি= শব্দায়তে। এইরূপ, বৈরায়তে; কলহায়তে।

(*b*) অনুভব অর্থে ক্যঙ্ প্রত্যয় হয়। যথা, সুখম্ অনুভবতি =সুখায়তে। এইরূপ, দুঃখায়তে; কৃচ্ছ্রায়তে।

(*c*) উদ্বমন অর্থে ক্যঙ্ প্রত্যয় হয়। যথা, ফেনম্ উদ্বমতি= ফেনায়তে। এইরূপ, বাষ্পায়তে; ধূমায়তে; উষ্মায়তে।

(*d*) অভূততদ্ভাব (পূর্বে ছিল না, এখন হইয়াছে) অর্থে ক্যঙ্ প্রত্যয় হয়। যথা, অমন্দঃ মন্দঃ ভবতি=মন্দায়তে। এইরূপ, ভৃশায়তে; শীঘ্রায়তে; চপলায়তে। পণ্ডিতায়তে; উৎসুকায়তে; উন্মনায়তে; সুমনায়তে; দুর্মনায়তে।

(*e*) উদ্গার-পূর্ব্বক চর্ব্বণ অর্থে রোমন্থ শব্দের উত্তর ক্যঙ্ প্রত্যয় হয়। যথা, উদ্গীর্য্য চর্ব্বয়তি=রোমন্থায়তে (গৌঃ)—A cow chews the cud.

248. করণ অর্থে ণিচ্ প্রত্যয় হয়। যথা, প্রশ্নং করোতি= প্রশ্নয়তি—He asks a question. পবিত্রং করোতি=পবিত্রয়তি— Makes holy. এইরূপ, মলিনয়তি; ধবলয়তি; মুখরয়তি; সূত্রয়তি; লবণয়তি; চিহ্নয়তি; আবিলয়তি। কয়েকটি শব্দের আবার রূপের পরিবর্ত্তন হয়। যথা, স্থূলং করোতি=স্থবয়তি; মৃদুং করোতি=ম্রদয়তি; দূরং করোতি=দবয়তি; দৃঢ়ং করোতি=দ্রঢ়য়তি; অন্তিকং করোতি=নেদয়তি; বহুলং করোতি=বংহয়তি; পৃথুং করোতি=প্রথয়তি; ক্ষুদ্রং করোতি=ক্ষোদয়তি: লঘুং করোতি=

লঘয়তি; গুরুং করোতি=গবয়তি; হ্রস্বং করোতি=হ্রসয়তি; দীর্ঘং করোতি=দ্রাঘয়তি; ক্ষিপ্রং করোতি=ক্ষেপয়তি।

249. অন্য অর্থেও ণিচ্ প্রত্যয় হয়। যথা—দাত্রেণ লুনাতি=দাত্রয়তি—Chops with a sickle. অসিনা লুনাতি=অসয়তি—Cuts with a sword. বস্ত্রেণ সমাচ্ছাদয়তি=সংবস্ত্রয়তি—Covers with a piece of cloth. হস্তিনা অতিক্রামতি=অতিহস্তয়তি—Passes by means of an elephant. পাশং বিমুঞ্চতি=বিপাশয়তি—Unfastens the net.

Exercise 37

I. Translate into Sanskrit :—

Fire smokes. Cows chew the cud. Ramesh asks me a question . The old king wishes to have a son. The wicked deal with the good as enemies. A good teacher acts like a father. The farmer crops the corn with a sickle. The servants whitewash (ধবল) the house of the master. Good sons dignify (পবিত্র) the lineage. Nutritious food fattens our body. Karna acted as an enemy to Arjuna. The mouse unfastens the net with its sharp teeth. A good boy treats his teacher like his father. Why are you muddling (আবিল) this pure water ? Daily physical exercise hardens our body. Even poison, given by the mother, acts like nectar. The river Ganges makes Uttarakhanda holy.

II. Substitute single words for :—

নমঃ করোতি; মাতা ইব আচরতি; কৃপঃ ইব আচরতি; চিহ্নং করোতি; দুঃখম্ অনুভবতি; দৃঢ়ং করোমি; বাষ্পম্ উদ্বমতি; স্থূলং করোতু; অনুন্মনাঃ উন্মনাঃ ভবতি; শব্দং করোমি; আত্মনঃ ধনম্ ইচ্ছতি; দীর্ঘং করোষি; পয়ঃ ইব আচরৎ; উদকং পিপাসতি;

অশনং বুভুক্ষতে; ধনায় আকাঙ্ক্ষতি; বস্ত্রেণ সমাচ্ছাদয়ামি; প্রশ্নং করোমি; অপণ্ডিতঃ পণ্ডিতঃ ভবতি; উদ্‌গীর্য্য চর্ব্বয়তি; ক্ষিপ্রং করোতি; আত্মনঃ পুত্রম্ ইচ্ছতি; পাশং বিমুঞ্চতি।

III Correct (giving the reason in each case) :—

বহ্নিঃ জলায়তি। বালকঃ চপলায়তি। সা নারী মাং প্রতি মাত্রীয়তি। সৎপ্রভুঃ ভৃত্যান্ সখীয়তে। বাষ্পীয়যানং দূরস্থানম্ অন্তিকয়তি। পুত্রীয়মানেন রাজ্ঞা যজ্ঞঃ কৃতঃ। তপস্যতে সাধকঃ। নৃপায়তি মুখ্যমন্ত্রী। পিত্রীয়তি অধ্যাপকঃ।

IV. Distinguish between :—

পিত্রীয়তি, পিত্রীয়তে; পুত্রীয়তি, পুত্রায়তে; সখীয়তি, সখীয়তে; মাত্রীয়তি, মাত্রীয়তে।

Comparison of Some Adjectives

(বিশেষণের তারতম্য)

250. বিশেষণের তারতম্য অনুসারে দুইয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইতে (Comparative Degree) শব্দের উত্তর ঈয়সুন্ (ঈয়স্) অথবা তরপ্ (তর) প্রত্যয় হয় এবং বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইতে (Superlative Degree) শব্দের উত্তর ইষ্ঠন্ (ইষ্ঠ) অথবা তমপ্ (তম) প্রত্যয় হয়। ঈয়স্ ও ইষ্ঠ প্রত্যয় করিলে অনেক শব্দের রূপ পরিবর্ত্তন হইয়া যায়—যেমন, শব্দের অন্তস্থিত উ ও ঊ এর লোপ হয়; কৃশ, দৃঢ়, পৃথু ও মৃদু শব্দের ঋ স্থানে র হয়; প্রিয় শব্দের স্থানে প্র, মহৎ শব্দের স্থানে মহ, গুরু শব্দের স্থানে গর, হ্রস্ব শব্দের স্থানে হ্রস ও দীর্ঘ শব্দের স্থানে দ্রাঘ হইয়া যায়। নিম্নে এইরূপ কতকগুলি শব্দের (বিশেষণের) তালিকা বর্ণমালাক্রমে দেওয়া হইল:—

Positive	Comparative	Superlative
অন্তিক (near)	নেদীয়স্	নেদিষ্ঠ
অল্প (little)	অল্পীয়স্, কনীয়স্	অল্পিষ্ঠ, কনিষ্ঠ
উরু (wide)	বরীয়স্	বরিষ্ঠ
কৃশ (thin)	ক্রশীয়স্, কৃশতর	ক্রশিষ্ঠ, কৃশতম

Positive	Comparative	Superlative
ক্ষিপ্র (quick)	ক্ষেপীয়স্, ক্ষিপ্রতর	ক্ষেপিষ্ঠ, ক্ষিপ্রতম
ক্ষুদ্র (small)	ক্ষোদীয়স্, ক্ষুদ্রতর	ক্ষোদিষ্ঠ, ক্ষুদ্রতম
গুরু (heavy)	গরীয়স্, গুরুতর	গরিষ্ঠ, গুরুতম
দীর্ঘ (long)	দ্রাঘীয়স্, দীর্ঘতর	দ্রাঘিষ্ঠ, দীর্ঘতম
দূর (far)	দবীয়স্, দূরতর	দবিষ্ঠ, দূরতম
দৃঢ় (hard)	দ্রঢ়ীয়স্, দৃঢ়তর	দ্রঢ়িষ্ঠ, দৃঢ়তম
পটু (able)	পটীয়স্, পটুতর	পটিষ্ঠ, পটুতম
পাপিন্ (sinful)	পাপীয়স্	পাপিষ্ঠ
পুণ্য (holy)	পুণ্যতর	পুণ্যতম
পৃথু (large)	প্রথীয়স্	প্রথিষ্ঠ
প্রশস্য (praise-worthy)	শ্রেয়স্, জ্যায়স্	শ্রেষ্ঠ, জ্যেষ্ঠ
প্রিয় (dear)	প্রেয়স্, প্রিয়তর	প্রেষ্ঠ, প্রিয়তম
বলবৎ (strong)	বলীয়স্, বলবত্তর	বলিষ্ঠ, বলবত্তম
বলিন্ (strong)	বলীয়স্	বলিষ্ঠ
বহু (much)	ভূয়স্, বহুতর	ভূয়িষ্ঠ, বহুতম
বহুল (much)	বংহীয়স্	বংহিষ্ঠ
ভৃশ (much)	ভ্রশীয়স্	ভ্রশিষ্ঠ
মহৎ (great)	মহীয়স্, মহত্তর	মহিষ্ঠ, মহত্তম
মৃদু (mild)	ম্রদীয়স্, মৃদুতর	ম্রদিষ্ঠ, মৃদুতম
যুবন্ (young)	যবীয়স্, কনীয়স্	যবিষ্ঠ, কনিষ্ঠ
লঘু (light)	লঘীয়স্, লঘুতর	লঘিষ্ঠ, লঘুতম
বাঢ় (much)	সাধীয়স্	সাধিষ্ঠ
বিদ্বস্ (learned)	বিদ্বত্তর	বিদ্বত্তম
বৃদ্ধ (old)	বর্ষীয়স্, জ্যায়স্	বর্ষিষ্ঠ, জ্যেষ্ঠ
বৃন্দারক (beautiful))	বৃন্দীয়স্	বৃন্দিষ্ঠ
সাধু (good)	সাধীয়স্	সাধিষ্ঠ
স্থির (calm)	স্থেয়স্	স্থেষ্ঠ
স্থূল (fat)	স্থবীয়স্	স্থবিষ্ঠ
স্বাদু (sweet)	স্বাদীয়স্	স্বাদিষ্ঠ
হ্রস্ব (short)	হ্রসীয়স্	হ্রসিষ্ঠ

Exercise 38

I. Translate into Sanskrit :—

The sun is larger than the earth. Pen is mightier than sword. Health is dearer to me than wealth. This road is longer than that. The Ganges is the longest river in India. Iron is the heaviest of all metals. Learning is superior to riches. Santipur is nearer than Burdwan from this place. You are the dearest friend of mine. Prabha is younger than Sobha. Suresh is older and Ramesh is younger than Dinesh. His eldest son Sunil married my younger daughter Gita. A diligent boy is more praiseworthy than an intelligent but idle boy. You are the ablest of all the men who are present here. Rabindranath is the greatest poet in Bengal. Our motherland India is dearest to us in the world.

II. Correct (giving the reason in each case) :—

কুশঃ লবাৎ জ্যেষ্ঠঃ। গৌতমী শকুন্তলায়াঃ বর্ষিষ্ঠা। রামঃ লক্ষ্মাৎ শ্রেষ্ঠঃ। বুদ্ধিঃ কর্ম্মণঃ জ্যেষ্ঠা। কনিষ্ঠঃ পুত্রেষু প্রেয়ান্। অবলাহৃদয়ং পুরুষহৃদয়াৎ ম্রদিষ্ঠঃ। পর্ব্বতেষু হিমালয়ঃ উচ্চতরঃ। জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরিষ্ঠা।

Feminine Suffixes (স্ত্রী-প্রত্যয়)

251. পুংলিঙ্গ শব্দকে স্ত্রীলিঙ্গে পরিবর্ত্তিত করিতে হইলে প্রধানতঃ কোথাও আপ্, কোথাও ঈপ্, কোথাও বা ঊপ্ প্রত্যয় যোগ করিতে হয়। প্ ইৎ পায় অর্থাৎ লোপ পায়; আ, ঈ বা ঊ থাকে। কোন্ প্রকারের শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে কি কি প্রত্যয় হইবে নিম্নে তাহা লিখিত হইল।

252. অজাদ্যতষ্টাপ্ (অদন্তাদ্ আপ্)—অকারান্ত শব্দের উত্তর আ হয়। যথা, কান্ত কান্তা; কৃশ কৃশা; দীন দীনা; চতুর চতুরা;

মধ্যম মধ্যমা। **এইরূপ শব্দ—সর্ব্ব, মুগ্ধ, ক্রূর, প্রিয়, স্থির, দৃঢ়, স্থূল, স্থবির, বৃদ্ধ,** অমর, কৃপণ, মলিন, প্রবল, অচল, অবল, নিপুণ **তরল, চপল,** উত্তর, দক্ষিণ, পূর্ব্ব, পশ্চিম, এক, প্রথম, দ্বিতীয়, তৃতীয়, অনুকূল, প্রতিকূল, মনোহর, শ্বেত, কৃষ্ণ, দ্বিজ, জ্যেষ্ঠ, কনিষ্ঠ, সরল, রসিক প্রভৃতি।

253. **প্রত্যয়স্থাৎ কাৎ পূর্ব্বস্যাত ইদাপ্যসুপঃ (আপি প্রত্যয়কাৎ পূর্ব্বস্যাত ইৎ)**—আপ্ হইলে প্রত্যয়ের যে ক, তাহার পূর্ব্ববর্ত্তী অকারের স্থানে ইকার হয়। যথা—বালক বালিকা; নায়ক নায়িকা; পাচক পাচিকা; কারক কারিকা। এইরূপ শব্দ—নাটক, পালক, বোধক, গায়ক, সেবক, সাধক প্রভৃতি।

(*a*) **নাষ্টকাদেঃ**—অষ্টকা প্রভৃতি শব্দের 'ক' এর পূর্ব্ববর্ত্তী অকারের স্থানে ইকার হয় না। যথা, অষ্টক অষ্টকা; চটক চটকা। এইরূপ শব্দ—ইষ্টকা (ইট), কন্যকা, করকা (শিলা), তারকা, ক্ষিপকা, অলকা (কুবেরের রাজধানী), অধিত্যকা, উপত্যকা প্রভৃতি।

(*b*) সূতক, পুত্রক প্রভৃতি শব্দের অকারের স্থানে বিকল্পে ইকার হয়। যথা, সূতক—সূতকা, সূতিকা; পুত্রক—পুত্রকা, পুত্রিকা; বর্ত্তক—বর্ত্তকা, বর্ত্তিকা; বৃন্দারক—বৃন্দারকা, বৃন্দারিকা।

254. **ষিদ্-গৌরাদিভ্যশ্চ (ঈপ্ গৌরাদিভ্যঃ—ঈপি লোপোঽস্য)**—গৌর প্রভৃতি অকারান্ত শব্দের উত্তর ঈ হয়। (ঈ হইলে শব্দের অন্তস্থিত অকারের লোপ হয়)। যথা—গৌর গৌরী; পুত্র পুত্রী; অতস অতসী; কুমার কুমারী; পিতামহ পিতামহী। এইরূপ শব্দ—নদ, তট, নট, পট, দ্রোণ, কিশোর, সুন্দর, তরুণ, কদল, মণ্ডল, বেতস (বেত), বদর, কবর, উভয়, মাতামহ, সল্লক (শজারু, শল্লু, বাবলাগাছ), আমলক প্রভৃতি।

255. **জাতে-রস্ত্রীবিষয়াদ্ অযোপধাৎ (জাতৌ জাতেরদন্তাদ্ ঈপ্)**—জাতি বুঝাইলে জাতিবাচক অকারান্ত শব্দের উত্তর ঈ হয়।

যথা—মৃগ মৃগী; সিংহ সিংহী; ময়ূর ময়ূরী; নাগ নাগী; মানুষ মানুষী; রাক্ষস রাক্ষসী; নিষাদ নিষাদী। এইরূপ শব্দ—ব্যাঘ্র, ভল্লুক, হরিণ, কুরঙ্গ, গর্দ্দভ, শূকর, কুক্কুর, শৃগাল, বিড়াল, ঘোটক, মহিষ; হংস, সারস, চক্রবাক, কাক বক, টিট্টিভ, নিশাচর, পিশাচ ব্রাহ্মণ, গোপ, চণ্ডাল, নাপিত প্রভৃতি।

(a) **নাজাদেঃ**—জাতি বুঝাইলেও অজ প্রভৃতি অকারান্ত শব্দের উত্তর ঈ হয় না; আ হয়। যথা অজ অজা: অশ্ব অশ্বা; কোকিল কোকিলা। বাল বালা। এইরূপ—আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ—মূষিকা, চটকা, বলাকা (ক্ষুদ্রজাতীয় বক), বৎসা, শূদ্রা (শূদ্রজাতীয়া স্ত্রী) প্রভৃতি। কিন্তু মহাশূদ্র—মহাশূদ্রী (গোপী)।

(b) যে সকল জাতিবাচক অকারান্ত শব্দের উপধায় 'য' থাকে তাহাদের উত্তর ঈ হয় না। যথা, বৈশ্য বৈশ্যা (বৈশ্যজাতীয়া স্ত্রী)। কিন্তু গবয়, হয়, মনুষ্য ও মৎস্য শব্দের উত্তর ঈ হয় এবং ঈ হইলে মনুষ্য ও মৎস্য শব্দের 'য' লোপ পায়। যথা—গবয়ী, হয়ী (ঘোটকী), মনুষী, মৎসী।

256. **ঋদন্তাদ্ ঈপ্**—ঋকারান্ত শব্দের উত্তর ঈ হয়। ঈ হইলে, সন্ধির নিয়মানুসারে অন্তাস্থিত 'ঋ' স্থানে 'র্' হয়। যথা—দাতৃ দাত্রী, ধাতৃ ধাত্রী, কর্ত্তৃ কর্ত্রী, গন্তৃ গন্ত্রী, হন্তৃ হন্ত্রী, ভবিতৃ ভবিত্রী জনয়িতৃ জনয়িত্রী, প্রসবিতৃ প্রসবিত্রী, শিক্ষয়িতৃ শিক্ষয়িত্রী প্রভৃতি।

(a) কিন্তু স্বসৃ প্রভৃতি ঋকারান্ত শব্দের উত্তর ঈ বা কোন প্রত্যয় হয় না। যথা—স্বসা (ভগিনী) মাতা, দুহিতা, যাতা, ননান্দা তিস্রঃ, চতস্রঃ প্রভৃতি।

257. **নান্তাদ্ ঈপ্**—নকারান্ত শব্দের উত্তর ঈ হয়। যথা— গুণিন্ গুণিনী; মায়াবিন্ মায়াবিনী; অনুরাগিন্ অনুরাগিণী। এইরূপ শব্দ—কামিন্, মানিন্, যামিন্, মালিন্, আততায়িন্, কর্মালিন্, বিলাসিন্, মেধাবিন্, তপস্বিন্, মনস্বিন্, প্রিয়বাদিন্, উপকারিন্ (ণী), অধিকারিন্ (ণী) প্রভৃতি।

(a) "রাজন্" শব্দের উত্তর ঈ হইলে "রাজ্ঞী" শব্দ হয়।

(b) নকারান্ত সংখ্যাবাচক শব্দের উত্তর ঈ বা কোন প্রত্যয় হয় না। যথা—পঞ্চ, সপ্ত, অষ্ট, নব, দশ প্রভৃতি।

(c) **যূবত্যাদয়ঃ**—যুবতী প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা—যুবন্ যুবতিঃ, যুবতী, যূনী, শ্বন্ শুনী; মঘবন্ মঘোনী, মঘবতী।

258. **উদৃদ্ভ্যাম্ ঈপ্ (উগিতশ্চ)**—উকারেৎ প্রত্যয় (যে সকল প্রত্যয়ের উকার ইৎ পায়, যথা—মতুপ্, বতুপ্, ডবতু, ক্তবতু ও ঈয়সু প্রত্যয়) এবং ঋকারেৎ প্রত্যয় (যে সকল প্রত্যয়ের ঋকার ইৎ পায়, যথা—শতৃ, স্যতৃ প্রত্যয়) দ্বারা নিষ্পন্ন শব্দের উত্তরে স্ত্রীলিঙ্গে ঈ হয়। যথা—(উকারেৎ) শ্রীমৎ শ্রীমতী; গুণবৎ গুণবতী; কিয়ৎ কিয়তী; ভবৎ ভবতী; কৃতবৎ কৃতবতী; গতবৎ গতবতী; গরীয়স্ গরীয়সী; শ্রেয়স্ শ্রেয়সী। এইরূপ অন্যান্য শব্দ—ধীমৎ, বুদ্ধিমৎ পুত্রবৎ, লজ্জাবৎ, মায়াবৎ, বলবৎ, প্রভাবৎ, ইয়ৎ, যাবৎ, তাবৎ, এতাবৎ শ্রুতবৎ, দৃষ্টবৎ, লঘীয়স্, প্রেয়স্, কনীয়স্ প্রভৃতি।

(ঋকারেৎ-শতৃ) রুদৎ রুদতী; কুর্ব্বৎ কুর্ব্বতী; জানৎ জানতী। এইরূপ অন্যান্য শব্দ—গৃহ্ণৎ, বিভ্রৎ, দ্বিষৎ, শৃণ্বৎ প্রভৃতি।

(a) **শতুর্নুন্ ভ্বাদিবাদিভ্যাম্**—ঈ হইলে, ভ্বাদি (ভ্বাদি বলিতে চুরাদিগণীয়, ণিজন্ত সনন্ত এবং নাম-ধাতু সকলকেও বুঝাইবে; কারণ, উহাদেরও রূপ ভ্বাদিগণীয় ধাতুর তুল্য) ও দিবাদিগণীয় ধাতুর উত্তর শতৃ প্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয় তাহাদের অন্তস্থিত 'ৎ' এর পূর্ব্বে 'ন্' এর আগম হয়। যথা, ভ্বাদিগণীয়—ভবৎ ভবন্তী, তিষ্ঠৎ তিষ্ঠন্তী, গচ্ছৎ গচ্ছন্তী, ধাবৎ ধাবন্তী, গায়ৎ গায়ন্তী, হসৎ হসন্তী; (চুরাদিগণীয়) চোরয়ৎ চোরয়ন্তী; (ণিজন্ত) শ্রাবয়ৎ শ্রাবয়ন্তী; (সনন্ত) পিপাসৎ পিপাসন্তী; (নামধাতু) নমস্যৎ নমস্যন্তী প্রভৃতি; দিবাদিগণীয়—দীব্যৎ দীব্যন্তী, মুহ্যৎ মুহ্যন্তী, জীর্য্যৎ জীর্য্যন্তী প্রভৃতি।

(*b*) **বা তুদাদেঃ**—তুদাদিগণীয় ধাতুর উত্তর বিকল্পে 'ন্' এর আগম হয়। যথা, তুদৎ—তুদতী, তুদন্তী; স্পৃশৎ—স্পৃশতী, স্পৃশন্তী; লিখৎ—লিখতী, লিখন্তী; সিঞ্চৎ—সিঞ্চতী, সিঞ্চন্তী প্রভৃতি।

(*c*) **অদাদেশ্চাদন্তাৎ**—অদাদিগণীয় আকারান্ত ধাতুর উত্তরও বিকল্পে 'ন্' এর আগম হয়। যথা, পাৎ—পাতী, পান্তী; স্নাৎ—স্নাতী, স্নান্তী; ভাৎ—ভাতী, ভান্তী; মাৎ—মাতী, মান্তী প্রভৃতি।

অদাদিগণীয় আকারান্ত ভিন্ন অন্য প্রকার ধাতু এবং অন্যান্য গণীয় অর্থাৎ হ্বাদি, স্বাদি, রুধাদি, তনাদি ও ক্র্যাদিগণীয় ধাতুর উত্তর 'ন্' আগম হয় না। ক্রমিক উদাহরণ, যথা—অদৎ অদতী, সৎ সতী; দ্বিষৎ দ্বিষতী; শাসৎ শাসতী; জুহ্বৎ জুহ্বতী; সুন্বৎ সুন্বতী; রুন্ধৎ রুন্ধতী; তন্বৎ তন্বতী; ক্রীণৎ ক্রীণতী।

(*d*) **বিভাষা স্যতুঃ**—ঈ হইলে, স্যতৃ-প্রত্যয়-নিষ্পন্ন শব্দের উত্তর বিকল্পে 'ন্' এর আগম হয়। যথা, দাস্যৎ—দাস্যতী, দাস্যন্তী; করিষ্যৎ—করিষ্যতী, করিষ্যন্তী; ভবিষ্যৎ—ভবিষ্যতী, ভবিষ্যন্তী প্রভৃতি।

259. **টিৎ-ষিদ্ভ্যাম্ ঈপ্**—**টকারেৎ ও ষকারেৎ প্রত্যয়** যোগ করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহাদের উত্তর ঈ হয়। যথা, **টকারেৎ**—অর্থকর অর্থকরী; কর্ম্মকর কর্ম্মকরী; মৃন্ময় মৃন্ময়ী; যাদৃশ যাদৃশী; মহারাজ মহারাজী। এইরূপ শব্দ—যশস্কর, নিশাচর, ভয়ঙ্কর, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম, একাদশ, ষষ্টিতম, শততম, দ্বয়, ত্রয়, চতুষ্টয়, দয়াময়, স্বর্ণময়, হিরণ্ময়, ঈদৃশ, তাদৃশ, এতাদৃশ, কীদৃশ, সদৃশ, অন্যাদৃশ, ভবাদৃশ প্রভৃতি। **ষকারেৎ**—নর্ত্তক নর্ত্তকী; রজক রজকী; কমলাক্ষ কমলাক্ষী। এইরূপ শব্দ—খনক, পৌত্র, দৌহিত্র, মানব, বৈষ্ণব, দ্রৌপদ, পাঞ্চাল, মাগধ, মৈথিল, পার্ব্বত চাতুর, মাথুর, ভাগিনেয়, সরোজাক্ষ, উৎপলাক্ষ প্রভৃতি।

260. প্রাচ্ ও অবাচ্ শব্দের উত্তর ঈ হয়। যথা, প্রাচ্—প্রাচী (পূর্ব্ব দিক্); অবাচ্—অবাচী (দক্ষিণ দিক্)।

নিপাতনে সিদ্ধ—প্রত্যচ্—প্রতীচী, প্রত্যঞ্চী (পশ্চিম দিক্), উদচ্—উদীচী, উদঞ্চী (উত্তর দিক্); তির্য্যচ্—তিরশ্চী, তির্য্যঞ্চী (অগ্রগামী, পশু, পক্ষী)।

261. পুং-যোগাদ্ আখ্যায়াম্ (জাতেরদন্তাজ্ জায়ায়াম্ ঈপ্) —জায়া অর্থে জাতিবাচক অকারান্ত শব্দের উত্তর ঈ হয়। যথা ব্রাহ্মণস্য জায়া ব্রাহ্মণী; যবনস্য জায়া যবনী; শূদ্রস্য জায়া শূদ্রী। এইরূপ—ক্ষত্রিয়ী, গণকী, গোপী, নাপিতী, নিষাদী, চণ্ডালী প্রভৃতি।

(a) ন পালকান্তাৎ—পালক শব্দ অন্তে থাকিলে জাতিবাচক অকারান্ত শব্দের উত্তর ঈ হয় না। যথা—গোপালকস্য জায়া গোপালিকা। এইরূপ—পশুপালিকা, অশ্বপালিকা।

262. "ইন্দ্র-বরুণ-ভব-শর্ব্ব-রুদ্র-মৃড়-হিমারণ্য-যব-যবন-মাতুলাচার্য্যাণাম্ আনুক্" (ভবাদে ব্রানীপৌ)—জায়া অর্থে ভব শর্ব্ব (সর্ব্ব), রুদ্র, মৃড়, ইন্দ্র বরুণ ও ব্রহ্মান্ শব্দের উত্তর আন্ ও ঈ হয়। যথা, ইন্দ্রস্য জায়া ইন্দ্রাণী· ভবস্য জায়া ভবানী। এইরূপ শব্দ—শর্ব্বাণী (সর্ব্বাণী) রুদ্রাণী, মৃড়ানী, বরুণানী। ব্রহ্মন্ শব্দের 'ন্' লোপ পায়। যথা—ব্রহ্মণঃ জায়া ব্রহ্মাণী।

263. মাতুল শব্দের উত্তর বিকল্পে আন্ হয়। যথা—মাতুলস্য জায়া মাতুলানী, মাতুলী। কাহারও কাহারও মতে "মাতুলা" পদও হয়।

264. ক্ষত্রিয়, উপাধ্যায় ও আচার্য্য শব্দের উত্তর বিকল্পে আন্ ও ঈ হয়। যথা, ক্ষত্রিয়—ক্ষত্রিয়াণী এবং ক্ষত্রিয়া (ক্ষত্রিয়-জাতীয়া স্ত্রী); ক্ষত্রিয়ী (ক্ষত্রিয়ের পত্নী)। উপাধ্যায়—উপাধ্যায়ানী এবং উপাধ্যায়ী (উপাধ্যায়ের পত্নী); উপাধ্যায়ী এবং উপাধ্যায়া (যে স্ত্রীলোক স্বয়ং অধ্যাপনা করেন)। আচার্য্য—আচার্য্যানী (আচার্য্যের পত্নী) "আচার্য্যাদ্ অণত্বং চ" এই সূত্রানুসারে আচার্য্যানী শব্দের

পক্ষ্য ন মূর্দ্ধন্য ণ হয় না। আচার্য্যা (শিক্ষাদাত্রী অর্থাৎ যে স্ত্রীলোক স্বয়ং আচার্য্যের কার্য্য করেন)।

265. বিশিষ্ট অর্থ বুঝাইলে—হিম, অরণ্য, যব ও যবন শব্দের উত্তর আন্ ও ঈ হয় এবং স্ত্রীলিঙ্গ পদের অর্থ পুংলিঙ্গ পদের অর্থ হইতে অন্যরূপ হইয়া যায়। যথা—মহৎ হিমম্ হিমানী; মহৎ অরণ্যম্ অরণ্যানী; দুষ্টঃ যবঃ যবানী (এক প্রকার নিকৃষ্ট শ্রেণীর যব); যবনানাং লিপিঃ যবনানী (যবন জাতির ব্যবহৃত লিপি)। কিন্তু, যবনস্য স্ত্রী যবনী।

266. বা শোণাদেঃ ঙীপ্—শোণ প্রভৃতি শব্দের উত্তর বিকল্পে ঈ হয়। যথা, শোণ (রক্তবর্ণ)—শোণী, শোণা; চণ্ড (তীক্ষ্ণ)—চণ্ডী, চণ্ডা; কৃপণ—কৃপণী, কৃপণা; কল্যাণ—কল্যাণী, কল্যাণা; পুরাণ—পুরাণী, পুরাণা; উদার—উদারী, উদারা; বিশাল—বিশালী, বিশালা; বিকট—বিকটী, বিকটা প্রভৃতি।

267. স্বাঙ্গাচ্চোপসর্জ্জনাদ্ অসংযোগোপধাৎ (অবয়বাদ্ বহুব্রীহৌ বা)—বহুব্রীহি সমাস হইলে, অবয়ব-বাচক শব্দের উত্তর বিকল্পে ঈ হয়। যথা, সুকেশ—সুকেশী, সুকেশা; চন্দ্রমুখ—চন্দ্রমুখী, চন্দ্রমুখা; তাম্রনখ—তাম্রনখী, তাম্রনখা।

(*a*) দিগ্-বাচক শব্দ পূর্ব্বপদ হইলে মুখ শব্দের উত্তর কেবল ঈ হয়। যথা, প্রাঙ্মুখ—প্রাঙ্মুখী; উদঙ্মুখ—উদঙ্মুখী।

(*b*) সংজ্ঞা (কাহারও নাম) বুঝাইলে নখ ও মুখ এই দুই অবয়ব বাচক শব্দের উত্তর ঈ হয় না। যথা, শূর্পণখা (রাবণের ভগিনী), গৌরমুখা। নাম না বুঝাইলে ঈ হয়। যথা—তাম্রমুখী (কন্যা)।

(*c*) ক্রোড়, খুর, শফ (খুর), শিখা প্রভৃতি অবয়ব-বাচক শব্দের উত্তর ঈ হয় না; আ হয়। যথা—সুক্রোড়া, তীক্ষ্ণখুরা, দীর্ঘশফা, চারুশিখা প্রভৃতি।

(*d*) **ন সংযুক্তোপধাদ্ অঙ্গাদিবর্জ্জাৎ**—যে সকল অবয়ব-বাচক শব্দের উপধায় সংযুক্ত বর্ণ থাকে, তাহাদের উত্তর ঈ হয় না; আ হয়। যথা—মৃগনেত্রা, চারুগুল্ফা, লোলজিহ্বা ইত্যাদি। কিন্তু অঙ্গ প্রভৃতি শব্দের উত্তর আ ও ঈ দুইই হয়। যথা, কৃশাঙ্গ—কৃশাঙ্গা, কৃশাঙ্গী; সুকণ্ঠ—সুকণ্ঠা, সুকণ্ঠী; তীক্ষ্নশৃঙ্গ—তীক্ষ্নশৃঙ্গা, তীক্ষ্নশৃঙ্গী। এইরূপ শব্দ—তন্বঙ্গ, মৃদুগাত্র, বিম্বোষ্ঠ, কুন্দদন্ত, গোকর্ণ, দীর্ঘজঙ্ঘ সংপুচ্ছ প্রভৃতি।

(*e*) **ন দ্ব্যধিকস্বরান্ নাসিকোদরবর্জ্জাৎ**—যে সকল অবয়ব-বাচক শব্দে দুই-এর অধিক স্বরবর্ণ থাকে, তাহাদের উত্তর ঈ হয় না; আ হয়। যথা—মৃগনয়না, চন্দ্রবদনা, চারুদশনা, পৃথুজঘনা, লোলরসনা প্রভৃতি। কিন্তু নাসিকা ও উদর শব্দের উত্তর আ ও ঈ দুইই হয়। যথা, তুঙ্গনাসিক—তুঙ্গনাসিকা (কী); কৃশোদর—কৃশোদরা (রী)।

268. বহুব্রীহি সমাস হইলে, পদ্ ও দত্ শব্দের উত্তর ঈ হয়। যথা—দ্বৌ পাদৌ যস্যাঃ সা দ্বিপদী। এইরূপ—ত্রিপদী, চতুষ্পদী, শতপদী, বহুপদী। শোভনাঃ দন্তাঃ যস্যাঃ সা সুদতী। এইরূপ—চারুদতী, শুভ্রদতী, কুন্দদতী।

269. ইদন্তাদ্ বিভাষা—ইকারান্ত শব্দের উত্তর বিকল্পে ঈ হয়। যথা—শ্রেণিঃ শ্রেণী, রাত্রিঃ রাত্রী, রজনিঃ রজনী, ভূমিঃ, ভূমী, কটিঃ কটী (কোমর), আলিঃ আলী (শ্রেণী; সখী; জমির আল।), রাজিঃ রাজী (শ্রেণী; রেখা), শারিঃ শারী, যষ্টিঃ যষ্টী, শকটিঃ শকটী, অহিঃ অহী, কপিঃ কপী, মুনিঃ মুনী।

কিন্তু, সখি শব্দের উত্তর নিত্য ঈ হয়। যথা, সখা (পুংলিঙ্গ সখি শব্দের প্রথমার একবচন)—সখী।

270. ন ক্তেঃ—ক্তি-প্রত্যয়-নিষ্পন্ন ইকারান্ত শব্দের উত্তর ঈ (বা অন্য কোন প্রত্যয়) হয় না। যথা—শ্রুতিঃ, স্মৃতিঃ, কৃতিঃ, মতিঃ, গতিঃ, স্থিতিঃ, বুদ্ধিঃ, ভক্তিঃ শান্তিঃ, সূক্তিঃ, যুক্তিঃ, দৃষ্টিঃ ইত্যাদি।

কিন্তু, পদ্ধতি শব্দের উত্তর এবং শস্ত্র অর্থে শক্তি শব্দের উত্তর বিকল্পে ঈ হয়। যথা—পদ্ধতিঃ, পদ্ধতী (পথ); শক্তিঃ, শক্তী (অস্ত্রবিশেষ)।

271. **বোতো গুণবচনাৎ (বা গুণবাচকাদ্ উদন্তাৎ)**—গুণবাচক উকারান্ত শব্দের উত্তর বিকল্পে ঈ হয়। যথা, মৃদু—মৃদ্বী, মৃদুঃ; সাধু—সাধ্বী, সাধুঃ; পটু—পট্বী, পটুঃ; গুরু—গুর্ব্বী, গুরুঃ; লঘু—লঘ্বী, লঘুঃ; স্বাদু—স্বাদ্বী, স্বাদুঃ; বহু—বহ্বী, বহুঃ; অণু—অণ্বী, অণুঃ।

(*a*) **ন সংযুক্তোপধাৎ**—কিন্তু, উপধায় সংযুক্ত বর্ণ থাকিলে (অর্থাৎ উকার, যুক্ত বর্ণে মিলিত থাকিলে) ঈ হয় না। যথা, পাণ্ডু—পাণ্ডুঃ (পাণ্ড্বী হইবে না)।

272. **ঊঙ্ উতঃ (উদন্তাদ্ ঊপ্)**—উকারান্ত শব্দের উত্তর ঊ হয়। যথা, কুরু—কুরূঃ (কুরুবংশীয়া)। এইরূপ শব্দ—কদ্রূঃ (নাগমাতা), অলাবূঃ (লাউ), কর্কন্ধূঃ (কুলগাছ), ব্রহ্মবন্ধূঃ (অধম ব্রাহ্মণের স্ত্রী) প্রভৃতি।

(*a*) রজ্জু, ধেনু ও অধ্বর্য্যু (যজুর্ব্বেদজ্ঞ যজ্ঞকারী পুরোহিত) শব্দের উত্তর ঊ না হইয়া যথাক্রমে রজ্জুঃ, ধেনুঃ, অধ্বর্য্যুঃ হইবে।

(*b*) তনু ও চঞ্চু শব্দের উত্তর বিকল্পে ঊ হয়। যথা—তনূঃ, তনুঃ; চঞ্চূঃ, চঞ্চুঃ।

273. **ঊরূত্তর-পদাদ্ ঔপম্যে**—উপমা বুঝাইলে, বহুব্রীহি সমাসে পূর্ব্বপদে কোন উপমান-বাচক শব্দ ও পরপদে 'ঊরু' শব্দ থাকিলে ঊরু শব্দের উত্তর ঊ হইবে। যথা—রম্ভে ইব ঊরূ যস্যাঃ সা—রম্ভোরূঃ; করভৌ ইব ঊরূ যস্যাঃ সা—করভোরূঃ; করিকরৌ ইব ঊরূ যস্যাঃ সা—করিকরোরূঃ।

(*a*) **সংহিত-শফ-লক্ষণ-বামাদেশ্চ**—উপমা না বুঝাইলেও সংহিত, শফ, লক্ষণ, বাম, সহ ও সহিত শব্দের পরবর্ত্তী ঊরু

শব্দের উত্তর ঊ হয়। যথা—সংহিতৌ ঊরূ যস্যাঃ সা—সংহিতোরূঃ। এইরূপ—শফোরূঃ, লক্ষণোরূঃ, বামোরূঃ, সহোরূঃ, সংহিতোরূঃ।

অতিরিক্ত

নর—নারী। পতি—পত্নী (পতি কর্তৃক অনুষ্ঠিত যজ্ঞের ফলভাগিনী)। গৃহস্য পতিঃ—গৃহপতিঃ বা গৃহপত্নী (গৃহকর্ত্রী); দৃঢ়ঃ পতিঃ যস্যাঃ সা—দৃঢ়পতিঃ বা দৃঢ়পত্নী; বৃষলঃ (শূদ্র) পতিঃ যস্যাঃ সা—বৃষলপতিঃ বা বৃষলপত্নী। সমানঃ পতিঃ যস্যাঃ সা—সপত্নী (সতীন); একঃ পতিঃ যস্যাঃ সা—একপত্নী (সাধ্বী), বীরঃ পতিঃ যস্যাঃ সা—বীরপত্নী; বৃদ্ধঃ পতিঃ যস্যাঃ সা—বৃদ্ধপত্নী, ভদ্রঃ পতিঃ যস্যাঃ সা—ভদ্রপত্নী; পঞ্চ পতয়ঃ যস্যাঃ সা—পঞ্চপত্নী (দ্রৌপদী)। পতিঃ অস্তি যস্যাঃ সা—পতিবত্নী (সধবা স্ত্রীলোক), কিন্তু, পতিমতী (অধীশ্বর যুক্তা) পৃথিবী। অন্তঃ (অভ্যন্তরে) অস্তি (গর্ভস্থঃ শিশুঃ) যস্যাঃ সা—অন্তর্বত্নী (গর্ভিণী)। পাণিঃ গৃহীতঃ যস্যাঃ সা—(১) পাণিগৃহীতী (পত্নী)—অগ্নি সাক্ষী করিয়া যাহার পাণিগ্রহণ (অর্থাৎ যাহাকে বিবাহ) করা হইয়াছে; (২) পাণিগৃহীতা (নারী)—যে নারীর হস্তধারণ করা হইয়াছে (কৌতুকাদির জন্য)। স্থল—স্থলী (অকৃত্রিমা ভূমি); স্থলা (মনুষ্যসংস্কৃতা কৃত্রিমা ভূমি)। শ্বশুরস্য জায়া শ্বশ্রূঃ। সূর্য্য—(১) সূর্য্যা (দেবী স্ত্রী); (২) সূরী (মানবী স্ত্রী অর্থাৎ কুন্তী)। বহূনি পর্ব্বাণি (গ্রন্থি) সন্তি যস্যাং বংশযষ্ট্যাম্ সা—বহুপর্ব্বা। অর্য্য-অর্য্যা (বৈশ্যজাতীয়া স্ত্রীলোক); অর্য্যী (বৈশ্যজায়া)। কাল-কালী (কৃষ্ণবর্ণা দেবী); কালা (নীলগাছ)। কবর-কবরী (কেশবিন্যাস); কবরা (চিত্রবিচিত্রা)। কিংকর-কিংকরী (ভৃত্যপত্নী); কিংকরা (পরিচারিকা)। তারক-তারকা (নক্ষত্র বা নয়নতারা); তারিকা (ত্রাণকর্ত্রী)। নীল-নীলী (বৃক্ষ বিশেষ); নীলা (মক্ষিকা বিশেষ)। বর্ত্তক-বর্ত্তকা (পক্ষিণী বিশেষ); বর্ত্তিকা (বাতি বা সলিতা)।

Masculine	Feminine	Masculine	Feminine
অগ্নি	অগ্নায়ী	নন্দন	নন্দনা
অজ	অজা	নর বা নৃ	নারী
অনডুহ্	অনডুহী,	পতি	পত্নী
	অনডবাহী	পুত্র	পুত্রী
অবাচ্	অবাচী	প্রত্যচ্	প্রতীচী,
অশ্ব	অশ্বা		প্রত্যঞ্চী
অহি	অহিঃ, অহী	প্রাচ্	প্রাচী
ঈদৃশ	ঈদৃশী	বাল	বালা
উদচ্	উদীচী, উদঞ্চী	ভাগিনেয়	ভাগিনেয়ী
কপি	কপিঃ, কপী	মঘবন্	মঘোনী,
কর্ত্তৃ	কর্ত্রী		মঘবতী
কুন্দদন্ত	কুন্দদন্তী,	মৎস্য	মৎসী
	কুন্দদন্তা	মনুষ্য	মনুষী
কৃশোদর	কৃশোদরা,	মহারাজ	মহারাজী
	কৃশোদরী	মানুষ	মানুষী
কৃষ্ণ		মূষিক	মূষিকা
কোকিল	কোকিলা	মৃগনয়ন	মৃগনয়না
খনক	খনকী	যুবরাজ	যুবরাজী
গুরু	গুরুঃ, গুর্ব্বী	রজক	রজকী
গোপালক	গোপালিকা	রাজন্	রাজ্ঞী
ঘট	ঘটী	বক	বকী
চটক	চটকা	বিদ্বস্	বিদুষী
চতুর	চতুরা	বিশালাক্ষ	বিশালাক্ষী
চন্দ্রমুখ	চন্দ্রমুখী,	বৃষাকপি	বৃষাকপায়ী
	চন্দ্রমুখা	শিক্ষয়িতৃ	শিক্ষয়িত্রী
চন্দ্রবদন	চন্দ্রবদনা	শূদ্র	শূদ্রী, শূদ্রা
চারুনেত্র	চারুনেত্রা	শ্বন্	শুনী
জগ্মিবস	জগ্মুষী	শ্বশুর	শ্বশ্রূঃ
তস্থিবস্	তস্থুষী	শ্রেয়স	শ্রেয়সী
তির্য্যচ্	তিরশ্চী,	সখি	সখী
	তির্য্যঞ্চী	সুকণ্ঠ	সুকণ্ঠী,
নট	নটী		সুকণ্ঠা

Masculine	Feminine	Masculine	Feminine
সুকেশ	সুকেশী,	সেবক	সেবিকা
	সুকেশা	হন্তৃ	হন্ত্রী
সূর্য্য	সূরী, সূর্য্যা	হয়	হয়ী

Exercise 39

I. Give the feminine forms of :—

ভব, মৃদু, পাপীয়স্, শিক্ষক, প্রত্যচ্, ব্রহ্মচারিন্, মূষিক, হয়, চন্দ্রমুখ, মঘবন্, রুদ্র, ভাগিনেয়, সুকেশ, শ্বশুর, উদচ্, জগ্মিবস্, কোকিলকণ্ঠ, ধ্যায়ৎ, সহস্রতম, ক্ষুদ্রতম, স্তুবৎ, তির্য্যচ্, কাষ্ঠময়, সেবক, বিদ্বস্, অংশুমৎ, চারুকর্ণ, সৎ, পাঠক, হন্তৃ, মৎস্য, শঙ্কর, সুগুল্ফ, শ্বন্, দর্শক, বিভ্যৎ, নমস্যৎ, সুপুচ্ছ, ভর্তৃ, রজক, চটক, পুত্রক, অনডুহ্, মনুষ্য, যুবন্, নন্দন, মহারাজ, অগ্নি, মনু, সহস্রাক্ষ, পৃচ্ছৎ, সদৃশ, কম্পমান্, শক্তিমান্, মনোহারিন্, বিশালাক্ষ, পিপাসৎ, অণু, অবাচ্, লিখৎ, নাপিত, কৃপণ, কৃশাঙ্গ, সাধু, রাজন্, কর্তৃ, মহাশূদ্র।

II. Substitute single words for :—

মহৎ অরণ্যম্; আয়ুঃ অস্তি যস্যাঃ সা; গানং কুর্ব্বন্তি যাঃ তাঃ; মৃদা নির্ম্মিতা: মহৎ হিমম্; কীর্ত্তিঃ অস্তি যাসাং তাঃ; যবনানাং লিপিঃ; সেবতে যা সা; স্থূলম্ অঙ্গং যস্যাঃ সা; ইচ্ছাং কুর্ব্বতী; গোপস্য জায়া; রম্ভে ইব ঊরূ যস্যাঃ সা; সমানঃ পতি যস্যাঃ সা; ব্রহ্মণঃ জায়া; দুষ্টঃ যবঃ; শোভনাঃ দন্তাঃ যস্যাঃ সা; গোপালকস্য জায়া; মাতুলস্য জায়া; সূর্য্যস্য মানবী স্ত্রী।

III. Render the following into single Sanskrit words :—

A woman of the Kuru family; The mistress of the house; A woman whose husband is a hero; A woman whose teeth are white. A female dancer.

IV. Distinguish between :—

শূদ্রী, শূদ্রা; আচার্য্যা, আচার্য্যানী; ক্ষত্রিয়া, ক্ষত্রিয়ী; উপাধ্যায়া,

উপাধ্যায়ানী; পাণিগৃহীতী, পাণিগৃহীতা; সূর্য্যা, সূরী; যবানী, যবনানী and যবনী; পতিমতী, পতিবত্নী; স্থূলী, স্থূলা।

V. Translate into Sanskrit :—

Kuver is the lord of the north. A bitch has bitten him. I have a fine mare. He went to the west. The wife of my maternal uncle kissed me. The hen-sparrow said to her husband. The young ladies long (স্পৃহ্) for gold-ornaments. He has a daughter whose hair is beautiful. The wife of the milkman has come to milk the cow.

VI. Name some words that have two feminine forms.

III. Correct (Giving the reason in each case) :—

পৃথিবী জলময়া। অশ্বী ভারং বহতি। বৃদ্ধা গচ্ছতী রোদিতি। সপ্তমা বালিকা যাস্যতি। মনোহরীং গীতিং শ্রাবয়। ইয়ং নারী সুকেশিনী। বিদ্বানী রমণী পূজনীয়া। সুবদনী বালিকা আগচ্ছতি। মহাশ্বেতা কাদম্বর্য্যাঃ সখি। যুবতি যুবানম্ আদ্রিয়তে। এতাদৃশা দুরবস্থা ন স্থাস্যতি। বিদ্যাবান্ নারী যশস্বীনি ভবেৎ। ইন্দ্রঃ প্রাচঃ দিশঃ অধিপতিঃ। শ্বেতাঙ্গিনী পিঙ্গলনয়নী ভবতি। অনয়া তুল্যা নর্ত্তকী গায়কী চ দুর্লভা। ময়া উদিচ্যাং দিশি ক্রন্দন-শব্দঃ শ্রুতঃ। অয়ি চারুনেত্রি! সকৃৎ দৃষ্টিং দেহি।

Compounds (সমাস)

274. একপদীভাবঃ সমাসঃ।

দুই বা বহুপদের যে একপদীভাব (অর্থাৎ একপদ হইয়া যাওয়া) তাহাকে সমাস বলে। যে যে পদে পরস্পর অন্বয় বা সম্বন্ধ থাকে, তাহাদেরই সমাস হয়। যথা—'বক্তোঃ বাক্যং শ্রোতব্যম্' এই বাক্যে বক্তোঃ পদের সহিত বাক্যম্ পদের সমাস হইতে পারে; কিন্তু

শ্রোতব্যম্ পদের সমাস হইতে পারে না; কারণ উহাদের পরস্পর অন্বয় বা সম্বন্ধ নাই। সমাসে সন্ধি নিত্য অর্থাৎ করিতেই হইবে।

275. লুক্ বিভক্তেঃ।

সমাস হইলে পূর্ব্ব পূর্ব্ব পদসমূহের বিভক্তির লোপ হয়।

276. নস্য লোপঃ পূর্ব্বস্য।

সমাস হইলে পূর্ব্বপদের অন্তস্থিত নকারের লোপ হয়।

277. সমাসাঃ প্রাতিপদিকানি।

সমাস হইলে সমস্ত পদ প্রাতিপদিক হইয়া যায় অর্থাৎ আবার তাহার উত্তর আবশ্যকমত বিভক্তি হয়।

278. মহতো মহা বিশেষ্যে।

সমাসে 'মহৎ' শব্দ অন্য কোন পদের বিশেষণ হইলে উহার স্থানে 'মহা' আদেশ হয়। যথা, মহান্ বীরঃ=মহাবীরঃ।

279. সমাসশ্চতুর্ব্বিধঃ।

পাণিনির মতে সমাস চারি প্রকার। যথা—তৎপুরুষ, বহুব্রীহি, দ্বন্দ্ব ও অব্যয়ীভাব সমাস। কর্ম্মধারয় ও দ্বিগু সমাস তৎপুরুষের অন্তর্গত। কেহ কেহ উহাদিগকে পৃথক্ সমাস গণ্য করিয়া সমাস ছয় প্রকার বলেন।

তৎপুরুষ সমাস

280. উত্তরপদার্থপ্রধানস্তৎপুরুষঃ।

যে সমাসে উত্তর (পর) পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাহাকে তৎপুরুষ সমাস বলে।

অর্থানুসারে পূর্ব্বপদে যে বিভক্তি যুক্ত হইয়া প্রথমান্ত পরপদের সহিত সমাস হয়, সমাসের নাম সেই তৎপুরুষ হইয়া থাকে।

(1) **দ্বিতীয়া তৎপুরুষ।** যথা, গৃহং গতঃ=গৃহগতঃ। দুঃখম্ অতীতঃ=দুঃখাতীতঃ। বিস্ময়ম্ আপন্নঃ=বিস্ময়াপন্নঃ। অন্নং বুভুক্ষুঃ=অন্নবুভুক্ষুঃ। বেদং বিদ্বান্=বেদবিদ্বান্। বর্ষং ভোগ্যঃ=বর্ষভোগ্যঃ।

(2) **তৃতীয়া তৎপুরুষ।** যথা, ব্যাঘ্রেণ হতঃ=ব্যাঘ্রহতঃ। জলেন সিক্তঃ=জলসিক্তঃ। বিদ্যয়া হীনঃ=বিদ্যাহীনঃ। পিত্রা সমঃ=পিতৃসমঃ। মাসেন পূর্ব্বঃ=মাসপূর্ব্বঃ। ধান্যেন অর্থঃ=ধান্যার্থঃ।

(3) **চতুর্থী তৎপুরুষ।** যথা, যূপায় দারু=যূপদারু। কুণ্ডলায় হিরণ্যম্=কুণ্ডলহিরণ্যম্। পুত্রায় হিতম্=পুত্রহিতম্। পিত্রে সুখম্=পিতৃসুখম্। ভূতায় বলিঃ=ভূতবলিঃ।

প্রয়োজনবাচক 'অর্থ' শব্দের সহিত চতুর্থী তৎপুরুষ সমাস হয় এবং ব্যাসবাক্যে 'ইদম্' শব্দের প্রয়োগ করিতে হয়। যথা, পানায় ইদম্=পানার্থম্; দ্বিজায় ইদম্=দ্বিজার্থম্ (বারি); দ্বিজায় অয়ম্=দ্বিজার্থঃ (সূপঃ); দ্বিজায় ইয়ম্=দ্বিজার্থা (মালা)। এইরূপ—গমনার্থম্, দানার্থম্, তৃপ্ত্যর্থম্ প্রভৃতি।

(4) **পঞ্চমী তৎপুরুষ।** যথা, বৃক্ষাৎ পতিতঃ=বৃক্ষপতিতঃ। রোগাৎ মুক্তঃ=রোগমুক্তঃ। বিদেশাৎ আগতঃ=বিদেশাগতঃ। গৃহাৎ নির্গতঃ=গৃহনির্গতঃ। চৌরাৎ ভয়ম্=চৌরভয়ম্। সুখাৎ অপেতঃ=সুখাপেতঃ। কিন্তু, 'প্রাসাদাৎ পতিতঃ'—এই স্থলে সমাস হইবে না।

(5) **ষষ্ঠী তৎপুরুষ।** যথা, সুখস্য ভোগঃ=সুখভোগঃ। গঙ্গায়াঃ জলম্=গঙ্গাজলম্। অগ্নেঃ শিখা=অগ্নিশিখা। গবাং দোহঃ=গোদোহঃ। সূর্য্যস্য উদয়ঃ=সূর্য্যোদয়ঃ। রাজ্ঞঃ গৃহম্=রাজগৃহম্।

কৃৎ প্রত্যয়ের যোগে কর্ত্তা ও কর্ম্মে যে ষষ্ঠী বিভক্তি হয়, তাহার সহিত কৃদন্ত শব্দের সমাস হইয়া থাকে। যথা, রাজ্ঞঃ আদেশঃ=রাজাদেশঃ। মম বচনম্=মদ্বচনম্। পয়সঃ পানম্=পয়ঃপানম্। শিবস্য পূজা=শিবপূজা। অর্থস্য লাভঃ=অর্থলাভঃ।

যে যে স্থলে ষষ্ঠী তৎপুরুষ সমাস হইবে না:—

(*a*) নির্দ্ধারণার্থে। যথা, দ্বিজঃ নৃণাং শ্রেষ্ঠঃ।

(*b*) পূরণার্থে। যথা, পুত্রাণাং চতুর্থঃ; ভ্রাতৄণাং পঞ্চমঃ।

(*c*) গুণবাচক পদের সহিত। যথা, আকাশস্য নীলিমা;

বলাকায়াঃ শৌক্ল্যম্; দ্রাক্ষায়াঃ মাধুর্য্যম্। (কিন্তু—অশ্বগৌরবম্, চন্দনগন্ধঃ, কপিত্থরসঃ, পটহধ্বনিঃ, গাত্রস্পর্শঃ, বচনকৌশলম্, গাত্রমার্দ্দবম্, কন্যারূপম্, বুদ্ধিমান্দ্যম্ প্রভৃতি স্থলে সমাস হয়)।

(*d*) তৃপ্ত্যর্থ পদের সহিত। যথা, অপাং তৃপ্তঃ।

(*e*) বর্ত্তমান-কাল-বিহিত ক্ত-প্রত্যয়ান্ত পদের সহিত। যথা সতাং মতঃ; রাজ্ঞাং জ্ঞাতঃ; জ্ঞানিনাং পূজিতঃ।

(*f*) তৃচ্ ও অক প্রত্যয়ান্ত শব্দের সহিত। যথা, জগতঃ স্রষ্টা, পুরাং ভেত্তা। অন্নস্য পাচকঃ; ওদনস্য ভোজকঃ। কিন্তু—হোতৃ, ভর্ত্তৃ, গ্রহীতৃ, যাজক, পূজক, পরিচারক, পরিষেচক, স্নাতক (স্নাপক), অধ্যাপক, উৎসাহক প্রভৃতি শব্দের সহিত সমাস হয়। যথা—হবির্হোতা, ভুবনভর্ত্তা, গুণগ্রহীতা, শূদ্রযাজকঃ, দেবপূজকঃ, রাজপরিচারকঃ, জলপরিষেচকঃ, দেবস্নাতকঃ (দেবস্নাপকঃ), বেদাধ্যাপকঃ সর্ব্বোৎসাহকঃ।

কিন্তু, নরেষু উত্তমঃ=নরোত্তমঃ (৭মী তৎ); ভোগৈঃ তৃপ্তঃ=ভোগতৃপ্তঃ (৩য়া তৎ); রাজভিঃ পূজিতঃ=রাজপূজিতঃ (৩য়া তৎ); জগন্তি করোতি যঃ সঃ=জগৎকর্ত্তা (উপপদ তৎ); প্রজাঃ পালয়তি যঃ সঃ=প্রজাপালকঃ (উপপদ তৎ) এইরূপ বাক্যে সমাস হইবে।

ষষ্ঠীতৎপুরুষ সমাসে

(*a*) ছায়া, শালা ও সেনা শব্দ বিকল্পে অকারান্ত হইয়া ক্লীবলিঙ্গ হয়। যথা, বটস্য ছায়া=বটচ্ছায়া বা বটচ্ছায়ম্; গবাং শালা=গোশালা বা গোশালম্; রাজ্ঞঃ সেনা=রাজসেনা বা রাজসেনম্; কিন্তু বহু পদার্থের ছায়া বুঝাইলে নিত্য ক্লীবলিঙ্গ হয়। যথা, ইক্ষূণাং ছায়া=ইক্ষুচ্ছায়াম্। বটানাং ছায়া=বটচ্ছায়ম্। বীনাং ছায়া=বিচ্ছায়ম্।

(*b*) সভা শব্দ অকারান্ত হইয়া ক্লীবলিঙ্গ হয়। যথা, প্রভোঃ সভা=প্রভুসভম্। ঈশ্বরস্য সভা=ঈশ্বরসভম্। রক্ষসাং সভা=রক্ষঃসভম্। পিশাচানাং সভা=পিশাচসভম্। রাজা কিংবা মনুষ্যবাচক

শব্দ পূর্ব্বে থাকিলে ক্লীবলিঙ্গ হয় না। যথা, রাজ্ঞঃ (বা রাজ্ঞাং) সভা=রাজসভা। চন্দ্রগুপ্তস্য সভা=চন্দ্রগুপ্তসভা। মনুষ্যাণাং সভা= মনুষ্যসভা।

(*c*) সভা শব্দের অর্থ শালা (গৃহ) বুঝাইলে ক্লীবলিঙ্গ হয় না; অন্য অর্থ বুঝাইলে হয়। যথা, স্ত্রীণাং সভা=স্ত্রীসভম্ (স্ত্রীণাং সমূহঃ)। শিশূনাং সভা=শিশুসভম্ (শিশূনাং সমবায়ঃ)। কিন্তু ধর্ম্মসভা (ধর্ম্মশালা)।

(*d*) অণ্ড প্রভৃতি শব্দ পরে থাকিলে পূর্ব্ববর্ত্তী হংসী, কুক্কুটী প্রভৃতি শব্দ পুংলিঙ্গের মত হইয়া যায়। যথা, হংস্যাঃ অণ্ডম্=হংসাণ্ডম্। কুক্কুট্যাঃ শাবকঃ=কুক্কুটশাবকঃ। ছাগ্যাঃ দুগ্ধম্ ছাগদুগ্ধম্। মৃগ্যাঃ ক্ষীরম্=মৃগক্ষীরম্। কাক্যাঃ শাবকঃ=কাক-শাবকঃ।

(6) সপ্তমী তৎপুরুষ। যথা, রণে নিপুণঃ=রণনিপুণঃ। দানে শৌণ্ডঃ=দানশৌণ্ডঃ। আতপে শুষ্কঃ=আতপশুষ্কঃ। স্থাল্যাং পক্বঃ= স্থালীপক্বঃ। মাসে দেয়ম্=মাসদেয়ম্। পূর্ব্বাহ্নে কৃতম্=পূর্ব্বাহ্ন-কৃতম্।

(*a*) একদেশী সমাস

281. ষষ্ঠী-বিভক্তি-যুক্ত একবচনান্ত অবয়বীর সহিত পূর্ব্ব, অপর, অধর ও উত্তর ইহাদের সমাসকে কেহ কেহ একদেশী সমাস বলেন। যথা, পূর্ব্বং কায়স্য=পূর্ব্বকায়ঃ। এইরূপ—অপরকায়ঃ অধরকায়ঃ, উত্তরকায়ঃ। একবচন না হইলে সমাস হয় না। যথা— 'পূর্ব্বঃ ছাত্রাণাম্ অভিনন্দ্যতে'—এস্থলে অবয়বী 'ছাত্রাণাম' বহু-বচনান্ত বলিয়া সমাস হইবে না।

অহন্ শব্দের সহিত সমস্ত একদেশবাচক পদের সমাস হয়। যথা, মধ্যম্ অহ্নঃ=মধ্যাহ্নঃ; সায়ম্ অহ্নঃ=সায়াহ্নঃ। আবার, মধ্যং

রাত্রেঃ=মধ্যরাত্রঃ; পূর্ব্বং রাত্রেঃ=পূর্ব্বরাত্রঃ ইত্যাদিও একদেশী সমাস বলিয়া গণ্য হয়।

(b) নঞ্ তৎপুরুষ

282. সুবন্ত পদের সহিত 'নঞ্' এই অব্যয়ের সমাসকে নঞ্ তৎপুরুষ সমাস বলে। 'নঞ্' শব্দের অর্থ ছয় প্রকার। যথা:—

"তৎসাদৃশ্যম্ অভাবশ্চ তদন্যত্বং তদল্পতা।

অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ॥"

যথাক্রমে উদাহরণ, যথা—ন ব্রাহ্মণঃ=অব্রাহ্মণঃ; ন সুখম্=অসুখম্; ন অশ্বঃ=অনশ্বঃ; ন উদরী=অনুদরী; ন কেশী=অকেশী; ন সুরঃ=অসুরঃ।

ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে "অকারো নঞো হলি" এই সূত্রানুসারে নঞ্-এর 'ন' লোপ পায়; কেবল 'অ' থাকে। যথা—ন প্রিয়ঃ=অপ্রিয়ঃ; ন সিদ্ধঃ=অসিদ্ধঃ।

স্বরবর্ণ পরে থাকিলে "অন্ স্বরে" এই সূত্রানুসারে নঞ্-এর স্থলে অন আদেশ হয়। যথা—ন উষ্ণম্=অনুষ্ণম্; ন উপলব্ধঃ=অনুপলব্ধঃ।

অভাব অর্থে নঞ্ তৎপুরুষ সমাস হয়; আবার, অভাব অর্থে অব্যয়ীভাব সমাসও হইয়া থাকে। যথা—ন সুখম্=অসুখম্ (নঞ্ তৎপুরুষ); সুখস্য অভাবঃ=অসুখম্ (অব্যয়ীভাব)।

(c) উপপদ তৎপুরুষ

যে সকল সুবন্ত পদের পরবর্ত্তী ধাতুর উত্তর কৃৎ প্রত্যয় হইয়া থাকে, তাহাদিগকে উপপদ বলে। ধাতুর সহিত উপপদের যে সমাস হয় তাহাকে উপপদ তৎপুরুষ সমাস বলে। যথা, কুম্ভং করোতি ইতি=কুম্ভকারঃ। এখানে 'কুম্ভম্' একটি উপপদ; কারণ, ইহার

পরবর্ত্তী 'কৃ' ধাতুর উত্তর 'অণ্' এই কৃৎপ্রত্যয় হইয়া 'কুম্ভকার' শব্দ নিষ্পন্ন হইয়াছে। প্রভাং করোতি ইতি=প্রভাকরঃ। জলে চরতি ইতি=জলচরঃ। এইরূপ—নিশাকরঃ; পঙ্কজম্; শিলাশয়ঃ; অগ্রসরঃ; অণ্ডজঃ; হিতকরঃ।

অতিরিক্ত

উৎক্রান্তঃ বেলাম্=উদ্বেলঃ। অতিক্রান্তঃ মালাম্=অতিমালঃ। অতিক্রান্তঃ খট্বাম্=অতিখট্বঃ। জ্যাম্ অধিগতম্=অধিজ্যম্। মুখম্ অভিগতঃ=অভিমুখঃ। নিষ্ক্রান্তঃ কৌশাম্ব্যাঃ=নিষ্কৌশাম্বিঃ। উত্থিতঃ নিদ্রায়াঃ=উন্নিদ্রঃ। গবাম্ অক্ষি ইব=গবাক্ষঃ। পুরুষস্য আয়ুঃ=পুরুষায়ুষম্। বৃহত্যাং পতিঃ=বৃহস্পতিঃ। বনস্য পতিঃ=বনস্পতিঃ। জীবনস্য মূতঃ=জীমূতঃ। বারীণাং বাহকঃ=বলাহকঃ। কাল্যাঃ দাসঃ=কালিদাসঃ। বিশ্বস্য মিত্রম্=বিশ্বামিত্রঃ। অন্যস্য অর্থঃ=অন্যদর্থঃ বা অন্যার্থঃ। বনস্য অগ্রে=অগ্রেবণম্। অর্দ্ধং পিপ্পল্যাঃ=অর্দ্ধপিপ্পলী। গোষ্ঠে শ্বা=গোষ্ঠশ্বঃ। শবানাং শয়নম্=শ্মশানম্। শুনঃ দন্তঃ=শ্বাদন্তঃ। শুনঃ দংষ্ট্রা=শ্বাদংষ্ট্রা।

কর্ম্মধারয় সমাস।

284. বিশেষণং বিশেষ্যেণ।

বিশেষ্য পদের সহিত বিশেষণ পদের সমাসকে কর্ম্মধারয় সমাস বলে। যথা, শীতঃ পবনঃ=শীতপবনঃ। নবম্ অন্নম্=নবান্নম্। উষ্ণম্ উদকম্=উষ্ণোদকম্। বিশ্বে দেবাঃ=বিশ্বদেবাঃ। সন্ পুরুষঃ=সৎপুরুষঃ। মহান্ বীরঃ=মহাবীরঃ।

285. পুংবৎ পূর্ব্বং ভাষিতপুংস্কং কর্ম্মধারয়ে।

কর্ম্মধারয় সমাসে ভাষিতপুংস্ক (যে সকল শব্দ স্ত্রীলিঙ্গ এবং পুংলিঙ্গ উভয়ই হয়, তাহাদিগকে ভাষিতপুংস্ক বলে। যথা—মধুর,

সুন্দর ইত্যাদি) স্ত্রীলিঙ্গ পূর্ব্বপদের পুংবদ্ভাব (পুংলিঙ্গের মত আকার) হয়। যথা, শুক্লা পঞ্চমী=শুক্লপঞ্চমী। পাচিকা স্ত্রী=পাচকস্ত্রী। সতী প্রবৃত্তিঃ=সৎপ্রবৃত্তিঃ। ব্রাহ্মণী ভার্য্যা=ব্রাহ্মণ-ভার্য্যা। সুন্দরী মহিলা=সুন্দরমহিলা।

(খ) কিন্তু, পূর্ব্বপদটি ঊঙ্ প্রত্যয়ান্ত স্ত্রীলিঙ্গ হইলে উহা পুংলিঙ্গের মত হয় না। যথা, বামোরূঃ ভার্য্যা=বামোরূভার্য্যা।

286. **রাজাহঃসখিভ্যষ্টচ্।**

তৎপুরুষ ও কর্ম্মধারয় সমাসে রাজন্, অহন্ ও সখি শব্দের উত্তর টচ্ (অ) প্রত্যয় হয়। টচ্ প্রত্যয় হইলে 'রাজন্' শব্দের স্থানে 'রাজ', 'অহন্' শব্দের স্থানে 'অহ' ও 'সখি' শব্দের স্থানে 'সখ' এইরূপ অকারান্ত পদ হয়। যথা, দেবানাং রাজা=দেবরাজঃ; মহান্ রাজা=মহারাজঃ। পরমম্ অহঃ=পরমাহঃ। রাজ্ঞঃ সখা=রাজসখঃ, প্রিয়ঃ সখা=প্রিয়সখঃ।

বহুব্রীহি সমাসে "বায়ুঃ সখা যস্য সঃ" এই বাক্যে "বায়ুসখা" এইরূপ পদ হয়; ইহার রূপ পুংলিঙ্গ সখি শব্দের মত। মহান্ রাজা যস্মিন্ সঃ (দেশঃ) এই বাক্যে মহারাজা এইরূপ পদ হয়।

287. **ক্তেন নঞ্-বিশিষ্টেনানঞ্।**

নঞ্-যুক্ত ক্ত-প্রত্যয়ান্ত পদের সহিত নঞ্-শূন্য ক্ত-প্রত্যয়ান্ত পদের কর্ম্মধারয় সমাস হয়। যথা, কৃতঞ্চ তৎ অকৃতঞ্চ=কৃতাকৃতম্। ক্লিষ্টঞ্চ তৎ অক্লিষ্টঞ্চ=ক্লিষ্টাক্লিষ্টম্। পক্বঞ্চ তৎ অপক্বঞ্চ=পক্বাপক্বম্।

(ক) সমানপ্রকৃতি স্থলেই এইরূপ সমাস হয়; অন্যত্র হয় না। যথা ভুক্তঞ্চ তৎ অভুক্তঞ্চ, এরূপ স্থলে সমাস হইবে না।

288. **বর্ণো বর্ণেন।**

বর্ণবাচক পদের সহিত বর্ণবাচক পদের কর্ম্মধারয় সমাস হয়। যথা, নীলশ্চাসৌ লোহিতশ্চেতি=নীললোহিতঃ (শিবঃ)। এইরূপ পীতধবলঃ।

289. পূর্ব্বোত্তর-কালয়োঃ ক্তঃ।

পূর্ব্বকাল ও উত্তরকাল বুঝাইলে ক্ত-প্রত্যয়ান্ত পদের কর্ম্মধারয় সমাস হয়। যথা—পূর্ব্বং (আদৌ) স্নাতঃ পশ্চাৎ অনুলিপ্তঃ= স্নাতানুলিপ্তঃ। পূর্ব্বং সুপ্তঃ পশ্চাৎ উত্থিতঃ=সুপ্তোত্থিতঃ। এইরূপ—যাতায়াতঃ; দত্তাপহৃতম্; ভুক্তোদ্গীর্ণম্; পীতপ্রতিবদ্ধঃ।

290. উপমানানি সামান্যবচনৈঃ।

যাহার সহিত উপমা দেওয়া যায় তাহাকে **উপমান** এবং যাহার উপমা দেওয়া যায় তাহাকে **উপমেয়** বলে। যথা—মুখং কমলম্ ইব (মুখ কমলের ন্যায়)—এখানে 'কমল' **উপমান** ও 'মুখ' **উপমেয়**।

উপমান ও উপমেয়ের সামান্য (সাধারণ ধর্ম্ম) বোধক পদের সহিত উপমান-বাচক পদের সমাস হয়; ইহাকে **উপমান কর্ম্মধারয়** বলে। যথা, ঘনঃ (মেঘঃ) ইব শ্যামঃ=ঘনশ্যামঃ। এখানে ঘন উপমান; শ্যামতা গুণ উপমান ও উপমেয়ের সাধারণ ধর্ম্ম; এজন্য সাধারণ-ধর্ম্ম-বোধক 'শ্যামঃ' এই পদের সহিত 'ঘনঃ' এই উপমান-বাচক পদের সমাস হইয়াছে। এইরূপ, অনলঃ ইব উজ্জ্বলঃ=অনলোজ্জ্বলঃ, অর্ণবঃ ইব গভীরঃ=অর্ণবগভীরঃ; নবনীতম্ ইব কোমলম্=নবনীত কোমলম্।

291. উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যাপ্রয়োগে।

সামান্যবোধক পদের প্রয়োগ না থাকিলে, ব্যাঘ্র প্রভৃতি উপমান-বাচক পদের সহিত উপমেয় পদের সমাস হয়; ইহাকে **উপমিত কর্ম্মধারয়** বলে। যথা, পুরুষঃ ব্যাঘ্রঃ ইব=পুরুষব্যাঘ্রঃ। এইরূপ—নরসিংহঃ; করকিসলয়ম্; অধরপল্লবঃ; বদনসুধাকরঃ; মুনি-শার্দ্দূলঃ।

সামান্যবোধক পদের প্রয়োগ থাকিলে সমাস হয় না। যথা—পুরুষঃ ব্যাঘ্রঃ ইব শূরঃ, মুখং কমলমিব সুন্দরম্। এরূপ স্থলে সমাস হইবে না।

292. লোপঃ কচিন্ মধ্যস্য।

কর্ম্মধারয় সমাসে কোন কোন স্থানে মধ্যপদের লোপ হয়; এই সমাসকে **মধ্যপদলোপী কর্ম্মধারয়** বলে। যথা, শাকপ্রিয়ঃ পার্থিবঃ= শাকপার্থিবঃ। পলমিশ্রিতম্ অন্নম্=পলান্নম্ (পোলাও)। প্লক্ষনামা তরুঃ=প্লক্ষতরুঃ (পাকুড় গাছ)। পঞ্চাধিকা দশ=পঞ্চদশ। দেবপূজকঃ ব্রাহ্মণঃ=দেবব্রাহ্মণঃ। ছায়াপ্রধানঃ তরুঃ=ছায়াতরুঃ।

293. উপমান ও উপমেয়কে অভিন্নরূপে নির্দ্দেশ করিয়া যে সমাস করা যায়, তাহার নাম **রূপক কর্ম্মধারয়**। যথা, শোকঃ এব অর্ণবঃ=শোকার্ণবঃ। দেহঃ এব পিঞ্জরম্=দেহপিঞ্জরম্। জ্ঞানম্ এব ধনম্=জ্ঞানধনম্। মনঃ এব চক্ষুঃ=মনশ্চক্ষুঃ।

(*a*) **উপমিত কর্ম্মধারয়ের সহিত রূপক কর্ম্মধারয়ের প্রভেদ** এই যে, প্রথমটিতে উপমানের সহিত উপমেয়ের তুলনা এবং দ্বিতীয়টিতে উভয়ের অভেদ কল্পনা করা হয়। উপমিত ও রূপকে সন্দেহ উপস্থিত হইলে বিচার করিয়া দেখিতে হইবে যে, ব্যবহৃত ক্রিয়াপদের দ্বারা উপমান ও উপমেয়ের মধ্যে কাহাকে লক্ষ্য করা হইতেছে। **উপমেয়কে লক্ষ্য করিলে উপমিত এবং উপমানকে লক্ষ্য করিলে রূপক সমাস হইবে; উভয়কেই লক্ষ্য করিলে উভয় সমাসের সাংকর্য্য হইবে।** যথা, 'মুখচন্দ্রং চুম্বতি' এস্থলে 'চুম্বতি' ক্রিয়ার দ্বারা উপমেয় মুখকেই লক্ষ্য করা হইতেছে; কারণ, উপমান চন্দ্রকে চুম্বন করা অসম্ভব; সেজন্য এখানে 'মুখং চন্দ্রঃ ইব' এই বাক্যে উপমিত সমাস হইবে। কিন্তু 'মুখচন্দ্রঃ হৃদয়াকাশম্ আলোকয়তি' এস্থলে 'আলোকয়তি' ক্রিয়ার দ্বারা উপমান চন্দ্রকেই লক্ষ্য করা হইতেছে; কারণ, উপমেয় মুখের আলোকিত করা অসম্ভব; সেজন্য এখানে 'মুখম্ এব চন্দ্রঃ' এই বাক্যে রূপক সমাস হইবে। আবার 'মুখচন্দ্রঃ শোভতে' এস্থলে 'শোভতে' ক্রিয়ার দ্বারা উপমান ও উপমেয় উভয়কেই লক্ষ্য করা হইতেছে; কারণ, মুখ ও চন্দ্র উভয়েরই শোভা পাওয়া সম্ভব; সেজন্য এখানে উভয় সমাসের সাংকর্য্য হইবে।

294. দিক্‌সংখ্যে সংজ্ঞায়াম্।

সংজ্ঞা (নাম) বুঝাইলে দিগ্‌বোচক ও সংখ্যাবাচক শব্দের কর্ম্মধারয় সমাস হয়। যথা (সংখ্যাবাচক)—সপ্ত ঋষয়ঃ=সপ্তর্ষয়ঃ (মরীচি, অত্রি, পুলহ, পুলস্ত্য, ক্রতু, অঙ্গিরাঃ ও বশিষ্ঠ)। (দিগ্‌বাচক)—উত্তরাঃ কোশলাঃ=উত্তরকোশলাঃ (একটি জনপদের নাম)। নাম না বুঝাইলে সমাস হয় না। যথা, পঞ্চ ব্রাহ্মণাঃ=পঞ্চব্রাহ্মণাঃ হইবে না। উত্তরাঃ বৃক্ষাঃ=উত্তরবৃক্ষাঃ হইবে না।

295. ময়ূরব্যংসকাদয়শ্চ।

ময়ূরব্যংসক প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা—ময়ূরঃ ব্যংসকঃ (ধূর্ত্তঃ)=ময়ূরব্যংসকঃ। উদক্ চ অবাক্ চ=উচ্চাবচম্। নাস্তি কিঞ্চন যস্য সঃ=অকিঞ্চনঃ। নাস্তি কুতোঽপি ভয়ং যস্য সঃ=অকুতোভয়ঃ। অন্যঃ দেশঃ=দেশান্তরম্। চিৎ এব=চিন্মাত্রম্। যৎ ইচ্ছা=যদৃচ্ছা। অশ্নীত পিবত ইত্যেবম্ উচ্যতে যস্যাং ক্রিয়ায়াং সা=অশ্নীতপিবতা। অহং পূর্ব্বম্ অহং পূর্ব্বম্ ইতি যস্যাং ক্রিয়ায়াম্ অভিধীয়তে সা=অহংপূর্ব্বিকা। পচত ভৃজ্জত ইত্যেবম্ উচ্যতে যস্যাং ক্রিয়ায়াং সা=পচতভৃজ্জতা।

অতিরিক্ত।

বৃদ্ধঃ উক্ষা=বৃদ্ধোক্ষঃ। মহান্ উক্ষা=মহোক্ষঃ। জাতঃ উক্ষা=জাতোক্ষঃ। কু উষ্ণম্=কোষ্ণম্, কদুষ্ণম্, কবোষ্ণম্। নিশ্চিতং শ্রেয়ঃ=নিঃশ্রেয়সম্। হরিঃ চন্দ্রঃ ইব=হরিশ্চন্দ্রঃ। অন্ধং তমঃ=অন্ধতমসম্।

দ্বিগু সমাস।

296. সংখ্যাপূর্ব্বো দ্বিগুঃ।

যে কর্ম্মধারয় সমাসের পূর্ব্বপদ সংখ্যাবাচক শব্দ, তাহাকে দ্বিগু সমাস বলে।

237. তদ্ধিতার্থোত্তরপদ-সমাহারেষু।

তদ্ধিতার্থে, উত্তরপদ পরে ও সমাহার বুঝাইলে দ্বিগু সমাস হয়। যথা, (তদ্ধিতার্থে)—পঞ্চভিঃ গোভিঃ ক্রীতঃ=পঞ্চগুঃ (যে স্থলে অন্য পদার্থের প্রতীতি হয়, তথায় অন্তস্থিত গো শব্দের 'ও' স্থানে 'উ' হয়)। (উত্তরপদ পরে)—পঞ্চ হস্তাঃ প্রমাণম্ অস্য=পঞ্চহস্তপ্রমাণঃ দশ গাবো ধনম্ অস্য=দশগবধনঃ; ত্রয়াণাং লোকানাং নাথঃ=ত্রিলোক-নাথঃ। সমাহার দ্বিগু সমাস-নিষ্পন্ন অকারান্ত শব্দের উত্তর ঈপ্ হয়। সেগুলি স্ত্রীলিঙ্গ হয়। যথা, ত্রয়াণাং লোকানাং সমাহারঃ=ত্রিলোকী; চতুর্ণাং পদানাং সমাহারঃ=চতুষ্পদী; পঞ্চানাং শতানাং সমাহারঃ=পঞ্চশতী; দশানাং রথানাং সমাহারঃ=দশরথী। কিন্তু পাত্র, যুগ ও ভুবন শব্দ পরপদ হইলে পদগুলি ক্লীবলিঙ্গ হয়। যেমন, ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ=ত্রিভুবনম্, চতুর্ণাং যুগানাং সমাহারঃ=চতুর্যুগম্; পঞ্চানাং পাত্রাণাং সমাহারঃ=পঞ্চপাত্রম্।

কয়েকটি নিয়ম (সমাসান্ত বিধি)।

(১) তৎপুরুষ, কর্ম্মধারয় ও দ্বিগু সমাসে একদেশবাচক, সংখ্যাবাচক, অব্যয় ও সর্ব্ব শব্দের পরবর্তী রাত্রি শব্দের উত্তর অল (অ) হয় অর্থাৎ রাত্রি শব্দ রাত্র হইয়া যায়। সমাস করিলে যে সকল শব্দের শেষে রাত্র, অহ্ন বা অহ থাকে তাহারা পুংলিঙ্গ হয়। যথা—পূর্ব্বরাত্রঃ; আতরাত্রঃ; পুণ্যরাত্রঃ; কিন্তু, দ্বিরাত্রম্; সপ্তরাত্রম্। এখানে রাত্রি শব্দের পূর্ব্বে সংখ্যাবাচক শব্দ থাকায় ক্লীবলিঙ্গ হইয়াছে।

(২) তৎপুরুষ, কর্ম্মধারয় ও দ্বিগু সমাসে একদেশবাচক, এক ভিন্ন সংখ্যাবাচক, অব্যয় ও সর্ব্ব শব্দের পরবর্ত্তী অহন্ শব্দের স্থানে অহ্ন হয়। যথা, মধ্যাহ্নঃ; পঞ্চাহ্নঃ (পঞ্চসু অহঃসু ভবঃ); সর্ব্বাহ্নঃ প্রভৃতি। কিন্তু অন্যান্য শব্দের পরবর্ত্তী হইলে অহন্ শব্দের স্থানে অহ হয়। যথা, একাহঃ; পুণ্যাহম্ প্রভৃতি।

(3) সমাহার-দ্বিগু সমাসে সংখ্যাবাচক শব্দের পরবর্ত্তী অহন্ শব্দের স্থানে অহ্ন হয় না। যথা, দ্বয়োঃ অহ্নোঃ সমাহারঃ=দ্ব্যহঃ। এইরূপ—ত্র্যহঃ; দশাহঃ।

(4) সংখ্যাবাচক ও অব্যয় শব্দের পরবর্ত্তী অঙ্গুলি শব্দের স্থানে অঙ্গুল হয়। যথা, দ্বে অঙ্গুলী প্রমাণম্ অস্য=দ্ব্যঙ্গুলম্। এইরূপ—ত্র্যঙ্গুলম্। নিরঙ্গুলম্।

(5) গো শব্দের স্থানে গব হয়। যথা, রাজ্ঞঃ গৌঃ=রাজগবঃ। পরমঃ গৌঃ=পরমগবঃ; দশগবধনঃ; পঞ্চানাং গবাং সমাহারঃ=পঞ্চগবম্। তদ্ধিতার্থে হয় না। যথা—পঞ্চগুঃ (পঞ্চভিঃ গোভিঃ ক্রীতঃ)।

(6) দ্বিগু সমাসে দ্বি ও ত্রি শব্দের পরবর্ত্তী অঞ্জলি শব্দের উত্তর বিকল্পে অ হয়। যথা, দ্বৌ অঞ্জলী প্রমাণম্ অস্য=দ্ব্যঞ্জলম্ বা দ্ব্যঞ্জলি; ত্র্যঞ্জলম্ বা ত্র্যঞ্জলি। অন্যত্র, দ্বয়োঃ অঞ্জলিঃ=দ্ব্যঞ্জলিঃ।

(7) তৎপুরুষ সমাসে স্বরবর্ণ পরে থাকিলে কু শব্দের স্থানে কৎ ও পুরুষ শব্দ পরে থাকিলে বিকল্পে কা হয়। যথা, কুৎসিতঃ অশ্বঃ=কদশ্বঃ। এইরূপ—কদুষ্ট্রঃ, কদন্নম্, কদাচারঃ, কদুদকম্। কুৎসিতঃ পুরুষঃ=কুপুরুষঃ বা কাপুরুষঃ।

(8) তৎপুরুষ সমাসে কৃত্য প্রত্যয় পরে থাকিলে 'অবশ্যম্' শব্দের অন্ত্যবর্ণের (ম্ এর) লোপ হয়। যথা, অবশ্যকর্ত্তব্যম্। অবশ্যদেয়ম্।

(9) তৎপুরুষ সমাসে নঞ্ শব্দ পূর্ব্বে থাকিলে সমাসান্তবিধি হয় না। যথা—অরাজা; অসখা; অগৌঃ। পথিন্ শব্দের উত্তর বিকল্পে হয়। যথা—অপন্থাঃ বা অপথম্।

(10) নিন্দা অর্থে কিম্ শব্দের পরবর্ত্তী শব্দের উত্তর সমাসান্ত প্রত্যয় হয় না। যথা—কুৎসিতঃ রাজা=কিংরাজা; কুৎসিতঃ সখা=কিংসখা। কিন্তু, কেষাং রাজা=কোরাজঃ বা কিংরাজঃ (এখানে সমাসান্ত প্রত্যয় হইল)।

Exercise 40

I. Expound and name the Samasas in the following :–

মাসভোগ্যঃ, পিতৃসমঃ, গোহিতম্, পীতধবলঃ, ত্রিপদী, কবিশ্রেষ্ঠঃ, শয়িতোত্থিতঃ, স্থালীপক্বঃ, স্বর্গপতিতঃ, গবাক্ষঃ, পানার্থম্, মাতৃসদৃশী, পয়ঃপানম্, অপরাহ্ণঃ, ভুক্তাভুক্তম্, শিরোধার্য্যম্, ধনাপহারী, মুখচন্দ্রঃ, দ্বিজার্থা, ছায়াতরুঃ, অভিমুখঃ, নরোত্তমঃ, কর্ম্মনিপুণঃ, অমোঘঃ, মধ্যরাত্রঃ, গ্রামান্তরম্, পলান্নম্, কৃষ্ণচতুর্দ্দশী, দেবসখঃ, অনুক্ষম্, শৈলোন্নতঃ, সপ্তরাত্রম্, সিদ্ধার্থম্, বিদ্যারম্ভম্, কদশ্বঃ, সপ্তবিংশতিঃ, অশনীতিপিবতা, উচ্চাবচম্, পঞ্চদশ, নরশার্দ্দূলঃ, বলাহকঃ, বৃহস্পতিঃ, পঙ্কজম্।

II. Give the compound words for (if possible) :—

রাত্রৌ সুখম্ ; অন্যো বারঃ ; ফলানাং তৃপ্তঃ ; দৃঢ়া ভক্তিঃ ; রাজা চন্দ্রঃ ইব ; গমনায় ইদম্ ; সপ্তানাং শতানাং সমাহারঃ ; মুক্তয়ে ইদম্ ; বিদুষাং পূজিতঃ ; বর্ষে পরিশোধ্যম্ ; ন উপলব্ধিঃ ; অঙ্গানাং রাজা ; অষ্টৌ অশ্বাঃ ; মহতী নবমী ; অপাং স্রষ্টা ; দশভিঃ গোভিঃ ক্রীতঃ ; দ্বয়োঃ অহ্নোঃ সমাহারঃ ; পূর্ব্বং ভুক্তং পশ্চাৎ উদ্গীর্ণম্ ; ভ্রাতৄণাং তৃতীয়ঃ ; অন্ধং তমঃ ; ত্রয়াণাং লোকানাং সমাহারঃ ; শাস্ত্রাণাম্ অধ্যাপকঃ ; পীতঞ্চ তৎ অপীতঞ্চ ; বনস্য অগ্রে ; বৃক্ষাণাং ছেদকঃ ; দেবানাং সেনা ; কুৎসিতঃ পুরুষঃ ; দ্বৌ অঞ্জলী প্রমাণম্ অস্য ; পঞ্চানাং গবাং সমাহারঃ ; নাস্তি কুতোঽপি ভয়ং যস্য সঃ ; উদ্গতঃ নিদ্রায়াঃ ; রক্ষসাং সভা ; স্ত্রীনাং ছায়া ; পক্বঞ্চ তৎ অপক্বঞ্চ ; মনঃ এব চক্ষুঃ।

III. Give the Sanskrit compound forms for :–

Not a horse ; Another king ; The nine planets ; Lotus like face ; A man like a lion ; An aggregate of seven nights ; One who goes (গামী) to the village ; One whose wealth consists in five cows.' The shade of a banyan tree ; One who is afraid of none ; First bathed and afterwards anointed.

IV. Translate into Sanskrit :—

This student has read the grammar made by Panini. Please do this work for my sake. This thing should not be eaten by a Brahmin. Soon they saw some bones of a dead lion. Where shall I get a cloth dried in the sun? There you will see a soldier killed by a tiger. One should not kill a person who has come to one's house. Therefore, I must go to another country. That man came borne on the shoulders of his kinsmen. The four infant sons of the Maharaja were exceedingly beautiful. A virtuous man is the ornament of the three worlds. Do not hate those who go abroad for acquiring learning. The grove was constantly moistened with the water of the river. Do not walk on the grass; for it is wet with dew. Now you should recollect your desired deity; for the time of your death draws near. All were grateful for the kind treatment received from the strangers who had come to their country.

V. Correct (giving the reason in each case) :—

ছাত্রপাণ্ডমম্ আহ্বর। দেবরাজ্ঞা ইদং কথিতম্। তব সুকেশী-ভার্য্যা অস্তি। ঈশ্বরঃ ত্রিভুবনানাং পালকঃ। মহারাজ্ঞে সর্ব্বং নিবেদয়। দ্বিতীয়াস্ত্রী প্রায়েণ প্রখরা। কালঃ চতুর্ব্বর্গাণাং সাক্ষী। প্রিয়সখায়ং দশরথম্ আপৃচ্ছস্ব। অস্মিন্ শুভাহনি কার্য্যম্ আরভস্ব। তব দশরাত্রি অশৌচং ভবিষ্যতি।

VI. Distinguish between উপমিত কর্ম্মধারয় and রূপক কর্ম্মধারয়।

দ্বন্দ্ব সমাস।

298. উভয়পদার্থ-প্রধানো দ্বন্দ্বঃ।

যে সমাসে উভয় পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাহাকে দ্বন্দ্ব সমাস বলে। এখানে উভয় পদ বলিতে মাত্র পূর্ব্বপদ ও পরপদ

না বুঝাইয়া সমস্যমান সকল পদই বুঝিতে হইবে। সমাহার দ্বন্দ্বে উভয় পদের অর্থ প্রধানরূপে বুঝাইয়া তৎসমাহাররূপ অন্যপদের অর্থ প্রধানরূপে বুঝায় বটে; কিন্তু ইহা মনে রাখা উচিত যে, প্রদত্ত সমাসের লক্ষণসমূহ প্রায়িক অভিপ্রায়ে নির্দ্দিষ্ট; অর্থাৎ প্রায় সকল স্থলে ঐ ঐ লক্ষণের সমাবেশ হয়, কোন কোন স্থলে হয় না; ইহাই তাৎপর্য্য।

এই সমাসে প্রত্যেক পদের পর 'চ' এই অব্যয়ের প্রয়োগ করিতে হয়। দ্বন্দ্ব সমাস দুই প্রকার। যথা—ইতরেতর ও সমাহার। সমস্যমান সকল পদ থাকে না বলিয়া একশেষকে অনেকে সমাসের মধ্যে গণ্য করেন না। তাঁহাদের মতে উহা এক প্রকার বৃত্তি।

ইতরেতর দ্বন্দ্ব।

299. এই সমাসে শেষ পদের যে লিঙ্গ, সমস্ত পদেরও সেই লিঙ্গ হয়। সমস্ত পদ, দুইটি একবচনান্ত পদে সমাস হইলে দ্বিবচনান্ত এবং অন্য সকল স্থলে বহুবচনান্ত হয়। যথা, রামশ্চ লক্ষ্মণশ্চ=রামলক্ষ্মণৌ। বৃক্ষশ্চ লতা চ=বৃক্ষলতে। দিনঞ্চ যামিনী চ=দিনযামিন্যৌ। নদী চ পর্ব্বতশ্চ=নদীপর্ব্বতৌ। পত্রঞ্চ পুষ্পঞ্চ=পত্রপুষ্পে। দেবশ্চ অসুরশ্চ যক্ষশ্চ=দেবাসুরযক্ষাঃ। কন্দশ্চ মূলঞ্চ ফলঞ্চ=কন্দমূলফলানি।

দ্বন্দ্বসমাসে পূর্ব্বনিপাত ও পরনিপাত।

(*a*) দ্বন্দ্ব সমাসে অপেক্ষাকৃত অল্পস্বরবিশিষ্ট পদ পূর্ব্বে বসে। যথা—গোমহিষৌ, কাককোকিলৌ, তালতমালৌ, হংসসারসৌ, ভ্রাতৃভগিন্যৌ, গজতুরঙ্গৌ, দংশমশকৌ, শঙ্খদুন্দুভী, অম্লমধুরৌ তিক্তকষায়ৌ।

(*b*) স্বরসাম্যস্থলে, স্বরাদি অকারান্ত পদ পূর্ব্বে বসে। যথা—অশ্বগজৌ, অশ্লীতিক্তৌ, ইন্দ্রবহ্নী, ঈশভবৌ, উষ্ট্রখরৌ, উদ্ধ্বনিম্নে, অনলপবনৌ, অচলসমুদ্রৌ, অচ্যুতমহেশৌ।

(*c*) স্বরসাম্যস্থলে, ইকারান্ত ও উকারান্ত পদ পূর্ব্বে বসে। যথা—হরিহরৌ, রবিবুধৌ, পটুশুক্লৌ, মৃদুদৃঢ়ৌ, সিন্ধুশৈলৌ, শম্ভুকৃষ্ণৌ।

(*d*) অপেক্ষাকৃত অধিক গৌরববোধক পদ পূর্ব্বে বসে। যথা—গুরুশিষ্যৌ, তাপসযাচকৌ, মাতাপিতরৌ, ("গর্ভধারণ-পোষাভ্যাং পিতুর্মাতা গরীয়সী")।

(*e*) লঘুস্বরবিশিষ্ট পদ পূর্ব্বে বসে। যথা—কুশকাশাঃ, নলনীলৌ, বলয়কেয়ূরৌ।

(*f*) জ্যেষ্ঠভ্রাতৃবাচক পদ পূর্ব্বে বসে। যথা—যুধিষ্ঠিরার্জ্জুনৌ, ধৃতরাষ্ট্রপাণ্ডূ, বলদেবকৃষ্ণৌ।

(*g*) সমানাক্ষর ঋতুবাচক ও নক্ষত্রবাচক পদ, আনুপূর্ব্ব্যানুসারে পূর্ব্বে বসে। যথা—হেমন্তশিশিরৌ, শিশিরবসন্তৌ, বসন্তনিদাঘৌ; অশ্বিনীভরণ্যৌ, কৃত্তিকারোহিণ্যৌ।

(*h*) উৎকৃষ্ট বর্ণবাচক পদ পূর্ব্বে বসে। যথা—ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য-শূদ্রাঃ।

(*i*) ধর্ম্মার্থ প্রভৃতি কতকগুলি পদের কোন্ পদ পূর্ব্বে বসিবে, তাহার কোন নিয়ম নাই। যথা—ধর্ম্মার্থৌ, অর্থধর্ম্মৌ; কামার্থৌ, অর্থকামৌ; আদ্যন্তৌ, অন্তাদী; গুণবৃদ্ধী, বৃদ্ধিগুণৌ; শব্দার্থৌ, অর্থশব্দৌ; সর্পির্মধুনী; মধুসর্পিষী; বরবধ্বৌ, বধূবরৌ; কেশশ্মশ্রুণী, শ্মশ্রুকেশৌ; চন্দ্রার্কৌ, অর্কচন্দ্রৌ।

300. উভয় পদের মধ্যে বিদ্যাসম্বন্ধ ও গোত্রসম্বন্ধ থাকিলে এবং ঋকারান্ত শব্দ ও পুত্র শব্দ পরবর্ত্তী হইলে, পূর্ব্বপদের অন্তস্থিত 'ঋ' স্থানে 'আ' হয়। যথা, (বিদ্যাসম্বন্ধ)—হোতা চ পোতা চ=হোতাপোতারৌ। (গোত্রসম্বন্ধ)—মাতা চ পিতা চ=মাতাপিতরৌ। যাতা চ ননান্দা চ=যাতাননান্দরৌ। (পুত্র শব্দ পরে)—পিতা চ পুত্রশ্চ=পিতাপুত্রৌ। মাতা চ পুত্রশ্চ=মাতাপুত্রৌ।

গোত্রসম্বন্ধ না থাকিলে 'ঋ' স্থানে 'আ' হয় না। যথা, জামাতা চ পুত্রশ্চ=জামাতৃপুত্রৌ। দাতা চ ভোক্তা চ=দাতৃভোক্তারৌ।

301. দেবতাবাচক পদের দ্বন্দ্ব সমাস হইলে, পূর্ব্বপদের শেষ বর্ণের স্থানে 'আ' হয়। যথা—ইন্দ্রাবরুণৌ; মিত্রাবরুণৌ; সূর্য্যাচন্দ্রমসৌ; অগ্নামরুতৌ। কিন্তু—অগ্নিবায়ূ; বায়্বগ্নী। সোম ও বরুণ শব্দ পরে থাকিলে অগ্নি শব্দের 'ই' স্থানে 'আ' না হইয়া 'ঈ' হয়। যথা, অগ্নিশ্চ সোমশ্চ=অগ্নীষোমৌ; অগ্নিশ্চ বরুণশ্চ=অগ্নীবরুণৌ।

সমাহার দ্বন্দ্ব।

302. সমাহার দ্বন্দ্ব হইলে সমস্ত পদটি সকল স্থলেই ক্লীবলিঙ্গ একবচনান্ত হয় ("নপুংসকৈকবচনে সমাহারে")।

303. **প্রাণি-তূর্য্য-সেনাঙ্গানাম্।**

প্রাণীর অঙ্গবাচক, বাদ্যবাচক ও সেনার অঙ্গবাচক পদের সমাহার দ্বন্দ্ব হয়। যথা, (প্রাণীর অঙ্গবাচক)—পাণী চ পাদৌ চ=পাণিপাদম্; করচরণম্; ভ্রূললাটম্; পৃষ্ঠোদরম্। (বাদ্যবাচক)—পণবশ্চ মৃদঙ্গশ্চ=পণবমৃদঙ্গম্। শঙ্খদুন্দুভি; ঋষভগান্ধারম্; ধৈবতপঞ্চমম্। (সেনার অঙ্গবাচক)—রথিকাশ্চ অশ্বারোহাশ্চ=রথিকাশ্বারোহম্; ধনুঃশরম্; [illegible]ণীরম্।

304. **নদীবাচিনাং লিঙ্গভেদে। দেশবাচিনাঞ্চ।**

লিঙ্গের বিভিন্নতা থাকিলে, নদীবাচক ও দেশবাচক পদের সমাহার দ্বন্দ্ব হয়। যথা, (নদীবাচক)—গঙ্গা চ শোণশ্চ=গঙ্গাশোণম্। যমুনারম্যপুত্রম্; শক্রপুত্রচন্দ্রভাগম্। (দেশবাচক)—কুরবশ্চ কুরুক্ষেত্রঞ্চ=কুরুকুরুক্ষেত্রম্; মথুরা চ পাটলিপুত্রঞ্চ=মথুরাপাটলিপুত্রম্; কাশীপ্রয়াগম্। লিঙ্গভেদ না থাকিলে সমাহার দ্বন্দ্ব হয় না। যথা—গঙ্গাযমুনে; সরস্বতীদৃষদ্বত্যৌ। বিদেহকলিঙ্গাঃ; মৎস্য-বিদেহৌ। গ্রামবাচক পদের সমাহার দ্বন্দ্ব হয় না। যথা, জাম্ববঞ্চ শালূকিনী চ=জাম্ববশালূকিন্যৌ।

305. **যেষাঞ্চ বিরোধঃ শাশ্বতিকঃ।**

যাহাদের পরস্পরের মধ্যে নিত্য বিরোধ থাকে, তাহাদের সমাহার দ্বন্দ্ব হয়। যথা, অহিশ্চ নকুলশ্চ=অহিনকুলম্। গৌশ্চ ব্যাঘ্রশ্চ= গোব্যাঘ্রম্। কাকশ্চ উলূকশ্চ=কাকোলূকম্। শ্বানশ্চ শৃগালাশ্চ= শ্বশৃগালম্। মার্জ্জারাশ্চ মূষিকাশ্চ=মার্জ্জারমূষিকম্।

স্বাভাবিক বিরোধ না হইলে সমাহার দ্বন্দ্ব হয় না। যেমন, দেবাশ্চ অসুরাশ্চ=দেবাসুরাঃ; কুরবশ্চ পাণ্ডবাশ্চ=কুরুপাণ্ডবাঃ। এখানে সমাহার দ্বন্দ্ব হইল না। কারণ, দেব ও অসুরের এবং কুরু ও পাণ্ডবের বিরোধ স্বাভাবিক নহে; উহা নৈমিত্তিক।

306. **গবাশ্ব-প্রভৃতীনাঞ্চ।**

গবাশ্ব প্রভৃতি পদের নিত্য সমাহার দ্বন্দ্ব হয়। যথা, গাবশ্চ অশ্বাশ্চ=গবাশ্বম্। এইরূপ—পুত্রপৌত্রম্। মাংসশোণিতম্। স্ত্রীকুমারম্। শ্বচণ্ডালম্। কুব্জবামনম্। দাসীমাণবকম্। দর্ভশরম্। দাসীদাসম্। তৃণোলপম্ (তৃণোপলম্)। যকৃন্মেদম্। অর্জ্জুন-শিরীষম্। ভাগবতীভাগবতম্। শাটীপ্রচ্ছাদম্।

307. **শূদ্রাণাম্ অনিরবসিতানাম্।**

শূদ্রবাচক পদের সমাহার দ্বন্দ্ব হয়। যথা—গোপাশ্চ নাপিতাশ্চ= গোপনাপিতম্। কর্ম্মকারাশ্চ কুম্ভকারাশ্চ=কর্ম্মকারকুম্ভকারম্। তাম্বূলিকতন্তুবায়ম্। নিরবসিত (অর্থাৎ অস্পৃশ্য) শূদ্রের হয় না। যথা, চণ্ডালাশ্চ মৃতপাশ্চ=চণ্ডালমৃতপাঃ। এইরূপ—শৌনিক-চণ্ডালৌ।

308. **বিভাষা বৃক্ষ-মৃগ-তৃণ-ধান্য-ব্যঞ্জন-পশু-শকুন্যশ্ব-বড়ব-পূর্ব্বাপরা-ধরোত্তরাণাম্।**

বৃক্ষবাচক, মৃগবাচক, তৃণবাচক, ধান্যবাচক, ব্যঞ্জনবাচক, পশু-বাচক ও পক্ষিবাচক পদের এবং অশ্ববড়ব, পূর্ব্বাপর ও অধরোত্তর

ইহাদের বিকল্পে সমাহার দ্বন্দ্ব হয়। ক্রমিক উদাহরণ, যথা, প্লক্ষন্যগ্রোধম্ বা প্লক্ষন্যগ্রোধাঃ। রুরুপৃষতম্ বা রুরুপৃষতাঃ। কুশকাশম্ বা কুশকাশাঃ। ব্রীহিযবম্ বা ব্রীহিযবাঃ। দধিঘৃতম্ বা দধিঘৃতে। গোমহিষম্ বা গোমহিষাঃ। হংসসারসম্ বা হংসসারসাঃ। অশ্ববড়বম্ বা অশ্ববড়বৌ। পূর্ব্বাপরম্ বা পূর্ব্বাপরে। অধরোত্তরম্ বা অধরোত্তরে।

(*a*) **ফল-সেনা-বনস্পতি-মৃগ-শকুনি-ক্ষুদ্রজন্তু-ধান্য-তৃণানাং**

বহুবচন এব।

ফলবাচক প্রভৃতি পদের সমাহার দ্বন্দ্ব কেবল বহুবচন হইলেই হইয়া থাকে। ক্রমিক উদাহরণ, যথা, বদরঞ্চ আমলকঞ্চ=বদরামলকে (বদরামলকম্ হয় না); রথিকশ্চ অশ্বারোহশ্চ=রথিকাশ্বারোহৌ (রথিকাশ্বারোহম্ হয় না)। এইরূপ—প্লক্ষন্যগ্রোধৌ। রুরুপৃষতৌ। হংসসারসৌ। দংশমশকৌ। ব্রীহিযবৌ। কুশকাশৌ।

309. বিপ্রতিষিদ্ধং চানধিকরণবাচি।

পরস্পর-বিরুদ্ধ অদ্রব্যবাচক পদের বিকল্পে সমাহার দ্বন্দ্ব হয়। যথা, শীতঞ্চ উষ্ণঞ্চ=শীতোষ্ণম্ বা শীতোষ্ণে। এইরূপ—সুখদুঃখম্ বা সুখদুঃখে। আলোকান্ধকারম্ বা আলোকান্ধকারৌ (আলোকান্ধকারে)।

দ্রব্যবাচক হইলে সমাহার দ্বন্দ্ব হয় না। যথা—শীতোষ্ণে (জলে)।

310. ন দধিপয়ঃ-প্রভৃতীনাম্।

দধিপয়স্ প্রভৃতির সমাহার দ্বন্দ্ব হয় না। যথা—দধিপয়সী; সর্পির্মধুনী; মধুসর্পিষী; শুক্লকৃষ্ণৌ; ঋক্সামে; বাঙ্মনসে; শ্রদ্ধামেধে; আদ্যবসানে; দীক্ষাতপসী; উলূখলমুসলে; অধ্যয়নতপসী; শ্রদ্ধাতপসী; মেধাতপসী; ব্রহ্মপ্রজাপতী; শিববৈশ্রবণৌ; স্কন্দবিশাখৌ; পরিব্রাট্কৌশিকৌ।

সমাসান্ত-বিধি।

311. দ্বন্দ্বাচ্চু-দ-ষ-হান্তাৎ সমাহারে (টচ্)।

সমাহার দ্বন্দ্বে চবর্গান্ত, দকারান্ত, ষকারান্ত ও হান্ত শব্দের উত্তর টচ্ (অ) হয়। যথা—বাক্ত্বচম্, ত্বক্স্রজম্; সম্পদ্বিপদম্, সমিন্দৃষদম্; বাক্ত্বিষম্; ছত্রোপানহম্, ধেনুগোদুহম্। সমাহার না হইলে টচ্ হয় না। যথা—শ্রীস্রজৌ; প্রাবৃট্শরদৌ।

অতিরিক্ত।

দ্যৌশ্চ ভূমিশ্চ=দ্যাবাভূমী। দ্যৌশ্চ ক্ষমা চ=দ্যাবাক্ষমে। দ্যৌশ্চ পৃথিবী চ=দ্যাবাপৃথিব্যৌ বা দিবস্পৃথিব্যৌ। মাতা চ পিতা চ= মাতরপিতরৌ বা পিতরমাতরৌ। জায়া চ পতিশ্চ=জায়াপতী বা দম্পতী বা জম্পতী। স্ত্রী চ পুমান্ চ=স্ত্রীপুংসৌ। বাক্ চ মনশ্চ=বাঙ্মনসে। নক্তঞ্চ দিবা চ=নক্তন্দিবম্। রাত্রৌ চ দিবা চ= রাত্রিন্দিবম্। কুশশ্চ লবশ্চ=কুশীলবৌ। অক্ষিণী চ ভ্রুবৌ চ=অক্ষিভ্রুবম্। অহশ্চ রাত্রিশ্চ=অহোরাত্রঃ। ঋক্ চ সাম চ=ঋক্সামে। অহনি চ দিবা চ=অহর্দিবম্। দারাশ্চ গাবশ্চ=দারগবম্। ঋক্ চ যজুশ্চ=ঋগ্যজুষম্। ধেনুশ্চ অনডুাংশ্চ=ধেন্বনডুহৌ। অহশ্চ নিশা চ=অহর্নিশম্।

একশেষ।

312. সরূপাণাম্ একশেষ একবিভক্তৌ।

এক-বিভক্তি হইলে, সমানাকার অনেক পদের একটিমাত্র অবশিষ্ট (শেষ) থাকে; যেখানে এইরূপ হয়, তাহার নাম একশেষ। দুই পদের একশেষ হইলে অবশিষ্ট পদ দ্বিবচনান্ত এবং বহু পদের একশেষ হইলে অবশিষ্ট পদ বহুবচনান্ত হয়। যথা, দেবশ্চ দেবশ্চ =দেবৌ; দেবশ্চ দেবশ্চ দেবশ্চ=দেবাঃ। ফলঞ্চ ফলঞ্চ=ফলে; ফলঞ্চ ফলঞ্চ ফলঞ্চ=ফলানি।

313. পুমান্ স্ত্রিয়া।

স্ত্রীবাচক পদের সহিত সমাসে, পুরুষবাচক পদ অবশিষ্ট থাকে। যথা, ব্রাহ্মণশ্চ ব্রাহ্মণী চ=ব্রাহ্মণৌ; কুক্কুটশ্চ কুক্কুটী চ=কুক্কুটৌ; হংসশ্চ হংসী চ=হংসৌ। সমানাকার না হইলে একশেষ হয় না। যথা, হংসশ্চ সারসী চ=হংসসারস্যৌ।

(*a*) **ন ব্যক্তিসংজ্ঞানাম্।**

ব্যক্তিবিশেষের সংজ্ঞাবাচক পদের একশেষ হয় না। যথা, ইন্দ্রশ্চ ইন্দ্রাণী চ=ইন্দ্রেন্দ্রাণ্যৌ; ভবশ্চ ভবানী চ=ভবভবান্যৌ।

314. ভ্রাতৃপুত্রৌ স্বসৃ-দুহিতৃভ্যাম্।

স্বসৃ শব্দের সহিত সমাসে ভ্রাতৃ শব্দ এবং দুহিতৃ শব্দের সহিত সমাসে পুত্র শব্দ অবশিষ্ট থাকে। যথা, ভ্রাতা চ স্বসা চ ভ্রাতরৌ; পুত্রশ্চ দুহিতা চ=পুত্রৌ।

315. পিতা মাত্রা। শ্বশুরঃ শ্বশ্র্বা।

মাতৃ শব্দের সহিত সমাসে পিতৃ শব্দ ও শ্বশ্রূ শব্দের সহিত সমাসে শ্বশুর শব্দ বিকল্পে অবশিষ্ট থাকে। যথা, মাতা চ পিতা চ=পিতরৌ (বা মাতাপিতরৌ); শ্বশ্রূশ্চ শ্বশুরশ্চ=শ্বশুরৌ (বা শ্বশ্রূশ্বশুরৌ)।

316. ত্যদাদীনি সর্বৈর্নিত্যম্।

অপর শব্দের সহিত সমাসে ত্যদাদি শব্দ অবশিষ্ট থাকে। যথা স চ রামশ্চ=তৌ।

317. নপুংসকমনপুংসকেনৈক-বচনং বা।

ক্লীবলিঙ্গ ভিন্ন (অর্থাৎ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ) শব্দের সহিত সমাসে ক্লীবলিঙ্গ শব্দ অবশিষ্ট থাকে এবং সমস্ত পদ বিকল্পে এক-বচনান্ত হয়। যথা, শুক্লশ্চ শুক্লা চ শুক্লঞ্চ=শুক্লানি বা শুক্লম্। কিন্তু ক্লীবলিঙ্গ শব্দের সহিত সমাসে একবচন হয় না। যথা, শুক্লঞ্চ শুক্লঞ্চ শুক্লঞ্চ=শুক্লানি।

বহুব্রীহি সমাস।

318. অন্যপদার্থ-প্রধানো বহুব্রীহিঃ।

যে সমাসে অন্য পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয় (অর্থাৎ যে যে পদে সমাস করা যায়, তাহাদের কোন পদের অর্থ না বুঝাইয়া অন্য ব্যক্তি বা বস্তু বুঝায়), তাহার নাম বহুব্রীহি সমাস। এই সমাসে সমস্ত পদ বিশেষণ হয়। যথা, আরূঢ়ঃ বানরঃ যম্ সঃ=আরূঢ়বানরঃ (বৃক্ষঃ)। কৃতং কার্য্যং যেন সঃ=কৃতকার্য্যঃ (পুরুষঃ)। দত্তং ধনং যস্মৈ সঃ=দত্তধনঃ (দরিদ্রঃ)। শ্রুতঃ বৃত্তান্তঃ যস্মাৎ সঃ=শ্রুতবৃত্তান্তঃ (দূতঃ)। পীতম্ অম্বরং যস্য সঃ=পীতাম্বরঃ (কৃষ্ণঃ)। প্রভূতং জলং যস্মিন্ সঃ=প্রভূতজলঃ (কূপঃ)।

সমাসান্ত-বিধি।

319. স্ত্রিয়াঃ পুংবদ্ভাষিত-পুংস্কাল্লাঃ স্ত্রিয়াম্।

স্ত্রীলিঙ্গ শব্দ পরে থাকিলে ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা, স্থিরা বুদ্ধিঃ যস্য সঃ=স্থিরবুদ্ধিঃ। চিত্রা গতিঃ যস্য সঃ=চিত্রগতিঃ। দৃঢ়া ভক্তিঃ যস্য সঃ=দৃঢ়ভক্তিঃ। স্থূলা তনুঃ যস্য সঃ=স্থূলতনুঃ। শীতা গৌঃ যস্য সঃ=শীতগুঃ (চন্দ্রঃ)। মহতী মতিঃ যস্য সঃ=মহামতিঃ।

(*a*) বহুব্রীহি সমাসে অন্তস্থিত স্ত্রীপ্রত্যয় হ্রস্ব হয়। যথা, ভগ্না শাখা যস্য সঃ=ভগ্নশাখঃ। প্রিয়া ভার্য্যা যস্য সঃ=প্রিয়ভার্য্যঃ। তুঙ্গা নাসিকা যস্য সঃ=তুঙ্গনাসিকঃ। দীর্ঘা জঙ্ঘা যস্য সঃ=দীর্ঘজঙ্ঘঃ।

(*b*) সংজ্ঞাবাচক, পূরণবাচক, জাতিবাচক, স্বাঙ্গবাচক ও উপ্-প্রত্যয়ান্ত স্ত্রীলিঙ্গ শব্দ এবং যে সকল স্ত্রীলিঙ্গ শব্দের উপধায় তদ্ধিতের কিংবা অক প্রত্যয়ের ক থাকে, তাহারা বহুব্রীহি সমাসে পূর্ব্বপদ হইলে উহাদের পুংবদ্ভাব হয় না। ক্রমিক উদাহরণ, যথা, গঙ্গা ভার্য্যা যস্য সঃ=গঙ্গাভার্য্যঃ। পঞ্চমী ভার্য্যা যস্য সঃ=পঞ্চমী-

ভার্য্যঃ। এইরূপ—ব্রাহ্মণীভার্য্যঃ। সুকেশীভার্য্যঃ। বামোরূভার্য্যঃ। রসিকাভার্য্যঃ। পাচিকাভার্য্যঃ।

কিন্তু অন্যরূপ ক উপধায় থাকিলে পুংবদ্ভাব হয়। যথা, একা ভার্য্যা যস্য স=একভার্য্যঃ।

(*c*) প্রিয়া, মনোজ্ঞা, কল্যাণী, কান্তা প্রভৃতি শব্দ পরে থাকিলে পূর্ব্ববর্ত্তী স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় না। যথা, শোভনাপ্রিয়ঃ। সুলোচনাকান্তঃ।

(*d*) **অনেকোক্তেঃ বহুনামপি বহুব্রীহিঃ।**

অনেকগুলি পদেও বহুব্রীহি সমাস হয়। যথা, চিত্রা জরতী গৌঃ যস্য সঃ=চিত্রাজরদ্‌গুঃ। দিব্যম্‌ অনেকম্‌ উদ্যতম্‌ আয়ুধং যস্য সঃ=দিব্যানেকোদ্যতায়ুধঃ।

320. সহঃ সো বিভাষা।

তৃতীয়ান্ত পদের সহিত সহ শব্দের বহুব্রীহি সমাস হয় এবং সহ শব্দের স্থানে বিকল্পে স হয়। ইহাকে তুল্যযোগে বহুব্রীহি বলা হয়। যথা, পুত্রেণ সহ বর্ত্তমানঃ যঃ সঃ=সপুত্রঃ বা সহপুত্রঃ। এইরূপ—সানুজঃ বা সহানুজঃ। সবান্ধবঃ বা সহবান্ধবঃ। সভৃত্যঃ বা সহভৃত্যঃ। আশীর্ব্বাদ বুঝাইলে সহ শব্দ অপরিবর্ত্তিত থাকে। যথা—স্বস্তি রাজ্ঞে সহপুত্রায় সহামাত্যায়।

321. উরঃ-প্রভৃতিভ্যঃ কপ্‌।

উরস্‌ প্রভৃতি (উরস্‌, উপানহ্‌, পয়স্‌, পুমস্‌, দধি, মধু, শালি, সর্পিস্‌, অনডুহ্‌, নৌ, নির্‌ পূর্ব্বক অর্থ ও নঞ্‌ পূর্ব্বক অর্থ) শব্দের কপ্‌ (ক) হয়। যথা, ব্যূঢ়ম্‌ উরঃ যস্য সঃ=ব্যূঢোরস্কঃ। উপানদ্ভ্যাং সহ বর্ত্তমানঃ যঃ সঃ=সোপানৎকঃ। ভাষিতঃ পুমান্‌ যেন সঃ=ভাষিতপুংস্কঃ। প্রিয়ং সর্পিঃ যস্য সঃ=প্রিয়সর্পিষ্কঃ। নির্‌ (নাস্তি) অর্থঃ যস্য তৎ=নিরর্থকম্‌। অনর্থকম্‌।

(*a*) ঋকারান্ত শব্দের উত্তর, ঈকারান্ত ও ঊকারান্ত স্ত্রীলিঙ্গ

শব্দের উত্তর এবং স্ত্রীলিঙ্গে ইন্‌ভাগান্ত শব্দের উত্তর কপ্‌ হয়। যথা—বৃদ্ধাপিতৃকঃ। মৃতপত্নীকঃ। স্থূলতনুকঃ। বহবঃ ধনিনঃ যস্যাং সা=বহুধনিকা (নগরী)। এইরূপ—বহুবাগ্মিকা (সভা)।

(*b*) পূর্ব্বোক্ত সূত্রদ্বয়ে লিখিত শব্দ ভিন্ন অন্য শব্দের উত্তর বিকল্পে কপ্‌ হয়। যথা—লব্ধযশস্কঃ বা লব্ধযশাঃ। ধৃতধনুষ্কঃ বা ধৃতধনুঃ। মুণ্ডিতশিরস্কঃ বা মুণ্ডিতশিরাঃ। অর্জ্জিতধনকঃ বা অর্জ্জিতধনঃ। বহুমালকঃ (বহুমালাকঃ) বা বহুমালঃ।

(*c*) ঈয়সু প্রত্যয়ান্ত শব্দের উত্তর, প্রশংসা বুঝাইলে ভ্রাতৃ শব্দের উত্তর এবং স্বাঙ্গ বুঝাইলে নাড়ী ও তন্ত্রী শব্দের উত্তর কপ্‌ হয় না। যথা, বহবঃ প্রেয়াংসঃ যস্য সঃ=বহুপ্রেয়ান্‌; বহবঃ শ্রেয়াংসঃ যস্য সঃ=বহুশ্রেয়ান্‌। পণ্ডিতঃ ভ্রাতা যস্য সঃ=পণ্ডিতভ্রাতা; শোভনঃ ভ্রাতা যস্য সঃ=সুভ্রাতা; কিন্তু—মূর্খভ্রাতৃকঃ। বহুনাড়িঃ (কায়ঃ), বহুতন্ত্রীঃ (গ্রীবা); কিন্তু—বহুনাড়ীকঃ (স্তম্ভঃ)। বহুতন্ত্রীকা (বীণা)।

322. গন্ধস্যেদ্‌ উৎ-পূতি-সু-সুরভিভ্যঃ।

উৎ, পূতি, সু ও সুরভি শব্দের পরস্থিত গন্ধ শব্দের 'অ'কারের স্থানে 'ই'কার হয়। যেমন, উদ্‌গতঃ গন্ধঃ যস্য সঃ=উদ্গন্ধিঃ; সু (শোভনঃ) গন্ধঃ যস্য সঃ=সুগন্ধিঃ। এইরূপ—সুরভিগন্ধিঃ; পূতি-গন্ধিঃ। অন্য দ্রব্যের গন্ধ হইলে 'ই' হয় না। যথা, সু (শোভনাঃ) গন্ধাঃ (দ্রব্যাণি) যস্য সঃ=সুগন্ধঃ (আপণিকঃ)। সুগন্ধং তৈলম্‌।

(*a*) অল্প সংযোগ বুঝাইলে গন্ধ শব্দের 'অ'কারের স্থানে 'ই'কার হয়। যথা, ঘৃতস্য গন্ধঃ (লেশঃ) যস্মিন্‌ তৎ=ঘৃতগন্ধি (ভোজনম্‌)। এইরূপ—দধিগন্ধি; সূপগন্ধি।

(*b*) উপমানবাচক পদের পরবর্ত্তী গন্ধ শব্দের 'অ'কারের স্থানে 'ই'কার হয়। যথা, পদ্মস্য ইব গন্ধঃ যস্য সঃ=পদ্মগন্ধিঃ। করীষস্য ইব গন্ধঃ যস্য সঃ=করীষগন্ধিঃ।

323. সংখ্যয়াব্যয়াসন্নাদূরাধিকসংখ্যাঃ।

সংখ্যাবাচক শব্দের সহিত অব্যয়, আসন্ন, অদূর, অধিক ও সংখ্যাবাচক শব্দের বহুব্রীহি সমাস হয়। তখন সংখ্যাবাচক শব্দের উত্তর ড (অ) হয়। ক্রমিক উদাহরণ, যথা, দশানাং সমীপে যে তে= উপদশাঃ। বিংশতেঃ আসন্নাঃ=আসন্নবিংশাঃ। ত্রিংশতঃ অদূরে= অদূরত্রিংশাঃ। চত্বারিংশতঃ অধিকাঃ=অধিকচত্বারিংশাঃ। দ্বৌ বা ত্রয়ো বা=দ্বিত্রাঃ। ত্রয়ো বা চত্বারো বা=ত্রিচতুরাঃ; পঞ্চ বা ষট্ বা=পঞ্চষাঃ।

'বহু' শব্দের উত্তর ড হয় না। যথা, বহূনাং সমীপে=উপবহবঃ।

324. সঃ সমানস্য গোত্রাদৌ।

সমাসে গোত্র প্রভৃতি শব্দ পরে থাকিলে 'সমান' শব্দের স্থানে 'স' হয়। যথা, সমানং গোত্রং যস্য সঃ=সগোত্রঃ। এইরূপ—সরূপঃ। সবর্ণঃ। সপক্ষঃ। সনাভিঃ। সপিণ্ডঃ। সনামা। সবয়াঃ। সতীর্থ্যঃ (সতীর্থঃ)। সস্থানঃ। সবন্ধুঃ। সবচনঃ। সরাত্রিঃ। সজ্যোতিঃ। সজনপদঃ। সব্রহ্মচারী।

(*a*) **বিভাষা ধর্ম্মোদর্য্য-জাতীয়েষু।**

ধর্ম্ম, উদর্য্য ও জাতীয় শব্দ পরে থাকিলে বিকল্পে স হয়। যথা—সধর্ম্মা বা সমানধর্ম্মা। সোদর্য্যঃ বা সমানোদর্য্যঃ। সজাতীয়ঃ বা সমানজাতীয়ঃ।

325. বহুব্রীহি সমাসে অন্তর্ ও বহিস্ শব্দের পরবর্ত্তী লোমন্ শব্দের উত্তর এবং সংজ্ঞা বুঝাইলে নাভি শব্দের উত্তর অপ্ (অ) হয়। যথা—অন্তর্লোমঃ; বহির্লোমঃ। পদ্মনাভঃ; ঊর্ণনাভঃ।

326 স্বাঙ্গ বুঝাইলে সক্থি ও অক্ষি শব্দের উত্তর, দারু বুঝাইলে অঙ্গুলি শব্দের উত্তর এবং দ্বি ও ত্রি শব্দের পরবর্ত্তী মূর্দ্ধন্ শব্দের উত্তর ষচ্ (অ) হয়। যথা—দীর্ঘসক্থঃ (পুরুষঃ); বিশালাক্ষঃ (নরঃ)। স্বাঙ্গ না বুঝাইলে—দীর্ঘসক্থি (শকটম্); স্থূলাক্ষিঃ (ইক্ষুদণ্ডঃ)। পঞ্চাঙ্গুলম্ (দারু); পঞ্চাঙ্গুলিঃ (হস্তঃ)। দ্বিমূর্দ্ধঃ, ত্রিমূর্দ্ধঃ; অন্যত্র—পঞ্চমূর্দ্ধা।

327. নঞ্, দুর্ ও সু ইহাদের পরবর্ত্তী প্রজা শব্দের উত্তর এবং নঞ্, দুর্, সু, মন্দ ও অল্প ইহাদের পরবর্ত্তী মেধা শব্দের উত্তর অস্ হয়। যথা—অপ্রজাঃ; দুষ্প্রজাঃ; সুপ্রজাঃ। অমেধাঃ; দুর্মেধাঃ; সুমেধাঃ; মন্দমেধাঃ; অল্পমেধাঃ।

328. ধর্ম্ম শব্দের উত্তর অন্ হয়। যথা—শোভনঃ ধর্ম্মঃ যস্য সঃ=সুধর্ম্মা। এইরূপ—অর্জ্জিতধর্ম্মা। কিন্তু, ধর্ম্ম শব্দ অন্য শব্দের সহিত মিলিত থাকিলে অন্ হয় না। যথা—বিদিতমুনিধর্ম্মঃ। কৃতকুলধর্ম্মঃ।

329. উপসর্গের পরবর্ত্তী নাসিকা শব্দের স্থানে নস হয়। যথা—উদ্গতা নাসিকা যস্য সঃ=উন্নসঃ। এইরূপ—অপনসঃ। প্রণসঃ।

330. জায়া শব্দের স্থানে জানি হয়। যথা—যুবতিঃ জায়া যস্য সঃ—যুবজানিঃ। এইরূপ—প্রিয়জানিঃ। সুন্দরজানিঃ। বৃদ্ধজানিঃ।

331. ধনুস্ শব্দের স্থানে ধন্বন্ হয়। যথা, ছিন্নং ধনুঃ যস্য সঃ=ছিন্নধন্বা। অধিজ্যং ধনুঃ যস্য সঃ=অধিজ্যধন্বা।

সংজ্ঞা (কাহারও নাম) বুঝাইলে বিকল্পে হয়। যথা—পুষ্পং ধনুঃ যস্য সঃ=পুষ্পধন্বা বা পুষ্পধনুঃ (কামদেবঃ)।

332. সংখ্যাবাচক, সু ও উপমাবাচক শব্দ পূর্ব্বে থাকিলে পাদ শব্দের স্থানে পাদ্ হয়। যথা, দ্বৌ পাদৌ যস্য সঃ=দ্বিপাৎ। এইরূপ—ত্রিপাৎ। সুপাৎ। ব্যাঘ্রস্য পাদৌ ইব পাদৌ যস্য সঃ=ব্যাঘ্রপাৎ। হস্তিন্, গজ, অশ্ব, কপোত, জল প্রভৃতি শব্দের পরবর্ত্তী হইলে হয় না। যথা—হস্তিপাদঃ; অশ্বপাদঃ প্রভৃতি।

(*a*) স্ত্রীলিঙ্গে কুম্ভ প্রভৃতি শব্দের পরবর্ত্তী পাদ শব্দের স্থানে পদ্ হয়। যথা—কুম্ভপদী; একপদী; দ্বিপদী; ত্রিপদী; শতপদী; বিষ্ণুপদী; আর্দ্রপদী।

333. কাম ও মনস্ শব্দ পরে থাকিলে তুমুন্ প্রত্যয়ের ও "সম্" অব্যয়ের মকার লোপ পায়। যথা, গন্তুং কামঃ যস্য সঃ= গন্তুকামঃ। এইরূপ—হন্তুমনাঃ; সকামঃ; সমনাঃ।

334. বয়সি দন্তস্য দতৃ (সংখ্যা-সু-পূর্ব্বস্য)।

বয়স বুঝাইলে সংখ্যাবাচক ও সু শব্দের পরবর্ত্তী দন্ত শব্দের স্থানে দত্ হয়। যথা—দ্বিদন্; দ্বিদতী। চতুর্দ্দন্; চতুর্দ্দতী। সুদন্; সুদতী। বয়স না বুঝাইলে হয় না। যথা—দ্বিদন্তঃ (করী); সুদন্তঃ (নরঃ)।

335. পথো ডঃ সমাসে।

সমাসে সমস্ত পদের অন্তস্থিত পথিন্ শব্দের উত্তর ড (অ) হয়। যথা, রাজ্ঞঃ পন্থাঃ=রাজপথঃ। জলে পন্থাঃ=জলপথঃ। মহান্ পন্থাঃ =মহাপথঃ। দক্ষিণস্যাং দিশি পন্থাঃ=দক্ষিণাপথঃ। ত্রয়াণাং পথাং সমাহারঃ=ত্রিপথম্। চতুষ্পথম্। ক্ষেত্রঞ্চ পন্থাশ্চ=ক্ষেত্রপথৌ। রম্যঃ পন্থাঃ যস্মিন্ তৎ=রম্যপথম্ (নগরম্)। পথঃ সমীপে=উপপথম্।

অব্যয়ের পরবর্ত্তী হইলে ক্লীবলিঙ্গ হয়। যথা, বিরুদ্ধঃ পন্থাঃ= বিপথম্। গর্হিতঃ পন্থাঃ=উৎপথম্। অপকৃষ্টঃ পন্থাঃ=অপপথম্।

336. প্রশংসাবাচক সু ও অতি শব্দ এবং নিন্দার্থ কিম্ শব্দ পূর্ব্বে থাকিলে পরবর্ত্তী শব্দের উত্তর কোন সমাসান্তবিধি হয় না। যথা, শোভনঃ রাজা=সুরাজা। শোভনঃ রাজা যস্মিন্ সঃ=সুরাজা (দেশঃ)। এইরূপ—অতিরাজা। সুসখা। সুগোঃ। সুপন্থাঃ। কিংরাজা। কিংসখা। কুৎসিতঃ পন্থাঃ যস্মিন্ সঃ=কিংপন্থাঃ (দেশঃ)।

337. পথিন্ ও অক্ষি শব্দ পরে থাকিলে কু শব্দের স্থানে কা হয়। যথা, কুৎসিতঃ পন্থাঃ=কাপথঃ। কুৎসিতম্ অক্ষি যস্য সঃ= কাক্ষঃ।

পূর্ব্বনিপাত ও পরনিপাত।

338. বহুব্রীহি সমাসে সপ্তম্যন্ত ও বিশেষণ পদ পূর্ব্বে বসে। যথা, পাপে মতিঃ যস্য সঃ=পাপমতিঃ। দীর্ঘৌ বাহূ যস্য সঃ= দীর্ঘবাহুঃ। এইরূপ—ধর্ম্মবুদ্ধিঃ। মহাবলঃ।

339. নিষ্ঠানিষ্পন্ন (ক্ত প্রত্যয়ান্ত) পদ পূর্ব্বে বসে। যথা—

কৃতং কর্ম্ম যেন সঃ=কৃতকর্ম্মা। এইরূপ—জিতশত্রুঃ; ধৃতায়ুধঃ; উদ্ধৃতদণ্ডঃ; অধীতব্যাকরণঃ; ভগ্নরথঃ; পক্বকেশঃ।

(*a*) **আহিতাগ্ন্যাদিষু**—আহিতাগ্নি প্রভৃতি স্থলে নিষ্ঠানিষ্পন্ন পদের বিকল্পে পূর্ব্বনিপাত হয় অর্থাৎ পূর্ব্বে বসে। যথা—আহিতঃ অগ্নিঃ যেন সঃ=আহিতাগ্নিঃ বা অগ্ন্যাহিতঃ। এইরূপ—জাতসুখঃ বা সুখজাতঃ; জাতপুত্রঃ বা পুত্রজাতঃ; জাতদন্তঃ বা দন্তজাতঃ; জাতশ্মশ্রুঃ বা শ্মশ্রুজাতঃ; পীততৈলঃ বা তৈলপীতঃ; পীতঘৃতঃ বা ঘৃতপীতঃ; পীতমদ্যঃ বা মদ্যপীতঃ; পীতসুরঃ বা সুরাপীতঃ; ঊঢ়ভার্য্যঃ বা ভার্য্যোঢ়ঃ; গতার্থঃ বা অর্থগতঃ; প্রাপ্তকালঃ বা কাল-প্রাপ্তঃ; উদ্যতাসিঃ বা অস্যুদ্যতঃ।

340. প্রহরণার্থেঃ সপ্তমী পরা।

প্রহরণবাচক পদের সহিত সমাস হইলে সপ্তম্যন্ত পদ পরে বসে। যথা, খড়্গঃ করে যস্য সঃ=খড়্গকরঃ। দণ্ডঃ পাণৌ যস্য সঃ= দণ্ডপাণিঃ। এইরূপ—ধনুর্হস্তঃ; শূলপাণিঃ।

মধ্যপদলোপী বহুব্রীহি।

341. কখন কখন বহুব্রীহি সমাসে মধ্যপদের লোপ হয়; ইহাকে মধ্যপদলোপী বহুব্রীহি বলে। ইহাতে কোন কোন সময় প্র-প্রভৃতি উপসর্গের পরে ধাতুনিষ্পন্ন পদ থাকিলে পরবর্ত্তী সুবন্তপদের সহিত উহার বহুব্রীহি সমাস হয় এবং উক্ত ধাতুনিষ্পন্ন পদ বিকল্পে লুপ্ত হয়। যথা—প্রপতিতানি পর্ণানি যস্মাৎ সঃ=প্রপর্ণঃ বা প্রপতিতপর্ণঃ (বৃক্ষঃ)। অপগতঃ শোকঃ যস্য সঃ=অপশোকঃ বা অপগতশোকঃ। নির্গতং মলং যস্মাৎ সঃ=নির্ম্মলঃ বা নির্গতমলঃ। অভুক্তানি পর্ণানি যয়া সা=অপর্ণা (দুর্গা)। বিগতঃ অর্থঃ যস্মাৎ সঃ=ব্যর্থঃ। অনুগতঃ অর্থঃ যস্মিন্ সঃ=অন্বর্থঃ। উন্নমিতং মুখং যেন সঃ=উন্মুখঃ। অন্যত্র, চন্দ্রঃ ইব আননং যস্যাঃ সা=চন্দ্রাননা। কণ্ঠে স্থিতঃ কালঃ যস্য স=কণ্ঠেকালঃ (শিবঃ)। চন্দ্রসহিতা চূড়া যস্য সঃ=চন্দ্রচূড়ঃ (শিবঃ)।

ব্যতিহার বহুব্রীহি।

342. পরস্পর যুদ্ধ বুঝাইলে সমানরূপ তৃতীয়ান্ত ও সপ্তম্যন্ত পদের যে বহুব্রীহি সমাস হয়, তাহার নাম ব্যতিহার বহুব্রীহি। ইহাতে পূর্ব্বপদের অন্ত্য স্বর দীর্ঘ ও পরপদের উত্তর "ই" হয়। যথা, দণ্ডৈশ্চ দণ্ডৈশ্চ প্রহৃত্য প্রবৃত্তং যৎ যুদ্ধং তৎ=দণ্ডাদণ্ডি (লাঠালাঠি)। হস্তৈশ্চ হস্তৈশ্চ প্রহৃত্য প্রবৃত্তং যৎ যুদ্ধং তৎ=হস্তাহস্তি (হাতাহাতি)। এইরূপ—মুষ্টীমুষ্টি। বাহূবাহবি। অস্যাসি। কেশেষু কেশেষু গৃহীত্বা প্রবৃত্তং যৎ যুদ্ধং তৎ=কেশাকেশি (চুলোচুলি)।

ব্যধিকরণ বহুব্রীহি।

343. যে বহুব্রীহি সমাসে পূর্ব্বপদ বিশেষণ নহে, তাহাকে ব্যধিকরণ বহুব্রীহি বলে। যথা, অন্যস্মিন্ মনঃ যস্য সঃ=অন্যমনস্কঃ। শরেষু জন্ম যস্য সঃ=শরজন্মা (কার্ত্তিকেয়ঃ)। এইরূপ—দণ্ডপাণিঃ; পুষ্পধন্বা; পদ্মনাভঃ।

অতিরিক্ত উদাহরণ।

দক্ষিণস্যাঃ পূর্ব্বস্যাশ্চ দিশোঃ অন্তরালম্=দক্ষিণপূর্ব্বা। এই রূপ—পূর্ব্বোত্তরা; উত্তরপশ্চিমা; দক্ষিণপশ্চিমা। শোভনং হৃদয়ং যস্য সঃ=সুহৃৎ (মিত্রম্); দুষ্টং হৃদয়ং যস্য সঃ=দুর্হৃৎ (অমিত্রঃ)। শুনঃ পদানি ইব পদানি যস্য সঃ=শ্বাপদঃ। শোভনং প্রাতঃ যস্য সঃ=সুপ্রাতঃ; শোভনং দিবা যস্য সঃ=সুদিবঃ। চত্বারঃ অস্রাঃ যস্য তৎ=চতুরস্রম্ (চতুষ্কোণী)। দ্বয়োঃ দিশোঃ আপঃ যস্য তৎ=দ্বীপম্। অন্তর্গতাঃ আপঃ যত্র তৎ=অন্তরীপম্। ক্ষীরম্ উদকং যস্য সঃ=ক্ষীরোদঃ। সমানঃ পতিঃ যস্যাঃ সা=সপত্নী। উদকে বাসঃ যস্য সঃ=উদবাসঃ। পূষৎ উদরং যস্য সঃ=পৃষোদরঃ।

অলুক্ সমাস।

344. সমাস করিলে কোন কোন স্থলে পূর্ব্বপদের বিভক্তির লোপ হয় না (শিষ্ট-প্রয়োগানুসারে বুঝিতে হইবে); সেইরূপ

সমাসকে অলুক্ (লুক্ কথাটির অর্থ লোপ; ন লুক্=অলুক্ লোপ না হওয়া) সমাস বলে। যথা, (৩য়া তৎপুরুষে)—পুংসা অনুজঃ=পুংসানুজঃ। সহসা কৃতম্=সহসাকৃতম্। এইরূপ—ওজসাকৃতম্। অঞ্জসাকৃতম্। মনসাদত্তা। মনসাদেবী। আত্মনাপঞ্চমঃ। (৪র্থী তৎপুরুষে)—আত্মনেপদম্। পরস্মৈপদম্। (৫মী তৎপুরুষে)—অল্পান্মুক্তঃ। কৃচ্ছ্রান্মুক্তঃ। স্তোকান্মুক্তঃ। দূরাদাগতঃ। (৬ষ্ঠী তৎপুরুষে)—ভ্রাতুষ্পুত্রঃ। দাসস্যতনয়ঃ। বাচোযুক্তিঃ। পশ্যতোহরঃ। দেবানাম্প্রিয়ঃ। শুনঃপুচ্ছঃ। শুনঃশেফঃ। দিবোদাসঃ। হোতুঃপুত্রঃ। বাচস্পতিঃ। (৭মী তৎপুরুষে)—যুধিষ্ঠিরঃ। ত্বচিসারঃ (দারুচিনি)। গেহেশূরঃ। (উপপদ তৎপুরুষে)—অন্তেবাসী (ছাত্র)। পঙ্কেরুহম্ (পদ্ম)। শরদিজঃ (শরৎকালে জাত)। প্রাবৃষিজঃ (কদম্ব বৃক্ষ)। স্তম্বেরমঃ (হস্তী)। হৃদিস্পৃক্ (মর্ম্মস্পর্শী)। দিবিস্পৃক্। (বহুব্রীহিতে)—কণ্ঠেকালঃ। উরসিলোমা। শিরসিশিখঃ।

345. কোন কোন স্থলে বিকল্পে বিভক্তির লোপ হয়। লোপ না হইলে অলুক্ সমাস এবং লোপ হইলে অন্য সমাস বলিতে হয়। যথা—পিতুঃষ্বসা, পিতৃষ্বসা; মাতুঃষ্বসা, মাতৃষ্বসা; দুহিতুঃপতিঃ, দুহিতৃপতিঃ; ননান্দুঃপতি, ননান্দৃপতিঃ; দাস্যাঃপুত্রঃ, দাসীপুত্রঃ; হস্তেবন্ধঃ, হস্তবন্ধঃ; সরসিজম্, সরোজম্; মনসিজঃ, মনোজঃ; গ্রামেবাসী, গ্রামবাসী; খেচরঃ, খচরঃ; বনেচরঃ, বনচরঃ।

অব্যয়ীভাব সমাস।

346. সুপাব্যয়ং সমীপাদৌ।

সমীপ প্রভৃতি অর্থে পরবর্ত্তী সুবন্তপদের সহিত পূর্ব্ববর্ত্তী অব্যয়ের যে সমাস হয়, তাহার নাম অব্যয়ীভাব সমাস। অব্যয়ীভাব সমাসে অকারান্ত শব্দের পরস্থিত বিভক্তির স্থানে 'অম্' হয়। যথা—প্রতিপাত্রং তিষ্ঠ (বা পশ্য বা দেহি)। পঞ্চমী বিভক্তির স্থানে 'অম্' হয় না। যথা—উপকুম্ভাৎ আগতঃ। তৃতীয়া ও সপ্তমী বিভক্তির স্থানে বিকল্পে হয়। যথা—উপকুম্ভম্ (বা উপকুম্ভেন,

কৃতম্; উপকুম্ভম্ (বা উপকুম্ভে) নিধেহি। অকারান্ত শব্দ ভিন্ন অন্য শব্দের উত্তর সকল বিভক্তির লোপ হয়।

"নপুংসকম্ অব্যয়ীভাবে"—এই সূত্রানুসারে অব্যয়ীভাব সমাসে নিষ্পন্ন 'সমস্তপদ' ক্লীবলিঙ্গ হয়।

এই সমাসে অন্তস্থিত দীর্ঘস্বর হ্রস্ব হয়; অর্থাৎ আকার অকার হয়, ঈকার ইকার হয় ইত্যাদি এবং পূর্ব্বপদের অর্থ প্রায়ই প্রধান থাকে। যথা, (সমীপ)—গৃহস্য সমীপম্=উপগৃহম্। উপগঙ্গম্। (অভাব)—বিঘ্নস্য অভাবঃ=নির্ব্বিঘ্নম্। নির্মক্ষিকম্। (অত্যয়)—হিমস্য অত্যয়ঃ—অতিহিমম্; বাধায়াঃ অত্যয়ঃ=অতিবাধম্। (অসম্প্রতি)—নিদ্রা সম্প্রতি ন যুজ্যতে=অতিনিদ্রম্। অতিশোকম্। (পশ্চাৎ)—রথস্য পশ্চাৎ=অনুরথম্। অনুবিষ্ণু। (যোগ্যতা)—রূপস্য যোগ্যম্=অনুরূপম্। অনুকূলম্। (বীপ্সা)—দিনং দিনম্=প্রতিদিনম্। প্রতিগৃহম্। (অনতিক্রম)—শক্তিম্ অনতিক্রম্য=যথাশক্তি। সাধ্যম্ অনতিক্রম্য=যথাসাধ্যম্। যথাবিধি। (আনুপূর্ব্ব্য)—জ্যেষ্ঠস্য আনুপূর্ব্ব্যেণ=অনুজ্যেষ্ঠম্; অনুবর্ণম্। (বিভক্তি)—হরৌ=অধিহরি। অধিগৃহম্। (সমৃদ্ধি)—মদ্রাণাং সমৃদ্ধিঃ=সুমদ্রম্। (পর্য্যন্ত)—সমুদ্রপর্য্যন্তম্=আসমুদ্রম্।

কিন্তু, সাদৃশ্য অর্থ বুঝাইলে সুবন্তপদের সহিত 'যথা' এই অব্যয়ের সমাস হয় না। যেমন—যথা হরিঃ তথা হরঃ।

(*a*) **"অব্যয়ীভাবে চাকালে"**—অব্যয়ীভাব সমাসে 'সহ' শব্দের স্থানে 'স' হয়। যথা, (সাদৃশ্য)—হরেঃ সদৃশম্=সহরি। (যৌগপদ্য)—চক্রেণ যুগপৎ=সচক্রম্। (সাকল্য)—তৃণম্ অপি অপরিত্যজ্য=সতৃণম্। কাল বুঝাইলে সহ শব্দের স্থানে 'স' হয় না। যেমন—সহপূর্ব্বাহ্ণম্।

দুই এক স্থলে অব্যয়ীভাব সমাসেও পূর্ব্বপদের অর্থ প্রধানভাবে প্রতীত না হইয়া অন্যপদের অর্থ প্রধান হয়। সংজ্ঞা বুঝাইলে নদীবাচক পদের সহিত সুবন্তপদের সমাস হয়। যেমন, উন্মত্তা গঙ্গা

যস্মিন্‌=উন্মত্তগঙ্গম্‌। এইরূপ—লোহিতগঙ্গম্‌; তূষ্ণীংগঙ্গম্‌; শনৈর্গঙ্গম্‌ (এইগুলি এক একটি দেশের নাম)। আবার, সমাহার বুঝাইলে নদীবাচক সুবন্তপদের সহিত সংখ্যাবাচক শব্দের অব্যয়ী-ভাব সমাস হয়। যথা, পঞ্চানাং নদীনাং সমাহারঃ=পঞ্চনদম্‌ (পঞ্জাব)। তিসৃণাং গঙ্গানাং সমাহারঃ=ত্রিগঙ্গম্‌। এইরূপ—সপ্তগোদাবরম্‌; দ্বিযমুনম্‌।

347. পারে মধ্যে ষষ্ঠ্যা বা।

ষষ্ঠ্যন্ত পদের সহিত পার ও মধ্য শব্দের বিকল্পে সমাস হয়। যথা—সমুদ্রস্য পারম্‌ বা পারেসমুদ্রম্‌; গঙ্গায়াঃ মধ্যম্‌ বা মধ্যে-গঙ্গম্‌। নিপাতনে একারের আগম্‌ হইয়াছে। ষষ্ঠীতৎপুরুষ সমাস হইলে ‘সমুদ্রপারম্‌’, ‘গঙ্গামধ্যম্‌’ এইরূপ পদও হইতে পারে।

348. বিভাষা বহিরাদিঃ পঞ্চম্যা।

পঞ্চম্যন্ত পদের সহিত বহিস্‌, প্রাচ্‌ প্রভৃতি শব্দের বিকল্পে সমাস হয়। যথা—গ্রামাৎ বহিঃ বা বহির্গ্রামম্‌। বনাৎ প্রাক্‌ বা প্রাগ্‌বনম্‌।

349. আঙ্‌ মর্য্যাদাভিবিধ্যোঃ।

মর্য্যাদা ও অভিবিধি বুঝাইলে সুবন্তপদের সহিত ‘আ’ এই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা—আ বিদেহাৎ বা আবিদেহম্‌ (বৃষ্টো দেবঃ)। আ কুমারেভ্যঃ বা আকুমারম্‌ (যশঃ কালিদাসস্য)।

350. লক্ষণেনাভিপ্রতী আভিমুখ্যে।

আভিমুখ্য বুঝাইলে চিহ্নবাচক (যাহার অভিমুখে যাইতেছে, তদ্বাচক) সুবন্তপদের সহিত অভি ও প্রতি এই দুই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা—অগ্নিম্‌ অভি বা অভ্যগ্নি (পতঙ্গাঃ পতন্তি); অগ্নিং প্রতি বা প্রত্যগ্নি (শলভাঃ পতন্তি)।

সমাসান্তবিধি।

351. শরদাদেরন্ (শরদাদেঃ+অন্)।

শরদ্, দিশ্, হিমবৎ, দৃশ্, মনস্, চতুর্, দিব্ ও উপানহ্ প্রভৃতি শব্দের উত্তর অন্ (অ) হয়। যথা, শরদঃ সমীপম্=উপশরদম্। প্রতিদিশম্, আহিমবতম্, অনুদৃশম্ প্রভৃতি।

352. প্রতি-পরসমনুভ্যোঽক্ষ্ণঃ।

প্রতি, পর, সম্ ও অনু ইহাদের পরবর্ত্তী অক্ষি শব্দের উত্তর 'অ' হয়। যথা—অক্ষ্ণোঃ প্রতি=প্রত্যক্ষম্; অক্ষ্ণোঃ পরম্ (পরো)=পরোক্ষম্; অক্ষ্ণোঃ সমীপম্=সমক্ষম্; অক্ষ্ণোঃ পশ্চাৎ=অন্বক্ষম্।

353. বা গিরি-নদী-পৌর্ণমাস্যাগ্রহায়ণীভ্যঃ।

গিরি, নদী, পৌর্ণমাসী ও আগ্রহায়ণী শব্দের উত্তর বিকল্পে 'অ' হয়। যথ—উপগিরি বা উপগিরম্; উপনদি বা উপনদম্; উপপৌর্ণমাসি বা উপপৌর্ণমাসম্; উপাগ্রহায়ণি বা উপাগ্রহায়ণম্।

354. স্পর্শান্তাচ্চাপঞ্চমাৎ।

পঞ্চম ভিন্ন স্পর্শবর্ণান্ত শব্দের উত্তর বিকল্পে 'অ' হয়। যথা—উপদৃশৎ বা উপদৃশদম্; অনুসমিৎ বা অনুসমিধম্।

355. অন্ভাগান্ত শব্দের উত্তর 'অ' হয়। যেমন, রাজ্ঞঃ সমীপম্=উপরাজম্; আত্মনি ইতি=অধ্যাত্মম্; অধ্বনি অধ্বনি=প্রত্যধ্বম্। কিন্তু ক্লীবলিঙ্গ অন্ভাগান্ত শব্দের উত্তর বিকল্পে 'অ' হয়। যথা—উপচর্ম্ম বা উপচর্ম্মম্; প্রতিচর্ম্ম বা প্রতিচর্ম্মম্।

অতিরিক্ত উদাহরণ।

শুনঃ সমীপম্=উপশুনম্। উরসি=প্রত্যুরসম্। গোঃ পশ্চাৎ=অনুগবম্। জরায়াঃ সমীপম্=উপজরসম্। গোঃ সমীপে=উপগু। রজঃ অপি অপরিত্যজ্য=সরজসম্। তিষ্ঠন্তি গাবো যস্মিন্ কালে দোহায় সঃ কালঃ=তিষ্ঠদ্গু। গঙ্গায়াঃ অনু=অনুগঙ্গম্; অনুগঙ্গং বারাণসী (বারাণসী গঙ্গাদৈর্ঘ্যসদৃশদৈর্ঘ্যোপলক্ষিতা)।

সুপ্ সুপা বা সহসুপা সমাস।

356. সুবন্তপদের সহিত সুবন্তপদের সমাসকে সুপ্ সুপা বা সহসুপা সমাস বলে। ইহা পূর্ব্বোক্ত সমাসের কোন সূত্রানুসারে সিদ্ধ হয় না। যথা, পূর্ব্বং ভূতঃ=ভূতপূর্ব্বঃ। আপাদং পদ্মম্=আপাদপদ্মম্। পরমং পূজ্যঃ=পরমপূজ্যঃ। এইরূপ—আপাদমস্তকম্। যথাসাধ্যকর্ত্তব্যম্। পূর্ব্বদৃষ্টঃ। অবশ্যকর্ত্তব্যম্।

নিত্যসমাস।

357. অবিগ্রহো নিত্যসমাসঃ অস্বপদবিগ্রহো বা।

অবিগ্রহ এবং অস্বপদবিগ্রহ—এই দুইপ্রকার নিত্যসমাস হয়। (*a*) অবিগ্রহ নিত্যসমাস অর্থাৎ যে সমাসে ব্যাসবাক্য হয় না। যেমন, কৃষ্ণসর্পঃ (কেউটিয়া সাপ); ইহার ব্যাসবাক্য হয় না। কিন্তু, **কৃষ্ণঃ সর্পঃ** এইরূপ ব্যাসবাক্য করিলে যে কোনও কৃষ্ণবর্ণের সর্পকে বুঝাইবে। কেবল কেউটিয়া সাপকেই বুঝাইবে না।

(*b*) অস্বপদবিগ্রহ নিত্যসমাস অর্থাৎ যে সমাসে সমস্যমান পদগুলির যে কোন একটির পরিবর্ত্তে অন্য পদ দ্বারা সমাসবাক্য করা হয়। যেমন—দেবায় ইদম্=দেবার্থম্; দানায় ইদম্=দানার্থম্; পানায় ইদম্=পানার্থম্; অন্যঃ দেশঃ=দেশান্তরম্; অন্যঃ গ্রামঃ=গ্রামান্তরম্; অন্যৎ গৃহম্=গৃহান্তরম্; চিৎ এব=চিন্মাত্রম্।

Exercise 41

I. Expound and name the Samasas in the following :—

শ্রীজানিঃ; গোপনাপিতম্; পূর্ব্বোত্তরা; যথোৎসাহম্; বিশালাক্ষী; ধনুষ্কাণ্ডম্; চতুরস্রম্; দূরাদাগতঃ; স্থূলনাসিকঃ; অনুগৃহম্; দৃষ্টগঙ্গঃ; প্রতিমাসম্; খড়্গপাণিঃ; মনসিশয়ঃ; সস্ত্রীকঃ; শ্বাপদঃ; যথাসাধ্যম্; অনুগবম্; ভ্রাতরৌ; বক্তুকামঃ; দন্তৌষ্ঠম্; সপত্নী; সতৃণম্; দ্বীচিসারঃ; মধুরাণি; শীতগুঃ; কেশাকেশি;

ভগ্নরথঃ; কাক্ষঃ; ব্যর্থঃ; পিতরৌ; ব্রাহ্মণৌ; ব্রীহিযবৌ; নিরর্থকম্; পঞ্চষাঃ; তিষ্ঠদ্গু; যথাশক্তি; সচক্রম্।

II. Give one word for each of the following :—

দাস্যাঃ পুত্রঃ; জায়া চ পতিশ্চ; মেখলাপর্য্যন্তম্; তস্মিন্ মনঃ যস্য সঃ; অহশ্চ নিশা চ; গাবশ্চ অশ্বাশ্চ; উপবনাৎ প্রাক্; নাস্তি প্রজা যস্য তম্; রূপঞ্চ রসশ্চ; স্ত্রী চ পুমান্ চ; পঞ্চ বা ষট্ বা; পীতা সুরা যেন তম্; বিঘ্নস্য অভাবঃ; কোকিলাশ্চ ময়ূরাশ্চ; অবিদ্যমানঃ ক্রোধঃ যস্য সঃ; কুৎসিতঃ পন্থাঃ যস্মিন্ সঃ; সর্পিশ্চ মধু চ; বায়ুঃ সখা যস্য সঃ; নির্ম্মলা নদী যস্মিন্ দেশে সঃ; সুন্দরশ্চ সুন্দরী চ সুন্দরং চ; অক্ষ্ণোঃ সমীপম্; হরেঃ সদৃশম্; পঞ্চ মূর্দ্ধানঃ যস্য তেন; অন্যা গতিঃ; গোঃ সমীপে; নিদ্রা সম্প্রতি ন যুজ্যতে; তিসৃণাং গঙ্গানাং সমাহারঃ; দ্বৌ পাদৌ যস্য সঃ; কৃতং কর্ম্ম যেন সঃ; সমানঃ পতিঃ যস্যাঃ সা।

III. Render the following into single Sanskrit words :—

Kesava and Siva; Out of sight; Near a cow; Day and night; Towards the fire; Cold and heat; Umbrella and shoes; Near the house; A man with shaved head; Beating each other with sticks; A flower having a sweet smell; Near the banks of the Malini; One who has earned money; Son and daughter; A man with a stick in his hand; One who has got a female cook for his wife. Hands and legs; Bows and arrows; Brother and sister; A town where many rich men live. One whose brother is learned.

IV. Translate into Sanskrit :—

The husband and the wife are virtuous. Why are you so broken-hearted? I shall try for your good (শ্রেয়স্) to the utmost of my power. Meghanada entered the battle-field with bows and arrows. The boys whose mother is dead are crying aloud. Mahishasura torment

ed both heaven and earth. Emperor Asoke's kingdom was extended to the Himalayas. Manthara, the maid-servant of Kaikeyi was an evil-minded woman. Kusa and Lava sang the songs of the Ramayana before them. Your honour (আর্য্যঃ) seems as if wishing to speak again. Be master of your senses, truthful and devoted to your superiors. My desire has found scope Men without learning are just like the Palasa flowers without fragrance. Bombay is a city, having beautiful roads. What is done suddenly cannot be said to be done rightly.

V. Correct (giving the reason in each case) :—

কোকিলকাকৌ কৃষ্ণবর্ণো। যথাশক্তিং চেষ্টস্ব। দেবাসুরম্ অযুধ্যত। এতং কিংরাজং দূরীকুরু। নিদাঘবসন্তৌ সমায়াতৌ। মহিষঃ চতুষ্পাদঃ জন্তুঃ। রাজপথি কথং কোলাহলঃ? অচিরাৎ কৌলিকঃ দ্বিমূর্দ্ধা সংজাতঃ। গঙ্গাযমুনং দৃষ্টবা পাপমুক্তো ভব। সুপথে দেশে ভ্রমণং সুখপ্রদম্। অল্পমেধায়াঃ জনস্য ইদং ন কার্য্যম্। অমুং পণ্ডিতভ্রাতৃকং নরম্ আহবয়। সুধর্ম্মস্য রাজ্ঞঃ নলস্য রাজ্যে বসামি।

Exercise 42

1. Render the following into single Sanskrit words :—

Agni and Indra; An assembly of women; Who has a young wife; What is good for cattle; Not beyond one's power; A country in which there are many rivers; An aggregate of five nights; Without any obstacle; A man whose wife is dead.

II. Give one word for each of the following :—

হস্তিনাং শালা; অগ্নিশ্চ সোমশ্চ; হংসশ্চ হংসী চ; চিত্রাঃ গাবঃ যস্য সঃ; স্ত্রী চ পুমান্ চ; খদিরাণাং ছায়া; রথিকশ্চ অশ্বারোহশ্চ; পিত্রে ইদম্; বিদ্যা চ বয়শ্চ; দ্বৌ বা ত্রয়ো বা; মৃতঃ ভর্ত্তা যস্যাঃ সা; বিঘ্নস্য অভাবঃ; কর্ণশ্চ নাসিকা চ; মুক্তয়ে ইদম্; হরেঃ সমীপম্; পুত্রাশ্চ

পৌত্রাশ্চ; অধিজ্যং ধনুঃ যস্য তস্য; শুনঃ সমীপম্; সু (শোভনাঃ) দন্তাঃ যস্যাঃ সা; হস্তিনশ্চ অশ্বাশ্চ; কল্যাণী প্রিয়া যস্য তস্মৈ; পাণী চ পাদৌ চ; অহশ্চ রাত্রিশ্চ; নিদ্রা সম্প্রতি ন যুজ্যতে।

III. Expound and name the samasas in the following :—

কৃতবিদ্যঃ, প্রতিদিনম্, পর্ণশালা, ব্রাহ্মণৌ, শ্বাপদঃ, অনর্থঃ, ব্রীহিযবম্, অপর্ণা, বিচ্ছায়ম্, পঞ্চবটী, উদ্বেলঃ, শূলপাণিঃ, গবাক্ষঃ, ভেরীপটহম্, উন্মসঃ, চতুষ্পথম্, নরৌ, প্রীত্যর্থম্, কাক্ষঃ, বলাহকঃ, গৃহস্থঃ পীতপ্রতিবদ্ধঃ, দীর্ঘশাখঃ, বাঙ্মনসে, নিঃশ্রেয়সম্, নৃসিংহঃ, সুহৃৎ নৃপপূজিতঃ, জগৎকর্তা, দেবব্রাহ্মণঃ, উন্নতগ্রীবঃ, শুক্লকৃষ্ণে, কদুষ্ণঃ, অহঃ- পূর্বিকা, রাজসখঃ, হৃতজানিঃ, আমুক্তি, তিষ্ঠদ্গুঃ, দণ্ডাদণ্ডি, চন্দ্রাননা উপদশাঃ, যথাবিধি।

IV. Give the optional forms of :—

পতরৌ, দম্পতী, কোষ্ণম্, মহামালঃ।

V. Shorten the following sentences as far as possible :—

(a) বয়ং গঙ্গায়াঃ সমীপে বসামঃ। (b) তস্মাৎ দিনাৎ আরভ্য ভয়স্য অন্যৎ কারণং নাস্তি। (c) যঃ সমুদ্রম্ অপিবৎ তং মুনীনাং বরং প্রণম। (d) ভো মহন্ রাজন্! মম হস্তৌ পাদৌ চ ভবতঃ রাজ্ঞো শ্রুত্বা কম্পতে। (e) যঃ সমুদ্রান্তায়াঃ মহ্যাঃ পতিঃ তম্ উপগচ্ছ। (f) যস্য পাণৌ চক্রম্ অস্তি স বিশ্বস্য পালকঃ। (g) যস্য অক্ষিণী বিশালে, বাহূ মহান্তৌ, বক্ষঃ বিশালং স্কন্ধৌ চ বৃষস্য ইব, স মহান পুরুষঃ।

VI. Translate into Sanskrit :—

Asim is desirous of eating rice. Your wife is a lady whose teeth are very good. See the traveller who has climbed the banyan tree. Father, forgive him who has injured you. I entered into a cottage which stood at a short distance from the road. Michael Madhusudan bowed down to Saraswati, the goddess of learning

at the beginning of his Meghnad Badh Kavya. There are wonderous mansions, beautiful roads and two large lakes filled with clear water in Calcutta. Then the king of Magadha mounted on an elephant and accompanied by his queen, set out with his ministers. With quick steps we ascended the hill. We reached a path which led to the top of it. Our preceptor is truthful and great of soul, bountiful and modest, master of his passions, beloved by all creatures, a walker in the paths of righteousness, and a companion of the holy hermits.

VII. Correct (giving the reason in each case) :—

রাজসভং গচ্ছ। ইমে নরাঃ দুর্ম্মেধাঃ। বৃদ্ধৌ পিতামাতারৌ সেবেত। অহং মে ভ্রাতৃচতুর্থঃ। পরমাসুন্দরী কন্যা জাতা। ত্রিমূর্দ্ধানং তং পশ্য। প্রিয়সখে। এহি এহি। মৃতপিতরং বালকং দয়স্ব। মাং গৃহীতমুনি-ধর্ম্মাণং বিদ্ধি। সা মিথিলারাজ্ঞঃ দুহিতা। সুরাজং প্রাপ্য বয়ং সুখিনঃ। যঃ হিতং ন বদতি সঃ কিংসখঃ।

Nominal Suffixes (তদ্ধিত-প্রত্যয়)

358. শব্দের উত্তর ভিন্ন ভিন্ন অর্থে যে সকল প্রত্যয় হইয়া নূতন নূতন শব্দ গঠিত হয়, তাহাদিগকে তদ্ধিত-প্রত্যয় বলে। নিম্নে প্রধান প্রধান কয়েকটি তদ্ধিত-প্রত্যয়ের বিষয় লিখিত হইল।

